| বখতিয়ার খলজী | লখনৌত |

Ans : A.

**৫৬** অতীশ দীপংকরের জন্মস্থান-

A. চট্টগ্রাম
B. কুমিল্লা
C. নোয়াখালী
D. বিক্রমপুর

ব্যাখ্যা : • অতীশ দীপঙ্কর ছিলেন বৌদ্ধ ধর্মের বিখ্যাত সাধক।
• তিনি ৯৮২ খ্রিস্টাব্দে বিক্রমপুরের বজ্রযোগিনী গ্রামে জন্মগ্রহণ করেন।

Ans : D.

CamScanner

**৫৭. মানস সরোবরে উৎপত্তি হয়েছে-**

A. পদ্মা B. মেঘনা
C. যমুনা D. ব্রহ্মপুত্র

ব্যাখ্যা : প্রধান প্রধান নদ-নদীর উৎপত্তিস্থল-

| নদ-নদী | উৎপত্তিস্থল |
|---|---|
| ব্রহ্মপুত্র, যমুনা | তিব্বতের হিমালয়ের কৈলাসশৃঙ্গের মানস সরোবর |
| পদ্মা (গঙ্গা) | হিমালয় পর্বতের গঙ্গোত্রী হিমবাহ |
| মেঘনা | আসামের নাগা মণিপুর পাহাড়ের দক্ষিণে লুসাই পাহাড় |
| কর্ণফুলী | ভারতের মিজোরাম রাজ্যের লুসাই পাহাড় |
| সাঙ্গু | মিয়ানমার-বাংলাদেশ সীমান্তের আরাকান পর্বত |

Ans : D.

**৫৮. আইন-ই-আকবরী রচনা করেন-**

A. আলাওল B. আবুল ফজল
C. শাহ মুহাম্মদ সগীর D. মির্যা নাথান

ব্যাখ্যা : • "আইন-ই-আকবরী" খ্রিস্টীয় ষোড়শ শতাব্দিতে রচিত সম্রাট আকবরের প্রশাসনের বর্ণনা সমৃদ্ধ একটি নথি।
• এটির রচয়িতা- আবুল ফজল।
• আবুল ফজল ছিলেন মুঘল যুগের শ্রেষ্ঠ ঐতিহাসিক, পন্ডিত এবং সম্রাট আকবরের সচিব।

Ans : B.

**৫৯. ভারতে প্রথম মুসলিম অভিযান পরিচালনা করেন-**

A. হাজ্জাজ বি ইউসুফ B. মোহাম্মদ বিন কাশেম
C. মোহাম্মদ ঘোরী D. বখতিয়ার খলজি

ব্যাখ্যা : ৭১১ সালে হাজ্জাজ বিন ইউসুফ স্বীয় ভ্রাতুষ্পুত্র ও জামাতা মুহাম্মদ বিন কাসিমকে সিন্ধু অভিযানে প্রেরণ করেন। ৭১২ সালে মুহাম্মদ বিন কাসিম সিন্ধু জয় করেন এবং পরে মুলতান ও দখল করেন।

Ans : B.

**৬০. চৈতন্য চরিতামৃত কাব্যের রচয়িতা-**

A. আলাওল B. চন্ডীদাস
C. কৃষ্ণদাস D. শাহ মুহাম্মদ সগীর

ব্যাখ্যা : মধ্যযুগের বাংলা সাহিত্য-

| লেখক | রচনা |
|---|---|
| কৃষ্ণদাস | চৈতন্য চরিতামৃত |
| আলাওল | পদ্মাবতী, সিকান্দর নামা, সয়ফুল মুলুক বদিউজ্জামাল |
| বড়ু চন্ডীদাস | শ্রীকৃষ্ণকীর্তন |
| শাহ মুহম্মদ সগীর | ইউসুফ জুলেখা |

Ans : C.

**৬১. ইউরোপীয়দের মধ্যে প্রথম ভারতে আগমন করে-**

A. ফরাসি B. পর্তুগিজ C. ডাচ D. ইংরেজ

ব্যাখ্যা : ইউরোপীয় বণিকদের ভারতে আগমন

| নাম | ভারতে আগমন | বাংলায় আগমন |
|---|---|---|
| পর্তুগিজ | ২৭ মে ১৪৯৮ সালে | ১৫১৬ সালে |
| ওলন্দাজ | ১৬০২ সালে | ১৬৩০ সালে |
| ইংরেজ | ১৬০৮ সালে | ১৬৫৮ সালে |
| দিনেমার | ১৬২০ সালে | |
| ফরাসি | ১৬৬৭ সালে | ১৬৭৪ সালে |

Ans : B.

**৬২. ইউনাইটেড ইস্ট ইন্ডিয়া কোম্পানি গঠন করে-**

A. হল্যান্ড B. স্পেন
C. ব্রিটেন D. ফ্রান্স

ব্যাখ্যা : ইউরোপীয় বণিকদের কোম্পানী গঠন-

| নাম | কোম্পানির নাম | কোম্পানি গঠন |
|---|---|---|
| ডাচ/ওলন্দাজ (হল্যান্ড বা নেদারল্যান্ডস) | ডাচ (ইউনাইটেড) ইস্ট ইন্ডিয়া | ১৬০২ সালে |
| ইংরেজ (ব্রিটেন) | ইস্ট ইন্ডিয়া কোম্পানি | ৩১ ডিসেম্বর ১৬০০ |
| দিনেমার/ডেনিশ (ডেনমার্ক) | ডেনিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি | |
| ফরাসি (ফ্রান্স) | ফরাসি ইস্ট ইন্ডিয়া কোম্পানি | ১৬৬৪ সালে |

Ans : A.

**৬৩. জিরন্ডিনদের উত্থান ঘটেছিল-**

A. ইংল্যান্ডে B. স্পেনে C. ফ্রান্সে D. জার্মানিতে

ব্যাখ্যা: • ফরাসি বিপ্লবের সময় ফ্রান্সে জিরন্ডিন নামের রাজনৈতিক দলের উত্থান ঘটেছিল।
• স্থায়ীত্বকাল ছিল- ১৭৯১-১৭৯৩।

Ans : C.

**৬৪. শিল্প বিপ্লবের পূর্বে ব্রিটেনের সমাজ ছিল-**

A. রক্ষণশীল B. সামন্তবাদী C. সাম্যবাদী D. পুঁজিবাদী

ব্যাখ্যা : শিল্প বিপ্লবের পরে পুজিবাদের সূচনা হয়।

Ans : B.

**৬৫. দ্বিতীয় বিশ্বযুদ্ধে জার্মান বাহিনীর নেতৃত্ব দিয়েছিলেন-**

A. হিন্ডবার্গ B. জেনারেল জোসেফ
C. লডেনডফ D. জেনারেল আইসেনহাওয়ার

ব্যাখ্যা : • ২য় বিশ্বে যুদ্ধের সময় জার্মানির চ্যান্সেলর ছিলেন - এডলফ হিটলার।
• জার্মানি আত্মসমর্পণ করে - ৭মে, ১৯৪৫ সালে।
• ৮ মে ১৯৪৫ সালে জার্মানির আত্মসমর্পন উপলক্ষে ইউরোপে যে বিজয় উৎসব পালিত হয় তা VE (Victory in Europe) নামে পরিচিত।

Ans : A.

**৬৬. পেশাগত দিক থেকে ডসমন্ড টুটো-**

A. ধর্মযাজক B. বর্ণবাদ বিরোধী নেতা
C. রাজনৈতিক নেতা D. মানবাধিকার কর্মী

ব্যাখ্যা: ডসমন্ড টুটো ছিলেন দক্ষিণ আফ্রিকার একজন সামাজিক অধিকার আন্দোলন কর্মী এবং ধর্মযাজক।

Ans : A.

**৬৭. বার্লিন প্রাচীর নির্মিত হয়-**

A. ১৯৬০ সালে B. ১৯৬১ সালে C. ১৯৬২ সালে D. ১৯৬৩ সালে

ব্যাখ্যা : • পূর্ব জার্মানি কর্তৃক বার্লিন প্রাচীর নির্মাণ শুরু হয়- ১৩ আগস্ট ১৯৬১।
• বার্লিন প্রাচীরের দৈর্ঘ্য ছিল- ১৬১ কি.মি.।
• এই প্রাচীর পূর্ব জার্মানি থেকে পশ্চিম জার্মানিকে পৃথক করেছিল।
• বার্লিন প্রাচীরের পতন হয়- ৯ নভেম্বর ১৯৮৯।

Ans : B.

**৬৮. বঙ্গভঙ্গের সমর্থন বাংলার মুসলমানদের সংগঠিত করেছিলেন-**

A. সৈয়দ আমীর আলী B. নওয়াব আবদুল লতিফ
C. নবাব সলিমুল্লাহ D. ব্যারিস্টার আবদুর রসুল

ব্যাখ্যা : • নবাব সলিমুল্লাহ বঙ্গভঙ্গকে সমর্থন করে এটি মুসলমান স্বার্থের স্বপক্ষে বলে মত প্রকাশ করেন।
• বঙ্গভঙ্গকে আর্শীবাদ হিসেবে গণ্য করেন- কলকাতার মুসলিম সাহিত্য সংসদ।
• লর্ড কার্জন বঙ্গভঙ্গের ঘোষণা করেন- ১৬ অক্টোবর ১৯০৫।
• রবীন্দ্রনাথ সহ কংগ্রেস সমর্থক এবং উচ্চবিত্ত ও উচ্চবর্ণের হিন্দু সম্প্রদায় বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন করেন।
• বঙ্গভঙ্গ রদ করা হয়- ১২ ডিসেম্বর ১৯১১।

Ans : C.

CamScanner

লর্ড মিন্টো সংস্কার আইন হয়-

A. ১৯০৬ সালে B. ১৯০৯ সালে C. ১৯১১ সালে D. ১৯১৬ সালে

ব্যাখ্যা : ব্রিটিশ শাসনামলে সমাজ সংস্কার আইন ও অধ্যাদেশ-

| সংস্কার/আইন | সংস্কারক/প্রণেতা | সাল |
|---|---|---|
| মর্লি-মিন্টো সংস্কার আইন | লর্ড মিন্টো দ্বিতীয় | ১৯০৯ |
| দ্বৈত শাসন ব্যবস্থা প্রবর্তন | লর্ড ক্লাইভ | ১৭৬৫ |
| দ্বৈত শাসন ব্যবস্থা বিলোপকরণ | ওয়ারেন হেস্টিংস | ১৭৭২ |
| সূর্যাস্ত আইন চালু, চিরস্থায়ী বন্দোবস্ত বা স্থায়ী ভূমিব্যবস্থা | লর্ড কর্নওয়ালিস | ১৭৯৩ |
| স্বত্ব বিলোপনীতি | লর্ড ডালহৌসি | ১৮৪৮ |
| বাজেট আইন পাস | লর্ড ক্যানিং | ১৮৫৯ |
| রাওলাট আইন | লর্ড চেমসফোর্ড | ১৯১৯ |
| ভারতীয় স্বাধীনতা আইন | লর্ড মাউন্টব্যাটেন | ১৯৪৭ |

Ans : B.

জালিয়ানওয়ালাবাগ প্রসিদ্ধ-

A. স্বর্ণ মন্দিরের জন্য B. ফুলের জন্য

C. নৃশংসতার জন্য D. কোনটিই নয়

ব্যাখ্যা : • জেনারেল ডায়ারের নির্দেশে জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড সংঘটিত হয়- ১৩ এপ্রিল ১৯১৯।

• জালিয়ানওয়ালাবাগ ভারতের অবস্থিত - অমৃতসর, পাঞ্জাব।

• এই হত্যাকাণ্ডের প্রতিবাদস্বরূপ রবীন্দ্রনাথ ঠাকুর 'নাইট' উপাধি প্রত্যাখ্যান করেন।

Ans : C.

"প্রত্যক্ষ সংগ্রাম দিবস"-

A. জনগণকে মুক্তিযুদ্ধে উদ্বুদ্ধ করে

B. সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করে

C. ভাষা আন্দোলন সংগঠিত করে

D. শপথ অনুষ্ঠান ছিল

ব্যাখ্যা : প্রত্যক্ষ সংগ্রাম দিবস (Direct Action Day) মোহাম্মদ আলী জিন্নাহ এর ডাকে অনুষ্ঠিত হয়। এই দিনে সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টের জন্য দায়ী করা হয়।

Ans : B.

ঢাক বাজিয়ে গ্রামে গ্রামে প্রচার করেন- জমিদার চৌধুরী রহমত আলীর অনুগত শারীরিক প্রহারে পাশের পরগনার জমিদার সেওয়ান আসলামকে একটি ক্ষুদ্র কক্ষে বন্দী করে রাখেন। কম বাতাস ও শ্বাসকষ্ট হয়ে অনেকেই মারা যান। ইতিহাসে অনুরূপ কাহিনীর রচয়িতা-

A. হান্টার B. হলওয়েল

C. [illegible] D. [illegible]

Ans : B.

"পদ্মা মেঘনা যমুনা, তোমার আমার ঠিকানা" কোন সময়ের স্লোগান?

A. ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান আন্দোলনের সময়ের

B. ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময়ের

C. ১৯৬২ সালের ছাত্র আন্দোলনের সময়ের

D. ছয়দফা আন্দোলনের সময়ের

Ans : A.

স্বদেশী আন্দোলনের মুখপত্র-

A. যুগান্তর B. সন্ধ্যা

C. নবযুগ D. ধূমকেতু

ব্যাখ্যা : • ভূপেন্দ্রনাথ দত্ত সম্পাদিত 'যুগান্তর' পত্রিকাটি তৎকালীন স্বদেশী আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

• ১৯০৫ সালের বঙ্গভঙ্গের প্রতিবাদে স্বদেশী আন্দোলন শুরু হয়।

Ans : A.

অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী-

A. হোসেন শহীদ সোহরাওয়ার্দী B. শরৎবসু

C. এ কে ফজলুল হক D. সুরেন্দ্রনাথ ব্যানার্জি

ব্যাখ্যা : • অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী- এ কে ফজলুল হক।

• অবিভক্ত বাংলার দ্বিতীয় মুখ্যমন্ত্রী- খাজা নাজিম উদ্দিন।

• এবং শেষ মুখ্যমন্ত্রী হোসেন শহীদ সোহরাওয়ার্দী।

Ans : C.

স্বাধীন ভারতের প্রথম গভর্নর জেনারেল-

A. লর্ড ওয়াভেল B. লর্ড মাউন্টব্যাটেন

C. পণ্ডিত জওহরলাল নেহেরু D. এম কে গান্ধী

ব্যাখ্যা : • স্বাধীন ভারতের প্রথম গভর্নর জেনারেল- লর্ড মাউন্টব্যাটেন।

• দ্বিতীয় এবং শেষ গভর্নর জেনারেল- চক্রবর্তী রাজাগোপালাচারী।

Ans : B.

আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক-

A. অলি আহাদ B. শামসুল হক

C. শেখ মুজিবুর রহমান D. খন্দকার মুশতাক আহমেদ

ব্যাখ্যা : • বাংলাদেশ আওয়ামী মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়- ২৩ জুন ১৯৪৯। ১৯৫৫ সালে মুসলিম শব্দটি বাদ দেওয়া হয়।

• বাংলাদেশ আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা ছিলেন - মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী এবং সাধারণ সম্পাদক ছিলেন - শামসুল হক।

• শেখ মুজিবুর রহমান ছিলেন - যুগ্ম সম্পাদক।

Ans : B.

পাকিস্তানে প্রথম সংবিধান রচিত হয়-

A. ১৯৫৬ সালে B. ১৯৫৪ সালে

C. ১৯৬২ সালে D. ১৯৬৪ সালে

ব্যাখ্যা : • পাকিস্তান প্রথম সংবিধান ১৯৫৬ সালে রচিত।

• দ্বিতীয় সংবিধান ১৯৬২ সালের এবং বর্তমানে ১৯৭৩ সালের সংবিধান কার্যকর আছে।

Ans : A.

নিচের কোন ব্যক্তিকে আগরতলা ষড়যন্ত্র মামলায় বন্দি অবস্থায় হত্যা করা হয়-

A. মোয়াজ্জেম হোসেন B. জহুরুল হক

C. আসাদুজ্জামান D. মতিউর রহমান

ব্যাখ্যা : • আগরতলা ষড়যন্ত্র মামলার ১৭তম আসামি সার্জেন্ট জহুরুল হককে পুলিশ হেফাজতে ১৫ ফেব্রুয়ারি ১৯৬৯ গুলি করে হত্যা করা হয়।

• শেখ মুজিবকে প্রধান আসামি করে আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয় - জানুয়ারি ১৯৬৮।

• শেখ মুজিব সহ মোট আসামি ছিল - ৩৫ জন।

• মামলা প্রত্যাহার করা হয় - ১৫ ফেব্রুয়ারি ১৯৬৯।

Ans : B.

দেওয়ানগঞ্জে মুন্সিগঞ্জের লোকেরা ব্যবসা শুরু করার পর ভাটি অঞ্চল থেকে ইদ্রিস মুন্সি নেতৃত্বে একদল ব্যবসায়ী সেখানে আসে। মুন্সিগঞ্জের লোকেরা এর বিরোধিতা করে। এতে ৩ মাসের মধ্যেই ইদ্রিস মুন্সি দেওয়ানগঞ্জ ত্যাগ করে। এরূপ ঘটনার মিল খুঁজে পাওয়া যায়-

A. ইংরেজদের ভারতে আগমনের ঘটনায়

B. পর্তুগিজদের ভারতে আগমনের ঘটনায়

C. ফরাসিদের ভারতে আগমনের ঘটনায়

D. ডাচদের ভারতে আগমনের ঘটনায়


Ans : C.

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (C-5 Unit)
**শিক্ষাবর্ষ : 2015-2016 [Set-1]**
**[নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ]**

ক. আজি এ প্রভাতে রবির কর কেমনে পশিল প্রাণের পর
খ. "Beauty is truth, truth is beauty," - that is all

**০১.** রিপন : বাবা, তোমাকে আজ বলতে হবে রিহা কে? কেন তুমি তোমার সম্পত্তির এক তৃতীয়াংশ রিহার নামে লিখে দিয়েছ?
বাবা : (কিছুক্ষণ নিশ্চুপ। তারপর কেশে গলা পরিষ্কার করে ধীরে ধীরে বলতে শুরু করেন) সঙ্গত কারণে রিহার পরিচয় এতোদিন তোমার কাছে গোপন রাখা হয়েছিল। আজ থেকে কুড়ি বছর আগে আমার পিতা গফুর শেঠের মেজো কন্যা হালিমা খাতুনের স্বামী সোলায়মান মিয়ার একমাত্র শ্যালক গোপনে দ্বিতীয় বিবাহ করেন। সেই দ্বিতীয় স্ত্রীর একমাত্র কন্যার নাম রিহা। - রিহা রিপনের কে হয়?
A. ফুপাতো বোন B. খালা
C. সৎ ফুপু D. সৎ বোন

ব্যাখ্যা : ধরি ক হল রিপন এর পিতা-




হালিমা খাতুন ক এর বোন। অর্থাৎ সোলাইমান শেঠের শ্যালক হল ক। অতএব ক এর দ্বিতীয় স্ত্রীর একমাত্র কন্যা হল ক এর কন্যা। সে হিসেবে রিহা ও রিপন সৎ ভাই-বোন।
**Ans : D.**

**০২.** ফেলুদা চরিত্রটির স্রষ্টা -
A. সৌমিত্র চট্টোপাধ্যায় B. উপেন্দ্রকিশোর রায় চৌধুরী
C. সত্যজিৎ রায় D. সুকুমার রায়

ব্যাখ্যা :

| চরিত্রের নাম | নাম | চরিত্রের স্রষ্টা |
|---|---|---|
| তোরাপ | নীলদর্পন | দীনবন্ধু মিত্র |
| মৃন্ময়ী | সম্পত্তি | রবীন্দ্রনাথ ঠাকুর |
| হুরমতি, লেকু, রমজান | সংশপ্তক | শহীদুল্লাহ্ কায়সার |
| অপু, দুর্গা | পথের পাঁচালি | বিভূতিভূষণ বন্দোপাধ্যায় |
| চারু | নষ্টনীড় | রবীন্দ্রনাথ ঠাকুর |
| সুরবালা | একরাত্রি | রবীন্দ্রনাথ ঠাকুর |
| অমিত, লাবণ্য | শেষের কবিতা | রবীন্দ্রনাথ ঠাকুর |
| বিনোদিনী, মহেন্দ্র | চোখের বালি | রবীন্দ্রনাথ ঠাকুর |
| অমল | ডাকঘর | রবীন্দ্রনাথ ঠাকুর |
| নন্দিনী | রক্তকবরী | রবীন্দ্রনাথ ঠাকুর |
| দামিনী | চতুরঙ্গ | রবীন্দ্রনাথ ঠাকুর |
| দেবদাস, পার্বতী | দেবদাস | শরৎচন্দ্র চট্টোপাধ্যায় |
| অচলা | গৃহদাহ | শরৎচন্দ্র চট্টোপাধ্যায় |
| সতীশ, কিরনময়ী | চরিত্রহীন | শরৎচন্দ্র চট্টোপাধ্যায় |
| রোহিনী | কৃষ্ণকান্তের উইল | শরৎচন্দ্র চট্টোপাধ্যায় |
| ঠকচাচা | আলালের ঘরে দুলাল | প্যারীচাঁদ মিত্র |
| চাঁদ সওদাগর, বেহুলা | মনসামঙ্গল | কানা হরিদত্ত |
| ফেলুদা | ফেলুদা সমগ্র | সত্যজিৎ রায় |

**Ans : C.**

**০৩.** *ধান ভানতে শিবের গীত- এ প্রবাদটি দিয়ে কী বুঝানো হয়?*
A. একের জন্য অপরের দুশ্চিন্তাগ্রস্ত হওয়া
B. প্রসঙ্গ ছেড়ে অপ্রাসঙ্গিক কথা বলা
C. ধান ভানার সময় শিব বিষয়ক গীত গাওয়া
D. কাজ শুরুর সঙ্গে সঙ্গে ফলের আশা করা

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু প্রবাদ:
- ধান ভানতে শিবের গীত- প্রসঙ্গ ছেড়ে অপ্রাসঙ্গিক কথাবলা।
- দশ চক্রে ভগবান ভূত- অনেকের চক্রান্তে ন্যায়কে অন্যায় বানানো।
- ছুঁচো মেরে হাত গন্ধ- সামান্য প্রাপ্তির জন্য দুষ্কর্মে লিপ্ত হওয়া।
- গাছে কাঁঠাল গোঁফে তেল- আয়ত্তে না আসতেই আড়ম্বর।
- উন বর্ষা দুনো শীত- অল্প কাজে অধিক লাভ।

**Ans : B.**

**০৪.** কোন বাদ্যযন্ত্রটি তার-যন্ত্র?
A. তবলা B. ক্ল্যারিওনেট C. বিউগল D. পিয়ানো
**Ans : B.**

**০৫.** 'কর্' ধাতুর উত্তম পুরাঘটিত অতীতে চলিত রূপ কোনটি?
A. করতাম B. করিয়াছিলাম
C. করিতাম D. করেছিলাম

ব্যাখ্যা : উত্তম পুরুষে অতীতকালে ক্রিয়া বিভক্তির রূপ:
- সাধারণ/নিত্য অতীত- লাম, লুম। যেমন: করলাম।
- ঘটমান অতীত- ছিলাম। যেমন: করছিলাম।
- পুরাঘটিত অতীত- এছিলাম। যেমন: করেছিলাম।
- নিত্যবৃত্ত অতীত- তাম, তুম। যেমন: করতাম।

**Ans : D.**

**০৬.** দর্শক পরিপূর্ণ হলরুমে নাটক অভিনীত হচ্ছে। তুমি একটি বিশেষ চরিত্রে অভিনয় করছো। হঠাৎ সংলাপ ভুলে গেলে। কিছুতেই মনে পড়ছে না। -এই মুহূর্তে তুমি কী করবে?
A. সংলাপ না বলে মঞ্চ থেকে বেরিয়ে যাবে
B. দর্শকের কাছে ক্ষমা চেয়ে নেবে
C. দর্শকদের বুঝতে না দিয়ে নাট্যপরিস্থিতির সাথে সঙ্গতিপূর্ণ সংলাপ বানিয়ে বলবে
D. চুপচাপ দাঁড়িয়ে থাকবে

ব্যাখ্যা : মঞ্চে সংলাপ ভুলে গেলে দর্শককে বুঝতে না দিয়ে নাটকের অবস্থা বা পারিপার্শ্বিক অনুযায়ী নিজে বানিয়ে সংলাপ তৈরী করা উচিত।
**Ans : C.**

**০৭.** সাধারণত কোথায় শব্দের বর্ণগুলো উল্টাভাবে লেখা থাকে?
A. অপারেশন থিয়েটারে B. থিয়েটার হলের প্রবেশ দ্বারে
C. এম্বুলেন্সের সামনে D. আরবি লেখনিতে

ব্যাখ্যা: অ্যাম্বুলেন্সের সামনের বর্ণগুলো উল্টোভাবে লিখা থাকে কারণ সামনের গাড়িগুলোর চালক আয়নায় অ্যাম্বুলেন্স লিখাটি সঠিক ভাবে দেখতে পায়।
**Ans : C.**

**০৮.** সৈয়দ ওয়ালিউল্লাহর একটি উপন্যাস-
A. চিলেকোঠার সেপাই B. প্রদোষে প্রাকৃতজন
C. চাঁদের অমাবস্যা D. জীবন আমার বোন

ব্যাখ্যা : সৈয়দ ওয়ালীউল্লাহর:
- উপন্যাস- লালসালু, চাঁদের অমাবস্যা, কাঁদো নদী কাঁদো।
- নাটক- তরঙ্গভঙ্গ, বহিপীর, সুড়ঙ্গ।
- গল্পগ্রন্থ- দুই তীর ও অন্যান্য গল্প, নয়নচারা।

**Ans : C.**

**০৯.** অমল রবীন্দ্রনাথের কোন নাটকের চরিত্র-
A. রক্তকরবী B. মুক্তধারা C. বিসর্জন D. ডাকঘর

ব্যাখ্যা : বিস্তারিত: উপরের ২নং প্রশ্ন দেখ।
**Ans : D.**

***Read the following text carefully and fill in blanks (10-13) with the appropriate words given bellow:***

Percy Bysshe Shelley (1792-1822) was the most vitally instinct with the pure essence of romantic spirit. He gave himself up most unreservedly to the impulses and inspiration of the romantic spirit. He had imbibed the explosive forces of the French Revolution (in 1789) and championed the cause of revolution and freedom in every sphere of human life. There is however, a melancholic tone in his poetry which spring from his frustration and unfulfilled desires. He pined for an ideal world of beauty, love and freedom but he yearend in vain. His poetry is, however, imbued with optimism. He sang of millennium when evils of life would disappear like passage of clouds. Shelley's best qualities are revealed in his Prometheus Unbound, Ode to the West Wind, To a Skylark. He is a lyrical genus par excellence. His poetry is marked by melody and imagery.

**10. Shelly was one of the greatest ___ poets.**
A. romantic B. realistic
C. naturalistic D. symbolist

ব্যাখ্যা : Passage এর প্রথম ও ২য় sentence এ P. B. Shelly এর রোমান্টিকতা সম্পর্কে বলা হয়েছে- He was the most vitally instinct with pure essence of romantic spirit. He gave himself inspiration of the romantic spirit.
**Ans : A.**

**11. The French Revolution ____ him and the causes of revolution was championed by him.**
A. drive B. driven
C. influenced D. inject

ব্যাখ্যা : Passage থেকে বুঝা যায় French Revolution Percy Bysshe Shelly কে প্রভাবিত (Influenced) করেছিল।
**Ans : C.**

**12. A melancholic tone ____ through his poetry.**
A. ran B. runs C. influence D. go

ব্যাখ্যা: Passage এ বলা হয়েছে.......... a melancholic tone in his poetry... অর্থাৎ তার poetry তে melancholic tone এর উপস্থিতি রয়েছে।
Run through - গেঁথে যাওয়া, বিদ্ধ করা
Subject third person singular number বলে runs হবে।
**Ans : B.**

**13. This tone ___ from his frustration and unfulfilled desires.**
A. came B. went C. comes D. go

ব্যাখ্যা : Passage এ উল্লেখ আছে যে, melancholic tone in his poetry which spring from his frustration and unfulfilled desires অর্থাৎ তাঁর কবিতার melancholic tone টা আসে তাঁর frustration and unfulfilled desires থেকে।
**Ans : C.**

**১৪. শিক্ষক বললেন, তোমরা কি ছুটি চাও?- বাক্যটির পরোক্ষ উক্তি কোনটি?**
A. শিক্ষক বললেন তোমরা কি ছুটি চাও?
B. শিক্ষক বললেন যে, আমরা কি ছুটি চাই?
C. আমাদের ছুটি চাই কি না শিক্ষক তা জিজ্ঞাসা করলেন।
D. শিক্ষক জিজ্ঞাসা করলেন যে, তোমরা কি ছুটি চাও?

ব্যাখ্যা : প্রশ্নবোধক প্রত্যক্ষ উক্তিকে পরোক্ষ উক্তিতে পরিবর্তন করতে হলে প্রধান খণ্ডবাক্যের ক্রিয়াকে ভাব অনুসারে পরিবর্তন করতে হয়।
উদাহরণ : প্রত্যক্ষ উক্তি : বাবা বললেন, "কবে নাগাদ তোমাদের ফল বের হবে?"
পরোক্ষ উক্তি : আমাদের ফল কবে নাগাদ বের হবে, বাবা তা জানতে চাইলেন।
অনুরূপভাবে : প্রত্যক্ষ উক্তি : শিক্ষক বললেন, তোমরা কি ছুটি চাও?
পরোক্ষ উক্তি : আমাদের ছুটি চাই কি না শিক্ষক তা জিজ্ঞাসা করলেন।
**Ans : C.**

**১৫. সাহিত্যে নোবেল বিজয়ী নাট্যকার-**
A. ইউজিন ও মিল B. আলেকজান্ডার দ্যুমা
C. আন্তন শেখভ D. ইউজিনো বারবা

ব্যাখ্যা : • ইউজিন গ্লাডস্টোন ও মিল ছিলেন যুক্তরাষ্ট্রের একজন বিখ্যাত নাট্যকার এবং নোবেল বিজয়ী (সাহিত্যে)।
• তিনি ১৯৩৬ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।
**Ans : A.**

**১৬. আগামী দিনের কথা কে বলতে পারে। একজন মানুষের জীবনেও কোনো দুটো মুহূর্ত একরকম নয়। এই মুহূর্তের নিশ্চিত আশ্বাস পরের মুহূর্তের আগমনের সঙ্গে সঙ্গে চূর্ণ-বিচূর্ণ হয়ে যায়। -সংলাপটি কার?**
A. নবাব নজীবউদ্দৌলা B. আহমদ শাহ্ আবদালী
C. দিলীপ D. নবাব সুজাউদ্দৌলা

ব্যাখ্যা : উক্তিটি মুনীর চৌধুরী রচিত 'রক্তাক্ত প্রান্তর' নাটকের চরিত্র সুজাউদ্দৌলার।
**Ans : D.**

**১৭. মুক্তিযুদ্ধে অবদানের জন্য কজন নারীকে 'বীরপ্রতীক' খেতাব প্রদান করা হয়েছে?**
A. ২ জন B. ৫ জন C. ৭ জন D. ১১ জন

ব্যাখ্যা: মুক্তিযুদ্ধে অবদানের জন্য খেতাব প্রাপ্ত ২ জন নারীকে বীর প্রতীক উপাধিতে ভূষিত করা হয়েছে। তারা হলেন তারামন বিবি ও ক্যাপ্টেন ডা. সেতারা বেগম।
**Ans : A.**

**১৮. বীরবলের হালখাতা-এর লেখক**
A. মীর মশাররফ হোসেন B. সত্যেন্দ্রনাথ দত্ত
C. প্রমথ চৌধুরী D. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

ব্যাখ্যা: • প্রমথ চৌধুরীর (ছদ্মনাম বীরবল) চলিত রীতিতে প্রকাশিত প্রথম গদ্যরচনা - বীরবলের হালখাতা।
• তিনি বাংলা সাহিত্যে চলিত রীতির প্রবর্তক।
• প্রমথ চৌধুরীর রচিত প্রবন্ধ গ্রন্থগুলো হচ্ছে "তেল নুন লকড়ি", "চার ইয়ারী কথা", "বীরবলের হালখাতা", "নানা কথা", "রায়তের কথা" প্রভৃতি।
• তার রচিত কাব্য গ্রন্থ- "সনেট পঞ্চাশৎ", "পদচারণ" প্রভৃতি।
**Ans : C.**

**১৯. চটকা বাংলাদেশের কোন অঞ্চলের গান?**
A. রংপুর B. বগুড়া
C. চাঁপাইনবাবগঞ্জ D. রাজশাহী

ব্যাখ্যা : বাংলাদেশের আঞ্চলিক সংগীত-

| সংগীত | অঞ্চল |
|---|---|
| চটকা | রংপুর |
| ভাটিয়ালী | ময়নসিংহ ও সিলেট |
| ভাওয়াইয়া | রংপুর, ভারতের কুচবিহার |
| সাম্পানের গান | চট্টগ্রাম |
| আলকাপ | রাজশাহী |
| গম্ভীরা | চাঁপাইনবাবগঞ্জ, পশ্চিমবঙ্গের মালদহ |

**Ans : A.**

**২০. এই জাতি-ধর্ম-কালকে অতিক্রম করিতে পারিয়াছে যাঁহাদের যৌবন, তাঁহারাই আজ মহামানব, মহাত্মা মহাবীর। তাহাদিগকে সকল দেশের, সকল ধর্মের সকল লোক সমান শ্রদ্ধা করে। -জাতি-ধর্ম-কালকে অতিক্রম করতে পারে-**
A. আকাঙ্ক্ষা B. শক্তি-সামর্থ C. তারুণ্য-শক্তি D. যৌবনকাল

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**Ans : C.**

CamScanner

২১. কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি-

A. হামিদুল হক B. হামিদুর রহমান
C. কামরুল ইসলাম D. শাহাবুদ্দিন আহমেদ

ব্যাখ্যা : ভাষা আন্দোলনভিত্তিক ভাস্কর্য ও স্থাপত্য-

| ভাস্কর্য ও স্থাপত্য | ভাস্কর এ স্থাপতি | অবস্থান |
|---|---|---|
| কেন্দ্রীয় শহীদ মিনার | হামিদুর রহমান | ঢাকা মেডিকেল কলেজ প্রাঙ্গন |
| অমর একুশে | জাহানারা পারভীন | জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় |
| সর্বোচ্চ শহীদ মিনার | রবিউল হুসাইন | জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় |
| মোদের গরব | অখিল পাল | বাংলা একাডেমি চত্বর |

Ans : B.

২২. FORMATION শব্দটির আয়নায় প্রতিফলিত রূপ কোনটি?

A. ИOITAMЯOꟻ B. ИOITAMЯOꟻ
C. NOITAMROF D. ꟻOЯMATIOИ

Ans : B.

২৩. মনের মানুষ চলচ্চিত্রটি কার জীবন-কাহিনী অবলম্বনে নির্মিত?

A. শাহ্ আব্দুল করিম B. দূরবীন শাহ
C. লালন শাহ্ D. সিরাজ সাঁই

ব্যাখ্যা : ২০১০ সালে বাউল সম্রাট লালন শাহের জীবনী অবলম্বনে পরিচালক গৌতম ঘোষ "মনের মানুষ" চলচ্চিত্রটি নির্মাণ করেন।

Ans : C.

২৪. দুলিতেছে তরী ফুলিতেছে জল, ভুলিয়াছে মাঝি পথ -বাক্যটিতে ক্রিয়ার কোন কালের ব্যবহার হয়েছে?

A. ঘটমান বর্তমান B. সাধারণ বর্তমান
C. নিত্যবৃত্ত বর্তমান D. পুরাঘটিত বর্তমান

ব্যাখ্যা : যে কাজ শেষ হয়নি এখনও চলছে, সেকাজ বোঝানোর জন্য ঘটমান বর্তমানকাল ব্যবহৃত হয়। যেমন : নীরা গান গাইছে। অনুরূপভাবে : দুলিতেছে তরী ফুলিতেছে জল, ভুলিয়াছে মাঝি পথ

Ans : A.

২৫. তিন বর্ণের নাম তার অন্তিম/শেষের বর্ণ বাদ দিলেও একই অর্থ রয়। দ্বিতীয় বর্ণ বাদ দিলে ঘ্রাণেন্দ্রিয় হয়/প্রথম বর্ণ বাদ দিলে স্বাদ তারে কয় !!

A. ঘটক B. মিঠাই C. জানোনা D. নাটক

ব্যাখ্যা : নাটকের শেষ বর্ণ বাদ দিলে নাট হয় এবং একই অর্থ প্রকাশ করে এবং দ্বিতীয় বর্ণ বাদ দিলে নাক এবং প্রথম টি বাদ দিলে টক।

Ans : D.

২৬. পায়ের সাথে জুতার যে সম্পর্ক, গলার সাথে মালার যে সম্পর্ক, মাথার সাথে সে সম্পর্ক কার?

A. চুল B. গামছা C. ওড়না D. টুপি

ব্যাখ্যা : মাথায় টুপি পরা হয়।

Ans : D.

২৭. কোজাগরী পূর্নিমা হয় কোন মাসে ?

A. আশ্বিন মাসে B. জ্যৈষ্ঠ মাসে
C. চৈত্র মাসে D. ফাল্গুন মাসে

ব্যাখ্যা : আশ্বিন মাসের পূর্ণিমা তিথিকে 'কোজাগরী' পূর্ণিমা এবং এই তিথিতে অনুষ্ঠিত পূজাকে কোজাগরী লক্ষীপূজা বলে।

Ans : A.

২৮. রক্ত। মানুষের রক্ত মানুষে খায়। খেয়ে মাতাল হয়। মাতাল হয়ে উৎসবে মেতে উঠে। আমার ভাইয়ের রক্ত ঢেলে প্রদীপ জ্বেলেছে। নইলে ওর আলো এত লাল হবে কেন?

A. আতা খাঁ B. রহিম শেখ
C. বশির খাঁ D. ইব্রাহিম কার্দি

ব্যাখ্যা : উক্তিটি মুনীর চৌধুরী রচিত রক্তাক্ত প্রান্তর নাটকের রহিম শেখের।

Ans : B.

২৯. কোন নৃত্যধারাটি শাস্ত্রীয়?

A. রাইবেশ B. কথক C. কাঠিনৃত্য D. রবীন্দ্রনৃত্য

ব্যাখ্যা: কথক হচ্ছে উত্তর ভারতের যাযাবর সম্প্রদায়ের এক ধরনের প্রাচীন শাস্ত্রীয় নৃত্য।

Ans : B.

৩০. বাংলাদেশে গ্রুপ থিয়েটার কার্যক্রমে পরিচালনা পরিষদের নাম-

A. থিয়েটার ফেডারেশন
B. বাংলাদেশ থিয়েটার কোম্পানি
C. বাংলাদেশ থিয়েটার সংসদ
D. বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন

ব্যাখ্যা : • বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন দেশের নাট্যদলসমূহের একটি কেন্দ্রীয় সংগঠন।
• ১৯৮০ সালের ২৯ নভেম্বর ঢাকায় এটি প্রতিষ্ঠিত হয়।

Ans : D.

৩১. বাংলাদেশে বসবাসকারী নৃগোষ্ঠীর মধ্যে কারা প্রধানত ইসলাম ধর্মাবলম্বী?

A. চাকমা B. গারো C. পাঙন D. টিপরা

ব্যাখ্যা : বাংলাদেশে বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ধর্ম-

| উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | ধর্ম |
|---|---|
| পাঙ্গন | ইসলাম |
| গারো, খাসিয়া, লুসাই | খ্রিস্টান |
| সাঁওতাল ত্রিপুরা, মাহাতো, হাজং, কুর্মি, কোচ | সনাতন |
| চাকমা, মারমা, রাখাইন, তঞ্চঙ্গ্যা | বৌদ্ধ |
| মণিপুরী, ডালু | বৈষ্ণব |

Ans : C.

৩২. বাংলাদেশে আন্তর্জাতিক উচ্চাঙ্গ সঙ্গীত উৎসবের আয়োজক-

A. বাংলাদেশ শিল্পকলা একাডেমি B. ছায়ানট
C. বেঙ্গল ফাউন্ডেশন D. এশিয়াটিক সোসাইটি

ব্যাখ্যা : • বেঙ্গল ফাউন্ডেশন আন্তর্জাতিক উচ্চাঙ্গ সঙ্গীত উৎসব ও ক্লাসিকাল সঙ্গীত উৎসবের আয়োজন করে থাকে।
• ১৯৯০ সালে বেঙ্গল ফাউন্ডেশন প্রতিষ্ঠিত হয়।

Ans : C.

৩৩. শিক্ষক শ্রেণিকক্ষে পাঠদান করার সময় বলেন, সাহিত্য ভাব ও আনন্দের ব্যাপার, শিক্ষা জ্ঞানের ব্যাপার। যিনি সাহিত্য থেকে লাভ চান, তার কাছে সাহিত্যের মূল্য নেই। - সাহিত্যে খেলা প্রবন্ধ অনুসারে কোন বক্তব্য উদ্দীপককে সমর্থন করে?

A. সাহিত্য হচ্ছে আনন্দের ব্যাপার
B. সাহিত্য হচ্ছে জ্ঞানের ব্যাপার
C. সাহিত্য হচ্ছে শিক্ষার ব্যাপার
D. সাহিত্য হচ্ছে নগদ লাভের ব্যাপার

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।

Ans : A.

৩৪. বাংলাদেশের চলচ্চিত্র ইতিহাসে সবচেয়ে ব্যবসা সফল চলচ্চিত্রের নাম কি?

A. বেদের মেয়ে জোসনা B. বেদের মেয়ে
C. খায়রুন সুন্দরী D. ভেজাচোখ

ব্যাখ্যা : 'বেদের মেয়ে জোসনা' বাংলাদেশের চলচ্চিত্র ইতিহাসে সবচেয়ে ব্যবসা সফল চলচ্চিত্র। চলচ্চিত্রটির পরিচালক তোজাম্মেল হক বকুল। ১৯৮৯ সালে চলচ্চিত্রটি মুক্তি পায়।

Ans : A.

৩৫. সঙ এক প্রকার-

A. হাস্যরসাত্মক নাট্য B. সার্কাসের জোকার
C. যাত্রার বিবেক D. কোনটিই নয়

ব্যাখ্যা : 'সঙ' হচ্ছে অদ্ভুত পোশাকধারী হাস্যকৌতুককারী অভিনেতা।

Ans : B.

CamScanner

৩৬. সালভাদর ডালি একজন-
A. নাট্যকার B. চিত্রকর
C. নাট্যনির্দেশক D. সঙ্গীতশিল্পী

ব্যাখ্যা: • সালভাদর ডালি ছিলেন স্পেনের একজন চিত্রকর।
• তার উল্লেখযোগ্য চিত্রকর্ম- দি বার্নিং জিরাফ, দি পারসিসটেন্স মেমোরি, সোয়ানস রিফ্লেক্টিং এলিফ্যান্টস প্রভৃতি।
Ans : B.

৩৭. মুক্তিযুদ্ধভিত্তিক নাটক-
A. পায়ের আওয়াজ পাওয়া যায় B. প্রাচ্য
C. কালবেলা D. নেমেসিস

ব্যাখ্যা : • "পায়ের আওয়াজ পাওয়া যায়" নাটকটি সৈয়দ শামসুল হক রচিত মুক্তিযুদ্ধ ভিত্তিক নাটক।
• "নেমেসিস" নুরুল মোমেন রচিত একটি নাটক।
• "কালবেলা" সাঈদ আহমদ রচিত একটি নাটক এবং সমরেশ মজুমদার রচিত একটি উপন্যাস।
• "প্রাচ্য" সেলিম আল দীন রচিত একটি নাটক।
Ans : A.

৩৮. বিষ্ণুর বাহন কী?
A. ময়ূর B. গরুড় পাখি C. স্বর্ণ D. হাতি

ব্যাখ্যা : • হিন্দু পুরান অনুযায়ী "গরুড়" বিষ্ণুর বাহন।
• বিষ্ণু হচ্ছে হিন্দু বৈষ্ণব সম্প্রদায়ের সর্বোচ্চ দেবতা।
Ans : B.

৩৯. মুনীর চৌধুরীর নাটক-
A. ছত্রাধর B. দন্ডকারণ্য C. দন্ডধর D. কোনটিই নয়

ব্যাখ্যা : মুনীর চৌধুরী রচিত উল্লেখযোগ্য নাটক-
দন্ডকারন্য (১৯৬৬), রক্তাক্ত প্রান্তর (১৯৬২), কবর (১৯৬৬), চিঠি (১৯৬৬), চিঠি (১৯৬৬), পলাশী ব্যারাক ও অন্যান্য (১৯৬৯) প্রভৃতি।
Ans : B.

৪০. যাত্রা মঞ্চের কয় দিকে দর্শক বসে?
A. একদিকে B. দুইদিকে C. তিনদিকে D. চারদিকে

Ans : C.

৪১. উইলিয়াম শেক্সপিয়র রচিত একটি নাটক-
A. কিং লিয়র B. থ্রি সিস্টারস
C. মিস জুলি D. ডক্টর ফস্টাস

ব্যাখ্যা : • উইলিয়াম শেক্সপিয়র রচিত উল্লেখযোগ্য নাটক সমূহ- কিং লিয়ার, অ্যান্টনি এন্ড ক্লিওপেট্রা, কমেডি অব এরোরস, এস ইউ লাইক ইট, হ্যামলেট, জুলিয়াস সিজার, ম্যাকবেথ, মার্চেন্ট অব ভেনিস, ওথেলো, রোমিও এন্ড জুলিয়েট, টেমপেস্ট প্রভৃতি।
• "থ্রি সিস্টারস" এর লেখক- অ্যান্টন চেকভ, "মিস জুলি"- অগাস্ট স্ট্রিন্ডবার্গ, "ডক্টর ফস্টার" একটি ব্রিটিশ ড্রামা সিরিজ।
Ans : A.

৪২. মঞ্চে নুরুমিয়া অস্থিরভাবে পায়চারী করছেন। চাকর এসে হুক্কা দিয়ে চলে গেল। সেদিকে নুরুমিয়ার ভ্রুক্ষেপ নেই। হিসেবের খাতা থেকে মুখ তুলে নায়েব বললেন- "হুজুর আগুন যে নিভে গেল" নুরুমিয়া নায়েবের দিকে কটমটিয়ে তাকাতেই নায়েব টুপ করে হিসেবের খাতায় ডুব দিলেন। এরই মধ্যে নীলকরের অত্যাচারে ভিটে ছাড়া রহিম শেখ এবং জব্বার মিয়া তাদের স্ত্রী এবং তিন সন্তানসহ হুড়মুড়িয়ে ঢুকে জোড়হাত করে নুরুমিয়ার সামনে এসে দাঁড়ালো। - এই মুহূর্তে মঞ্চে মোট কতজন অভিনেতা - অভিনেত্রী উপস্থিত?
A. ১২ জন B. ১৩ জন C. ১১ জন D. কোনটিই নয়

ব্যাখ্যা: মঞ্চে ছিল নুরু মিয়া এবং নায়েব (চাকর চলে গিয়েছিল) (২ জন) এবং রহিম শেখ ও জব্বার মিয়ার স্ত্রী ও তিন সন্তান সহ {২ × (১+১+১+৩)}।
Ans : A.

৪৩. 'ধানকাটা-১' চিত্রকর্মটি কার আঁকা?
A. শিল্পাচার্য জয়নুল আবেদিন B. চিত্রশিল্পী কামরুল হাসান
C. এস এম সুলতান D. রবীন্দ্রনাথ ঠাকুর

ব্যাখ্যা : • হত্যাযজ্ঞ, চরদখল, ধানভানা, পাটকাটা, ধানকাটা- এস.এম. সুলতানের চিত্রকর্ম।
• তিন কন্যা, নাইওর- কামরুল হাসানের চিত্রকর্ম।
• মনপুরা-৭০, ম্যাডোনা-৪৩, সংগ্রাম- জয়নুল আবেদিনের চিত্রকর্ম।
Ans : C.

৪৪. রাজা ঈদিপাস নাটকের নাট্যকার কে?
A. উইলিয়াম শেক্সপিয়ার B. হেরাক্লেপস
C. সফোক্লেস D. টমাস কিড

ব্যাখ্যা : প্রাচীন গ্রিক নাট্যকার সফোক্লেস এর নাটক : রাজা ঈদিপাস, ইলেক্ট্রা, অ্যান্টিগন।
Ans : C.

৪৫. ম্যাক্সওয়েবার ছিলেন একজন-
A. ঐতিহাসিক B. অর্থনীতিবিদ C. রাষ্ট্রবিজ্ঞানী D. সাহিত্যিক

ব্যাখ্যা : • ম্যাক্স ওয়েবার ছিলেন একজন দার্শনিক ও রাষ্ট্রবিজ্ঞানী।
• তিনি আমলাতন্ত্রের প্রবক্তা।
Ans : C.

৪৬. প্রপ্স কি?
A. অভিনেতাকর্তৃক মঞ্চে বহনযোগ্য দ্রব্যাদি
B. প্রেক্ষাগৃহে সংরক্ষিত দ্রব্যাদি
C. আড়াল থেকে অভিনেতাদের সংলাপ বলে দেওয়া
D. কোনটিই নয়

Ans : A.

47. Fill in the blank with appropriate article : ___ actor is the life of a play.
A. The B. An C. A D. None

ব্যাখ্যা : সাধারণ vowel (a, e, i, o, u) এর পূর্বে An বসে। তবে এগুলোর উচ্চারণ ওয়া এবং ইউ হলে A বসে
Ex : A university, a one eyed man.
Ans : B.

৪৮. নাগরিক নাট্য সম্প্রদায়ের একটি প্রযোজনা-
A. সে রাতে পূর্নিমা ছিল B. বিচ্ছু
C. রাড়াঙ D. রক্তকরবী

ব্যাখ্যা : নাগরিক নাট্য সম্প্রদায়ের প্রযোজিত নাটক :
রক্তকরবী, বুড়ো শালিকের ঘাড়ে রোঁ, দেওয়ান গাজীর কিস্‌সা।
• রক্তকরবী রবীন্দ্রনাথ ঠাকুরের সাংকেতিক নাটক।
Ans : D.

৪৯. মূকাভিনয় এক ধরনের-
A. মূক ও বধিরদের অভিনয় B. আঙ্গিক অভিনয়
C. বাচিক অভিনয় D. বর্ণনাত্মক অভিনয়

Ans : B.

৫০. একটি সাজানো ড্রয়িংরুম। ভোরের নরম আলো জানালা দিয়ে ঢুকে মেঝের কার্পেটের ওপর শুয়ে থাকা বেড়ালটার গায়ে পড়েছে। দেয়াল ঘড়িতে ছ'টা বেজে দশ। পিয়ানোর পাশে একটা ফুলদানিতে তাজা ফুল। পাশে ইজি চেয়ার। তার ওপর একটি আধখোলা বই। জানালা দিয়ে পাশের বাগানটা দেখা যাচ্ছে। বাগান থেকে একটা পায়ে চলা পথ বেরিয়ে বড় রাস্তার সাথে মিলেছে। - উপরের বর্ণনাটি কোন ধরনের দৃশ্যসজ্জাকে নির্দেশ করে?
A. বাস্তবানুগ B. অবাস্তব C. ইঙ্গিতপূর্ণ D. কোনটিই নয়

Ans : A.

CS CamScanner

**৫১.** সেলিম আল দীন রচিত নাটক-
A. যৈবতীকন্যার মন  B. ঈর্ষা
C. সুবচন নির্বাসনে  D. ওরা কদম আলী

ব্যাখ্যা : • আল দীন রচিত উল্লেখযোগ্য নাটক- যৈবতী কন্যার মন, মুনতাসীর ফ্যান্টাসি, প্রাচ্য, কিত্তনখোলা, হাতহদাই শকুন্তলা প্রভৃতি।
• সুবচন নির্বাসনে - আব্দুল্লাহ আল মামুন, ঈর্ষা - সৈয়দ শামসুল হক, ওরা কদম আলী - মামুনুর রশীদ।
Ans : A.

**৫২.** 'কবর' নাটকের পটভূমি কী?
A. ৬৯-এর গণঅভ্যুত্থান  B. ৫২-এর ভাষা আন্দোলন
C. ৫০-এর মন্বন্তর  D. ৭১-এর মুক্তিযুদ্ধ

ব্যাখ্যা : • 'কবর' নাটকের পটভূমি- ৫২ এর ভাষা আন্দোলন।
• 'কবর' নাটকটির রচিয়তা- মুনীর চৌধুরী।
• তিনি 'কবর' নাটকটি রচনা করে- ১৯৬৬ সালে।
• 'কবর' নাটকটির- ঢাকা জেলে রচিত এবং রাজবন্দিদের দ্বারা অভিনীত।
• 'কবর' নাটকের প্রধান চরিত্র- হাফিজ, গার্ড, নেতা, মুর্দা ফকির।
Ans : B.

**৫৩.** রমনার বটমূলে -
A. ছায়ানট  B. প্রাচ্যনাট্য  C. নাটমণ্ডল  D. কোনটিই নয়

ব্যাখ্যা : রমনার বটমূলে পহেলা বৈশাখের বর্ষবরণ অনুষ্ঠানের আয়োজক ছায়ানট এবং মঙ্গল শোভাযাত্রার আয়োজক ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউট।
Ans : A.

**৫৪.** অভিজ্ঞান শকুন্তলম নাটকের রচয়িতা-
A. কালিদাস  B. কালিপ্রসন্ন সিংহ
C. কালিচরণ রায়  D. কালিকৃষ্ণ বৈদ্য

ব্যাখ্যা : কালিদাসের নাটক ও কাব্য : অভিজ্ঞান শকুন্তলম, মেঘদূতম, ঋতুসংহার, কুমারসম্ভবম।
Ans : A.

**৫৫.** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অবস্থিত মুক্তমঞ্চের নাম-
A. রবীন্দ্রসরোবর মুক্তমঞ্চ  B. বটমূল মুক্তমঞ্চ
C. সেলিম আল দীন মুক্তমঞ্চ  D. জহির রায়হান মুক্তমঞ্চ

ব্যাখ্যা : রবীন্দ্র সরোবর মুক্তমঞ্চ ধানমণ্ডিতে অবস্থিত।
Ans : C.

**৫৬.** বের্টল্ট ব্রেখট কোন দেশের নাট্যকার ও নির্দেশক?
A. জার্মানি  B. ইতালি  C. রাশিয়া  D. ফ্রান্স

ব্যাখ্যা : • বের্টল্ট ব্রেখট জার্মানির একজন নাট্যকার, নাট্য পরিচালক এবং কবি।
• তার উল্লেখযোগ্য নাটক- লাইফ অব গ্যালিলিও, মাদার কারেজ এন্ড হার চিলড্রেন প্রভৃতি।
Ans : A.

**৫৭.** বিধবা বিবাহ প্রবর্তন আন্দোলনের পথিকৃৎ-
A. ঈশ্বরচন্দ্র গঙ্গোপাধ্যায়  B. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
C. ঈশ্বরচন্দ্র দত্ত  D. ঈশ্বরচন্দ্র গুপ্ত

ব্যাখ্যা : • ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের নেতৃত্বে বিধবা-বিবাহ আন্দোলন পরিচালিত হয়।
• লর্ড ডালহৌসীর পৃষ্ঠপোষকতায় ১৮৫৬ সালের ২৬ জুলাই "বিধবা-বিবাহ" আইনে পরিণত হয়।
Ans : B.

**৫৮.** শম্ভু মিত্রের একটি নাটক-
A. চাঁদ বণিকের পালা  B. আয়না বিবির পালা
C. কেনারামের পালা  D. একাত্তরের পালা

ব্যাখ্যা : • শম্ভু মিত্র ছিলেন পশ্চিমবঙ্গের একজন বিখ্যাত নাট্যকার, পরিচালক ও চলচ্চিত্র অভিনেতা।
• তার রচিত নাটকের মধ্যে চাঁদ বণিকের পালা নাটকটি সর্বাপেক্ষা উল্লেখযোগ্য।
Ans : A.

**৫৯.** নাট্যাচার্য সম্বোধন করা হয়-
A. নাসিরউদ্দিন ইউসুফ  B. সৈয়দ শামসুল হক
C. বাবেন্দু মজুমদার  D. সেলিম আল দীন

ব্যাখ্যা : কবি/সাহিত্যিকদের উপাধি-

| কবি/সাহিত্যিক | উপাধি | কবি/সাহিত্যিক | উপাধি |
|---|---|---|---|
| সেলিম আল দীন | নাট্যাচার্য | আবদুল করিম | সাহিত্য বিশারদ |
| আলাওল | মহাকবি | জীবনানন্দ দাশ | রুপসী বাংলার কবি |
| জাহানারা ইমাম | শহীদ জননী | বিহারীলাল চক্রবর্তী | ভোরের পাখি |
| মুকুন্দ দাস | চারণ কবি | বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | সাহিত্য সম্রাট |
| ঈশ্বরচন্দ্র গুপ্ত | যুগসন্ধিক্ষণের কবি | শামসুর রহমান | নাগরিক কবি |

Ans : D.

**৬০.** কোনটি এ্যাবসার্ড নাটক-
A. দ্য সিগাল  B. ওয়েটিং ফর গডো  C. গোস্টস  D. দ্য ফাদার

ব্যাখ্যা: "ওয়েটিং ফর গড" মাইকেল এইচকেনসের লেখা একটি ব্রিটিশ ড্রামা সিরিজ।
Ans : B.

**৬১.** সবচেয়ে প্রাচীন জনপদ-
A. সমতট  B. গৌড়  C. বঙ্গ  D. পুণ্ড্র

ব্যাখ্যা : • বাংলার সবচেয়ে প্রাচীন ও সমৃদ্ধ জনপদ হচ্ছে- "পুণ্ড্র"।
• পুণ্ড্র জনপদের রাজধানী ছিল- "পুণ্ড্রনগর" বা "পুণ্ড্রবর্ধন"।
• পুণ্ড্রনগরের বর্তমান নাম- মহাস্থানগড়।
• বাংলার অন্যান্য প্রাচীন জন পদগুলো হচ্ছে- বঙ্গ, গৌড়, হরিকেল, সমতট, রাঢ় প্রভৃতি।
Ans : D.

**৬২.** সুনামি কোন ভাষার শব্দ?
A. মালয়  B. সিংহলি  C. জাপানি  D. সংস্কৃত

ব্যাখ্যা : প্রাকৃতিক দুর্যোগের সাথে সম্পর্কিত শব্দ-

| দুর্যোগের নাম | অর্থ | যে ভাষার শব্দ |
|---|---|---|
| সুনামি (Tusnami) | ঊর্মি বা ঢেউ | জাপানি |
| নার্গিস | ফুল | ফারসি |
| টর্নেডো | ঘুরে যাওয়া | স্প্যানিশ |
| আইলা | ডলফিন বা শুশুক জাতীয় প্রাণী | মালদ্বীপের দিবেহী |
| সিডর | চোখ | সিংহলি |
| ওয়ার্ড | ফুল | ওমানীয় |

Ans : C.

**৬৩.** স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রথম স্থাপন করা হয়?
A. মেহেরপুর  B. কালুরঘাট  C. নাটোর  D. কুষ্টিয়া

ব্যাখ্যা: • স্বাধীন বাংলা বেতারকেন্দ্র প্রাথমিকভাবে যাত্রা শুরু করে চট্টগ্রামের কালুরঘাট বেতার কেন্দ্র থেকে।
• ১৯৭১ সালের ৩০ মার্চ থেকে এটি ভারতের আগরতলা থেকে সম্প্রচার শুরু করে।
• স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের "চরমপত্র" অনুষ্ঠানের উপস্থাপক ও স্ক্রিপ্ট লেখক ছিলেন- এম.আর. আকতার মুকুল।
Ans : B.

**৬৪.** শাহ আব্দুল করিমের বাড়ি কোন জেলায়?
A. কিশোরগঞ্জ  B. হবিগঞ্জ  C. সুনামগঞ্জ  D. সিলেট

ব্যাখ্যা: • শাহ আবদুল করিম (১৯১৬-২০০৯) এর জন্মস্থান- উজানধল, দিরাই, সুনামগঞ্জ।
• বাউল শাহ আবদুল করিমের উল্লেখযোগ্য গান- "আগে কি সুন্দর দিন কাটাইতাম", "গাড়ি চলে না.......", "বসন্ত বাতাসে সই গো....." "বন্ধে মায়া লাগাইছে", প্রভৃতি।
Ans : C.

৬৫. কাজী নজরুল ইসলামের নাটক-
A. রাজা B. কৃষ্ণকুমারী
C. সেতুবন্ধ D. সধবার একাদশী

ব্যাখ্যা: • কাজী নজরুলের উল্লেখযোগ্য নাটক- সেতুবন্ধ, ঝিলিমিলি, আলেয়া, পুতুলের বিয়ে, মধুমালা, ঝড় প্রভৃতি।
• "রাজা" নাটকটির রচয়িতা- রবীন্দ্রনাথ ঠাকুর, "কৃষ্ণকুমারী" মাইকেল মধুসূদন দত্ত, "সধবার একাদশী" - দিনবন্ধু মিত্র।
Ans : C.

৬৬. শর্মিষ্ঠা নাটকের রচয়িতা-
A. মাইকেল মধুসূদন দত্ত B. দীনবন্ধু মিত্র
C. মন্মথ রায় D. গিরিশচন্দ্র ঘোষ

ব্যাখ্যা : • মাইকেল মধুসূদন দত্ত রচিত উল্লেখযোগ্য নাটক- শর্মিষ্ঠা, পদ্মাবতী, কৃষ্ণকুমারী, ব্রজাঙ্গনা প্রভৃতি।
• শর্মিষ্ঠা (১৮৫৮) তার প্রথম প্রকাশিত বাংলা গ্রন্থ ও নাটক।
Ans : A.

৬৭. বাংলাদেশের লোকশিল্প জাদুঘর কোথায় অবস্থিত?
A. ময়নামতি B. পাহাড়পুর C. সোনারগাঁও D. লালবাগ কেল্লা

ব্যাখ্যা : একনজরে বাংলাদেশের উল্লেখযোগ্য জাদুঘর-

| জাদুঘর | অবস্থান | জাদুঘর | অবস্থান |
| --- | --- | --- | --- |
| বাংলাদেশ লোকশিল্প জাদুঘর | সোনারগাঁও, নারায়ণগঞ্জ | বরেন্দ্র জাদুঘর | রাজশাহী |
| জাতীয় জাদুঘর | শাহবাগ, ঢাকা | কুঠিবাড়ি রবীন্দ্র জাদুঘর | শিলাইদহ, কুষ্টিয়া |
| পোস্টাল জাদুঘর | ঢাকা | সামরিক জাদুঘর | বিজয় সরণি ঢাকা |

Ans : C.

৬৮. স্বোপার্জিত স্বাধীনতা কোথায় অবস্থিত?
A. রাজশাহী বিশ্ববিদ্যালয় B. ঢাকা বিশ্ববিদ্যালয়
C. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় D. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

ব্যাখ্যা : বাংলাদেশের উল্লেখযোগ্য স্থাপত্য ও ভাস্কর্য-

| স্থাপত্য-স্থাপনা, ভাস্কর্য | অবস্থান |
| --- | --- |
| স্বোপার্জিত স্বাধীনতা | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| সাবাস বাংলাদেশ | রাজশাহী বিশ্ববিদ্যালয় |
| সংশপ্তক | জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় |
| গোল্ডেন জুবিলি টাওয়া | রাজশাহী বিশ্ববিদ্যালয় |
| ক্যাকটাস, দোয়েল চত্বর | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| শিশুক | শাহবাগ, ঢাকা |
| শাপলা চত্বর | মতিঝিল, ঢাকা |
| বলাকা | মতিঝিল, ঢাকা |
| নজরুল মঞ্চ, নজরুল ভাস্কর্য | বাংলা একাডেমি, ঢাকা |
| সার্ক ফোয়ারা | কারওয়ানবাজার, ঢাকা |

Ans : B.

৬৯. সৈয়দ জামিল আহমেদ নির্দেশিত প্রযোজনা-
A. চাকা B. বনপাংশুল C. কবি D. স্বর্ণবোয়াল
Ans : A.

৭০. শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালা ভবনে কয়টি মঞ্চে নাটক অভিনীত হয়?
A. ১টি B. ২টি C. ৩টি D. ৪টি
Ans : C.

৭১. বাংলাদেশের কয়টি পাবলিক বিশ্ববিদ্যালয় নাটক বিষয়ক বিভাগ রয়েছে?
A. ৪টি B. ৫টি C. ৬টি D. ৭টি
Ans : C.

৭২. কুমিল্লা অঞ্চলের সঙ্গীত শিল্পী কে?
A. জালাল খাঁ B. লালন শাহ C. শচীন দেব বর্মন D. রাহুল দেব বর্মন

ব্যাখ্যা : • শচীন দেব বর্মন (এস ডি বর্মন) ছিলেন বিংশ শতাব্দীর ভারতীয় বাংলা গানের কিংবদন্তি ও জনপ্রিয় সঙ্গীত শিল্পী। তার জন্ম কুমিল্লায়।
• জালাল খাঁ- ময়মনসিংহ অঞ্চলের, লালন শাহ-কুষ্টিয়া অঞ্চলের এবং রাহুল দেব বর্মন ছিলেন ভারতের সঙ্গীত শিল্পী।
Ans : C.

৭৩. যবনিকা কী?
A. যবনের স্ত্রী-লিঙ্গ B. মঞ্চের সম্মুখ পর্দা
C. যবনের বনিতা D. নারী চরিত্র

ব্যাখ্যা : যবনিকা অর্থ রঙ্গমঞ্চের পর্দা বা আবরণ এবং যবনিকা পাত অর্থ নাটকের পরিসমাপ্তি।
Ans : B.

৭৪. আকিরা কুরোসাওয়া চলচ্চিত্র-
A. রোশোমোন B. [illegible] C. [illegible] D. [illegible]

ব্যাখ্যা : রাশোমান ১৯৫০ সালের আকিরা কুরোসাওয়া পরিচালিত জাপানি ভাষার চলচ্চিত্র।
Ans : A.

৭৫. দ্য বার্ডস কার নির্মিত চলচ্চিত্র?
A. চার্লি চ্যাপলিন B. পিটার ব্রুক
C. স্টিফেন স্পিলবার্গ D. আলফ্রেড হিচকক
Ans : D.

৭৬. দ্য গ্রেট ডিক্টেটর চলচ্চিত্রে চার্লি চ্যাপলিন অভিনীত চরিত্রের নাম-
A. সাদ্দাম হোসেন B. আইনস্টাইন
C. এডলফ হিটলার D. নিকিতা ক্রুশ্চেভ

ব্যাখ্যা : এটি চার্লি চ্যাপলিন কর্তৃক রচিত ও পরিচালিত প্রথম চলচ্চিত্র।
Ans : C.

৭৭. আখতারুজ্জামান ইলিয়াস রচিত উপন্যাস-
A. খোয়াবনামা B. লালসালু
C. সূর্যদীঘল বাড়ী D. তিতাস একটি নদীর নাম

ব্যাখ্যা : • আখতারুজ্জামান ইলিয়াস রচিত উল্লেখযোগ্য উপন্যাস- "চিলেকোঠার সেপাই", "খোয়াবনামা"।
• "লালসালু" - উপন্যাসের রচয়িতা সৈয়দ ওয়ালীউল্লাহ, "তিতাস একটি নদীর নাম" - অদ্বৈত মল্লবর্মণ, "সূর্যদীঘল বাড়ি" - আবু ইসহাক।
Ans : A.

৭৮. গ্লোব থিয়েটার কোথায়?
A. ইতালি B. ইংল্যান্ড C. ফ্রান্স D. রাশিয়া

ব্যাখ্যা : • "গ্লোব থিয়েটার" লন্ডনে অবস্থিত।
• শেক্সপিয়র প্লেয়িং কোম্পানি কর্তৃক ১৫৯৯ সালে এটি প্রতিষ্ঠিত হয়েছিল।
Ans : B.

৭৯. বাংলাদেশের জাতীয় প্রতীকের ডিজাইনার-
A. জয়নুল আবেদীন B. কামরুল হাসান
C. রফিকুন নবী D. কাইয়ুম চৌধুরী

ব্যাখ্যা : • বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার বা রূপকার - চিত্রশিল্পী কামরুল হাসান।
• জাতীয় পতাকার নকশা প্রথম তৈরি করেন- শিব নারায়ণ দাস।
• জাতীয় পতাকার দৈর্ঘ্য প্রস্থের অনুপাত- ১০ : ৬ (৫ : ৩)।
• জাতীয় পতাকা প্রথম উত্তোলন করা হয়- ২ মার্চ (পতাকা দিবস) ১৯৭১, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায়।
Ans : B.

৮০. ইংরেজিতে বাদ্য, বাংলায় খাদ্য/কিবা সেই ফল, চট্, করে বল!
A. বেল B. দ্রাম C. তাল D. সন্তুর
Ans : A.

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (C-7 Unit)
### শিক্ষাবর্ষ : 2015-2016 [Set-4]
### [বাংলা বিভাগ]

***Read the passage and answer the following questions from I to 10:***

Poetry is an art form in which human language is used for its aesthetic qualities in addition to, or instead of, its notional and semantic content. It consists largely of oral or literary works in which language is used in a manner that is felt by its user and audience to differ from ordinary prose. It may use condensed or compressed form to convey emotion or ideas to the reader's or listener's mind or ear; it may also use devices such as assonance and repetition to achieve musical or incantatory effects. Poems frequently rely for their effect on imagery, word association, and the musical qualities of the language used. The interactive layering of all these effects to generate meaning is what marks poetry.

**01. What may be the suitable title for the passage?**
A. poetry and prose B. constituent of poetry
C. pulse of poetry D. value of verses

ব্যাখ্যা : সমগ্র passage টিতে poetry সম্পর্কে বলা হয়েছে। Poetry তে কী কী ব্যবহার করা হয় এবং এর উপাদান কী কী তা সম্পর্কে আলোচনা করা হয়েছে। Assonance, repetition ইত্যাদি উপাদানসমূহের উল্লেখ রয়েছে।
**Ans : B.**

**02. Aesthetic quality means-**
A. artistic excellence
B. assimilation of inferiority
C. ability of reformation
D. inventive integration

ব্যাখ্যা : Aesthetic quality - শিল্পরুচিসম্মত গুণ
Artistic excellence - শিল্পসুলভ রুচিসম্পন্ন গুণ
**Ans : A.**

**03. The synonym of notional is?**
A. vibration B. script
C. countrywide D. estimated

ব্যাখ্যা : Notional - ধারণাগত/অবাস্তব
Estimated - আনুমানিক
**Synonym :** Ideal, Theoretic, Imaginary, Dreamy, Estimated, Impractical.
**Ans : D.**

**04. Which one is appropriate according to the passage?**
A. The manner of poetry verges from ordinary prose.
B. The approach of poetry diverges from regular text.
C. The manner of poetry and prose relent or its meaning.
D. A & C

**Ans : B.**

**05. In poetry emotion or ideas lies in-**
A. strong or prolonged form
B. reduced or compacted from
C. diluted or compacted from
D. eternal or restrained form

ব্যাখ্যা : Passage এর তৃতীয় sentence এ উল্লেখ আছে। It (poetry) use condensed (ঘনীভূত) or compressed (সংকুচিত) form to convey emotion or ideas to the reader's or listener's mind or ear.
**Ans : B.**

**06. In poetry, assonance and repetition is used to achieved-**
A. measurable or complicated effects
B. contrasted or imaginary effects
C. pleasing or painful effects
D. harmonious or witchcrafted possessions

ব্যাখ্যা : Passage এর মাঝে রয়েছে যে, it may also use..... to achieve musical (সুরেলা) or incantatory (জাদুমন্ত্র উচ্চারণ) effects.
Harmonious - (সুরেলা) or witchcrafted- (জাদুবিদ্যা) possessions.
**Ans : D.**

**07. The meaning of word association is-**
A. interrelationship of words.
B. intersection of words.
C. interruption of words
D. interpretation of words

ব্যাখ্যা : Passage এ উল্লেখিত Association words এর অর্থ শব্দের সংযুক্তি বা একত্র বা মিলন।
Interrelationship of words - শব্দের পারস্পরিক সম্পর্ক।
**Ans : A.**

**08. Poems frequently rely for their effect on imagery. Here imagery related with-**
A. metaphors B. similes
C. imitation D. A & B

ব্যাখ্যা : Imagery - চিত্রকল্পসমূহ। কবিতায় কবিতার ভাব, ছন্দকে আরও গভীরময় করার জন্য বিভিন্ন ধরনের চিত্রকল্প ব্যবহার করা হয়। যেমন- Simile, Metaphor, Personification, Hyperbole, Paradox, Oxymoron etc.
**Ans : D.**

**09. Which of the following is related with the passage?**
A. Anna Karenina
B. The Brothers Karamazov
C. Child Harold's Pilgrimage
D. Shesher kabita

ব্যাখ্যা : সমগ্র Passage টিতে Poetry সম্পর্কে বলা হয়েছে। অপশনগুলোতে Anna Karenina written by Leo tolstoy, The Brothers Karamazov written by Fyodor Dostoyevsky, Shesher kabita written by Rabindranath Tagore- এগুলো হচ্ছে উপন্যাস। আর Child Harold's Pilgrimage হচ্ছে Lord Byron- এর একটি কবিতা।
**Ans : C.**

**10. The antonym of frequently is-**
A. habitually B. seldom
C. usually D. typically

ব্যাখ্যা : Frequently - বারংবার/ ঘনঘন
**Synonym :** Often, Hourly, Repeatedly, Over and over
**Antonym :** Infrequently, Rarely, Seldom, Hardly, Occasionally
**Ans : B.**

CamScanner

## [বাংলা]

**১১.** কমলাকান্ত : প্রসন্ন গোয়ালিনী : গরুচুরি -এর সঠিক ক্রম কোনটি?
A. আসামি : মোকদ্দমা : ফরিয়াদি
B. ফরিয়াদি : আসামি : মোকদ্দমা
C. সাক্ষী : ফরিয়াদি : মোকদ্দমা
D. ফরিয়াদি : সাক্ষী : আসামি

ব্যাখ্যা : • সঠিক ক্রম: সাক্ষী : ফরিয়াদি : মোকদ্দমা।
Ans : C.

**১২.** "সাক্ষী বড় সেরকশ" - একানে 'সেরকশ' কোন ভাষার শব্দ?
A. ফারসি B. তুর্কি
C. পর্তুগিজ D. ফরাসি

ব্যাখ্যা : ফারসি শব্দ- সেরকশ, সানাই, শোরগোল, সৌখিন, সরকার, সালতামামি, হুঁশিয়ার, খোদা, গুনাহ, দোযখ, নামায, পরগম্বর, কারখানা, চশমা, জবানবন্দী, তারিখ, তোশক, দফতর, দোকান, দস্তখত, দৌলত, নালিশ, পদশাহ, বান্দা, বেগম, ময়দা, মেথর, রসদ ইত্যাদি।
Ans : A.

**১৩.** Complainant : accused : bail - এর সঠিক ক্রম কোনটি?
A. বাদি : বিবাদি : জামিন B. জামিন : বাদি : বিবাদি
C. বিবাদি : জামিন : বাদি D. বিবাদি : বাদি : জামিন

ব্যাখ্যা : Complainant : accused : bail
বাদি : বিবাদি : জামিন
Ans : A.

১৪. অপু ও শিশিরের বয়সের অনুপাত-
A. ২০ : ১৬ B. ১৮ : ১৫
C. ১৯ : ১৬ D. ২৫ : ১৫

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : C.

১৫. শূন্যস্থান পূরণ কর:
"রাজনীতির ------- ইতিহাসের ------ নীতির ----- এবং ধর্মের ----- এইসব জিনিসে সাহিত্যের বাজার ছেয়ে গেছে।"
A. ন্যাকড়ার পুতুল, টিনের ভেঁপু, জয়ঢাক, রাঙালাঠি
B. রাঙালাঠি, ন্যাকড়ার পুতুল, টিনের ভেঁপু, জয়ঢাক
C. জয়ঢাক, টিনের ভেঁপু, রাঙালাঠি, টিনের ভেঁপু
D. টিনের ভেঁপু, ন্যাকড়ার পুতুল, রাঙালাঠি, জয়ঢাক

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : B.

**১৬.** শূন্যস্থান পূরণ কর:
"আজ ---- কোঠা পার হইয়াও দেখি, ও-সকল বিষয়ের ধারণা ---- একরকমই আছে।"
A. পঞ্চাশের, সম্পূর্ণ B. ত্রিশের, আংশিক
C. ষাটের, পুরোপুরি D. চল্লিশের, প্রায়

ব্যাখ্যা : 'বিলাসী' গল্পের উদ্ধৃতি-
"... আর হুমায়ুনের বাপের নাম জানিতে চাহিলে লিখিয়া দিয়া আসি তোগলক খাঁ এবং আজ চল্লিশের কোঠা পার হইয়াও দেখি, ও-সক বিষয়ের ধারণা প্রায়ই একরকমই আছে।"
Ans : D.

**১৭.** 'আথাল' সম্বন্ধে সঠিক উত্তর কোনটি?
A. গোয়ালঘর, সংস্কৃত B. গোশালা, তুর্কি
C. গোচারণক্ষেত্র, সংস্কৃত D. গোয়ালঘর, মারাঠি

ব্যাখ্যা : • 'আথাল' শব্দের অর্থ- গোয়ালঘর।
Ans : A.

**১৮.** 'জবাকুসুমসঙ্কাশ' অর্থ কী?
A. জবা ফুলের মতো B. জবা ফুলের মালা
C. জবা ফুলের রস D. প্রস্ফুটিত জবা ফুল

ব্যাখ্যা : • 'জবাকুসুমসঙ্কাশ' শব্দের অর্থ- জবা ফুলের মতো।
Ans : A.

১৯. কলিমদ্দি দফাদার কত বছর বয়সে ইউনিয়ন বোর্ডের দফাদারির চাকুরিতে যোগ দিয়েছিল?
A. ষোল-সতের বছর B. পঁচিশ-ছাব্বিশ বছর
C. আঠারো-উনিশ বছর D. বিশ-বাইশ বছর

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : D.

**২০.** সৈয়দ ওয়ালীউল্লাহ্ সম্বন্ধে কোনটি সত্য নয়?
A. নয়নচারা : গল্পগ্রন্থ B. বহিপীর : গল্পগ্রন্থ
C. সুড়ঙ্গ : নাটক D. কাঁদো নদী কাঁদো: উপন্যাস

ব্যাখ্যা : সৈয়দ ওয়ালীউল্লাহ্ এর উল্লেখযোগ্য-
উপন্যাস - লালসালু, চাঁদের আমাবস্যা, কাঁদো নদী কাঁদো
ছোটগল্প - নয়নচারা, দুই তীর ও অন্যান্য গল্প, গল্প-সমগ্র
নাটক - সুড়ঙ্গ, তরঙ্গভঙ্গ, বহিপীর, উজানে মৃত্যু
Ans : B.

**২১.** শূন্যস্থান পূরণ কর:
"যাহাদের ------- পল্লীগ্রামে, তাহাদেরই ছেলেদের শতকরা ------ জনকে এমনি করিয়া বিদ্যালাভ করিতে হয়।"
A. বাড়ি, পঁচাত্তর B. বাটী, আশি
C. নিবাস, ঘাট D. বাসস্থান, সত্তর

ব্যাখ্যা : 'বিলাসী' গল্পের উদ্ধৃতি-
"পাকা দুই ক্রোশ পথ হাঁটিয়া স্কুলের বিদ্যা অর্জন করিতে যাই। আমি একা নই-দশ-বারোজন। যাহাদের বাটী পল্লীগ্রামে, তাহাদেরই ছেলেদের শতকরা আশি জনকে এমনি করিয়া বিদ্যালাভ করিতে হয়।"
Ans : B.

২২. তপুর মৃতদেহ-তুলে নিয়ে গিয়েছিল কয়জন মিলিটারি?
A. তিন B. চার
C. দুই D. পাঁচ

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : C.

২৩. তপুর পায়ের গঠন সম্পর্কে সঠিক তথ্য কোনটি?
A. বাম পা দুই ইঞ্চি ছোট B. ডান পা দুই ইঞ্চি ছোট
C. ডান পা দুই ইঞ্চি বড় D. বাম পা দুই ইঞ্চি বড়

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : A.

**২৪.** নিচের কবিতাগুলো সম্পর্কে কোনটি যথার্থ?
A. 'সোনারতরী' মাত্রাবৃত্ত ছন্দে রচিত
B. 'বঙ্গভাষা' স্বরবৃত্ত ছন্দে রচিত
C. 'জীবন-বন্ধনা' অক্ষরবৃত্ত ছন্দে রচিত
D. 'বাংলাদেশ' মাত্রাবৃত্ত ছন্দে রচিত

ব্যাখ্যা : 'সোনারতরী' মাত্রাবৃত্ত ছন্দে রচিত। এর অধিকাংশ পঙ্ক্তি ৮ + ৫ মাত্রার পূর্ণপর্বে বিন্যস্ত।
Ans : A.

CamScanner

**২৫** সৈয়দ আলী আহসানের কাব্যগ্রন্থ কোনটি?

A. সহজ সরল　　B. অবিরাম
C. ফুল নেই　　D. সহসা সচকিত

ব্যাখ্যা : সৈয়দ আলী আহসানের সাহিত্যকর্ম তুলে ধরা হলো:
- কাব্যগ্রন্থ: অনেক আকাশ (১৯৫৯), একক সন্ধ্যায় বসন্ত (১৯৬৪), সহসা সচকিত (১৯৬৫), আমার প্রতিদিনের শব্দ (১৯৭৪), চাহার দরবেশ ও অন্যান্য কবিতা (১৯৮৫), রজনীগন্ধা (১৯৮৮)।
- অনুবাদগ্রন্থ: ইডিপাস (১৯৬৩), হুইটম্যানের কবিতা (১৯৬৫)।
- প্রবন্ধ-গবেষণা: বাংলা সাহিত্যের ইতিবৃত্ত (যুগ্মভাবে ১৯৫৬), পদ্মাবতী (১৯৬৮), মধুমালতী (১৯৭১), Essays in Bengal Literature (১৯৫৬), কবিতার কথা (১৯৫৭), সাহিত্যের কথা (১৯৬৪), সব সমাচার (১৯৮৩)।
- শিশুতোষ: কখনো আকাশ (১৯৮৪)।

Ans : D.

**২৬** 'কোন ভাষার উপাদান সম্বন্ধে বিচার ও বিশ্লেষণ যে বিদ্যার বিষয় তাহাকে সেই ভাষার ব্যাকরণ বলে।'- ব্যাকরণের সংজ্ঞার্থ সম্পর্কে এই বিবৃতিটি নিচের কোন মনীষীর?

A. সুনীতিকুমার চট্টোপাধ্যায়　　B. মুহম্মদ শহীদুল্লাহ্
C. সুকুমার সেন　　D. মুহম্মদ এনামুল হক

ব্যাখ্যা : ব্যাকরণের বিভিন্ন সংজ্ঞা:
- সুনীতিকুমার চট্টোপাধ্যায়- যে বিদ্যার দ্বারা কোনো ভাষাকে বিশ্লেষণ করিয়া তাহার স্বরূপটি আলোচিত হয় এবং ভাষার পঠনে ও লিখনে এবং তাহাতে কথোপকথনে শুদ্ধরূপে তাহার প্রয়োগ করা যায় সে বিদ্যাকে ব্যাকরণ বলে।
- ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে- যে শাস্ত্র জানিলে বাঙ্গলা ভাষা শুদ্ধরূপে লিখিতে, পড়িতে ও বলিতে পারা যায় তাহার নাম বাঙ্গলা ব্যাকরণ।
- ড. সুকুমার সেন এর মতে- কোন ভাষার উপাদান সম্বন্ধে বিচার ও বিশ্লেষণ যে বিদ্যার বিষয় তাহাকে সেই ভাষার ব্যাকরণ বলে।
- ড. মুহম্মদ এনামুল হক এর মতে- যে শাস্ত্রের দ্বারা ভাষাকে বিশ্লেষণ করিয়া ইহার বিবিধ অংশের পারস্পরিক সম্বন্ধ নির্ণয় করা যায় এবং ভাষা রচনাকালে আবশ্যক মত সেই নির্ণীত তত্ত্ব ও তথ্য প্রয়োগ সম্ভবপর হইয়া উঠে, তাহার নাম ব্যাকরণ।

Ans : C.

**২৭** বাংলা ছাপার অক্ষরের জনক কে?

A. পঞ্চানন কর্মকার　　B. চার্লস উইলকিন্স
C. ব্রাসি হ্যালহেড　　D. ক ও খ

ব্যাখ্যা :
- ১৫৫৬ সালে গোয়ায় উপমহাদেশের প্রথম ছাপাখানা প্রতিষ্ঠিত হয়।
- ১৭৭৮ সালে চার্লস উইলকিন্স হুগলিতে প্রথম বাংলা ছাপাখানা প্রতিষ্ঠা করেন। তিনি বাংলা অক্ষরের নকশা করেন। এজন্য তাকে বাংলা মুদ্রাক্ষরের জনক বলা হয়।
- তার নির্দেশনা অনুযায়ী পঞ্চানন কর্মকার বাংলা অক্ষর খোদাই করেন।

Ans : B.

**২৮** উচ্চারণের রীতি অনুযায়ী নিচের কোনটি নিম্নমধ্য-পশ্চাৎ স্বরধ্বনি?

A. এ　　B. অ　　C. ও　　D. আ

ব্যাখ্যা :

| | সম্মুখ প্রসারিত | কেন্দ্রীয় প্রসারিত | পশ্চাৎ প্রসারিত |
|---|---|---|---|
| উচ্চ | ই, ঈ | | উ, ঊ |
| উচ্চমধ্য | এ | | ও |
| নিম্নমধ্য | অ্যা | | অ |
| নিম্ন | | আ | |

Ans : B.

**২৯** নিচের কোনটি স্বরভক্তি (vowel insertion)- এর উদাহরণ নয়?

A. বেঞ্চ > বেঞ্চি　　B. শ্লোক > শোলোক
C. [illegible]　　D. প্রাণ > পরাণ

ব্যাখ্যা : ছন্দ ও সুরের প্রয়োজনে সংযুক্ত ব্যঞ্জনকে ভেঙে তার মাঝে স্বরধ্বনি আনয়নের রীতিকে স্বরভক্তি বলে।
যেমন: শক্তি > শকতি, পদ্ম > পদম, শ্লোক > শোলোক
[illegible], প্রাণ > পরাণ
বেঞ্চ > বেঞ্চি অন্ত্যস্বরাগমের উদাহরণ।

Ans : A.

**৩০** সংস্কৃত স্বরসন্ধির নিয়মানুসারে, 'ও' ধ্বনির সাথে অন্য স্বরধ্বনির সন্ধি হলে 'ও' ধ্বনির স্থলে কী হয়?

A. অব্　　B. আব্
C. অয্　　D. আয্

ব্যাখ্যা : অযাদি স্বরসন্ধির ক্ষেত্রে:
এ, ঐ, ও, ঔ কার এর পর এ, ঐ স্থলে যথাক্রমে অয়, আয় এবং ও, ঔ স্থলে যথাক্রমে অব্ ও আব্ হয়।
যেমন: গো + এষণা - গবেষণা, পো + ইত্র - পবিত্র।

Ans : A.

**৩১** নিচের কোনটি রূঢ়ি শব্দ নয়?

A. হস্তী　　B. মিতালি
C. তৈল　　D. গবেষণা

ব্যাখ্যা :
- যৌগিক শব্দ: গায়ক, কর্তব্য, বাবুয়ানা, মধুর মেয়েলি, মিতালি।
- রূঢ়ি শব্দ: হস্তী, গবেষণা, বাঁশি, তৈল, প্রবীণ, সন্দেশ।
- যোগরূঢ় শব্দ: পঙ্কজ, রাজপুত্র, মহাযাত্রা, জলধি।

Ans : B.

**৩২** আরবি 'কলম' শব্দটি 'কালামোস' শব্দ থেকে এসেছে। 'কালামোস' কোন ভাষার শব্দ?

A. পর্তুগিজ　　B. ফরাসি
C. গ্রিক　　D. স্প্যানিশ

ব্যাখ্যা : 'কলম' শব্দটি আরবি 'কলম' শব্দ থেকে এসেছে। আবার আরবি 'কলম' শব্দটি গ্রীক 'কালামোস' শব্দ থেকে এসেছে যার অর্থ 'খাগড়া'।

Ans : C.

**৩৩** 'অত্র বিশ্ববিদ্যালয়ে শীতকালীন সময়ে পরিযায়ী পাখি আসে।' -এই বাক্যে কয়টি ভুল আছে?

A. ১　　B. ২
C. ৩　　D. কোন ভুল নেই

ব্যাখ্যা :
- অত্র শব্দের অর্থ এখানে তাই 'অত্র বিশ্ববিদ্যালয়ে' ভুল।
- কাল শব্দের বিশেষণ হল কালীন এর অর্থ সময়ে তাই 'শীতকালীন' এর পরে 'সময়ে' লিখা বাহুল্য ও অর্থহীন।
- এই বিশ্ববিদ্যালয়ে শীতকালীন পরিযায়ী পাখি আসে।

Ans : B.

**৩৪** 'আছে' অর্থ বোঝাতে যে-সব প্রত্যয় ব্যবহৃত হয় তাদেরকে কী বলে?

A. কৃৎ প্রত্যয়　　B. তদ্ধিত প্রত্যয়
C. স্বপদার্থে প্রত্যয়　　D. মত্বর্থ প্রত্যয়

ব্যাখ্যা : আছে অর্থ বোঝাতে তদ্ধিত প্রত্যয় ব্যবহৃত হয়।
যেমন- জল + বত্ - জলবত্, বুদ্ধি + মত্ - বুদ্ধিমত্

Ans : B.

**৩৫** কোনো পদ বিশ্লেষণ করলে যদি প্রথমে একটি পদ, তারপর একটি ধাতু এবং শেষে একটি প্রত্যয় পাওয়া যায়, তাহলে প্রথম পদটিকে কী বলে?

A. পূর্বপদ　　B. প্রাতিপদিক
C. প্রপদ　　D. উপপদ

ব্যাখ্যা : কোনো শব্দকে বিশ্লেষণ করলে যদি প্রথমে একটি পদ, তারপর একটি ধাতু এবং শেষে একটি প্রত্যয় পাওয়া যায়, তা হলে তাকে উপপদ বলে। 'উপপদ' শব্দের অর্থ সমীপবর্তী বা নিকটবর্তী পদ।

Ans : D.

CS CamScanner

৩৬. নিচের কোন শব্দে বিরোধ অর্থে উপসর্গ প্রযুক্ত হয়েছে?
A. প্রতিবিধান B. প্রতিধ্বনি C. প্রতিদান D. প্রতিঘাত

ব্যাখ্যা : সংস্কৃত 'প্রতি' উপসর্গের ব্যবহার:
প্রতি - সদৃশ অর্থে- প্রতিমূর্তি, প্রতিধ্বনি, প্রতিকৃতি, প্রতিনিধি।
- বিরোধ অর্থে- প্রতিবাদ, প্রতিকার, প্রতিবিধান, প্রতিশোধ।
- সম্যক অর্থে- প্রতীক্ষা, প্রতিষ্ঠা।
- বিপরীত অর্থে- প্রত্যুপকার, প্রতিদান।
- পৌনঃপুন্য অর্থে- প্রতিদিন, প্রতিমাস, প্রতিক্ষণ।
- অনুরূপ কাজ অর্থে- প্রতিঘাত, প্রতিদান, প্রত্যুপকার।
Ans : A.

৩৭. 'নামিল নভে বাদল ছলছল বেদনায়।'- এখানে ধ্বন্যাত্মক দ্বিরুক্তিটি কোন পদরূপে ব্যবহৃত হয়েছে?
A. বিশেষ্য B. বিশেষণ
C. ক্রিয়া D. ক্রিয়া-বিশেষণ

ব্যাখ্যা : ধ্বন্যাত্মক দ্বিরুক্তি শব্দের বিভিন্ন পদের ব্যবহার:
• বিশেষ্য- বৃষ্টির ঝমঝমানি আমাদের অস্থির করে তোলে।
• বিশেষণ- নামিল না বাদল ছলছল বেদনায়।
• ক্রিয়া- কনকনিয়ে উঠল সেথায় নারীর প্রতিবাদ।
• ক্রিয়া-বিশেষণ- চিকমিক করে বালি কোথা নাহি কাদা।
Ans : B.

৩৮. পান-বিক্রেতা/পান-ব্যবসায়ী শব্দের সমার্থক নয় নিচের কোনটি?
A. পর্ণকার B. তাম্বুলিক C. বারুই D. পর্ণ...

ব্যাখ্যা : পর্ণশবরী- দেবী বিশেষ, দুর্গার নাম
পর্ণকার, তাম্বুলিক, বারুই- পান-বিক্রেতা
Ans : D.

৩৯. নিচের কোন প্রবাদ-প্রবচনটি গঠনের ক্ষেত্রে সমতুল্যতা (parallel)-সূত্র কাজ করেনি?
A. গুরুকের ভালোবাসা মোল্লার মুরগি পোষা
B. ... ওঝা হয়ে ঝাড়ে
C. সাপের হাঁচি বেদেয় চেনে
D. মারিত গণ্ডার লুটিত ভাণ্ডার
Ans : A.

৪০. 'নাঃ! আর পারছি না।'- বাক্যটিতে কোন প্রকারের অব্যয় পদ ব্যবহৃত হয়েছে?
A. অনন্বয়ী অব্যয় B. অনুসর্গ অব্যয়
C. পদান্বয়ী অব্যয় D. অনুকার অব্যয়

ব্যাখ্যা : অব্যয় পদের প্রকার, নিচে প্রকারভেদ গুলো চেনার উপায় দেয়া হল
সমুচ্চয়ী অব্যয় :- কয়েক প্রকার হতে পারে। যথা:-
সংযোজক অব্যয়: ও, তাই, আর, অধিকন্তু, যদি ইত্যাদি।
বিয়োজক অব্যয়: কিংবা, অথচ, কিন্তু ইত্যাদি।
সংকোচক অব্যয়: তবু, তথাপি, বরং ইত্যাদি।
অনন্বয়ী অব্যয় :- এই অব্যয় বাক্যের অন্য পদের সাথে সম্পর্ক না রেখে স্বাধীনভাবে ব্যবহৃত হয়। যেমন:- মরি মরি; ছি ছি; ওগো; আহা!; ইত্যাদি। যেমন : 'নাঃ! আর পারছি না।'
অনুসর্গ অব্যয় :- বিশেষ্য বা সর্বনাম পদের বিভক্তির ন্যায় বসে এবং কারকের মত কাজ করে। যেমন : 'ওকে দিয়ে কাজ হবে না'।
অনুকার অব্যয় ঃ- বিভিন্ন ধ্বনি, শব্দ, রব এর অনুকরণে হবে। যেমন : কড় কড়; ঝম ঝম; টং টাং; মর মর; চক চক ইত্যাদি।
Ans : A.

৪১. 'পরীক্ষা আসলে কারো কারো চোখে জল আসে।'- এই বাক্যের নিম্নরেখ পদের কারক-বিভক্তি কোনটি?
A. কর্ম কারক, শূন্য বিভক্তি B. করণ কারক, ১মা বিভক্তি
C. কর্তৃ কারক, ১মা বিভক্তি D. অপাদান কারক, শূন্য বিভক্তি

ব্যাখ্যা : যা থেকে কোনো কিছু উৎপন্ন, নির্গত, ভীত, গৃহীত, পতিত বিচ্ছিন্ন হওয়া বোঝায় তাকে অপাদান বলে। ক্রিয়াকে কি থেকে/কিসের থেকে দ্বারা প্রশ্ন করে উত্তর পাওয়া গেলে তা অপাদান কারক। এখানে 'কি আসলে' দ্বারা প্রশ্ন করলে উত্তর পরীক্ষা পাওয়া যায় তাই এটি অপাদান কারক এবং শূন্য বিভক্তি।
Ans : D.

৪২. অভিধান অনুযায়ী শুদ্ধ বর্ণক্রম কোনটি?
A. বৈধব্য, বৈপিত্রেয়, বৈপ্লবিক, বৈবর্ণ্য
B. বৈপিত্রেয়, বৈপ্লবিক, বৈবর্ণ্য, বৈধব্য
C. বৈপ্লবিক, বৈবর্ণ্য, বৈধব্য, বৈপিত্রেয়
D. বৈবর্ণ্য, বৈপিত্রেয়, বৈধব্য, বৈপ্লবিক

ব্যাখ্যা : • প্রাচীন ভারতের ১৬ টি জনপদের মধ্যে শক্তিশালী সাম্রাজ্য ছিল মগধ সাম্রাজ্য।
• বৃহদ্রথ বা মহারথ 'বৃহদ্রথ' রাজবংশ নামক মগধ সাম্রাজ্যের প্রথমদিকের রাজবংশের প্রতিষ্ঠাতা। পুরান অনুসারে বৃহদ্রথই মগধের প্রতিষ্ঠাতা।
• মহাভারত, পুরান ছাড়াও ঋকবেদেও বৃহদ্রথের নাম পাওয়া যায়।
Ans : D.

**০৬. নিচের কোনটি বাংলাদেশের সবচেয়ে প্রাচীন ভূমিরূপ নয়?**
A. লালমাই পাহাড় B. বরেন্দ্র ভূমি
C. পলল ভূমি D. সবগুলো

ব্যাখ্যা : • বাংলাদেশের সবচেয়ে প্রাচীন ভূমিরূপ হল বরেন্দ্র ভূমি। এটি বৃহত্তম প্লাইসটোসিন এলাকা।
• লালমাই পাহাড় প্লাইস্টোসিন যুগের ভূমিরূপ যেখানে প্রাগৈতিহাসিক প্রত্নক্ষেত্রের সন্ধান পাওয়া গেছে।
• পলল ভূমি সব থেকে নবীন এবং এই অঞ্চলের বিশেষত্ব হল উর্বর ভূমি।
Ans : C.

**০৭. কোন দুই নদীর মিলিত স্রোতধারা ভাটিতে মেঘনা নামে প্রবাহিত হয়?**
A. সোমেশ্বরী-কংস B. সুরমা-কুশিয়ারা
C. ধলেশ্বরী-শীতলক্ষ্যা D. পুরাতন ব্রহ্মপুত্র-আড়িয়াল

ব্যাখ্যা : বাংলাদেশের প্রধান নদীসমূহের মিলিত হওয়ার স্থান-

| নদীসমূহের নাম | মিলনস্থল | মিলিত নদীর নাম |
|---|---|---|
| পদ্মা ও যমুনা | গোয়ালন্দ (রাজবাড়ী) | পদ্মা |
| পদ্মা ও মেঘনা | চাঁদপুর | মেঘনা |
| সুরমা ও কুশিয়ারা | আজমিরীগঞ্জ | কালনী (ভৈরববাজারে মেঘনা) |
| পুরাতন ব্রহ্মপুত্র ও মেঘনা | ভৈরব বাজার | মেঘনা |
| হালদা ও কর্ণফুলী | কালুরঘাট, চট্টগ্রাম | কর্ণফুলী |

Ans : B.

**০৮. বাংলাদেশের ভূগঠন কোনটি দ্বারা প্রভাবিত নয়?**
A. পললায়ন B. অগ্নুৎপাত
C. অবনমন D. সবগুলো

ব্যাখ্যা : • বাংলাদেশের ভূগঠন ৩টি ভাগে ভাগ করা যায়। যথা: প্লাবন সমভূমি, সোপান অঞ্চল ও পার্বত্য অঞ্চল।
• বাংলাদেশের ভূমিরূপ কোথাও অবনমন, আবার কোথাও পললায়নের মাধ্যমে গড়ে উঠেছে।
• বাংলাদেশের পাহাড়সমূহ ভাঁজ বা ভঙ্গিল পর্বত শ্রেণীর।
Ans : C.

**০৯. কোনটি দক্ষিণ এশিয়ার সর্ববৃহৎ প্রাচীন বিহার**
A. সোমপুর মহাবিহার B. বিক্রমশীলরা মহাবিহার
C. জগদ্দল মহাবিহার D. ওদন্তপুরী মহাবির

ব্যাখ্যা : • পাহাড়পুর বৌদ্ধবিহার বা সোমপুর বিহার দক্ষিণ এশিয়ার সর্ববৃহৎ প্রাচীন বিহার। এটি নওগাঁতে অবস্থিত।
• পালবংশের ২য় রাজা শ্রী ধর্মপালদেব অষ্টম শতকের শেষে বা নবম শতকে এই বিহার নির্মান করেছিলেন।
• ১৮৭৯ সালে স্যার আলেকজান্ডার কানিংহাম এই স্থাপনা আবিষ্কার করেন।
• ১৯৮৫ সালে ইউনেস্কো এটিকে বিশ্ব ঐতিহ্যবাহী স্থান হিসেবে ঘোষণা করে।
Ans : A.

**১০. মথুরা প্রত্নস্থানটি অবস্থিত-**
A. বিহারে B. উত্তর প্রদেশে
C. রাজস্থানে D. উড়িষ্যায়

ব্যাখ্যা : • মথুরা হচ্ছে উত্তর প্রদেশের একটি শহর ও হিন্দু সম্প্রদায়ের একটি পবিত্র ধর্মস্থান।
• মথুরায় শ্রীকৃষ্ণ জন্মগ্রহণ করেন।
• শ্রীকৃষ্ণের জন্মস্থানে নির্মিত কেশব দেও মন্দিরটি হিন্দুদের অন্যতম তীর্থস্থান।
Ans : B.

**নিচের অনুচ্ছেদটি পড়ে উত্তরগুলো দাও (11-15, 20, 21):**

One of the Sumerians' most remarkable inventions, which they perfected about the time the Sumerian era was opening (around 3200 B.C.) was wheeled transport. Wheeled transport was unknown in Egypt until about 1700 B.C. In as early as about 400 B.C., Wheels were used in pottery-making in Iran, from whence they entered Sumer about 500 years later. The knowledge of wheel from pottery-making was obvious: the Egyptians knew the potters wheel by at least 2700 B.C., but they did not use the wheel for transport until a millennium later, even then they probably did not "reinvent the wheel" but learned of it from contacts with Mesopotamia. Thus the unknown Sumerian who first attached wheels to a sledge to make better transportation vehicle really does have to be counted among the greatest technological geniuses of all time. The earliest Sumerian wheeled vehicles were <u>two-wheeled chariots and four-wheeled carts</u>. Both were drawn by <u>oxen</u> (horses were unknown in western Asia until they were introduced by Eastern invaers sometime between 2000 and 1700 B.C.), and both were mounted on wheels that <u>were solid</u>, not spoked: two or thiec slabs of wood were shaped into a circle and fastened together with studs or braces. Ox-drawn chariots obviously did not move very quickly, yet they appear to have contributed to an advance in phalanx warfare, for surviving illustrations dating from about 2600 B.C depict them tram trampling the enemy. Carts meant for hauling freight had less need for speed and must have aided the Sumerians immeasurable in their numerous irrigation and urban building projects.

**১১. চাকা সম্পর্কিত নিচের কোন বক্তব্যটি সঠিক?**
A. চাকা ছিল সুমেরীয়দে মৌলিক উদ্ভাবন
B. সুমেরীয়রাই প্রথম যানবাহনে চাকার ব্যবহার করে
C. সুমেরীয়রা মিশরীয়দের চাকার ব্যবহার শেখায়
D. উপরের কোনোটিই নয়

ব্যাখ্যা : • সুমেরীয় সভ্যতা মেসোপটেমিয়ার দক্ষিণাংশের এক প্রাচীন সভ্যতা।
• সুমেরীয় সভ্যতা খ্রিস্টপূর্ব ৪০০০ থেকে খ্রিস্টপূর্ব ৩০০০ বছরের মধ্যে অস্তিত্বশীল ছিল। সুমেরীয় সভ্যতাকে পৃথিবীর প্রথম সংগঠিত সভ্যতা বলা হয়।
• সুমেরীয়দের সবচেয়ে বড় উদ্ভাবন হল চাকা আবিষ্কার।
Ans : B.

**১২. সুমেরীয় উদ্ভাবিত চাকাচালিত যানবাহনের বৈশিষ্ট্য কোনটি?**
A. চাকা ছিল স্পোক যুক্ত B. চাকা ছিল কাঠ নির্মিত
C. যানবাহনগুলো ছিল মধ্যম গতি সম্পন্ন
D. উপরের সবকটিই

ব্যাখ্যা : • প্রাচীন মেসোপটেমিয়ায় বসবাসকারী সুমেরীয়রা চাকার ব্যবহার শুরু করে।
• যানবাহনে ব্যবহৃত চাকা ছিল কাঠ নির্মিত।
Ans : B.

**১৩. মিশরীয়দের সম্পর্কে কোন ধারণাটি যথাযথ?**

A. ২৭০০ খ্রি. পূর্বাব্দে আগেই মিশরীয়রা কুমোরে চাকার সঙ্গে পরিচিত হয়েছিল

B. ১৭০০ খ্রি. পূর্বাব্দের পরে মিশরীয়রা চাকাচালিত যানবাহনের ব্যবহার শেখে

C. উপরের দুটো উত্তরই সঠিক

D. মিশরীয়রা কখনোই চাকাকে পুনরাবিষ্কার করে নাই

ব্যাখ্যা : • নীলনদের নিম্নভূমি অঞ্চলে মিশরীয় সভ্যতা খ্রিস্টপূর্ব ৩১৫০ অব্দ নাগাদ গড়ে ওঠে।
• মিশরীয়রা ২৭০০ খ্রিস্টপূর্বাব্দ আগেই কুমোরের মাটির চাকা ব্যবহার করা শুরু করে।
• মিশরীয়রা খ্রিস্টপূর্ব ১৭০০ সালের দিকে চাকাচালিত যানবাহনের ব্যবহার শেখে।

**Ans : C.**

**১৪. সুমেরীয় চাকাচালিত যানবাহন সম্পর্কে কোনটি যথাযথ?**

A. এটি সবচেয়ে প্রণিধানযোগ্য উদ্ভাবন

B. সুমেরীয় যুগ সূচনাকারী

C. সর্বশ্রেষ্ঠ প্রযুক্তিগত উন্নয়ন

D. উপরের সব কটিই

ব্যাখ্যা : • সুমেরীয় সভ্যতা মেসোপটেমিয়ায় প্রথম সভ্যজাতি হিসেবে আত্মপ্রকাশ করে।
• সুমেরীয়রা যানবাহনে চাকা আবিষ্কারের মাধ্যমে তাদের সভ্যতাকে গতিশীল করে তুলতে সক্ষম হয়।

**Ans : B.**

**১৫. উপরে অনুচ্ছেদটি যথাযথ শিরোনাম হতে পারে-**

A. The History of Wheeled Transport

B. The Invention of Wheeled Transport

C. The Invention of Wheel

D. The Advantage Invention of Wheeled Transport

ব্যাখ্যা : • মানবসভ্যতার বিকাশ চাকা আবিষ্কারের মাধ্যমে ত্বরান্বিত হয়।
• খ্রিস্টপূর্ব ৩২০০ সালের দিকে সুমেরীয়রা সর্বপ্রথম চাকা আবিষ্কার করে।
• চাকা আবিষ্কারের মাধ্যমে ব্যবসা, কৃষি ও পরিবহন ব্যবস্থা অসামান্য অগ্রগতি সাধিত হয়।

**Ans : A.**

**১৬. যদি $(x-1)^2 = 400$ হয়, তবে নিচের কোনটি $x-5$-এর মান?**

A. 16 B. −16

C. 15 D. 14

ব্যাখ্যা : $(x-1)^2 = 400$

$\Rightarrow \sqrt{(x-1)^2} = \sqrt{400} \Rightarrow x-1 = 20 \Rightarrow x = 21$

$\therefore x-5 = 21-5 = 16$

$\therefore x-5 = 16$

**Ans : A.**

**১৭. অঙ্গ- এর রাজধানী ছিল-**

A. চম্পা B. মথুরা

C. বৈশালী D. তক্ষশীলা

ব্যাখ্যা : • তক্ষশীলা পাকিস্তানের রাওয়ালপিন্ডিতে অবস্থিত গুরুত্বপূর্ণ প্রত্নতাত্ত্বিক স্থান।
• তক্ষশীলায় প্রাচীন গান্ধারী শহরের নিদর্শন রয়েছে এবং এটি হিন্দু ও বৌদ্ধধর্মের গুরুত্বপূর্ণ কেন্দ্র। এটি প্রাচীন 'অঙ্গ' রাজ্যের রাজধানী।
• ১৯৮০ সালে ইউনেস্কো এটিকে বিশ্ব ঐতিহ্য ঘোষণা করে।

**Ans : D.**

**১৮. অশ্বত্থামা চরিত্রটি পাওয়া যায়-**

A. গীতগোবিন্দে B. শকুন্তলায়

C. নীতিশাস্ত্রে D. মহাভারতে

ব্যাখ্যা : • মহাভারত সংস্কৃত ভাষায় রচিত প্রাচীন ভারতের অন্যতম মহাকাব্য।
• মহাভারতের রচিয়তা ব্যাসদেব এর মূল উপজীব্য কৌরব ও পান্ডবদের গৃহবিবাদ ও কুরুক্ষেত্রের যুদ্ধ।
• খ্রিস্টপূর্ব ৪০০ অব্দে মহাভারতের প্রাচীনতম অংশ রচিত হয়।

**Ans : D.**

**১৯. স্বাধীন সুলতানী আমলের বাংলার প্রকৃত প্রতিষ্ঠাতা-**

A. ফখরুদ্দীন মুবারক শাহ

B. শামসুউদ্দিন ইলিয়াস শাহ

C. সুলতান আলাউদ্দিন হুসাইন শাহ

D. শেরশাহ

ব্যাখ্যা : • ১৩৩৮ সালে ফখরুদ্দীন মুবারক শাহ সোনারগায়ে নিজেকে স্বাধীন সুলতান হিসেবে ঘোষণা করলেও তিনি পুরো বাংলা জয় করতে পারেননি।
• ১৩৫২ সালে শামসুদ্দীন ইলিয়াস শাহের আমলে পুরো বাংলা অধিকারে আসে। তাই স্বাধীন সুলতানী আমলের প্রকৃত প্রতিষ্ঠাতা হলেন শামসুদ্দীন ইলিয়াস শাহ।

**Ans : B.**

**২০. সুমেরীয় ঠেলাগাড়ী সম্পর্কে কোন বক্তব্যটি সঠিক?**

A. সুমেরীয় ঠেলাগাড়ি ছিল দু'চাকা বা চার চাকা বিশিষ্ট

B. সুমেরীয় ঠেলাগাড়ি টানার জন্য সাধারণত ষাড় বা ঘোড়া ব্যবহৃত হত

C. ঠেলাগাড়িগুলো বহুবিধ সেচ ও নগরনির্মাণ প্রকল্পে ব্যবহৃত হত

D. উপরের কোনোটিই নয়

ব্যাখ্যা : • সুমেরীয় সভ্যতা প্রাচীন পৃথিবীর সর্বপ্রথম সংগঠিত সভ্যতা।
• সুমেরীয়রা প্রথম চাকা আবিষ্কার করে যা ঠেলাগাড়িতে ব্যবহৃত হয়। এই ঠেলাগাড়ি দুচাকা বা চারচাকা বিশিষ্ট ছিল।

**Ans : A.**

**২১. সময়ের দিক থেকে নিচের কোনটি প্রথম উদ্ভাবিত হয়?**

A. কুমোরের চাকা B. ষাড় টানা চাকাচালিত যান

C. ঘোড়াটানা চাকাচালিত যান D. ক ও খ দুটোই

ব্যাখ্যা : • সর্বপ্রথম সুমেরীয়তা ৩২০০ খ্রিস্টপূর্বাব্দে চাকা আবিষ্কার করে।
• তবে প্রথম চাকা ছিল কুমোরের চাকা। মাটির তৈরী চাকা সর্বপ্রথম আবিস্কৃত হয়।

**Ans : A.**

**২২. 'ইচ্ছা থাকলে উপায় হয়' - এই প্রবচনের গূঢ়ার্থ-**

A. মানুষকে তার নিজের ইচ্ছাধীন হিসাবে প্রকাশ করে

B. মানুষের কর্মের উপরে তার পারিপার্শ্বিকতার প্রভাবকে অস্বীকার করে

C. মনুষ্যত্বের জয়গান গায়

D. মানুষের ইচ্ছাই সফলতার চাবিকাঠি হিসাবে উপস্থাপন করে

ব্যাখ্যা : • লোকমুখে প্রচলিত জনপ্রিয় উক্তি যার মাধ্যমে জীবনের সত্য প্রকাশ পায়। তাই হল প্রবচন।
• প্রবচনের উদাহরণ হল: দুষ্ট গরুর চেয়ে শূন্য গোয়াল ভাল।
• বক্তব্যকে চমকপ্রদ ও ইঙ্গিতপূর্ণ করতে প্রবচন ব্যবহৃত হয়।

**Ans : D.**

**২৩. $০.১ + (০.১)^২ + (০.১)^৩$- এর মান কত হবে?**

A. ০. B. ০.১১১

C. ০.১২১১ D. ০.২৩৪১

ব্যাখ্যা : $০.১ + (০.১)^২ + (০.১)^৩ = ০.১ + ০.০১ + ০.০০১ = ০.১১১$

**Ans : B.**

৩১. মিনহাজ-ই-সিরাজ ভারতবর্ষে এসেছিলেন-
A. খ্রি. ১২-১৩ শতকে B. খ্রি. ১০-১১ শতকে
C. খ্রি. ১১-১২ শতকে D. খ্রি. ১৩-১৪ শতকে

ব্যাখ্যা : • মিনহাজ-ই-সিরাজ ছিলেন ১৩শ শতাব্দীর একজন ইরানী ইতিহাসবিদ।
• তিনি ১২-১৩ শতকে ভারতে এসেছিলেন।
• ১২২৭ সালে মিনহাজ ই সিরাজ দিল্লীতে আসেন। তিনি দিল্লীর মামলুক সালতানাতের প্রধান ইতিহাসবিদ ছিলেন।
• তিনি সুলতান নাসিরউদ্দীন মাহমুদের জন্য 'তাবাকাত ই নাসিরি' রচনা করেন।
Ans : A.

৩২. জাতীয় সংসদ ভবন : লুই আই কান হলে নিচের কোন সম্পর্কটি সঠিক-
A. তাজমহল : আকবর B. ফতেপুর সিক্রি : শাহজাহান
C. গীতগোবিন্দ : জয়দেব D. কুতুব মিনার : জাহাঙ্গীর

ব্যাখ্যা : • জাতীয় সংসদ ভবনের স্থপতি ছিলেন মার্কিন স্থপতি লুই আই কান।
• ১৯৬১ সালে এর নির্মাণকাজ শুরু হয় এবং ১৯৮২ সালের ২৮ জানুয়ারী শেষ হয়।
• বাংলাদেশের দ্বিতীয় সংসদের অষ্টম অধিবেশন ১৫ ফেব্রুয়ারী ১৯৮২ সালে সংসদ ভবনে বসে।
• কবি জয়দেব সংস্কৃত সাহিত্যের একজন মধ্যযুগীয় প্রসিদ্ধ কবি। তিনি 'গীতগোবিন্দ' কাব্যের রচয়িতা।
Ans : C.

## বাংলা (বিষয় কোড: ৭)

০১. কমলাকান্তের ভাষ্য অনুযায়ী, তার বয়স ৫১ বৎসর-
A. দুই মাস, তের দিন, চারি ঘণ্টা, পাঁচ মিনিট-
B. তিন মাস, তেইশ দিন, চৌদ্দ ঘণ্টা, পঁচিশ মিনিট-
C. দুই মাস, তের দিন, চারি ঘণ্টা, পঞ্চান্ন মিনিট-
D. ছয় মাস, বারো দিন, চারি ঘণ্টা, পনের মিনিট-

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : A.

০২. প্রমথ চৌধুরীর মতে, মর্তবাসীদের পক্ষে রসাতলে গমন করাটা-
A. অবশ্যই অপ্রত্যাশিত B. স্বভাবতই অস্বাস্থ্যকর
C. বিশেষ নিন্দনীয় D. স্বভাবের অনুকূল

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : C.

০৩. কাজী নজরুল ইসলামের মতে, শিখিজীর বাণী-
A. গঙ্গা যমুনার মতো খরস্রোতা
B. পদ্মা ভাগীরথীর মতো খরস্রোতা
C. গঙ্গা ভাগীরথীর মতো খরস্রোতা
D. পদ্মা যমুনার মতো খরস্রোতা

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : B.

০৪. কলিমদ্দি দফাদার যৌবনে রাত জেগে-
A. যাত্রা দেখত B. পুঁথি পড়ত
C. গল্প করত D. মাছ ধরত

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : B.

০৫. পৃথক পালঙ্ক গ্রন্থের লেখক কে?
A. আবদুল মান্নান সৈয়দ B. আবুল হোসেন
C. আবুল হাসান D. আবিদ আজাদ

ব্যাখ্যা : পৃথক পালঙ্ক (১৯৭৫) আবুল হাসানের একটি কবিতা।
Ans : C.

০৬. খোয়াবনামা কোন ধরনের গ্রন্থ?
A. কাব্যের ব্যাখ্যা B. গল্পগ্রন্থ
C. ধর্মগ্রন্থ D. উপন্যাস

ব্যাখ্যা : "খোয়াবনামা" আখতারুজ্জামান ইলিয়াসের একটি উপন্যাস।
• "সিকান্দরনামা" আলাওল রচিত কাব্য।
• "ভ্রান্তিবিলাস" ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অনুবাদ গ্রন্থ।
Ans : D.

০৭. বৈষ্ণব আন্দোলনের নেতৃত্ব দেন কে?
A. শ্রীচৈতন্যদেব B. অদ্বৈত ঠাকুর
C. বিদ্যাপতি D. চণ্ডীদাস

ব্যাখ্যা : বৈষ্ণব আন্দোলন হচ্ছে শ্রী চৈতন্যদেব প্রবর্তিত ধর্মীয় ও সামাজিক আন্দোলন যা "ভক্তি আন্দোলন" নামেও পরিচিত।
Ans : A.

০৮. রায়গুণাকর কার উপাধি?
A. বিহারীলাল চক্রবর্তী B. মুকুন্দরাম চক্রবর্তী
C. বিদ্যাপতি D. ভারতচন্দ্র

ব্যাখ্যা : কবি সাহিত্যিকদের উপাধি-

| প্রকৃত নাম | উপাধি | প্রকৃত নাম | উপাধি |
|---|---|---|---|
| ভারতচন্দ্র | রায় গুণাকর | বিদ্যাপতি | মিথিলার কবি |
| ঈশ্বরচন্দ্র গুপ্ত | যুগসন্ধিক্ষণের কবি | শামসুর রাহমান | নাগরিক কবি |
| মুকুন্দরাম চক্রবর্তী | কবি কঙ্কন | রামনারায়ণ | তর্করত্ন |
| মুকুন্দরাম দাস | চারণ কবি | গোবিন্দ দাস | স্বভাব কবি |

Ans : D.

০৯. 'আকাশ ভরা সূর্য তারা বিশ্বভরা প্রাণ'- চরণটি কার রচনা?
A. রবীন্দ্রনাথ ঠাকুর B. কাজী নজরুল ইসলাম
C. মোহাম্মদ মনিরুজ্জামান D. আবু হেনা মোস্তফা কামাল

Ans : A.

১০. কোনটি তলস্তয়ের রচনা নয়?
A. আনা কারেনিনা B. রেজারেকশন
C. ক্রাইম এন্ড পানিশমেন্ট D. ওয়ার এন্ড পিস

ব্যাখ্যা : "ক্রাইম এন্ড পানিশমেন্ট" হচ্ছে দস্তয়ভস্কি রচিত একটি উপন্যাস।
Ans : C.

১১. মুস্তাফা কামাল আতাতুর্ক পাশার জন্ম-মৃত্যু সাল কোনটি?
A. ১৮৭০-১৯২৪ B. ১৮৩৮-১৯৪৫
C. ১৮৬৭-১৯২৫ D. ১৮৮১-১৯৩৮

ব্যাখ্যা: • মোস্তফা কামাল পাশা (কামাল আতাতুর্ক) কে আধুনিক তুরস্কের জনক বলা হয়।
• জন্ম : ১৯মে ১৮৮১ এবং মৃত্যু ১০ নভেম্বর ১৯৩৮।
Ans : D.

১২. মাইকেল মধুসূদন দত্তের প্রথম প্রকাশিত গ্রন্থ-
A. চতুর্দশপদী কবিতাবলী B. মায়াকানন
C. বীরাঙ্গনা D. ওপরের কোনটিই নয়

ব্যাখ্যা : • মাইকেল মধুসূদন দত্ত রচিত ও প্রকাশিত প্রথম গ্রন্থ- "Captive Lady" (১৮৪৯, ইংরেজিতে লেখা)।
• তার রচিত ও প্রকাশিত প্রথম বাংলা গ্রন্থ- শর্মিষ্ঠা (১৮৫৮, নাটক)।
• তার অন্যান্য নাটক- কৃষ্ণকুমারী (১৮৬১), পদ্মাবতী (১৮৬০)।
Ans : D.

১৩. সুকান্ত ভট্টাচার্য কোন গুচ্ছের সব কয়টি গ্রন্থের রচয়িতা?
A. ছাড়পত্র, ঘুম নেই, পূর্বাভাস, মিঠেকড়া
B. ছাড়পত্র, চোরাবালি, পূর্বাভাস, মিঠেছড়া
C. ছাড়পত্র, দম নেই, পদাতিক, মিঠেকড়া
D. ছাড়পত্র, ঘুম নেই, পূর্বাকাশ, প্রসন্ন প্রহর

ব্যাখ্যা : সুকান্ত ভট্টাচার্যের উল্লেখযোগ্য কাব্য গ্রন্থ- ছাড়পত্র, ঘুম নেই, পূর্বাভাস, মিঠেকড়া, অভিযান, হরতাল, গীতিগুচ্ছ।
Ans : A.

১৪. অর্থমূলক শব্দ বিভাজন কোনটি?
A. তৎসম শব্দ
B. যৌগিক শব্দ
C. সাধিত শব্দ
D. তদ্ভব শব্দ

ব্যাখ্যা : • শব্দের অর্থমূলক শ্রেণিবিভাগ- (ক) যৌগিক (খ) রূঢ়ি (গ) যোগরূঢ়।
• শব্দের গঠনমূলক শ্রেণিবিভাগ- (ক) মৌলিক (খ) সাধিত।
• উৎসমূলক শ্রেণিবিভাগ- (ক) তৎসম (খ) অর্ধ-তৎসম (গ) তদ্ভব (ঘ) দেশি (ঙ) বিদেশি।
Ans : B.

১৫. 'শিক্ষকদের শ্রদ্ধা করা উচিত'- এটি কোন ধরনের বাক্য?
A. অনুজ্ঞামূলক
B. নির্দেশমূলক
C. প্রার্থনাসূচক
D. যৌগিক

ব্যাখ্যা : আদেশ বাচক বা অনুজ্ঞামূলক বাক্য (Imperative Sentence)-
• শিক্ষক মহোদয় শ্রেণিকক্ষে এলে উঠে দাঁড়াবে।
• চুপটি করে বস।
• উঠে দাঁড়াও।
• দেশের স্বাধীনতার জন্য যুদ্ধ কর।
Ans : A.

১৬. বাংলা কৃৎ প্রত্যয়যোগে নিষ্পন্ন শব্দের মাধ্যমে একপদীয়করণের উদাহরণ কোনটি?
A. সমানে দুহাত চলে যার-সব্যসাচী
B. দ্বীপে জন্ম-দ্বৈপায়ন
C. মাসের শেষ দিন-সংক্রান্তি
D. স্মৃতি শাস্ত্রে পারদর্শী-স্মার্ত
Ans : D.

১৭. 'শ্রুতিগত সুখ = শ্রুতিসুখ'-কোন সমাসের উদাহরণ?
A. বহুব্রীহি
B. তৃতীয়া তৎপুরুষ
C. মধ্যপদলোপী কর্মধারয়
D. অব্যয়ীভাব

ব্যাখ্যা : যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্যের মধ্যপদের লোপ হয়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে।
উদাহরণ: সিংহ চিহ্নিত আসন = সিংহাসন।
সাহিত্য বিষয়ক সভা = সাহিত্যসভা।
স্মৃতি রক্ষার্থে সৌধ = স্মৃতিসৌধ।
Ans : C.

১৮. সন্ধি নির্ণয় কর : গো + অস্থি = গবাস্থি
A. ব্যঞ্জন সন্ধি
B. স্বরসন্ধি
C. নিপাতনে সিদ্ধ
D. বিসর্গ সন্ধি

ব্যাখ্যা : কতগুলো সন্ধি কোনো নিয়ম অনুসারে হয় না, এগুলো কে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। উদাহরণ-
• গো + অস্থি = গবাস্থি, গো + অক্ষ = গবাক্ষ।
• কুল + অটা = কুলটা, অন্য + অন্য = অন্যান্য।
Ans : C.

১৯. অশুদ্ধ কোনটি?
A. Acting-ভারপ্রাপ্ত
B. Mysticism-অতীন্দ্রিয়বাদ
C. Aesthetics-নন্দনতত্ত্ব
D. Alias-মুচলেক

ব্যাখ্যা : পারিভাষিক শব্দ-

| | | | |
|---|---|---|---|
| Alias | উপনাম, ছদ্মনাম | Gypsy | বেদে |
| Appendix | পরিশিষ্ট | Nebula | নীহারিকা |
| Cash Crop | অর্থকারী ফসল | Sabotage | অন্তর্ঘাত |
| Criminal Law | দণ্ডবিধি | Token | প্রতীক |

Ans : D.

২০. কোন গুচ্ছের সবকটি শব্দ শুদ্ধ?
A. কণ্ঠস্থ, উদ্ধত্য, উচ্চৈস্বরে
B. কণ্ঠসহঃ, ঔদ্ধত্ত, উচ্চেস্বরে
C. কণ্ঠস্ত, উদ্ধত্য, উচ্চৈস্বরে
D. কণ্ঠস্থ, ঔদ্ধত্য, উচ্চৈঃস্বরে

ব্যাখ্যা : শুদ্ধ বানান-

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| স্বাতন্ত্র | স্বাতন্ত্র্য | ক্ষচিত | খচিত |
| উদ্বেলিত | উদ্বেল | বাল্মিকী | বাল্মীকি |
| দৌরাত্ম | দৌরাত্ম্য | সুকেশিনী | সুকেশা |
| দুরাবস্থা | দুরবস্থা | উর্দ্ধ | ঊর্ধ্ব |

Ans : D.

২১. কোন বাক্যটি ভুল?
A. দশচক্রে ঈশ্বর ভূত
B. বৃক্ষটি সমূল উৎপাটিত হয়েছে
C. ঘটনা বর্ণিত হয়েছে
D. বিধি লঙ্ঘিত হয়েছে

ব্যাখ্যা : শুদ্ধ- দশচক্রে ভগবান ভূত।
Ans : A.

২২. বাংলা অভিধানের বর্ণানুক্রম অনুযায়ী কোন শব্দগুচ্ছ সঠিকভাবে বিন্যস্ত?
A. অতনু, অদ্ভুৎ, অত্যক্ষ, অপর্ণা
B. অদ্ভুৎ, অতনু, অত্যক্ষ, অপর্ণা
C. অদ্ভুৎ, অতনু, অপর্ণা, অত্যক্ষ
D. অপর্ণা, অতনু, অত্যক্ষ, অদ্ভুৎ
Ans : B.

২৩. 'চর্যাপদ' কাদের সাধন-সংগীত?
A. বৌদ্ধ সহজিয়া
B. বৌদ্ধ হীনজন
C. বৌদ্ধ মহাজন
D. ক ও গ উভয়ই

ব্যাখ্যা : • "চর্যাপদ" হচ্ছে বৌদ্ধ সহজিয়া সম্প্রদায়ের সাধনা সঙ্গীত।
• ১৯০৭ সালে হরপ্রসাদ শাস্ত্রী নেপালের "রয়েল লাইব্রেরি" থেকে চর্যাপদ আবিষ্কার করেন।
• সবচেয়ে বেশি চর্যাপদ রচনা করেন- কাহ্নপা (কৃষ্ণপা, ১৩টি)।
• চর্যাপদের আদি কবি- লুইপা।
Ans : A.

২৪. 'বল্লকী' শব্দের অর্থ-
A. বল্লবাকৃতির যুদ্ধাস্ত্র
B. পরাক্রমশালী রমণী
C. বীণা জাতীয় বাদ্যযন্ত্রবিশেষ
D. ওপরের কোনটিই নয়
Ans : C.

২৫. মনের মানুষ চলচ্চিত্রের পরিচালক কে?
A. ঋতুপর্ণ ঘোষ
B. গৌতম ঘোষ
C. তারেক মাসুদ
D. তানভীর মোকাম্মেল

ব্যাখ্যা : • ২০১০ সালে গৌতম ঘোষ লালন শাহের জীবনী নিয়ে "মনের মানুষ" চলচ্চিত্রটি নির্মাণ করেন।
• সুনীল গঙ্গোপাধ্যায়ের মনের মানুষ উপন্যাস অবলম্বনে এটি নির্মিত।
Ans : B.

## জার্নালিজম এণ্ড মিডিয়া স্টাডিজ (বিষয় কোড: ৮)

০১. বাংলাদেশের সংবিধানে প্রত্যেক নাগরিকের বাক ও ভাব প্রকাশের স্বাধীনতার অধিকারের কথা কত নং অনুচ্ছেদে উল্লিখিত আছে?
A. ১০২(১)
B. ১২৩(২)
C. ১৮
D. ৩৯(২)

ব্যাখ্যা : • বাংলাদেশের সংবিধানে 'চিন্তা ও বিবেকের স্বাধীনতা ও বাকস্বাধীনতা' আছে ৩৯ অনুচ্ছেদে।
• 'প্রত্যেক নাগরিকের বাক ও ভাব প্রকাশের স্বাধীনতার অধিকার' ৩৯(২) ক অনুচ্ছেদে রয়েছে।
• 'সংবাদপত্রের স্বাধীনতার' নিশ্চয়তা দেয়া হয়েছে ৩৯ (২) খ অনুচ্ছেদে।
Ans : D.

CamScanner

**০২.** সাংবাদিকতায় স্নাতক পর্যায়ে সম্মান কোর্স উপমহাদেশে প্রথম চালু করে কোন বিশ্ববিদ্যালয়?

A. আলীগড় বিশ্ববিদ্যালয় B. লাহোর বিশ্ববিদ্যালয়
C. ঢাকা বিশ্ববিদ্যালয় D. কলকাতা বিশ্ববিদ্যালয়

ব্যাখ্যা : • স্নাতক পর্যায়ে সম্মান কোর্সে উপমহাদেশে সর্বপ্রথম কলকাতা বিশ্ববিদ্যালয়ে সাংবাদিকতা চালু হয়।
• কলকাতা বিশ্ববিদ্যালয় ১৮৫৭ সালে প্রতিষ্ঠিত হয়। এর শিক্ষাঙ্গন বা ক্যাম্পাস ১২ টি।
**Ans : D.**

**০৩.** Acta Duerna কী?

A. পৃথিবীর প্রথম সংবাদপত্র B. প্রথম টেলিভিশন চ্যানেলের নাম
C. একটি সংবাদ সংস্থার নাম D. একটি ছাপা মেশিনের নাম

ব্যাখ্যা : • Acta Duerna কে পৃথিবীর প্রথম সংবাদপত্র বলা হয়।
• প্রাচীন রোমান সাম্রাজ্যে খ্রিস্টপূর্ব ১৩১ সালে দৈনন্দিন ঘটনার রেকর্ড রাখতে Acta Duerna প্রকাশিত হয়।
• একে Acta বলা হত।
**Ans : A.**

**০৪.** বেগম সুফিয়া কামাল ও জাহানারা আরজুর সম্পাদনায় কোন্ পত্রিকাটি প্রকাশিত হত?

A. বেগম B. সুলতানা C. মহিলা অঙ্গন D. অনন্যা

ব্যাখ্যা : • বেগম বাংলাভাষায় প্রথম সচিত্র নারী সাপ্তাহিক যা ১৯৪৭ সালের ২০ জুলাই কলকাতা থেকে প্রকাশিত হয়। ১৯৫০ সালে এটি ঢাকায় নিয়ে আসা হয়।
• বেগম সুফিয়া কামাল ও জাহানারা আরজু প্রথমে সম্পাদনা করেন।
• পরবর্তীতে নূরজাহান বেগম এর সম্পাদক হন এবং বর্তমানে এর সম্পাদক তার কন্যা ফ্লোরা নাসরিন খান।
• বেগম বর্তমানে মাসিক পত্রিকা।
**Ans : A.**

**০৫.** বাংলাদেশের মুক্তিযুদ্ধের 'দ্বিতীয় ফ্রন্ট' হিসেবে খ্যাত ছিল কোনটি?

A. বাংলাদেশ টেলিভিশন B. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র
C. মেহেরপুরের আম্রকানন D. কোলকাতার বালিগঞ্জ

ব্যাখ্যা : • স্বাধীন বাংলা বেতার কেন্দ্র ১৯৭১ সালের ২৫ মে প্রতিষ্ঠিত হয়।
• একে মুক্তিযুদ্ধের দ্বিতীয় ফ্রন্ট হিসেবে অভিহিত করা হয়।
• ১৯৭১ সালের ২২ ডিসেম্বর এটি ঢাকা থেকে সম্প্রচার শুরু করে 'বাংলাদেশ বেতার' নামে।
**Ans : B.**

**০৬.** এই উপমহাদেশের প্রথম আঞ্চলিক সংবাদপত্র কোনটি?

A. সম্বাদ ভাস্কর B. সঞ্চয়
C. দিনাজপুর পত্রিকা D. মুর্শিদাবাদ সম্বাদপাত্রী

ব্যাখ্যা : • উপমহাদেশের প্রথম আঞ্চলিক সংবাদপত্র হল 'মুর্শিদাবাদ সম্বাদপত্রী'।
• কাশিমবাজারের রাজা কৃষ্ণচন্দ্র রায়ের আনকূল্যে পত্রিকাটি ১৮৪০ সালের ১০ মে প্রকাশিত হয়।
**Ans : D.**

**০৭.** বাংলাদেশ টেলিভিশনের কতটি রিলে কেন্দ্র আছে?

A. ১২ B. ১৪ C. ১৮ D. ১৫

ব্যাখ্যা : • বাংলাদেশ টেলিভিশন ২৫ ডিসেম্বর ১৯৬৪ সালে চালু হয়। সেসময় এটি পাকিস্তান টেলিভিশন নামে পরিচিত ছিল। মুক্তিযুদ্ধের পর এর নাম পরিবর্তিত হয়।
• ১৯৮০ সাল থেকে এটি রঙিন সম্প্রচার শুরু করে। এর প্রধান সম্প্রচার কেন্দ্র ঢাকার রামপুরায়।
• বাংলাদেশ টেলিভিশনের ১৪টি রিলে কেন্দ্র আছে।
**Ans : B.**

**০৮.** বাংলাদেশের প্রথম ট্যাবলয়েড পত্রিকা কোনটি?

A. যায় যায় দিন B. মানবজমিন
C. আমাদের সময় D. বিচিত্রা

ব্যাখ্যা : • বাংলাদেশের প্রথম ও বৃহত্তম প্রচারিত দৈনিক বাংলা ট্যাবলয়েড হল 'মানবজমিন'।
• এটি ১৯৯৭ সালে চালু হয়।
• এটির সদরদপ্তর কারওয়ান বাজারে অবস্থিত।
**Ans : B.**

**০৯.** বিশিষ্ট কথা সাহিত্যিক হুমায়ুন আহমেদ প্রথম কোন চলচ্চিত্রটি নির্মাণ করেন?

A. আগুনের পরশমণি B. শংখনীল কারাগার
C. একাত্তরের যীশু D. শ্রেষ্টপুত্র কমলা

ব্যাখ্যা : • হুমায়ূন আহমেদ নির্মিত প্রথম চলচ্চিত্রটি হল 'আগুনের পরশমনি'।
• এটি মুক্তি পায় ১৯৯৪ সালে।
• এটি জাতীয় চলচ্চিত্র পুরস্কার অর্জন করে।
**Ans : A.**

**১০.** ফেসবুকের মূল নাম কি ছিল?

A. facemask B. facemash
C. faceindex D. facepage

ব্যাখ্যা : • ফেসবুক ২০০৪ সালের ৪ ফেব্রুয়ারী প্রতিষ্ঠিত হয়।
• শুরুতে এর নাম ছিল Facemash।
• মার্ক জাকারবার্গ এর প্রতিষ্ঠাতা।
**Ans : B.**

**১১.** ভারতের সাথে সমুদ্রসীমা নিষ্পত্তি মামলায় বাংলাদেশ কত বর্গ কি.মি. জায়গা প্রাপ্ত হয়?

A. ১৯,৪৬৫ বর্গ কি.মি. B. ১৯,৪৬৬ বর্গ কি.মি.
C. ১৯,৪৬৭ বর্গ কি.মি. D. ১৯,৪৬৮ বর্গ কি.মি.

ব্যাখ্যা : • বাংলাদেশ ও ভারতের সমুদ্রসীমার বিরোধপূর্ণ এলাকা ছিল ২৫৬০২ বর্গ কি.মি.।
• বাংলাদেশ পেয়েছে ১৯৪৬৭ বর্গ কি.মি. ও ভারত পেয়েছে ৬১৩৫ বর্গ কি.মি.।
• নেদারল্যান্ডের হেগে আন্তর্জাতিক সালিসি আদালত এ রায় দেন।
**Ans : C.**

**১২.** সার্কভূক্ত দেশগুলোর মধ্যে মাথাপিছু আয়ে শীর্ষ দেশ কোনটি?

A. ভারত B. ভুটান
C. শ্রীলংকা D. মালদ্বীপ

ব্যাখ্যা : সার্কভুক্ত দেশ এবং তুলনামূলক চিত্র-

| বিষয় | দেশ |
|---|---|
| বৃহত্তম দেশ | আয়তনে: ভারত, জনসংখ্যায়: ভারত |
| ক্ষুদ্রতম দেশ | আয়তনে: মালদ্বীপ, জনসংখ্যায়: মালদ্বীপ |
| সাক্ষরতার হার | বেশী: মালদ্বীপ, কম: আফগানিস্থান |

**Ans : D.**

**১৩.** কোন দেশে প্রথম বাস র‍্যাপিড ট্রানজিট (BRT) চালু করা হয়?

A. ব্রাজিল B. আর্জেন্টিনা
C. কলম্বিয়া D. ফ্রান্স

ব্যাখ্যা : • প্রথম বিআরটি বা বাস র‍্যাপিড ট্রানজিট চালু হয় ব্রাজিলে।
• ১৯৭৪ সালে এটি চালু করা হয়।
• 'ট্রান্সজাকার্তা' বিশ্বের সবচেয়ে দীর্ঘতম বিআরটি যা ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় চালু হয়।
**Ans : A.**

CamScanner

১৪. গ্লোবাল ইনোভেশন ইনডেক্স ২০১৪- এ বাংলাদেশের অবস্থান কত?

A. ১২৯ তম B. ১২৮ তম
C. ১২৭ তম D. ১২৬ তম

ব্যাখ্যা: • গ্লোবাল ইনোভেশন ইনডেক্সে বিশ্বের বিভিন্ন দেশের উদ্ভাবনী ক্ষমতার উপর ভিত্তি করে তালিকা প্রকাশিত হয়। GII প্রকাশ করে যুক্তরাষ্ট্রের করনেল ইউনিভার্সিটির জনসন স্কুল, আইএনএসইএডি বিজনেস স্কুল, ওয়ার্ল্ড ইন্টেলেকচুয়াল প্রোপার্টি অর্গানাইজেশন।
• ২০২৩ সালের প্রতিবেদন অনুযায়ী ১৩২ টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১০৫তম।
Ans : A.

১৫. ২০১৪ সালে অনুষ্ঠিত ২০তম কমনওয়েলথ গেমসে বাংলাদেশের কোন খেলোয়াড় পদক লাভ করেন?

A. আব্দুল্লাহ হেল বাকি B. আদনান সাফি
C. সাবরিনা সুলতানা D. আসিফ হোসেন খান

ব্যাখ্যা: • ২০ তম কমনওয়েলথ গেমসের আসর ২০১৪ সালে যুক্তরাজ্যের গ্লাসগোতে অনুষ্ঠিত হয়।
• ২২তম কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হয় - ২০২২ সালে, বার্মিংহাম, যুক্তরাজ্য।
• ২৩তম কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হবে - ২০২৬ সালে, ভিক্টোরিয়া, অস্ট্রেলিয়া।
Ans : A.

১৬. বাংলাদেশের বর্তমান বৃহত্তম যুদ্ধজাহাজ এর নাম কী?

A. বানৌজা ঈশা খাঁ B. বানৌজা সমুদ্র জয়
C. বানৌজা সমুদ্র বিজয় D. বানৌজা তিতুমির

ব্যাখ্যা: • বাংলাদেশের বৃহত্তম যুদ্ধজাহাজের নাম বানৌজা সমুদ্র জয়।
• বাংলাদেশের তৈরি প্রথম যুদ্ধজাহাজ - বানৌজা পদ্মা।
Ans : B.

১৭. কোন বাঙালি সম্মানজনক ফরাসি রাষ্ট্রীয় উপাধি লাভ করেন?

A. ড. মুহম্মদ শহীদুল্লাহ B. পার্থ প্রতিম মজুমদার
C. সত্যজিৎ রায় D. উপরের সকলেই

ব্যাখ্যা: • পার্থপ্রতিম মজুমদার একজন বাংলাদেশী জনপ্রিয় মূকাভিনয় বা মাইম শিল্পী।
• তিনি মাইমের ক্ষেত্রে বিশ্বে ২য় শীর্ষস্থানীয়।
• ফ্রান্স সরকারের দেয়া সর্বোচ্চ সম্মান 'শেভালিয়র' উপাধি ২০১১ সালে লাভ করেন।
• ২০১০ সালে তিনি একুশে পদক পান।
Ans : B.

১৮. 'শেখ হাসিনা' হল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কততম আবাসিক হল?

A. দশম B. একাদশ
C. দ্বাদশ D. ত্রয়োদশ

ব্যাখ্যা:
• জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় দেশের একমাত্র পূর্ণাঙ্গ আবাসিক বিশ্ববিদ্যালয়।
• বর্তমানে জাহাঙ্গীরনগরের হল সংখ্যা ২২টি।
Ans : D.

১৯. আইসিসি-র বর্তমান সভাপতি কে?

A. জগমোহন ডালমিয়া B. নাজমুল হাসান
C. আ হ ম মোস্তফা কামাল D. এন শ্রী নিবাসন

ব্যাখ্যা: • আইসিসির বর্তমান সভাপতি ভারতের জয় সাহা।
• আইসিসির ইতিহাসে সর্বকনিষ্ঠ সভাপতি।
Ans : C.

২০. ১৮তম সার্ক (SAARC) শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?

A. বাংলাদেশ B. নেপাল
C. ভুটান D. শ্রীলংকা

ব্যাখ্যা : • ১৮ তম সার্ক শীর্ষ সম্মেলন ভুটানে অনুষ্ঠিত হয়।
• ১৯ তম সার্ক শীর্ষ সম্মেলন ২০১৫ সালের নভেম্বরে হওয়ার কথা থাকলেও চারটি দেশের অনুপস্থিতির কারণে তা বাতিল হয়ে যায়। এটি পাকিস্তানে হওয়ার কথা ছিল।
Ans : C.

21. Tabloids are those magazine that-

A. usually deal with celebraties, crime of scandal under senstationalized headlines.
B. expose crime and corruption scaldals.
C. provide information of radical underground activities
D. none of the above

ব্যাখ্যা : • ট্যাবলয়েড হচ্ছে ছোট আকৃতির সংবাদপত্র প্রকাশের কাগজ বিশেষ।
• এটি সাধারণ সংবাদপত্রের বৃহদাকৃতির ব্রডশিটের তুলনায় অনেক ক্ষুদ্র হয়।
• ১৯১৮ সালে ট্যাবলয়েড পত্রিকার প্রচলন শুরু হয়।
Ans : A.

22. "Mr. Schaeffer is survived by his wife, Ms Marion Schaffer, and two sons, Edward and Mark" This is the end of a news story called:

A. the speach story B. the meeting story
C. the obituary D. none of the above

ব্যাখ্যা : • কোন ঘটনা বক্তব্য যদি রিপোর্টার নিজের মত করে বক্তব্য আকারে উপস্থাপন করে তবে তা হল Speach Story।
• 'কে বলেছে' তার তুলনায় বিস্তারিত খবর তুলে আনতে Speach Story কার্যকর করা হয়।
Ans : A.

*Questions 23-25:*
*Read the classified ad and answer the questions that follow:*

SALES PERSON
Full time
Minimum exp. - 3 yrs
Minimum refs. - 2 refs.
Apply in person,
Furniture mart, 124 E. Union Blvd.

23. How many references must the applicant provide?

A. 3 B. 124
C. 2 D. not mentioned

ব্যাখ্যা : • চাকুরির বিজ্ঞাপনে রেফারেন্সকে সংক্ষেপে (ref) লেখা হয়।
• যতগুলো ref থাকবে, সমপরিমাণ রেফারেন্স দিতে হয়।
Ans : C.

24. What will this person probably do?

A. sell furniture B. stock furniture
C. clean the warehouse D. clean furniture

ব্যাখ্যা : • কোন চাকুরির বিজ্ঞাপনে কি করতে হবে তা সরাসরি থাকতে পারে। নাও পারে। এক্ষেত্রে কোম্পানীর কাজ বা বিষয় দেখে চাকুরির ধরণ বোঝা যায়।
• অনেকসময় কোম্পানীর নাম দেখে ধারণা করা যায়।
Ans : A.

CamScanner

**২৫.** **The applicant must apply:**

A. by post　　B. by email
C. by personal presence　　D. not mentioned

ব্যাখ্যা : • কোন চাকুরির বিজ্ঞাপনে যদি শুধুমাত্র ঠিকানা দেয়া থাকে, তবে আবেদনপত্র পোস্টের মাধ্যমে পাঠাতে হবে।
• ইমেইল এড্রেস থাকলে ই-মেইল পাঠাতে হয়। আবার সরাসরি উপস্থিতি উল্লেখ থাকলে উপস্থিত হয়ে আবেদনপত্র দিতে হবে।
**Ans : A.**

## চারুকলা (বিষয় কোড: ৯)

**অনুচ্ছেদটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও (১-৫):**

অজন্তা, বাঘ প্রায় গুপ্তযুগের সমসাময়িক। গুপ্তযুগের সুশাসন আর ঐশ্বর্য চিত্রকলার খুব সহায়ক হয়। এই কয় শতাব্দী ধরে চিত্রকলার খুব বৈভব গেছে: যা হয়েছিল, তার তুলনায় অজন্তা বা বাঘে যেটুকু আমরা এখন পাই তা নিশ্চয়ই সমুদ্রে গোষ্পদের মত। ফা-হিয়েন খ্রীষ্টাব্দ ৪০০ সাল নাগাদ ভারতে পর্যটন করেন, হিউয়েন-সাঙ ঘোরেন খ্রীষ্টায় ৬২৯ থেকে ৬৪৫ পর্যন্ত। দুজনেই ভারতের এক প্রান্ত পর্যন্ত দেয়ালে আঁকা চিত্র সম্ভারের কথা বারবার উল্লেখ করেন। ফা-হিয়েন কপিলাবস্তু নগরের একটি ছবির কথা উল্লেখ করেন। যাতে দেখানো আছে একটি সাদা হাতির পিছে চড়ে ভগবান বুদ্ধ মর্তে জন্ম নেবার জন্য তাঁর মায়ের গর্ভে ঢুকছেন। ফ্রা-আঞ্জেলিকোর অনানসিয়েশনের কথা মনে পড়ে যায়, কারণ যীশুও মেরির গর্ভে ঠিক সাধারণ সৃষ্টির রীতি অনুসারে জন্মাননি। চীন নেপাল তিব্বতের প্রভাবের দরুনই হবে, ভারতের খ্রীষ্ট যুগের প্রথম দিকে কাঠের বাড়ির চল হয়। হিউয়েন-সাঙ অজন্তা আর অন্যান্য জায়গার উল্লেখ তো করেনই, উপরন্তু ভারতের উত্তর-পশ্চিম কোণে এক মঠে উল্লেখ করেন, যার নাকি জানালা, দরজা, দেয়ালে কাঠের পাটি, সবই অতি সুন্দরভাবে চিত্রিত ছিল। যে সব গুহা নিতান্তই অগম্য বা মাটি চাপা পড়ে গেলে সেই গুলিই কিছু কিছু এখনও পর্যন্ত টিকে আছে, যেমন বাঘ, অজন্তা।

**০১.** **উদ্বৃত অনুচ্ছেদের প্রধান বিষয়বস্তু কি?**

A. ভ্রমণালাপ　　B. গুহাচিত্রালাপ
C. বুদ্ধের জীবনালাপ　　D. গুপ্ত যুগের ঐশ্বর্যালাপ

ব্যাখ্যা : • গুপ্তযুগে গুপ্ত সাম্রাজ্যে ছিল প্রাচীন ভারতীয় ঐশ্বর্যশালী সাম্রাজ্য।
• ৩২০ থেকে ৫৫০ অব্দের মধ্যে ভারতীয় উপমহাদেশের অধিকাংশ অঞ্চল জুড়ে এই সাম্রাজ্য ছিল। মহারাজ শ্রীগুপ্ত এই সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন।
• গুপ্তযুগকে ভারতের স্বর্ণযুগ বলা হয়।
**Ans : D.**

**০২.** **উদ্বৃতাংশে কোন প্রাণীর কথা উল্লেখ করা হয়েছে?**

A. হরিণ　　B. বাঘ
C. হাতি　　D. হরিয়াল

ব্যাখ্যা : • কপিলাবস্তু নগরে গৌতম বুদ্ধের বাল্যকাল কাটে। এটি প্রাচীন শাক্য রাজ্যের রাজধানী।
• ফা-হিয়েন কপিলাবস্তু ভ্রমণ করেন। কপিলাবস্তু নগরের একটি চিত্রকর্মের কথা তিনি উল্লেখ করেছেন যেখানে দেখানো আছে গৌতম বুদ্ধ সাদা হাতিতে চড়ে মর্ত্যে জন্মগ্রহণ করার জন্য মায়ের গর্ভে ঢুকছেন।
**Ans : C.**

**০৩.** **হিউয়েন-সাঙ ভারতের কোন দিকের একটি চিত্রসজ্জিত মঠের কথা উল্লেখ করেন?**

A. পূর্ব-পশ্চিম　　B. উত্তর-পশ্চিম
C. উত্তর-পূর্ব　　D. উত্তর-দক্ষিণ

ব্যাখ্যা: • হিউয়েন সাঙ একজন বিখ্যাত চীনা বৌদ্ধ ভিক্ষু। পর্যটক ও অনুবাদক।
• ৬৩০ খ্রিস্টাব্দের কোন একসময় তিনি ভারতবর্ষে প্রবেশ করেছিলেন।
• তিনি ভারতের উত্তর পশ্চিম দিকের একটি চিত্রসজ্জিত মঠের কথা উল্লেখ করেছিলেন।
**Ans : B.**

**০৪.** **কোন্ সময় থেকে ভারতে চিত্রিত কাঠের বাড়ি প্রচলনের কথা বলা হয়েছে?**

A. খ্রিস্টীয় ১০০ বছরের কাছাকাছি সময়
B. খ্রিস্টীয় ২০০ বছরের কাছাকাছি সময়
C. খ্রিস্টীয় ৩০০ বছরের কাছাকাছি সময়
D. খ্রিস্টীয় ৪০০ বছরের কাছাকাছি সময়

ব্যাখ্যা : • খ্রিস্টিয় ১০০ বছরের কাছাকাছি সময় থেকে ভারতে চিত্রিত কাঠের বাড়ির প্রচলন শুরু হয়।
• হিউয়েন সাঙ চিত্রিত বাড়ি ও মঠের কথা প্রথম উল্লেখ করেছিলেন।
**Ans : A.**

**০৫.** **ফা-হিয়ান কোন্ শতাব্দীতে ভারত ভ্রমণ করেন?**

A. ৩য়　　B. ৪র্থ　　C. ৫ম　　D. ৬ষ্ঠ

ব্যাখ্যা : • ফাহিয়েন ৩৯৯ খ্রিস্টাব্দে বা ৪র্থ শতাব্দীতে ভারতের উদ্দেশ্যে যাত্রা শুরু করেন।
• ফা হিয়েন চীনের শানশি এর অধিবাসী ছিলেন।
• বৌদ্ধ মঠের নীতিগ্রন্থ 'বিনয় পিটক' এর সন্ধানে তিনি ভারতে আসেন।
**Ans : B.**

**০৬.** **ক্রিমসন লেক্ কোন্ ধরনের রং?**

A. হলদে　　B. নীলাভ
C. লালচে　　D. সবুজাভ

ব্যাখ্যা : বিভিন্ন রঙের নাম-

| রঙের নাম | রঙ | রঙের নাম | রঙ |
|---|---|---|---|
| ক্রিমসন লেক | লালচে | এ্যাকুয়া | জলরঙ |
| ক্রিমসন | গাঢ় লাল | বার্নট অরেঞ্জ | কমলা |
| ডার্ক ব্লু | গাঢ় নীল | কারমিন | আলতা |
| এগ প্ল্যান্ট | বেগুনী | হেলিওট্রপ | সূর্যকমল |
| পেল ব্লু | আকাশী | ভারমিলিয়ন | সিঁদুর রঙ |

**Ans : C.**

**০৭.** **শিল্পী শাহাবুদ্দীন সম্প্রতি কোন্ দেশের সর্বোচ্চ রাষ্ট্রীয় সম্মানে ভূষিত হয়েছেন?**

A. ইংল্যান্ডের　　B. ফ্রান্সের
C. স্পেনের　　D. জাপানের

ব্যাখ্যা: • শিল্পী শাহাবুদ্দীন আহমেদ একজন বিখ্যাত বাংলাদেশী ফরাসী চিত্রশিল্পী।
• তিনি ২০০০ সালে স্বাধীনতা পুরস্কার পান।
• ২০১৪ সালে তিনি ফ্রান্স সরকারের দেয়া সর্বোচ্চ সম্মাননা 'নাইট' উপাধি লাভ করেন।
**Ans : B.**

**০৮.** **কোন্ পোস্ট-ইম্প্রেশনিস্ট শিল্পীর মরণোত্তর প্রকাশিত একটি চিঠির সূত্রধরে কিউবিজম ধারার জন্ম হয়?**

A. জ্যাসন পোলক　　B. উইলিয়াম ব্লেক
C. পাবলো পিকাসো　　D. পল সেজাঁ

ব্যাখ্যা : • পাবলো পিকাসো কিউবিস্ট আন্দোলনের সহপ্রতিষ্ঠাতা।
• কিউবিজম নিয়ে তার বিখ্যাত কাজ হল: প্রোটো-কিউবিস্ট লেস ডেমোইসেরেস ভি আভিগনন (১৯০৭)।
• তার মরনোত্তর প্রকাশিত চিঠির সূত্র ধরে কিউবিজম আন্দোলন আরও গুরুত্ব পায়।
**Ans : C.**

CS CamScanner

০৯. নীল একটি শীতল বর্ণ। নীচের কোন্ ফুলটি উষ্ণ বর্ণের?
A. জুঁই B. টগর
C. অপরাজিতা D. রাধাচূড়া

ব্যাখ্যা : • নীল রঙকে শীতল রঙ বলা হয়।
• হলুদকে উষ্ণ রঙ বলা হয়।
• চিত্রকলায় সাদা, কালো এবং ধূসর রংকে রঙ হিসেবে উল্লেখ করা হয় না।
Ans : D.

১০. স্বদেশি আন্দোলনের প্রতীক ভারত মাতা ছবিটির আঁকিয়ে হলেন-
A. গগণেন্দ্রনাথ ঠাকুর B. অবনীন্দ্রনাথ ঠাকুর
C. নন্দলাল বসু D. যামিনী রায়

ব্যাখ্যা : • অবনীন্দ্রনাথ ঠাকুর একজন খ্যাতিমান ভারতীয় চিত্রশিল্পী ও লেখক।
• তিনি ১৯০৫ সালে স্বদেশী আন্দোলনের সমর্থনে 'ভারতমাতা' ছবিটি আঁকেন।
• তার জাপানী রীতিতে আঁকা 'ওমর খৈয়াম' অন্যতম শ্রেষ্ঠ শিল্পকর্ম।
Ans : B.

১১. বর্তমানে বাংলাদেশের মোট কয়টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে চারুকলা পাঠের সুযোগ রয়েছে?
A. ৫টি B. ৬টি
C. ৭টি D. ৮টি

ব্যাখ্যা : • বর্তমানে বাংলাদেশে ৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে ও ৩টি বেসরকারী বিশ্ববিদ্যালয়ে চারুকলা পাঠের সুযোগ রয়েছে।
• ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদে আটটি বিভাগ রয়েছে।
Ans : C.

১২. দোয়েল চত্বরের স্থপতি কে ছিলেন?
A. আজিজুল জলিল পাশা B. সৈয়দ মঈনুল হোসেন
C. মোস্তফা হারুণ কুদ্দুস হিলি D. তানভীর কবির

ব্যাখ্যা : বাংলাদেশের বিভিন্ন ভাস্কর্য ও স্থপতি-

| ভাস্কর্য | স্থপতি |
|---|---|
| দোয়েল চত্বর | আজিজুল জলিল পাশা |
| অপরাজেয় বাংলা | সৈয়দ আব্দুল্লাহ খালেদ |
| সোপার্জিত স্বাধীনতা | শামীম শিকদার |
| অমর একুশে (জা: বি:) | জাহানারা পারভীন |
| সাবাস বাংলাদেশ | নিতুন কুন্ডু |
| শহীদ মিনার | হামিদুর রহমান |
| বলাকা | মৃণাল হক |
| শাপলা চত্বর | আজিজুল জলিল পাশা |

Ans : A.

১৩. নাইয়র নামক বিখ্যাত চিত্রকর্মটির আঁকিয়ে হলেন-
A. শিল্পী কামরুল হাসান B. শিল্পী এস, এম, সুলতান
C. শিল্পী মোস্তফা মনোয়ার D. শিল্পী হাশেম খান

ব্যাখ্যা : • কামরুল হাসান একজন বিখ্যাত বাংলাদেশী চিত্রশিল্পী। তাকে পটুয়া বলা হয়।
• তিনি জাতীয় পতাকার বর্তমান রূপ দেন।
• তার 'নাইওর' চিত্রকর্মটি একটি বিখ্যাত চিত্রকর্ম। এছাড়াও মুক্তিযুদ্ধকালে জেনারেল ইয়াহিয়ার মুখের ছবি দিয়ে আঁকা 'এই জানোয়ারদের হত্যা করতে হবে' পোস্টারটি খুব বিখ্যাত।
Ans : A.

১৪. শিল্পীর কালার প্যালেট-তত্ত্ব অনুযায়ী সবুজ একটি-
A. মৌলিক রং B. মাধ্যমিক রং
C. নিরপেক্ষ রং D. টারশিয়ারি রং

ব্যাখ্যা : • মৌলিক রঙ তিনটি। যথা- লাল, হলুদ এবং নীল।
• মাধ্যমিক রঙ হল: সবুজ, কমলা ও বেগুনী।
• ধূসর হচ্ছে নিরপেক্ষ রঙ।
Ans : B.

১৫. মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য জাগ্রত চৌরঙ্গী কোন ভাস্কর নির্মাণ করেন?
A. সৈয়দ আবদুল্লাহ খালিদ B. আব্দুর রাজ্জাক
C. শামীম শিকদার D. হামিদুজ্জামান খান

ব্যাখ্যা : মুক্তিযুদ্ধের ভাস্কর্য ও ভাস্কর-

| ভাস্কর্য | ভাস্কর |
|---|---|
| জাগ্রত চৌরঙ্গী | আবদুর রাজ্জাক |
| সংশপ্তক | হামিদুজ্জামান খান |
| অপরাজেয় বাংলা | সৈয়দ আব্দুল্লাহ খালিদ |
| স্বোপার্জিত স্বাধীনতা | শামীম শিকদার |
| সাবাস বাংলাদেশ | নিতন কুন্ডু |
| বিজয় ৭১ | শ্যামল চৌধুরী |

Ans : B.

১৬. সর্বপ্রথম পরিপ্রেক্ষিতের বিজ্ঞান সম্মত ব্যাখ্যা করেন-
A. জত্তো B. ভ্যান আইক্
C. ব্রুনেলেসি D. ম্যাসাচ্চিও

ব্যাখ্যা : • ফ্লিপো ব্রুনেলেসি একজন ইতালীয় প্রকৌশলী, নকশাকার এবং রেনেসার অন্যতম প্রতিষ্ঠাতা।
• তিনিই প্রথম লিনিয়ার পরিপ্রেক্ষিত সম্পর্কে বিজ্ঞানসম্মত ব্যাখ্যা প্রদান করেন এবং এর মাধ্যমে ফ্লোরেন্স ক্যাথেড্রালে সেই প্রক্রিয়া অনুসরণ করে এর গম্বুজ নির্মান করেন।
Ans : C.

১৭. সোমপুর বিহার কোথায় অবস্থিত?
A. নওগাঁয় B. দিনাজপুরে
C. কুমিল্লায় D. নাটোরে

ব্যাখ্যা : • সোমপুর বিহার এশিয়ার সবচেয়ে বড় বিহার। এটি নওগাঁয় অবস্থিত।
• পালবংশের ২য় রাজা শ্রী ধর্মপালদেব অষ্টম শতকের শেষে বা নবম শতকে এর নির্মানকাজ শুরু করেন।
• ১৯৮৫ সালে ইউনেস্কো এটিকে বিশ্ব ঐতিহ্যের মর্যাদা প্রদান করে।
Ans : A.

১৮. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অমর একুশে ভাস্কর্যটি তৈরি করেন-
A. শামীম শিকদার B. নভেরা আহমেদ
C. নিতুন কুণ্ডু D. জাহানারা পারভীন

ব্যাখ্যা : • অমর একুশে ভাস্কর্যটি বাংলাদেশের ভাষা আন্দোলনের ভাস্কর্যের মধ্যে অন্যতম।
• এর স্থপতি শিল্পী জাহানারা পারভীন।
• এটি ১৯৯১ সালের ২০ ফেব্রুয়ারী উদ্বোধন করা হয়।
Ans : D.

১৯. আমাদের দেশে জয়নুল আবেদীন প্রতিষ্ঠানিক শিল্পশিক্ষা চালু করেন-
A. ১৯৪৭ সাল B. ১৯৪৮ সাল
C. ১৯৫০ সাল D. ১৯৬৫ সাল

ব্যাখ্যা : • শিল্পাচার্য জয়নুল আবেদীন বাংলাদেশে প্রাতিষ্ঠানিক শিল্পশিক্ষা চালু করেন ১৯৪৮ সালে। পুরান ঢাকায় তিনি আর্ট ইন্সটিটিউট প্রতিষ্ঠা করেন। তিনি ১৯৪৮ থেকে ১৯৬৬ পর্যন্ত এর অধ্যক্ষ ছিলেন।
• ১৯৭১ এ স্বাধীনতার পর এই আর্ট ইন্সটিটিউটের নাম পরিবর্তন করে 'বাংলাদেশ চারু ও কারুকলা মহাবিদ্যালয়' করা হয়।
Ans : B.

CamScanner

**২০.** ভারতীয় শিল্পের ধ্রুপদী যুগ বলা হয় কোন সময়কে?

A. কুশান যুগকে B. মৌর্য যুগকে
C. গুপ্ত যুগকে D. সেন যুগকে

ব্যাখ্যা: • গুপ্তযুগ খ্রিস্টীয় ৩২০-৫৫০ অব্দের মধ্যে ভারতীয় উপমহাদেশের অধিকাংশ অঞ্চল জুড়ে সাম্রাজ্য বিস্তার করেছিল।
• শ্রী গুপ্ত এই সাম্রাজ্যের প্রতিষ্ঠা। এ যুগে ভারতবর্ষে বৈজ্ঞানিক ও শিল্পক্ষেত্রে উৎকর্ষ সাধিত হয়। তাই একে ভারতীয় শিল্পের ধ্রুপদী যুগ, স্বর্ণযুগ বলা হয়।
Ans : C.

**২১.** স্কুল অফ এ্যাথেন্স নামক কালজয়ী চিত্রকর্মটি কোন বিখ্যাত শিল্পীর আঁকা?

A. র‍্যাফায়েল B. তিশিয়ান
C. লিওনার্দো-দ্যা-ভিঞ্চি D. মাইকেল এঞ্জেলো

ব্যাখ্যা: • র‍্যাফায়েল একজন ইতালীয় চিত্রশিল্পী। তিনি লিওনার্দো দ্যা ভিঞ্চি, মাইকেল এঞ্জেলোর সমকালীন সময়ে ছিলেন।
• তার বিখ্যাত মাস্টারপিস হল : 'স্কুল অব এথেন্স'।
• 'স্কুল অব এথেন্স' রেনেসাঁকালীন ইতালির একটি ফ্রেসকো আর্ট।
Ans : A.

**২২.** লোকশিল্প জাদুঘর কে প্রতিষ্ঠা করেন?

A. শিল্পী জয়নুল আবেদীন B. শিল্পী কামরুল হাসান
C. শিল্পী এস, এম, সুলতান D. কবি জসীম উদ্দিন

ব্যাখ্যা: • শিল্পাচার্য জয়নুল আবেদীনের আগ্রহে ও পরিকল্পনায় ১৯৭৫ সালে সোনারগাঁয়ে লোকশিল্প জাদুঘর প্রতিষ্ঠা করা হয়।
• একই বছরে ময়মনসিংহে 'জয়নুল সংগ্রহশালা প্রতিষ্ঠিত করা'।
• জয়নুল আবেদীনই বাংলাদেশে প্রথম শিল্পশিক্ষা ১৯৪৮ সালে শুরু করেন।
Ans : A.

**২৩.** বাংলাদেশে ট্যাপেস্ট্রি শিল্পের জনক বলা হয়-

A. শিল্পী রফিকুল নবীকে B. শিল্পী রশিদ চৌধুরীকে
C. শিল্পী আব্দুস শাকুর শাহকে D. শিল্পী আমিনুল ইসলামকে

ব্যাখ্যা: • ভারতীয় উপমহাদেশে বিশ শতাব্দীতে ট্যাপিস্ট্রি শিল্পের ক্ষেত্রে শিল্পী রশিদ চৌধুরী অগ্রগামী ছিলেন।
• স্বাধীন বাংলাদেশের দ্বিতীয় প্রজন্মের শিল্পীদের মধ্যে তিনি ছিলেন অন্যতম।
• টেম্পেরা, গুয়াশ, জলরঙ ইত্যাদি অপ্রচলিত মাধ্যমেও তিনি কাজ করেছেন।
Ans : B.

**২৪.** খোদাইকৃত পোড়া মাটির ফলকের শিল্পকর্মকে কি বলা হয়?

A. ফ্রেস্কো B. ম্যুরাল C. টেরাকোটা D. গোয়াশ

ব্যাখ্যা: • খোদাইকৃত পোড়ামাটির শিল্পকর্ম হল টেরাকোটা যা সুমেরীয় সভ্যতা থেকে শুরু করে ভারতীয় উপমহাদেশে সিন্ধু সভ্যতায়ও বিদ্যমান।
• ফ্রেস্কো বলতে সাধারণত দেয়ালচিত্র বোঝায়। ইতালিতে রেনেসাযুগের অনেক বিখ্যাত ফ্রেস্কো দেখা যায়।
• জলরঙের ক্ষেত্রে অস্বচ্ছ পেইন্টিং পদ্ধতিকেই গোয়াশ বলা হয়।
• ম্যুরাল হচ্ছে কোন দেয়াল বা ভবনে নির্মিত চিত্রকর্ম যেখানে চিত্রকর্মের দৃশ্যগুলো বিভিন্ন ভাগে ভাগ করে ধারাবাহিকভাবে স্থাপন করা হয়।
Ans : C.

**২৫.** কলোসিয়াম কোথায় অবস্থিত?

A. গ্রিসে B. ইতালিতে C. স্পেনে D. জার্মানিতে

ব্যাখ্যা: • কলোসিয়াম ইতালীর রোমে অবস্থিত বৃহৎ উপবৃত্তাকার বিখ্যাত মঞ্চ ও নাট্যশালা।
• সম্রাট ভেসপাসিয়ানের রাজত্বের সময় ৭০ থেকে ৭২ খ্রিস্টাব্দের মধ্যে এর নির্মানকাজ শুরু হয়। ৮০ খ্রিস্টাব্দে এর নির্মানকাজ শেষ হয়।
• এর পূর্বনাম ছিল ফ্ল্যাভিয়ান নাট্যশালা।
Ans : B.

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (C Unit)

### শিক্ষাবর্ষ : 2014-15 [Set - 3]

[কলা ও মানবিকী অনুষদ]

### বাংলা

**অনুচ্ছেদটি পড়ে নিচের প্রশ্নগুলোর (1-5) যথার্থ উত্তরটি চিহ্নিত কর;**

আমি বক্তাও নহি। আমি কমবক্তার দলে। বক্তৃতায় যাঁহারা দিগ্বিজয়ী, বক্তিয়ার খিলজি, তাঁহাদের বাক্যের সৈন্য-সামন্ত অত দ্রুতবেগে কোথা হইতে কেমন করিয়া আসে বলিতে পারি না। তাহা দেখিয়া লক্ষণ সেন অপেক্ষাও আমরা বেশি অভিভূত হইয়া পড়ি। তাঁহাদের বাণী আসে বৃষ্টিধারার মতো অবিরল ধারায়। আমাদের কবিদের বাণী বহে ক্ষীণ ভীরু ঝর্ণাধারার মতো। ছন্দের দুকূল প্রাণপণে আঁকড়িয়া ধরিয়া সে সঙ্গীত গুঞ্জন করিতে করিতে বহিয়া যায়। পদ্মা ভাগীরথীর মতো খরস্রোতা যাঁহাদের বাণী, আমি তাঁহাদের বহু পশ্চাতে। আমার একমাত্র সম্বল- আপনাদের তরুণদের প্রতি আমার অপরিসীম ভালোবাসা, প্রাণের টান।

**০১.** অনুচ্ছেদটির মূল প্রসঙ্গ কী?

A. বক্তার বাণী এবং শ্রোতার ভালোবাসার উপর নির্ভরতার প্রভেদ
B. বক্তৃতায় কবি ও গদ্যশিল্পীদের মধ্যে শব্দপ্রয়োগের প্রভেদ
C. বক্তৃতায় কমবক্তার ভেতর মানসিক দূরত্ব
D. কবিদের দিগ্বিজয়

ব্যাখ্যা : অনুচ্ছেদটির মূল প্রসঙ্গ হলো- বক্তার বাণী এবং শ্রোতার ভালবাসার উপর নির্ভরতার প্রভেদ।
Ans : A.

**০২.** বক্তিয়ার খিলজিকে কিসের সঙ্গে তুলনা করা হয়েছে?

A. দ্রুতগামী যোদ্ধার সঙ্গে B. কমবক্তা ব্যক্তির সঙ্গে
C. বাগ্মীর সঙ্গে D. একজন ভালো কবির সঙ্গে

ব্যাখ্যা : বক্তিয়ার খিলজিকে তুলনা করা হয় - দ্রুতগামী যোদ্ধার সঙ্গে। কারণ তিনি অতিদ্রুত সৈন্য-সামন্ত নিয়ে লক্ষণ সেন কে আক্রমন করেন।
Ans : A.

**০৩.** লক্ষণ সেনের মতো 'অভিভূত' বলতে কী বুঝানো হয়েছে?

A. সৈন্যদলের আগমন দেখে যোদ্ধার মনের ভাববিহ্বলতা
B. পরাজিত ব্যক্তির ভাবাবেশ
C. কবির বক্তব্যের মুখে পাঠকের বিহ্বলতা
D. তুখোড় বক্তার সামনে শ্রোতার বিমূঢ় অবস্থা

ব্যাখ্যা : লক্ষণ সেনের মতো 'অভিভূত' বলতে পরাজিত ব্যক্তির ভাবাবেশ।
Ans : B.

**০৪.** কবিদের বাণী কেন ক্ষীণ ভীরু ঝরনাধারার মতো বয়ে যায়?

A. কবিরা পাঠকের মন জয় করতে চান বলে
B. কবিদের মনের সঙ্কোচের কারণে
C. ছন্দের বন্ধনের কারণে
D. কবির বাণীতে সঙ্গীত মাধুর্য থাকে বলে

ব্যাখ্যা : কবিদের বাণী ক্ষীণ ভীরু ঝরণাধারার মতো বয়ে যায় কারণ ছন্দের বন্ধনের জন্য।
Ans : C.

**০৫.** 'সৈন্য-সামন্ত' কথাটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?

A. সশস্ত্র সেনাদল B. ভাষার জাঁকজমক
C. অশ্বারোহী যোদ্ধা D. জমিদারের সৈন্যবাহিনী

ব্যাখ্যা : 'সৈন্য-সামন্ত' কথাটি ব্যবহৃত হয়েছে ভাষার জাঁকজমক।
Ans : B.

CamScanner

০৬. কোন শব্দযুগলের দুটি শব্দের বানানই শুদ্ধ
A. মনস্তাত্ত্বিক, প্রবজ্যা B. মনস্তাত্ত্বিক, প্রব্রজ্যা
C. মনস্তাত্বিক, প্রবজ্যা D. মনস্তাত্তিক, প্রজ্যা

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ বাংলা বানান:

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| মনস্তাত্বিক | মনস্তাত্ত্বিক | গৃহস্ত | গৃহস্থ |
| অধিক্যতা | আধিক্য | ইয়াত্বা | ইয়াত্তা |
| উপরোক্ত | উপর্যুক্ত | উজ্বল | উজ্জ্বল |

Ans : A.

০৭. 'দুধে আলতা' বাগধারাটির উপযুক্ত অর্থ কোনটি?
A. সুন্দরী B. গোলাপী রং
C. অসম্ভব সম্পর্ক D. আকর্ষণীয় রং

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ বাগধারা:

| বাগধারা | অর্থ |
|---|---|
| দুধে আলতা | আকর্ষণীয় রং |
| দা কুমড়া | বৈরী ভাব |
| দুধের মাছি | সুসময়ের বন্ধু |
| দুধে ভাতে থাকা | সুখে থাকা |
| দুধ ঘিয়ে শ্রাদ্ধ করা | অপব্যয় |
| দুধের সাধ ঘোলে মিটানো | ভালোর অভাব মন্দ দিয়ে পূরণ |
| দক্ষিণ হস্তের ব্যাপার | ভোজন |

Ans : D.

০৮. Glossary- শব্দের যথার্থ পরিভাষা কোনটি?
A. মনোহারী দোকান B. পাদটীকা
C. অভিধানবিদ্যা D. শব্দপঞ্জি

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ পারিভাষিক শব্দ:

| মূল শব্দ | পারিভাষিক শব্দ | মূল শব্দ | পারিভাষিক শব্দ |
|---|---|---|---|
| Glossary | শব্দপঞ্জি/টিপ্পনি | Annex | সংযোজন |
| Sanction | মঞ্জুরী | Script | লিপি |
| Honorary | অবৈতনিক | Horizontal | অনুভূমিক |
| High tide | জোয়ার | Immigrant | অভিবাসী |
| Verdict | রায় | Vocation | বৃত্তি |
| Sponsor | পোশাক | Telecast | সম্প্রচার |

Ans : D.

০৯. কোন শব্দ দুটি 'হেলাল' শব্দের সমার্থক?
A. শশাঙ্ক, মার্তণ্ড B. সুধাকর, খগ
C. শশাঙ্ক, তুরঙ্গ D. বিধু, সোম

ব্যাখ্যা : কতগুলো সমার্থক শব্দ:
• হেলাল: বিধু, সোম, চন্দ্র, শশধর, নিশাকর, সুধাকর, কুমুদনাথ, সিতাংশু, কলাভৃৎ, কলাধর, শশী, নিশানাথ, দ্বিজরাজ, শীতাংশু।
• আকাশ: গগন, নভঃ ব্যোম, অন্তরীক্ষ, শূন্য, দ্যুলোক, অম্বর।
• উজ্জ্বল: দীপ্তিমান, আলোকিত, উদ্ভাসিত, শোভমান, ঝলমলে, প্রজ্বলিত, দীপ্ত, প্রদীপ্ত, চকচকে।
• কিরণ: কর, প্রভা, দীপ্তি, জ্যোতি, অংশু, রশ্মি, আলো।

Ans : D.

১০. নিচের কোন শব্দ দুটি একই ভাষা থেকে বাংলায় এসেছে?
A. সিন্দুক, তাগড়া B. তাগড়া, তারিখ
C. তারিখ, সিন্দুক D. বেগম, ময়দা

ব্যাখ্যা : ফারসি শব্দ - তারিখ, সিন্দুক
হিন্দি শব্দ - তাগড়া
তুর্কি শব্দ - বেগম
ফার্সি শব্দ - ময়দা

Ans : C.

## ইংরেজি

**01.** Choose the word correctly spelt:
A. desatisfaction B. dissident
C. desertation D. despatch

ব্যাখ্যা : Dissident - ভিন্নমতাবলম্বী
কতিপয় গুরুত্বপূর্ণ Correct spelling-

| | |
|---|---|
| Chocolate | Commemorate |
| Cholera | Commentary |
| Cigarette | Committee |
| Colleague | Competition |
| Collision | Conceivable |

Ans : B.

**02.** Please lend me a hand ____ this trunk.
A. for B. with C. about D. on

Ans : B.

**03.** "I went home." A correct response may be:
A. "Neither did I." B. "So did I."
C. "Me neither." D. "Why didn't you."

ব্যাখ্যা : Affirmative Agreement :
Affirmative Statement + and + so + do/does/did + sub.
(single verb expect be)
Ex: I went home, and so did I.
Ans : B.

**04.** If the response is "It happens; don't worry," what was said?
A. "Thank you so so much."
B. "I apologize for being late."
C. "Wow, the shirt is on sale!"
D. "Did he pass the exam?"

ব্যাখ্যা : "It happens; don't worry,"- এই respons- টি করা হয়। "দেরি হওয়ার জন্য আমি ক্ষমা চাই"- এই কথাটি বলার পর।
Ans : B.

**05.** "The lawyers looked — the papers carefully" means the lawyers examined the papers carefully when the gap is filled by:
A. at B. over C. off D. through

ব্যাখ্যা : Look over - পরীক্ষা করা/ সবকিছু উল্টিয়ে পাল্টিয়ে দেখা।
Look after - দেখাশুনা করা।
Look for - খোঁজা।
Look into - তদন্ত করা।
Look up - খুঁজে বের করা।
Ans : B.

**06.** Which of these sentences is correct?
A. I recommend you see a lawyer.
B. I recommend you to see a lawyer.
C. I recommend you should see a lawyer.
D. Both A and C.

ব্যাখ্যা : Subjunctive word এর grammatical rule- subjunctive word + that + sub + verb (base form)
কিন্তু that না থাকায় subjuctive হয় না তাই verb টিতে infinitive $(to + v_1)$ বসবে।
Ans : B.

CamScanner

**07. Which of these sentences is correct?**

A. We decided to send our daughter to university on the day she was born.
B. On the day our daughter was born, we decided to send her to university.
C. We, on the day she was born, decided to send our daughter to university.
D. Both A and C.

ব্যাখ্যা : কন্যার জন্মদিনে মেয়েকে বিশ্ববিদ্যালয় পাঠানোর সিদ্ধান্ত নিয়েছিলেন। সে হিসেবে অপশন (B) ই perfect.
**Ans : B.**

***Question 8-10 :***
***Read the passage and answer the questions:***

Marie Curie was one of the most accomplished scientists in history. Together with her amicable husband, Pierre, she discovered radium and helped to unlock the secrets of the atom. Born in 1867 in Warsaw, Poland, Marie displayed a brilliant mind at an early age. Her great exuberance for learning prompted her to continue with her studies after high school. She became disgruntled however, when she learned that the university in Warsaw was closed to women, Determined to receive a higher education, she defiantly left Poland and in 1891 entered the Sorbonne, a famous French university.

**08. The Curies _____ collaboration helped to unlock the secrets of the atom**

A. friendly
B. competitive
C. courteous
D. industrious

ব্যাখ্যা : Passge - এর ২য় sentence এ বলা হয়েছে together with her amicable husband অর্থাৎ তার বন্ধুসুলভ স্বামীর সাথে মিলে। এখানে, Amicable ও friendly সমার্থক শব্দ।
অর্থ - বন্ধুত্বপূর্ণ/বন্ধুত্বসুলভ।
**Ans : A.**

**09. When she learned that she could not attend the university in Warsaw, she felt _____.**

A. hopeless
B. annoyed
C. depressed
D. None

ব্যাখ্যা : Disgruntled - রাগান্বিত/angry/annoyed.
Passage এ বলা হয়েছে সে disgruntled হয়েছিল। অর্থাৎ annoyed হয়েছিল।
**Ans : B.**

**10. Marie ___ by leaving Poland and traveling to France to enter the Sorbonne.**

A. challenged authority
B. showed intelligence
C. was distressed
D. Answer not available

ব্যাখ্যা : Passage এ শেষ sentence এ পড়ে বুঝা যায় তিনি determined (হয় সংকল্প বদ্ধ) হয়ে defiantly (স্পর্ধার সাথে) poland ত্যাগ করে sorbonere গেলেন। সুতরাং এটা ছিল তার সাহসিকতার পরিচয়। কাজেই সঠিক উত্তর (A).
Challenged authority - ক্ষমতা প্রয়োগে স্পর্ধা করলেন।
**Ans : A.**

## আন্তর্জাতিক সম্পর্ক

**01. If one-third of one-fourth a number is 15, then three-tenth of that number is-**

A. 35
B. 36
C. 45
D. 54

ব্যাখ্যা : ধরা যাক, সংখ্যাটি x

তাহলে, $\frac{1}{3}$ এর $\frac{1}{4}$ এর $x = 15 \Rightarrow x = 15 \times 3 \times 4 = 180$

$\therefore$ সংখ্যাটির $\frac{3}{10} = \frac{3}{10} \times 180 = 54$

সুতরাং সঠিক উত্তর 54।
**Ans : D.**

**02. Rana is aged three times more than Moin. After 8 years, he would be two and a half times of Moin's age. After further 8 years, how many times Rana be of Moin's age.**

A. 2.2 times
B. 2.5 times
C. 3 times
D. 3.5 times

ব্যাখ্যা : ধরা যাক, মইনের বয়স x বছর।
তাহলে রানার বর্তমান বয়স = x + 3x = 4x বছর শর্তানুযায়ী,

$$4x + 8 = 2\frac{1}{2}(x+8) \Rightarrow 8x + 16 = 5x + 40$$

$$\Rightarrow 3x = 24 \Rightarrow x = 8$$

তাহলে রানার ও মইনের বয়সের পার্থক্য $= \frac{4x+16}{x+16} = \frac{(4\times 8)+16}{8+16}$

$$= \frac{48}{24} = 2$$

$\therefore$ সঠিক উত্তর হবে 2।
**Ans : Blank.**

**03. Socialism is:**

A. An economic system characterized by public-private ownership of the means of production
B. A political system characterized by private ownership of the means of production
C. A goverment system characterized by public ownership of the means of production
D. A social and economic system characterized by social ownership of the means of production

ব্যাখ্যা : • সমাজতন্ত্র এমন একটি সামাজিক ও অর্থনৈতিক ব্যবস্থা যার বৈশিষ্ট্য হচ্ছে উৎপাদন উপকরণের সামাজিক মালিকানা ও অর্থনীতির সমবায়ভিত্তিক মালিকানা।
• সমাজতন্ত্রে সকল সম্পদের মালিকানা রাষ্ট্রের এবং এর মাধ্যমে সমাজে শ্রেণী বৈশিষ্ট্য বিলুপ্ত হবে।
• সমাজতন্ত্রের জনক কার্ল মার্কস।
**Ans : C.**

**04. Bank rate is the rate of interest:**

A. at which public borrows money from commercial bank
B. at which government borrows money from public
C. at which commercial banks borrow money from the central bank
D. at which banks borrow money from public

ব্যাখ্যা: • কেন্দ্রীয় ব্যাংক থেকে বাণিজ্যিক ব্যাংককে দেয়া সুদের হারই হল ব্যাংক রেট।
• বাংলাদেশ ২০২২ সালে সর্বশেষ ব্যাংক রেট কমিয়ে ৪ শতাংশ করা হয়।
**Ans : C.**

CS CamScanner

**05.** **Which of the following is not an Arab country?**
A. Iraq B. Syria C. Egypt D. Iran

ব্যাখ্যা : • আরবী ভাষী দেশসমূহকে আরব দেশ বলা হয়।
• আরব দেশ মোট ২২ টি।
• ইরান দক্ষিণ পশ্চিম এশিয়ার দেশ যার ভাষা হচ্ছে ফারসী।
**Ans : D.**

**06.** **The Persian civilization dates back to:**
A. 3500 BC B. 4000 BC
C. 4500 BC D. 5000 BC

ব্যাখ্যা : • পারস্য সভ্যতা পৃথিবীর অন্যতম প্রাচীন সভ্যতাগুলোর একটি।
• খ্রিস্টপূর্ব ৪০০০ অব্দ সময় থেকে পারস্যে সভ্যতার সূচনা ঘটে।
• পারস্যের সভ্যতা প্যালিওলিথিক যুগে শুরু করা।
**Ans : B.**

**07.** **During the cold War, the word 'containment' was associated most strogly with the policies of:**
A. President Dwight Eisenhower (USA)
B. President Harry Truman (USA)
C. President Lyndon Johnson (USA)
D. Henry Kissinger (USA)

ব্যাখ্যা : • Cold War বা স্নায়ুযুদ্ধ হল দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী যুক্তরাষ্ট্র ও সোভিয়েত রাশিয়ার মধ্যকার টানাপোড়েনের নাম।
• এটি ১৯৪০ এর মাঝামাঝি থেকে ১৯৮০ এর দশকের শেষ পর্যন্ত বিস্তৃত ছিল।
• যুক্তরাষ্ট্রের ৩৩ তম প্রেসিডেন্ট হ্যারি ট্রুম্যান স্নায়ুযুদ্ধের সময় Containtment Policy ব্যবহার করেন।
**Ans : B.**

**08.** **Queen Elizabeth II of the United Kingdom is the Head of State of how many Commonwelth states?**
A. 14 B. 15 C. 16 D. 17

ব্যাখ্যা: • সাবেক ব্রিটিশ ঔপনিবেশ অন্তর্ভুক্ত বর্তমান স্বাধীন দেশসমূহকে নিয়ে প্রতিষ্ঠিত সংগঠনের নাম কমনওয়েলথ।
• ১৯৪৯ সালে এটি প্রতিষ্ঠিত হয় যার প্রধান ছিলেন - ব্রিটিশ রাণী দ্বিতীয় এলিজাবেথ।
• রাণী এলিজাবেথ - ৮ সেপ্টেম্বর, ২০২২ সালে মৃত্যুবরণ করেন।
• রাণী এলিজাবেথ এর সমাধিস্থল - উইন্ডসর ক্যাসেল।
• তিনি সিংহাসনের দায়িত্বে ছিলেন - ৭০ বছর (১৯৫২-২০২২)।
• বর্তমানে রাজা তৃতীয় চার্লস ব্রিটেনসহ ১৫টি কমনওয়েলথ রাষ্ট্রের প্রধান।
• রাণী হয় এলিজাবেথ কমনওয়েলথ ভুক্ত ১৬টি দেশের রাষ্ট্রপ্রধান।
**Ans : C.**

**09.** **The head quarters of Universal Postal Union (UPU) is located in:**
A. Geneva B. Zurich C. Berne D. Paris

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ সংস্থাসমূহের সদর দপ্তর-

| সদর দপ্তর | সংস্থা |
|---|---|
| বার্ন, জার্মানী | UPU |
| ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র | World Bank, IMF |
| জেনেভা, সুইজারল্যান্ড | WTO, ILO, WHO |
| ব্রাসেলস, বেলজিয়াম | EU, NATO |
| প্যারিস, ফ্রান্স | UNESCO, OECD |
| জেদ্দা, সৌদী আরব | OIC, IDB |
| লিও, ফ্রান্স | Interpol |
| ম্যানিলা, ফিলিপাইন | ADB |
| নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র | UN, UNDP, UNICEF |
| ভিয়েনা, অস্ট্রিয়া | OPEC, IAEA |

**Ans : C.**

**10.** **EC stands for:**
A. European Commission
B. European Council
C. European Community
D. European Committee

ব্যাখ্যা : • ইউরোপীয় কমিশন হল ইউরোপীয় ইউনিয়নের একটি অঙ্গসংস্থা।
• ইউরোপীয় কমিশনের সদর দপ্তর ব্রাসেলস ও লুক্সেমবার্গ এ অবস্থিত।
**Ans : A.**

**11.** **Which is the International Day for the Elimination of Racial Discrimination?**
A. 18 March B. 20 March
C. 21 March D. 23 March

ব্যাখ্যা : আন্তর্জাতিক বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবস-

| তারিখ | দিবসের নাম |
|---|---|
| ২১ মার্চ | আন্তর্জাতিক বর্ণবৈষম্য বিলোপ দিবস |
| ৭ এপ্রিল | বিশ্ব স্বাস্থ্য দিবস |
| ৩১ মে | বিশ্ব তামাকমুক্ত দিবস |
| ২৩ জুন | অলিম্পিক দিবস |
| ২৯ জুলাই | বিশ্ব বাঘ দিবস |
| ৯ আগস্ট | আন্তর্জাতিক আদিবাসী দিবস |
| ৮ সেপ্টেম্বর | আন্তর্জাতিক সাক্ষরতা দিবস |
| ১০ অক্টোবর | বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস |
| ১ ডিসেম্বর | বিশ্ব এইডস দিবস |
| ৯ ডিসেম্বর | আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস |

**Ans : C.**

**12.** **Which is the official name of Nigeria?**
A. Republic of Nigeria
B. Federal Republic of Nigeria
C. African State of Nigeria
D. African Union of Nigeria

ব্যাখ্যা: • নাইজেরিয়া আফ্রিকার অন্যতম খনিসমৃদ্ধ দেশ।
• নাইজেরিয়ার রাজধানী আবুজা, নাইজেরিয়ার সরকারব্যবস্থা রাষ্ট্রপতি শাসিত।
• নাইজেরিয়ার বিমান সংস্থার নাম ভার্জিন নাইজেরিয়া এয়ারলাইন্স।
**Ans : B.**

**13.** **Approximately how many people were killed in the Rwandan genocide?**
A. 750,000 B. 800,000
C. 850,000 D. 900,000

ব্যাখ্যা: • রুয়ান্ডায় ১৯৯৪ সালের এপ্রিল থেকে জুলাই এর মধ্যে 'তুতসি' সম্প্রদায়ের উপর গণহত্যা চালানো হয়।
**২১.** **নিচের বিবরণ থেকে কোন সিদ্ধান্তটি নিঃসৃত হয়?**
**বিবরণ : কিছু তরবারি ধারালো। সব তরবারি জং ধরা।**
**সিদ্ধান্ত : ১. কিছু জংধরা বস্তু ধারালো।**
**২. কিছু জং ধরা বস্তু ধারালো নয়।**

A. কেবল সিদ্ধান্ত ১ নিঃসৃত হয় B. কেবল সিদ্ধান্ত ২ নিঃসৃত হয়
C. উভয় সিদ্ধান্তই নিঃসৃত হয় D. কোনো সিদ্ধান্তই নিঃসৃত হয় না

ব্যাখ্যা : বিবরণে বলা হয়েছে সব জং ধরা তরবারির মধ্যে কিছু তরবারি ধারালো তার মানে এটা দাড়ায় যে জং ধরা বস্তুর মধ্যে কিছু ধারালো এবং কিছু ধারালো নয়।
**Ans : C.**

**২২.** **কোন যুক্তিটি সবল?**
**বিবরণ: কেবল যোগ্য লেখকদের গ্রন্থই কি প্রকাশিত হওয়া উচিত?**
**যুক্তি ১: হ্যাঁ, কারণ এতে কাগজের অনেক সাশ্রয় হবে।**
**যুক্তি ২: না, কারণে কে যোগ্য আর অযোগ্য লেখক তার মধ্যে কোনো সীমারেখা টানা সম্ভব নয়।**

A. কেবল যুক্তি ১ সবল B. কেবল যুক্তি ২ সবল
C. কোনো যুক্তিই সবল না D. উভয় যুক্তিই সবল

ব্যাখ্যা : লেখা প্রকাশের ক্ষেত্রে কাগজের সাশ্রয় এর ব্যাপারটি প্রকাশকের তাই এটি বিবেচনার বিষয় হচ্ছে প্রকাশকের। কিন্তু কে যোগ্য বা কে অযোগ্য তা কীভাবে বিবেচনা করা যাবে। মাপকাঠি কী।
**Ans : B.**

**২৩.** **উল্লেখিত বিবরণটির ক্ষেত্রে নিচের কোন তথ্যটি সত্য?**
**বিবরণ: হকার শফিউলের একটি পেপার-রুট আছে। প্রতিদিন ভোরে সে প্রতিবেশি ৩৭ জন গ্রাহকের বাসায় পত্রিকা পৌঁছে দেয়। এতে তার ৫০ মিনিট সময় লাগে। যদি শফিউলের অন্য কোনো কাজ থাকে বা সে অসুস্থ থাকে তবে, তার বন্ধু আশরাফুল, একই গলিতে যার বাসা, তার পক্ষে পত্রিকা পৌঁছে দেয়।**

A. শফিউল ও আশরাফুল প্রতিবেশী

B. ৩৭ টি বাসায় পত্রিকা পৌঁছাতে আশরাফুলের ৫০ মিনিটের বেশি সময় লাগে

C. শফিউল পত্রিকা বিলি করা শুরু করে সুবেহ সাদিকের আগে

D. আশরাফুলের নিজস্ব একটি পেপার-রুট আছে

ব্যাখ্যা : বিবরণে বলাই হয়েছে আশরাফুল শফিউলের বন্ধু এবং তার বাসা ও একই গলিতে তাই তারা প্রতিবেশী।
**Ans : A.**

**২৪.** **৩ হচ্ছে একটি সংখ্যার ১২%, তাহলে একই সংখ্যার ২০% কত হবে?**

A. ৪ B. ৫ C. ৭ D. ১০

ব্যাখ্যা : মনে করি, সংখ্যাটি = x

ও সংখ্যাটির ১২%, ৩ হলে $\Rightarrow$ x এর $\frac{১২}{১০০} = ৩ \Rightarrow x = ২৫$

$\therefore$ ২৫ এর ২০% = ২৫ এর $\frac{২০}{১০০} = ৫$

**Ans : B.**

**২৫.** **অপরাধ দমন ব্যবস্থা পাল্টানো উচিত। এই ব্যবস্থা আরো ন্যায় সংগত হতে পারে যদি অভিযুক্তকে মুখোমুখি করার ব্যবস্থা করা হয়। এ ছাড়াও, অভিযুক্ত ও অভিযোগকারীর মধ্যে যদি মধ্যস্থতা করার ব্যবস্থা করা হয় তবে অভিযুক্ত অনুতপ্ত হবার সুযোগ লাভ করে।**
**এই অনুচ্ছেদ নিচের কোন বিবরণটিকে সমর্থন করে?**

A. অভিযুক্তকে ক্ষমা করতে পারা উচিত

B. অভিযোগকারীর অধিকার আছে অভিযুক্তের মুখোমুখি হবার

C. অভিযোগকারীর মধ্যস্থতা করতে পারা শেখা দরকার

D. অভিযোগকারীর অধিকার আছে অভিযুক্তকে কিছু বলা

**Ans : C.**

## নাটক ও নাট্যতত্ত্ব

**০১.** **'প্রসেনিয়াম' হলো-**

A. এক দিক খোলা B. দুই দিক খোলা
C. তিন দিক খোলা D. চার দিক খোলা

ব্যাখ্যা : • প্রসেনিয়াম হল তিন দিক খোলা নাট্যমঞ্চ।
• প্রাচীন গ্রীক নাট্যমঞ্চ প্রসেনিয়াম ধাচের ছিল।
**Ans : C.**

**০২.** **কোন প্রযোজনাটি 'থিয়েটার' এর নয়-**

A. পায়ের আওয়াজ পাওয়া যায় B. ঘরে বাইরে
C. সুবচন নির্বাসনে D. গিনিপিগ

ব্যাখ্যা : • "ঘরে বাইরে" রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি রাজনৈতিক উপন্যাস।
• "পায়ের আওয়াজ পাওয়া যায়" একটি মুক্তিযুদ্ধভিত্তিক কাব্যনাট্য যার রচয়িতা সৈয়দ শামসুল হক।
• 'সুবচন নির্বাসনে' আব্দুল্লাহ আল মামুন রচিত একটি নাটক।
• মামুনুর রশীদ রচিত "গিনিপিগ" একটি নাট্য প্রযোজনা।
**Ans : B.**

CamScanner

**০৩** 'সূত্রধর' মানে হল-

A. সুতার কাজ করে যারা
B. সুতা দ্বারা তৈরি
C. গল্প বা পালার সূত্র ধরিয়ে দেন যিনি
D. সুতা দিয়ে বাঁধা

ব্যাখ্যা : • সাধারণত নাটকের ক্ষেত্রে গল্প বা পালার সূত্র যিনি ধরিয়ে দেন তাকে সূত্রধর বলা হয়।
• যাত্রাশিল্পে এর প্রচলন বেশী দেখা যায়।
Ans : C.

**০৪** নিম্নের কারা অভিনয় শিল্পী নন?

A. শিশির ভাদুড়ি, শম্ভু মিত্র, অহীন্দ্র চৌধুরী
B. যোগেন চৌধুরী, ছবি বিশ্বাস, শিশির ভাদুড়ি
C. নির্মলেন্দু লাহেড়ি, বিজন ভট্টাচার্য, শম্ভু মিত্র
D. উৎপল দত্ত, অহীন্দ্র চৌধুরী, ছবি বিশ্বাস

ব্যাখ্যা : • নির্মলেন্দু লাহিড়ি ভারতের পশ্চিমবঙ্গের একজন বিখ্যাত নাট্যকার।
• বিজন ভট্টাচার্য বাংলাদেশের একজন নাট্যকার ও অভিনেতা।
• শম্ভু মিত্র একজন ভারতীয় বিখ্যাত নাটক রচয়িতা, নির্দেশক ও অভিনেতা।
Ans : C.

**০৫** 'শিবের গাজন' কী?

A. চৈত্রের শেষে শিবের উৎসব
B. শিব বিষয়ে গল্পকথন
C. শিবের বসার স্থান
D. শিব বিষয়ক একটি নাটক

ব্যাখ্যা: • চৈত্র মাসের শেষে শিবপূজা উপলক্ষে প্রচলিত গীতধর্মী আয়োজনই শিবের গাজন নামে পরিচিত।
• এই লোকজ অনুষ্ঠান বাংলাদেশ ও পশ্চিমবঙ্গের হিন্দু ধর্মাবলম্বীদের মধ্যে প্রচলিত।
Ans : A.

**০৬** 'ঘরানা' বলতে বোঝায়-

A. বংশমর্যাদা সম্পন্ন পরিবার
B. জাঁকজমক বাড়িঘর
C. বড় বড় ঘর
D. যাদের অনেক বেশি ঘর আছে

ব্যাখ্যা : • ঘরানা অর্থ বংশমর্যাদা সম্পন্ন পরিবার।
• তবে ভারতীয় সংগীতের ক্ষেত্রে ঘরানা বর্তমানে বেশী প্রচলিত শব্দ যা শাস্ত্রীয় সংগীতের বৈচিত্র্যকে তুলে ধরে।
Ans : A.

**০৭** 'সারিগান' হলো-

A. মাঝিদের গান
B. সারিবদ্ধ দাঁড়িয়ে গান
C. ফসল কাটার গান
D. গাছ কাটার গান

ব্যাখ্যা : • বাংলাদেশের অন্যতম লোকগান হল সারিগান।
• ফসল কাটার মৌসুমে কৃষকদের সমবেত গানকে সারিগান বলা হয়ে থাকে।
• মধ্যযুগে কবি বিজয় গুপ্তের পদ্মপুরানে প্রথম সারি গানের উল্লেখ পাওয়া যায়।
Ans : C.

**০৮** ওস্তাদ হরিপদ চৌরাশিয়া একজন বিখ্যাত-

A. গানের ওস্তাদ
B. সরোদ বাদক
C. বাঁশি বাদক
D. তবলা বাদক

ব্যাখ্যা: • ওস্তাদ হরিপ্রসাদ চৌরাশিয়ার ভারতের ধ্রুপদী ধর্মী বিখ্যাত বাঁশিবাদক।
• হরিপ্রসাদ চৌরাশিয়ার জন্ম ভারতের উত্তর প্রদেশের এলাহাবাদে।
• তিনি ওস্তাদ আলাউদ্দীন খার মেয়ে অন্নপূর্ণা দেবীর নির্দেশনা লাভ করেন।
Ans : C.

**০৯** নবান্ন নাটকের রচয়িতা-

A. বিজন ভট্টাচার্য
B. রবীন্দ্রনাথ ঠাকুর
C. উৎপল দত্ত
D. মাইকেল মধুসূদন দত্ত

ব্যাখ্যা : • নবান্ন নাটকটির বিষয় পঞ্চাশের মন্বন্তর (১৯৪৩ সালের দুর্ভিক্ষ)।
• ১৯৪৪ সালে শম্ভু মিত্রের পরিচালনায় বিজন ভট্টাচার্যের লেখা এই নাটকটি প্রথম মঞ্চস্থ হয়।
• নাটকটির প্রধান চরিত্রের নাম প্রধান সমাদ্দার।
Ans : A.

**১০** কোন চিত্রশিল্পী দুর্ভিক্ষের ছবি এঁকে স্মরণীয় হয়ে আছেন?

A. কামরুল হাসান
B. জয়নুল আবেদীন
C. যামিনী রায়
D. রফিকুন নবী

ব্যাখ্যা : • জয়নুল আবেদীনকে শিল্পাচার্য বলা হয়।
• ১৯৪৩ সালের মন্বন্তর নিয়ে তিনি 'দুর্ভিক্ষ' চিত্রকর্ম আঁকেন।
• তার বিখ্যাত চিত্রকর্ম হল : দুর্ভিক্ষ, সাওতাল রমনী, সংগ্রাম, নবান্ন ইত্যাদি।
Ans : B.

**১১** তরঙ্গভঙ্গ নাটকটি কার লেখা?

A. সৈয়দ ওয়ালীউল্লাহ
B. সৈয়দ শামসুল হক
C. আব্দুল্লাহ আল মামুন
D. সেলিম আল দীন

ব্যাখ্যা : • সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত নাটক : বহিপীর, তরঙ্গভঙ্গ, সুড়ঙ্গ।
• সৈয়দ শামসুল হকের নাটক: পায়ের আওয়াজ পাওয়া যায়, নুরুলদীনের সারাজীবন।
• আব্দুল্লাহ আল মামুন রচিত নাটক: সুবচন নির্বাসনে, এখনও দুঃসময়, সেনাপতি, তৃতীয় পুরুষ ইত্যাদি।
• সেলিম আল দীনের নাটক: কিত্তনখোলা, কৈরবী কন্যার মন, প্রাচ্য, নিমজ্জন, চাকা, হরগজ ইত্যাদি।
Ans : A.

**১২** দি থ্রি পেনি অপেরা কার নাটক?

A. ব্রেখট
B. বেকেট
C. চেখভ
D. ইবসেন

ব্যাখ্যা : • দি থ্রি পেনি অপেরা একটি গীতিনাট্য যার নির্দেশক ব্রেখট।
• এটি ১৮ শতাব্দীতে জন গে এর লেখা 'দ্যা বেগারস অপেরা' নাটক থেকে জার্মান নাট্যকার এলিজাবেথ হপমানের অনুবাদ থেকে গৃহিত।
• নাটকে গান ও সুর সংযোজিত করেন ব্রেখট।
Ans : A.

**১৩** মৃচ্ছকটিক নাটকের রচয়িতা-

A. কালিদাস
B. ভবভূতি
C. শূদ্রক
D. ভাস

ব্যাখ্যা: • মৃচ্ছকটিক একটি দশ অঙ্কের সংস্কৃত ভাষার নাটক যার রচয়িতা শূদ্রক।
• শূদ্রক খ্রিস্টপূর্ব ২০ শতাব্দী থেকে খ্রিস্টীয় ৫ম শতাব্দীর মধ্যে ছিলেন।
• নাটকটি খ্রিস্টপূর্ব ৫ম শতকে প্রদ্যোৎ সম্রাজ্যের পতনকালে উজ্জয়িনী নামক প্রাচীন নগরের প্রেক্ষাপটে রচিত।
Ans : C.

**১৪** হোমার কোন দেশের?

A. গ্রিস
B. ইতালি
C. ফ্রান্স
D. হল্যান্ড

ব্যাখ্যা : • হোমার প্রাচীন গ্রিসের মহাকবি। তিনি খ্রিস্টপূর্ব অষ্টম শতাব্দীতে বর্তমান ছিলেন।
• হোমার 'ইলিয়ড' ও 'ওডিসি' মহাকাব্য ও 'হোমারীও স্তোত্রাবলির রচয়িতা'।
Ans : A.

**১৫** 'রাসলীলা' কোন নৃগোষ্ঠীর উৎসব অনুষ্ঠান-

A. চাকমা
B. মারমা
C. সাঁওতাল
D. মনিপুরী

ব্যাখ্যা : • মনিপুরীদের সবচেয়ে বড় উৎসব হল রাসলীলা বা রাস উৎসব।
• অষ্টাদশ শতাব্দীতে মনিপুরের রাজা ভাগ্যচন্দ্র প্রবর্তিত শ্রীকৃষ্ণের রাসলীলানুকরন বা রাসপূর্নিমা বাংলাদেশে দেড়শ বছর ধরে পালিত হয়ে আসছে।
• কার্তিক মাসের পূর্নিমা তিথিতে মৌলভীবাজার জেলার মাধবপুর রাসলীলা উৎসব হয়।
Ans : D.

**১৬.** ৫ + ১১ + ১৯ + ২৯ + ....... পরের সংখ্যাটি কত?

A. ৩৫ B. ৩৭ C. ৩৯ D. ৪১

ব্যাখ্যা : ৫ + ১১ + ১৯ + ২৯ + ..........
এখানে, $১ + ২^২ = ৫$
$২ + ৩^২ = ১১$
$৩ + ৪^২ = ১৯$
$৪ + ৫^২ = ২৯$
$৫ + ৬^২ = ৪১$
∴ পরবর্তী সংখ্যাটি ৪১।
**Ans : D.**

**১৭.** 'সবকটা জানালা খুলে দাও না, আমি গাইব বিজয়েরই গান'- গানটির সুরকার কে?

A. নজরুল ইসলাম বাবু B. আহমেদ ইমতিয়াজ বুলবুল
C. আব্দুল জাব্বার D. সেলিম আশরাফ

ব্যাখ্যা : • 'সবকটা জানালা খুলে দাওনা' গানটির গীতিকার আহমেদ ইমতিয়াজ বুলবুল। তিনি মুক্তিযুদ্ধকালীন সময়ে এটি রচনা করেন।
• এই গানটি গেয়েছেন বিখ্যাত শিল্পী সাবিনা ইয়াসমীন।
**Ans : B.**

**১৮.** বাংলাদেশের পিতামাতা তাদের কন্যা সন্তানকে অল্প বয়সে পাত্রস্থ করার জন্য উদ্যোগ নেয়। মেয়ের সুখ-স্বাচ্ছন্দ্যের জন্য তারা বিরাট অঙ্কের যৌতুক দিতে কার্পণ্য করে না। কিন্তু বাস্তবে প্রায়ই তা ঘটে না। স্বামীগৃহে তারা নিগৃহীত ও অপমানিত হয়। বাংলাদেশের পিতামাতা তাদের মেয়ের ---- দিকটা অবহেলা করে।

A. শিক্ষা B. বয়স C. স্বাস্থ্য D. বরের যোগ্যতা

ব্যাখ্যা : অল্প বয়সে মেয়েকে বিয়ে দিলে তা মেয়ের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের ক্ষতি করতে পারে। তাই বয়সকে প্রাধান্য দেয়া উচিৎ।
**Ans : B.**

**১৯.** বিদেশী ভাষার কাহিনিচিত্র অন্য ভাষার অঞ্চলে প্রদর্শনের সময় সেই ভাষার মূল ছবির সংলাপ দৃশ্যের ওপর, ফ্রেমের নিচের দিকে বাক্যলিপি হিসেবে মুদ্রিত করে দিলে তাকে বলে-

A. সিম্বল B. টাইপেজ C. সাবটাইটেল D. ফিলটার

ব্যাখ্যা : • বিদেশী ভাষার কাহিনীচিত্র বুঝতে ফ্রেমের নিচে দর্শকদের বোধগম্য ভাষা সংযুক্ত করা হয়। একে সাবটাইটেল বলে।
• সাবটাইটেলের মাধ্যমে কাহিনী বুঝতে দর্শকের সুবিধা হয়।
**Ans : C.**

**২০.** গ্রিনিচ মান সময় অপেক্ষা বাংলাদেশের সময়-

A. ৬ ঘন্টা পরে B. ৬ ঘন্টা আগে
C. ১২ ঘন্টা পরে D. ১২ ঘন্টা আগে

ব্যাখ্যা : • গ্রীনিচ মান সময় আন্তর্জাতিক মানদন্ডে প্রণীত সময় পদ্ধতি।
• ইংল্যান্ডের গ্রীনিচ শহরকে কেন্দ্র ধরে সারাবিশ্বের সময় হিসাব করা হয়।
**Ans : B.**

**২১.** ---- ছাড়া নাগরিক হওয়া অসম্ভব।

A. রাষ্ট্র B. পাসপোর্ট
C. ভোটাধিকার D. জাতীয় পরিচয়পত্র

ব্যাখ্যা : নাগরিক হতে হলে কোন নির্দিষ্ট রাষ্ট্র প্রয়োজন হয়। রাষ্ট্র ছাড়া নাগরিক অসম্ভব।
**Ans : A.**

**২২.** 'আমি বাংলায় গান গাই আমি বাংলার গান গাই'- গানটির গীতিকার কে?

A. পরেশ চন্দ্র ধর B. মুকুন্দ দাস
C. প্রতুল মুখোপাধ্যায় D. দ্বিজেন্দ্রলাল রায়

ব্যাখ্যা : • আমি বাংলায় গান গাই, গানটির গীতিকার ও সুরকার হলেন প্রতুল মুখোপাধ্যায়।
• এ গানটি বাংলাদেশের জনপ্রিয় শিল্পী মাহমুদুজ্জামান বাবু গেয়েছেন।
**Ans : C.**

**২৩.** প্রাচীনকালে যুদ্ধক্ষেত্রে কোন বাদ্যযন্ত্রের ব্যবহার বহুল প্রচলিত ছিল?

A. বাঁশি B. তবলা C. পাখোয়াজ D. রণভেরী

ব্যাখ্যা : • যুদ্ধক্ষেত্রে সৈন্যদের মনোবল বৃদ্ধি বা যুদ্ধ শুরুর সংকেত হিসেবে রণভেরী বাজানো হত।
• এটি প্রাচীন কালের একটি বাদ্যযন্ত্র।
**Ans : D.**

**২৪.** মুনির চৌধুরী ছিলেন-

A. অধ্যাপক, গবেষক, আমলা B. ভাষা বিজ্ঞানী, অধ্যাপক, লেখক
C. আমলা, শিক্ষক, রাজনীতিবিদ D. শিক্ষক, মুক্তিযোদ্ধা, রাজনীতিবিদ

ব্যাখ্যা : • মুনীর চৌধুরী একজন বাংলাদেশী শিক্ষাবিদ, নাট্যকার, ভাষাবিজ্ঞানী, অধ্যাপক ও বাগ্মী শহীদ বুদ্ধিজীবি।
• তার বিখ্যাত নাটক 'কবর', 'রক্তাক্ত প্রান্তর'।
• ১৪ ডিসেম্বর ১৯৭১ সালে পাকিস্তানী হানাদার বাহিনীর হাতে তিনি শহীদ হন।
**Ans : B.**

**২৫.** রক্তাক্ত প্রান্তর নাটকে নিচের সংলাপটি কে বলেছে? 'তোমাকে অদেয় কিছুই নেই।'

A. আহমদ শাহ আবদালী B. রহিম শেখ
C. ইব্রাহিম কার্দি D. হিরণবালা

ব্যাখ্যা : • 'রক্তাক্ত প্রান্তর' নাটকটির রচয়িতা মুনীর চৌধুরী।
• এটি ১৯৬২ সালে প্রকাশিত হয়।
• পানিপথের তৃতীয় যুদ্ধ এই নাটকের উপজীব্য।
**Ans : C.**

## প্রত্নতত্ত্ব

**০১.** অক্ষীয় কঙ্কালের একটি অস্থি-

A. হিউমেরাস B. স্টার্নাম C. কার্পাল D. ফ্যালাঞ্জেস

ব্যাখ্যা : • মানবদেহের কঙ্কালতন্ত্র ২ ধরনের। যথা: অক্ষীয় কঙ্কাল এবং উপাঙ্গীয় কঙ্কাল।
• অক্ষীয় কঙ্কালে অস্থি ৮০ টি এবং উপাঙ্গীয় কঙ্কালে অস্থি- ১২৬ টি।
• অক্ষীয় কঙ্কালের অস্থির উদাহরণ হল: স্টার্নাম, কশেরুকা। উপাঙ্গীয় কঙ্কালের অস্থির উদাহরণ হল : ক্লাভিকল, হিউমেরাস, ফ্যালাঞ্জেস, কার্পাল।
**Ans : B.**

**০২.** মহাস্থানগড়ে যে সুফির সমাধি রয়েছে তার নাম-

A. বাবা আদম শহীদ B. শাহ সুলতান বলখী
C. শাহ সুলতান রুমি D. করফউদ্দীন আবু তাওয়ামা

ব্যাখ্যা : • শাহ সুলতান বলখী ১৪ শতাব্দীর একজন মুসলিম ধর্ম প্রচারক।
• তিনি ১৪ শতাব্দীতে পুণ্ড্রবর্ধনের রাজা পরশুরামকে পরাজিত করেন।
• বগুড়ার মহাস্থানগড়ে শাহ সুলতান বলখীর মাজার রয়েছে।
**Ans : B.**

**০৩.** কাঁঠালের বৈজ্ঞানিকনাম-

A. Artocarpus heterophyllus B. Artocarpus chaplasha
C. Artocarpus lacucha D. Mangifera indica

ব্যাখ্যা : কতিপয় গুরুত্বপূর্ণ বৈজ্ঞানিক নাম-

| বিষয় | বৈজ্ঞানিক নাম |
|---|---|
| কাঁঠাল | *Artocarpus heterophyllus* |
| শাপলা | *Nymphaea nauchalli* |
| দোয়েল | *Copsychus saularies* |
| ইলিশ | *Tenualosa illisha* |
| রয়েল বেঙ্গল টাইগার | *Panthera tigris* |
| মানুষ | *Homo sapiens* |

**Ans : A.**

CamScanner

**০৪.** রামচরিতম রচনা করেন-

A. সন্ধ্যাকার নন্দী
B. কালিদাস
C. শান্তি রক্ষিত
D. অশ্বঘোষ

ব্যাখ্যা : • সন্ধ্যাকর নন্দী বাংলার পাল শাসনামলের একজন কবি। • তিনি পাল বংশের শ্রেষ্ঠ রাজা রামপালকে নিয়ে 'রামচরিতম' নামক মহাকাব্য রচনা করেন।
• হরপ্রসাদ শাস্ত্রী এটি আবিষ্কার করেন।
**Ans : A.**

**০৫.** গুপ্ত সাম্রাজ্যের প্রশাসনের সর্বনিম্ন একক ছিল-

A. ভুক্তি
B. মণ্ডল
C. বিষয়
D. গ্রাম

ব্যাখ্যা : • গুপ্ত সাম্রাজ্যকে ভারতের স্বর্ণযুগ বলা হয়।
• গুপ্ত সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা ছিলেন মহারাজ শ্রীগুপ্ত।
• গুপ্ত সাম্রাজ্যে ভারতে ধ্রুপদী শিল্পের বিকাশ ঘটে।
**Ans : D.**

**০৬.** নিচের কোনটি বাংলাদেশের সাম্প্রতিককালে গড়ে ওঠা ভূমিরূপ?

A. লালমাই পাহাড়
B. বরেন্দ্র ভূমি
C. তিস্তা পলল ভূমি
D. দক্ষিণ উপকূলীয় সমভূমি

ব্যাখ্যা : • বাংলাদেশের ভূপ্রকৃতিতে তিন ভাগে ভাগ করা যায়। যথা : টারশিয়ারী যুগের পাহাড়, প্লাইস্টোসিন সোপান ও নবীন প্লাবন ভূমি।
• বরেন্দ্রভূমি প্লাইসটোসিন সোপানের উদাহরণ।
• বাংলাদেশের সিলেট ও চট্টগ্রাম অঞ্চলের পাহাড়সমূহ টারশিয়ারী যুগের পাহাড়।
• উপকূলীয় এলাকা প্লাবন সমভূমির অন্তর্গত।
**Ans : D.**

**০৭.** নিচের কোন দুইটি নদী এক সাথে মিলিত হয় নাই?

A. পদ্মা-যমুনা
B. পদ্মা-মেঘনা
C. পদ্মা-শীতলক্ষ্যা
D. যমুনা-ধলেশ্বরী

ব্যাখ্যা : বাংলাদেশের কয়েকটি নদীর মিলনস্থল-

| নদীসমূহের নাম | মিলিত স্থান |
|---|---|
| পদ্মা ও যমুনা | দৌলতদিয়া, গোয়ালন্দ (রাজবাড়ি) |
| পদ্মা ও মেঘনা | চাঁদপুর |
| সুরমা ও কুশিয়ারা | আজমিরীগঞ্জ, হবিগঞ্জ |
| হালদা ও কর্ণফুলী | রাউজান, চট্টগ্রাম |
| ধলেশ্বরী ও মেঘনা | মুন্সীগঞ্জ |
| পুরাতন ব্রহ্মপুত্র ও মেঘনা | ভৈরব, কিশোরগঞ্জ |

**Ans : C.**

**০৮.** দক্ষিণ এশিয়ায় প্রথম নগর জীবনের উন্মেষ ঘটে-

A. কাবেরি অববাহিকায়
B. গাঙ্গেয় অববাহিকায়
C. মেঘনা অববাহিকায়
D. সিন্ধু অববাহিকায়

ব্যাখ্যা : • দক্ষিণ এশিয়ায় প্রথম নগরজীবনের উন্মেষ ঘটে সিন্ধু অববাহিকায়, যা সিন্ধু সভ্যতা নামে পরিচিত।
• এটি একটি ব্রোঞ্জ যুগীয় সভ্যতা যা ৩৩০০-১৩০০ খ্রিস্টপূর্বাব্দ জুড়ে বিদ্যমান ছিল।
• নগরকেন্দ্রিক সভ্যতা বা নগরের পত্তন এই সভ্যতায় ঘটে।
**Ans : D.**

**০৯.** কান্তনগর দুর্গ অবস্থিত-

A. দিনাজপুরের কাহারোলে
B. দিনাজপুরের বিরামপুরে
C. দিনাজপুরের ঘোড়াঘাটে
D. দিনাজপুরের বীরগঞ্জে

ব্যাখ্যা : • কান্তনগর দুর্গ বা কান্তজির মন্দির দিনাজপুরে অবস্থিত ১৮ শতকে নির্মিত চমৎকার স্থাপনা।
• এটি ১৭৫২ সালে স্থাপন করা হয়। এটি মহারাজা রামনাথ প্রতিষ্ঠা করেন।
**Ans : A.**

**১০.** শূর্পনখা চরিত্রটি পাওয়া যায়-

A. মহাভারতে
B. রামায়ণে
C. অর্থশাস্ত্রে
D. হর্ষচরিতে

ব্যাখ্যা : • রামায়ন একটি প্রাচীন সংস্কৃত মহাকাব্য যার রচয়িতা বাল্মীকি।
• এটি হিন্দুশাস্ত্রের স্মৃতি বর্গের অন্তর্গত।
• রামায়ন ৭টি কান্ডে বিভক্ত। রামায়নের প্রধান চরিত্র সমূহ হল : রাম, সীতা, লক্ষণ, হনুমান, রাবন, শূপনখা, দশরথ, ভরত, শত্রুঘ্ন।
**Ans : B.**

*নিচের অনুচ্ছেদটি পড়ে উত্তরগুলো দাও (১১-১৭):*

Abu Hureyra, one of the earliest farming villages in the world, was excavated by Endrew Moore and a team of researchers in the 1970s. Thanks to state-of-the-art science especially flotation, we know much about the transition from foraging to farming at abu Hureyra. The first village of pit houses with reed roofs was built in about 11,500 B.C.and flourished for five hundred years. The climate was damper and warmer than today. Abu Hureyra lay in well-wooded steppe, where animals and wild cereals were abundant. The hamlet lay close to woodland and open country and to the fertile floodplain, where wild cereal grasses could be harvested. Each spring, Abu Hureyra's hunters preyed on thousands of migrating Persian gazelle, which moved northward with changing season. They killed thousands of them and dried the meat for later use. With such a favorable location, Abu Hureyra incresed in size to 300-400 people, until a long drought cycle and perhaps deforestation due to heavy firewood consumption caused abandonment of the settlement. About 9700 B.C., another village rose on the same site. This was a much larger village that grew to cover nearly 30 acres (l2ha). At first the inhabitants still hunted gazelle intensively. Then, about 9000 B. C., within the span of a generation or so, they switched over to herding domesticated and goats and to growing cereal crops.

**১১.** আবু হুরেইরা হল-

A. পৃথিবীর প্রাচীনতম কৃষিনির্ভর গ্রাম
B. অন্যতম প্রাচীনতম কৃষিনির্ভর গ্রাম
C. পৃথিবীর প্রাচীনতম কৃষিনির্ভর গ্রাম
D. উপরের সবগুলোই

ব্যাখ্যা : Passage এর প্রথম বাক্যে উল্লেখ আছে Abu Hureyra, one of the earliest forming villages in the word.
অর্থাৎ অন্যতম প্রাচীনতম কৃষিনির্ভর গ্রাম (কারণ one of the থাকায়- "অন্যতম" কথাটি ব্যবহৃত হবে।
**Ans : B.**

**১২.** প্রতি বসন্তে আবু হুরেইরা -এর শিকারীরা-

A. গজলা হরিণ শিকারের জন্য প্রার্থনা করত
B. গজলা হরিণকে পর্যবেক্ষণ করত
C. গজলা হরিণকে উত্তর দিকে তাড়িয়ে নিত
D. গজলা হরিণ শিকার করত

ব্যাখ্যা : Passage এর সপ্তম বাক্যে উল্লেখ আছে যে, প্রতি বসন্তে আবু হুরেইরা-র শিকারীরা হরিণ (Gazelle) শিকার করতে (Prey on/upon)।
**Ans : D.**

CamScanner

**১৩.** আবু হুরেইরা বৃক্ষশূন্য হয়ে পড়েছিল-

A. ভারী জ্বালানী কাঠ ব্যবহারের জন্য
B. দীর্ঘ খরার কারণ
C. মাত্রাতিরিক্ত জ্বালানী কাঠ ব্যবহারের জন্য
D. দীর্ঘ খরা চক্র ও ভারী জ্বালানী কাঠ ব্যবহারের জন্য

ব্যাখ্যা : Passage এর দশম বাক্যে উল্লেখ আছে যে তারা heavy Firewood (জ্বালানিকাঠ) Consumption এর মাধ্যমে Deforestation (বনউজাড়) করে ফেলত।
**Ans : C.**

**১৪.** উপরের অনুচ্ছেদটির যথাযথ শিরোনাম হতে পারে:

A. The Causes of Abandonment of Abu Hureyra
B. The Earliest Farming Village
C. Abu Hureyra - Farming to Farming
D. The Hunters of Abu Hureyra

ব্যাখ্যা : Passage টি যেহেতু Abu Hureyra নামক একটি অন্যতম প্রাচীন কৃষি নির্ভর গ্রামকে কেন্দ্র করে সুতরাং এটির শিরোনাম হতে পারে- "The Earliest Farming Village".
**Ans : B.**

**১৫.** অনুচ্ছেদে State-of-art-science বলতে বোঝানো হয়েছে-

A. শিল্পকলা ও বিজ্ঞানের বিশেষ মর্যাদাকে
B. শিল্পকলা ও বিজ্ঞানের বিশেষ রূপকে
C. শিল্পকলা ও বিজ্ঞানের বিভিন্ন পর্যায়কে
D. উপরের কোনটিকেই নয়

ব্যাখ্যা : Passage এর দ্বিতীয় বাক্যের "State of the art science" phrase টি দ্বারা শিল্প কলা ও বিজ্ঞানের বিভিন্ন পর্যায়কে বোঝানো হয়েছে।
**Ans : C.**

**১৬.** আবু হুমাইরা-এর ক্ষেত্রে কোন বক্তব্যটি সত্য নয়-

A. বর্তমানের তুলনায় স্যাঁতস্যাঁতে ও শুষ্ক ছিল
B. পর্যাপ্ত পরিমাণে প্রাণী ও বুনো শস্য পাওয়া যেত
C. সারাবছর সহস্রাধিক গজলা হরিণ শিকার করা যেত
D. এখানে শিকার ভিত্তিক জীবন থেকে কৃষিভিত্তিক জীবনে রূপান্তর ঘটেছিল

ব্যাখ্যা : সারা বছর নয় শুধুমাত্র বসন্তে বা ঋতু পরিবর্তনের সময় গজলা হরিণ শিকার করা যেত এবং হরিণের শুকানো মাংস পরবর্তী সময়ের জন্য সঞ্চয় করা হত।
**Ans : C.**

**১৭.** আবু হুরেইরাতে শিকার থেকে চাষাবাদে রূপান্তর ঘটেছিল-

A. খ্রি. পূ. ১১,৫০০ অব্দে
B. খ্রি. পূ. ৯,৭০০ অব্দে
C. খ্রি. পূ. ৯০০০ অব্দে
D. খ্রি. পূ. ১১,৫০০ থেকে ৯০০০ অব্দের মধ্যে

ব্যাখ্যা : Passage এর শেষ বাক্যে ৯০০০ খ্রিস্ট পূর্বাব্দের কথা উল্লেখ আছে যখন আবু হুইরেরা- শিকার থেকে চাষাবাদের দিকে ঝুঁকে পড়েছিল।
**Ans : C.**

**১৮.** যদি দুটি সংখ্যার অনুপাত ৩ : ৪ এবং সংখ্যাদ্বয়ের যোগফল ৪২০ হয়, তাহলে বৃহত্তম সংখ্যাটি কত?

A. ১৭৫ B. ২০০ C. ২৪০ D. ৩০০

ব্যাখ্যা : ধরা যাক, বৃহত্তম সংখ্যাটি $4x$ এবং ক্ষুদ্রতম সংখ্যাটি $3x$
তাহলে শর্তানুযায়ী, $4x + 3x = 420 \Rightarrow 7x = 420 \therefore x = 60$
$\therefore$ বৃহত্তম সংখ্যাটি $= 4 \times 60 = 240$
**Ans : C.**

**১৯.** 'লজ্জা নারীর ভূষণ' - এই প্রবচনটির তাৎপর্য হলো-

A. নারীরই কেবল লজ্জা থাকবে, পুরুষের থাকার প্রয়োজন নেই
B. সমাজে নারীর লজ্জা না থাকলে উচ্ছন্নে যাবে
C. লজ্জাশীল নারীকে নিয়ন্ত্রণে ও শাসনে রাখা সহজ
D. নারী পুরুষের ইচ্ছামত কিছু কাজে অংশ নেবে

**Ans : B.**

**২০.** তিনটি সংখ্যার গড় v. যদি একটি সংখ্যা z এবং অপর সংখ্যা y হয় তবে তৃতীয় সংখ্যাটি কত?

A. $zy - v$ B. $z - 2z - y$
C. $3v - z - y$ D. $v - z - y$

ব্যাখ্যা : ধরা যাক, ৩য় সংখ্যাটি x

শর্তানুযায়ী, $\frac{x + y + z}{3} = v \Rightarrow x + y + z = 3v$

$\therefore x = 3v - z - y$
**Ans : C.**

**২১.** কোশল-এর রাজধানী ছিল-

A. শ্রাবস্তি B. পাটালীপুত্র
C. তক্ষশীলা D. মথুরা

ব্যাখ্যা : • মহাকাব্য রামায়ন এর সূত্রপাত কোশল রাজ্য থেকে।
• শ্রাবস্তি ছিল কোশল রাজ্যের রাজধানী।
• মহাভারত অনুযায়ী শ্রাবস্তি নগরীর গোড়াপত্তন করেছিলেন সম্রাট শ্রাবস্ত।
**Ans : A.**

**২২.** বাংলাদেশ: ঢাকা হলে নিচের কোন সম্পর্কটি সঠিক-

A. ভারত : কলিকাতা B. পাকিস্তান : করাচি
C. পুণ্ড্রবর্ধন : পুণ্ড্রনগর D. ঢাকা : সাভার

ব্যাখ্যা : • পুণ্ড্র নগরের রাজধানী ছিল পুণ্ড্রবর্ধন।
• আবার, বাংলাদেশের রাজধানী ঢাকা। তাই এই দুটি বিষয় সম্পর্কিত।
**Ans : C.**

**২৩.** সুলতানী আমলে বাংলায় মুদ্রা তৈরির প্রধান ধাতু-

A. স্বর্ণ B. তামা C. রৌপ্য D. ব্রোঞ্জ

ব্যাখ্যা : • বাংলায় স্বাধীন সুলতানী আমল শুরু হয় ১৩৩৮ সালে।
• বাংলায় সুলতানী যুগের অবসান ঘটে ১৫৩৮ সালে।
• সুলতানী আমলে তামার ধাতু প্রচলিত ছিল।
**Ans : B.**

**২৪.** বাংলাদেশের কোন এলাকার ভূমিরূপ হাওড়-বাওড়ে ঘেরা?

A. ফরিদপুরের নিম্নাঞ্চল B. সুনামগঞ্জ-কিশোরগঞ্জ
C. ভোলা-লক্ষীপুর D. বরিশাল-পটুয়াখালি

ব্যাখ্যা : • বাংলাদেশ সিলেট অঞ্চলের সুনামগঞ্জ ও কিশোরগঞ্জ জুড়ে নিচু বৃহৎ জলাশয় রয়েছে যা হাওড় নামে পরিচিত।
• সিলেট অঞ্চলের হাওড় বেসিন এশিয়ার বৃহত্তম জলাশয় এবং বিপুল জীববৈচিত্র্যে সম্পূর্ণ এলাকা।
**Ans : B.**

**২৫.** ভারতে দ্বিতীয় নগরায়ণ কোন সময় ঘটেছিল?

A. ১০০০ খ্রি. পূর্বাব্দ- ৬০০ খ্রিস্টাব্দ
B. ৬০০ খ্রি. পূর্বাব্দ- ৩০০ খ্রিস্টাব্দ
C. ৬০০ খ্রিস্টাব্দ - ৯০০ খ্রিস্টাব্দ
D. ৩০০ খ্রিস্টাব্দ - ৬০০ খ্রিস্টাব্দ

ব্যাখ্যা : • ভারতবর্ষের প্রথম নগরকেন্দ্রিক সভ্যতা হল সিন্ধু সভ্যতা।
• মগধ সাম্রাজ্য কালে ২য় নগরায়নের সূত্রপাত ঘটে।
**Ans : B.**

CamScanner

## বাংলা (বিষয় কোড: 7)

০১. বিলাসীর আত্মহত্যার ব্যাপারটা অনেকের কাছে-
A. পরিতাপের বিষয় হইল
B. পরিহাসের বিষয় হইল
C. পরিত্রাণের বিষয় হইল
D. পরিসমাপ্তির বিষয় হইল

ব্যাখ্যা : 'বিলাসী' রচনার উদ্ধৃতি-
"গ্রামের লোক একবাক্যে বলিতে লাগিল, তাহাতে আর সন্দেহ কী! অনুশাপ। বাপ রে! এর কি আর প্রায়শ্চিত্ত আছে।
বিলাসীর আত্মহত্যার ব্যাপারটা অনেকের কাছে পরিহাসের বিষয় হইল। আমি প্রায় ভাবি, এ অপরাধ হয়তো ইহারা উভয়েই করিয়াছিল, কিন্তু মৃত্যুঞ্জয় তো পল্লিগ্রামেরই ছেলে, পাড়াগাঁয়ের তেলে-জেলেই তো মানুষ। তবু অত বড় দুঃসাহসের কাজে প্রবৃত্ত করিয়াছিলো তাহাকে যে বস্তুটা সেটাকেই একবার চোখ মেলিয়া দেখিতে পাইল না?
Ans : B.

০২. কলিমদ্দি 'দফাদার ইউনিয়ন বোর্ডের দফাদারিতে ঢুকেছিল-
A. বিশ-বাইশ বছর বয়সে
B. সতের-আঠার বছর বয়সে
C. বাইশ-তেইশ বছর বয়সে
D. ছাব্বিশ-সাতাশ বছর বয়সে

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : A.

০৩. 'শত কাফনের, শত কবরের ____ হৃদয়ে ____ শূন্যস্থানের যথার্থ শব্দদ্বয় কোনটি?
A. স্বপ্ন, দেখি
B. স্বপ্ন, আঁকি
C. গল্প, শুনি
D. অঙ্ক, আঁকি

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : D.

০৪. অমিয় চক্রবর্তী 'বাংলাদেশ' কবিতায় 'বহু মিশ্র প্রাণের সংসারে' বলতে বুঝিয়েছেন-
A. সংসারধর্মে বিশ্বাসী বাঙালির প্রেমময় রূপ
B. বাঙালি জাতির বিদ্রোহের বৈচিত্র্য ও বহুমুখিতা
C. বাঙালি জাতির জনবৈচিত্র্যের বহুমুখী সংমিশ্রণ
D. ওপরের সবগুলো

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : C.

০৫. কোন গুচ্ছের সবগুলো গ্রন্থ সুফিয়া কামালের রচনা?
A. সাঁঝের মায়া, মায়া কাজল, কেয়ার কাঁটা, উদাত্ত পৃথিবী
B. সাধের মায়া, মায়া কাজল, কেয়ার কাঁটা, অবাক পৃথিবী
C. সাঁঝের মায়া, মায়া কাজল, বুকের কাঁটা, উদাত্ত পৃথিবী
D. সাধের মায়া, মায়া কাজল, কেয়ার কাঁটা, প্রদীপ্ত পৃথিবী

ব্যাখ্যা : কবি সুফিয়া কামালের উল্লেখযোগ্য:
• কাব্যগ্রন্থ: সাঁঝের মায়া, মন ও জীবন, উদাত্ত পৃথিবী, অভিযাত্রিক, মায়া কাজল, প্রার্থনা, মৃত্তিকার ঘ্রাণ।
• গল্প: কেয়ার কাঁটা।
• শিশুতোষগল্প: ইতল বিতল, নওল কিশোরের দরবারে।
• স্মৃতিকথা: একাত্তরের ডায়েরি।
Ans : A.

০৬. গাভীবিত্তান্ত কোন ধরনের গ্রন্থ?
A. নাটক
B. প্রবন্ধ
C. উপন্যাস
D. ছোটগল্প

ব্যাখ্যা : আহমদ ছফা এর উল্লেখযোগ্য রচনা:
• উপন্যাস- সূর্য তুমি সাথী, ওঙ্কার, গাভী বিত্তান্ত, বিহঙ্গ পুরাণ, অর্ধেক নারী অর্ধেক ঈশ্বরী।
• প্রবন্ধগ্রন্থ- জাগ্রত বাংলাদেশ, বুদ্ধিবৃত্তির নতুন বিন্যাস, বাঙালি মুসলমানের মন।
Ans : C.

০৭. রামায়ণের সঙ্গে সংশ্লিষ্ট নন কে?
A. বাল্মীকি
B. কৃত্তিবাস
C. চন্দ্রাবতী
D. কবীন্দ্র পরমেশ্বর

ব্যাখ্যা : • রামায়ণের রচয়িতা- বাল্মীকি।
• রামায়ণের প্রথম ও শ্রেষ্ঠ অনুবাদক- কৃত্তিবাস ওঝা।
• রামায়ণের প্রথম মহিলা অনুবাদক- চন্দ্রাবতী।
Ans : D.

০৮. গুণরাজ খাঁ কার উপাধি?
A. মালাধর বসু
B. বিজয়গুপ্ত
C. শাহ মুহম্মদ
D. সৈয়দ সুলতান

ব্যাখ্যা : • ভবগতের প্রথম বাংলা অনুবাদক- মালাধর বসু।
• মধ্যযুগে বাংলা সাহিত্যের দ্বিতীয় অনুবাদ গ্রন্থ- শ্রীকৃষ্ণ বিজয়।
• তার উপাধি- গুণরাজ খাঁ।
• অন্য নাম- গোবিন্দবিজয়, গোবিন্দ মঙ্গল নামে।
Ans : A.

০৯. 'সে কেন জলের মতো ঘুরে ঘুরে একা কথা কয়' - চরণটি কার রচনা?
A. কাজী নজরুল ইসলাম
B. জীবনানন্দ দাশ
C. মোহাম্মদ মনিরুজ্জামান
D. শঙ্খ ঘোষ

ব্যাখ্যা : প্রশ্নে উল্লেখিত পঙ্‌ক্তিটি জীবনানন্দ দাশের কবিতা 'বোধ' থেকে নেয়া হয়েছে-
সে কেন জলের মতো ঘুরে ঘুরে একা কথা কয়?
অবসাদ নাই তার? নাই তার শান্তির সময়?
কোনোদিন ঘুমাবে না?
Ans : B.

১০. কোনটি শেক্সপিয়রের রচনা নয়?
A. ম্যাকবেথ
B. আগামেমনন
C. হ্যামলেট
D. মার্চেন্ট অব ভেনিস

ব্যাখ্যা : শেক্সপিয়র এর বিখ্যাত:
• মিলনান্তক নাটক: দ্য মার্চেন্ট অব ভেনিস, দ্য টেমপেস্ট, টুয়েলফথ নাইট, দ্য উইন্টার'স টেল, অল'স ওয়েল দ্যাট এন্ডস ওয়েল।
• ঐতিহাসিক নাটক: কিং জন, রিচার্ড দ্য সেকেন্ড, ম্যাকবেথ, কিং লিয়ার, ওথেলো, অ্যান্টনি অ্যান্ড ক্লিওপেট্রা, জুলিয়াস সিজার, হ্যামলেট ইত্যাদি।
• কবিতা: ভেনাস অ্যান্ড অ্যাডোনিস, দ্য রেপ অব লুক্রেসি ইত্যাদি।
Ans : B.

১১. সান-ইয়াত-সেনের জন্ম-মৃত্যু সাল কোনটি?
A. ১৮৮১-১৯৩৮
B. ১৮৩৮-১৯৪৫
C. ১৮৬৭-১৯২৫
D. ১৮৭০-১৯২৪

ব্যাখ্যা : • সান ইয়াত সেন চীনা প্রজাতন্ত্রের প্রথম রাষ্ট্রপতি।
• জন্ম- ১৮৬৬ মৃত্যু- ১৯২৫।
• ১৯১২ সালে মাঞ্চু রাজবংশ পতন আন্দোলনের নেতৃত্ব দেন তিনি।
Ans : C.

১২. জীবনানন্দ দাশের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ কোনটি?
A. বনলতা সেন
B. ধূসর পাণ্ডুলিপি
C. সাতটি তারার তিমির
D. ঝরা পালক

ব্যাখ্যা : তার প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ- ঝরাপালক (১৯২৮)।
Ans : D.

CamScanner

রধ্বনির ক্ষেত্রে- অ + ই, অ + ঈ, আ + ই, আ + ঈ = এ
মন: যথা + ইষ্ট - যথেষ্ট, গজ + ইন্দ্র - গজেন্দ্র
বার, অ + উ, অ + ঊ, আ + উ, আ + ঊ = ও
মন: গঙ্গা + ঊর্মি - গঙ্গোর্মি, পরম + উৎসব - পরমোৎসব

ানটি?
prentice - পরিধেয়
pendix - পরিশিষ্ট
essee - করদাতা
cteriology - জীবাণুবিজ্ঞান

গুরুত্বপূর্ণ পরিভাষা:

pprentice- শিক্ষানবিশ | Amplitude- বিস্তৃত
ull and void- বাতিল | Archetype- আদিরূপ
hite paper- শ্বেতপত্র | Virile- পুরুষোচিত
vid- প্রাণবন্ত | Edition- সংস্করণ
onology- ভাষার ধ্বনিবিজ্ঞান | Populous- জনবহুল

চ্ছের সবকটি শব্দ শুদ্ধ?
সত্ত্বা, নিক্কণ, মৃন্ময়ী    B. অন্তঃসত্তা, নিক্কণ, মৃন্ময়ী
সত্তা, নিক্কন, মৃন্ময়ী    D. অন্তঃসত্ত্বা, নিক্কন, মৃন্ময়ী

শুদ্ধ বানান-

| | | | | |
|---|---|---|---|---|
| সত্ত্বা | নিক্কণ | মৃন্ময়ী | ঊর্মি | দূষণীয় |
| ড়িত | দূরবীক্ষণ | হরীতকী | প্রণয়ন | উদ্গিরন |

্যটি শুদ্ধ?
া লোক প্রকৃত সুখী    B. নীরোগ লোক প্রকৃত সুখী
া লোক প্রকৃত সুখী    D. নীরোগী লোক প্রকৃত সুখী

্য-দোষ' ঘটিত কিছু শুদ্ধিকরণ-

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| ণ উপস্থিত | সকল শিক্ষক উপস্থিত। |
| প্রকৃত সুখী | নীরোগ লোক প্রকৃত সুখী। |
| ই নীড় বাঁধে | সমুদয় পক্ষীই নীড় বাধে। |
| ্য বলিবে | সর্বদা সত্য বলিবে। |
| ঘরে ঘরে হাহাকার | অন্নাভাবে প্রতি ঘরে হাহাকার। |
| হ উৎপাদিত হয়েছেন | বৃক্ষটি সমূলে উৎপাদিত হয়েছে। |

ধানের বর্ণানুক্রম অনুযায়ী কোন শব্দগুচ্ছ সঠিকভাবে বিন্যস্ত?
কামান, কুঞ্জ, কৃপন    B. কামান, কৃপন, কুঞ্চি, কুঞ্জ
কুঞ্জ, কৃপণ, কামান    D. কামান, কুঞ্চি, কুঞ্জ, কৃপণ

া অভিধান- ি, ী
র্ণানুক্রম- া, ি, ী, ু, ূ, ৃ, ে, ৈ, ো, ৌ
- চ - ঞ্চ, ঞ + জ - ঞ্জ, সুতরাং 'ঞ্চ' এর পরে 'ঞ্জ' হবে
নুযায়ী সঠিক বর্ণক্রম- কামান, কুঞ্চি, কুঞ্জ, কৃপন।

লী উপন্যাসের চরিত্র কোনটি?
    B. ইন্দিরা দেবী
াকরুন    D. ইন্দ্রমোহন

পাঁচালী বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় এর বিখ্যাত উপন্যাস।
পু, দুর্গা, ইন্দির ঠাকুরণ, হরিহর, সর্বজয়া।
উপন্যাস অবলম্বনে সত্যজিৎ রায় চলচ্চিত্র নির্মাণ করেন।

CamScanner

১৪. 'ওঁচা' শব্দের অর্থ-
A. হেয় B. আওতাবাজি C. উচ্চতা D. অহঙ্কার

ব্যাখ্যা : ওঁচা- বাজে, নিকৃষ্ট, ঘৃন্য, হেয়, নীচ।
Ans : A.

১৫. 'মনের মানুষ' চলচ্চিত্রের পরিচালক কে?
A. গৌতম ঘোষ B. রাইমা সেন
C. তারেক মাসুদ D. তানভীর মোকাম্মেল

ব্যাখ্যা : • 'মনের মানুষ' ভারত ও বাংলাদেশ এর যৌথ প্রযোজনায় নির্মিত বাংলা চলচ্চিত্র।
• চলচ্চিত্রটির পরিচালক- গৌতম ঘোষ।
• সুনীল গঙ্গোপাধ্যায় এর 'মনের মানুষ' উপন্যাস অবলম্বনে নির্মিত।
• ২০১০ সালে চলচ্চিত্রটি মুক্তি পায়।
Ans : A.

## জার্নালিজম এণ্ড মিডিয়া স্টাডিজ

০১. ১৯২৬ সালে নিচের কোন আইনটি জারি হয়?
A. কপিরাইট আইন B. বিধি চতুষ্টয়
C. আদালত অবমাননা আই D. বিধবা বিবাহ আইন

ব্যাখ্যা : • আদালত অবমাননা আইন ১৯২৬ সালে জারি হয়।
• কপিরাইট আইন ২০০০ সালে জারি হয় এবং ২০০৫ সালে তা সংশোধিত হয়।
• বিধবা বিবাহ আইন ১৮৫৬ সালে জারি হয়।
Ans : C.

০২. Waqa-i-nawisi বলতে কী বুঝায়?
A. সংবাদ লিখন B. সংবাদ সংগ্রহ
C. সংবাদ সম্পাদনা D. সংবাদ উপস্থাপন

ব্যাখ্যা: Waqa-i-nawisi বলতে সংবাদ সংবাদ সম্পাদনা বোঝায়। এটি ফারসী শব্দ।
Ans : C.

০৩. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে কখন সাংবাদিকতায় স্নাতক ডিগ্রী চালু হয়?
A. ২০১০ সাল B. ২০১১ সাল
C. ২০০৯ সাল D. ২০০৮ সাল

ব্যাখ্যা : • ২১ ডিসেম্বর ২০১১ সালে চালু হয় জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ।
• এটি কলা ও মানবিকী অনুষদভুক্ত অন্যতম বিভাগ।
Ans : B.

০৪. পাকিস্তান আর্মিকে 'অকুপেশন আর্মি' বলে প্রথম অভিহিত করে কোন পত্রিকা?
A. ইত্তেফাক B. দৈনিক সংবাদ
C. দ্য পিপল D. বাংলাদেশ অবজারভার

Ans : D.

০৫. কবি বঙ্কিমচন্দ্র কোন পত্রিকার সম্পাদক ছিলেন?
A. বঙ্গদর্শন B. আর্যদর্শন C. ভারতী D. সমাচার দর্পণ

ব্যাখ্যা : • ১৮৭২ সালে মাসিক বঙ্গদর্শন পত্রিকার প্রথম সংখ্যা প্রকাশিত হয়।
• বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় এর প্রতিষ্ঠাতা সম্পাদক ছিলেন।
Ans : A.

০৬. পূর্ব বাংলা থেকে প্রকাশিত সর্বপ্রাচীন সংবাদপত্র কোনটি?
A. বঙাল গেজেট B. রঙ্গপুর বার্তাবহ
C. গ্রামবার্তা প্রকাশিকা D. হিন্দু হিতৈষিণী

ব্যাখ্যা : • পূর্ব বাংলা বা বাংলাদেশের রংপুর জেলা শহর থেকে প্রকাশিত হয় রংপুর বার্তাবহ।
• ১৮৪৭ সালে এটি প্রকাশিত হয় যা ছিল সাপ্তাহিক সংবাদপত্র।
• এই পত্রিকার পৃষ্ঠপোষক ছিলেন কুন্ডির জমিদার কালিচরণ রায় চৌধুরী।
Ans : B.

০৭. বাংলাদেশ টেলিভিশন কখন থেকে রঙিন ট্রান্সমিশন চালু করে?
A. ১৯৮০ B. ১৯৮৭
C. ১৯৯০ D. ২০০১

ব্যাখ্যা : • বাংলাদেশ টেলিভিশন ২৫ ডিসেম্বর ১৯৬৪ সালে যাত্রা শুরু করে যার নাম শুরুতে ছিল পাকিস্তান টেলিভিশন।
• ১৯৮০ সালে এর রঙিন সম্প্রচার শুরু হয়।
• ২০০৪ সালে বিশ্বব্যাপী বিটিভি ওয়ার্ল্ড চালু হয়।
Ans : A.

০৮. বাংলাদেশ ভূখন্ডে প্রথম কথ্য ভাষায় প্রকাশিত পত্রিকা কোনটি?
A. সমাচার দর্পণ B. দৈনিক পাকিস্তান
C. ইত্তেফাক D. সংবাদ

Ans : C.

০৯. বিশিষ্ট চলচ্চিত্রকার সুভাষ দত্ত কোন ছবিটি তেইশ নম্বর তৈলচিত্র উপন্যাস অবলম্বনে পরিচালনা করেন?
A. ডুমুরের ফুল B. সূর্য দীঘল বাড়ী
C. বসুন্ধরা D. সারেং বউ

ব্যাখ্যা : • সুভাষ দত্ত ১৯৭৭ সালে আলাউদ্দিন আল আজাদের বিখ্যাত উপন্যাস 'তেইশ নম্বর তৈলচিত্র' অবলম্বনে নির্মাণ করেন 'বসুন্ধরা' চলচ্চিত্র।
• তার প্রথম চলচ্চিত্র সুতরাং (১৯৬৪)।
• অন্যতম শ্রেষ্ঠ চলচ্চিত্র হল : অরুনোদয়ের অগ্নীসাক্ষী।
Ans : C.

১০. Mark Zuckerberg কে?
A. সিএনএনের সত্ত্বাধিকারী B. ইন্টারনেটের জনক
C. ফেসবুকের জনক D. টুইটারের প্রতিষ্ঠাতা

ব্যাখ্যা : • ফেসবুক বর্তমানের সবচেয়ে জনপ্রিয় সামাজিক যোগাযোগের মাধ্যম যা ২০০৪ সালের ৪ ফেব্রুয়ারী প্রতিষ্ঠিত হয়।
• এর প্রতিষ্ঠাতা ও প্রধান হলেন মার্ক জুকারবার্গ।
• শুরুতে এর নাম ছিল ফেসম্যাশ।
Ans : C.

১১. ৫ জুলাই ২০১৪ তারিখে ভারতের দখলে থাকা কত বিঘা জমি বিজিবি উদ্ধার করে?
A. ৭০ বিঘা B. ৭৫ বিঘা C. ৮০ বিঘা D. ৯০ বিঘা

ব্যাখ্যা : • চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার বেনীপুর সীমান্তে ৭৫ বিঘা জমি বিজিবি উদ্ধার করে।
• ৬৬ বছর ধরে এই জমি ভারতের দখলে ছিল।
Ans : B.

১২. জাতিসংঘ প্রকাশিত তথ্য অনুযায়ী ঢাকা বিশ্বের কত তম জনবহুল শহর?
A. ১০ম B. ১১শ C. ১২শ D. ১৩শ

ব্যাখ্যা: • বর্তমান বিশ্বের জনবহুল শহরের তালিকায় ঢাকার অবস্থান ৪র্থ। এই তালিকায় প্রথম হিসেবে উঠে এসেছে জাপানের রাজধানী টোকিও।
• জনসংখ্যার ঘনত্বের দিক থেকে ঢাকা বিশ্বের ১নং জনবহুল শহর।
Ans : B.

১৩. এভারেস্টজয়ী সর্বকনিষ্ঠ বাংলাদেশি কে?
A. মুসা ইব্রাহিম B. এম এ মুহিত
C. নিশাত মজুমদার D. ওয়াসফিয়া নাজরিন

ব্যাখ্যা: • ওয়াসফিয়া নাজরীন সর্বকনিষ্ঠ বাংলাদেশী ও ২য় নারী বাংলাদেশী হিসেবে ২০১২ সালের ২৬ মে এভারেস্ট জয় করেন।
• তিনি বাংলাদেশের প্রথম পর্বতারোহী হিসেবে সেভেন সামিট জয় করেছেন।
• সর্বশেষ এভারেস্ট বিজয়ী বাংলাদেশী - বাবর আলী , হাটহাজারী, চট্টগ্রাম (১৯ মে ২০২৪)।
Ans : D.

CamScanner

**১৪.** সার্কভুক্ত কোন দেশের ভাষা 'ধিবেহি'?

A. ভুটান B. নেপাল
C. শ্রীলঙ্কা D. মালদ্বীপ

ব্যাখ্যা : • মালদ্বীপ ভারত মহাসাগরের একটি দ্বীপরাষ্ট্র এবং এটি পৃথিবীর সবচেয়ে নিচু দেশ।
• মালদ্বীপের রাষ্ট্রীয় ভাষা ধিবেহী এবং রাজধানী মালে।
• মালদ্বীপের আইনসভার নাম গণমাজলি।
**Ans : D.**

**১৫.** বাংলাদেশের কোন নদীর পাড়ে হংকং-এর আদলে শহর গড়ে তোলার ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা?

A. পদ্মা B. যমুনা
C. মেঘনা D. গোমতী

ব্যাখ্যা : • পদ্মা নদীতে নির্মায়মান বহুল প্রতীক্ষিত পদ্মা সেতু তীরবর্তী অঞ্চলে হংকং এর আদলে শহর করার পরিকল্পনা করা হয়েছে।
**Ans : A.**

**১৬.** ৬-৭ সেপ্টেম্বর ২০১৪ বাংলাদেশ সফরে আসেন কোন প্রধানমন্ত্রী?

A. ভারত B. চীন
C. জাপান D. যুক্তরাজ্য

ব্যাখ্যা : • ১৪ বছর পর জাপানী প্রধানমন্ত্রী শিনজো আবে বাংলা সফরে আসেন।
**Ans : C.**

**১৭.** ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি আগ্রাসন সংক্রান্ত ব্রিটিশ নীতির প্রতিবাদে পদত্যাগ করেন কোন ব্রিটিশ এমপি?

A. ডেভিড মিলিব্যাণ্ড B. রোশনারা আলি
C. সাইয়াদো ওয়ার্সি D. জন ম্যান

ব্যাখ্যা : • সাইয়েদা ওয়ার্সি ডেভিড ক্যামেরুনের মন্ত্রিসভার প্রথম মুসলিম নারী সদস্য ছিলেন।
• তিনি ব্রিটেনের কনজারভেটিভ পার্টির চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছেন।
**Ans : C.**

**১৮.** শান্তিসূচকে দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে এগিয়ে আছে কোন দেশ?

A. ভুটান B. ভারত
C. বাংলাদেশ D. পাকিস্তান

ব্যাখ্যা : বৈশ্বিক শান্তি সূচক-২০২৪ অনুযায়ী:
• সবচেয়ে শান্তিপূর্ণ দেশ -আইসল্যান্ড।
• সর্বনিম্ন দেশ - ইয়েমেন।
• দক্ষিণ এশিয়া তথা সার্কভুক্ত দেশগুলোর মধ্যে শীর্ষ দেশ - ভুটান (২১ তম), নেপাল (৮০তম), বাংলাদেশ (৯৩ তম), ভারত (১১৬ তম), পাকিস্তান (১৪০ তম)।
**Ans : A.**

**১৯.** ২০১৮ সালে বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে কোন দেশে?

A. কাতার B. ইংল্যান্ড
C. রাশিয়া D. মেক্সিকো

ব্যাখ্যা: • ২০১৮ ফিফা বিশ্বকাপ রাশিয়ায় ১৪ জুন - ১৫ জুলাই অনুষ্ঠিত হয়।
• এটি ফিফা বিশ্বকাপের ২১ তম আসর।
• ২৩তম ফুটবল বিশ্বকাপ অনুষ্ঠিত হবে - ২০২৬ সালে (কানাডা, যুক্তরাষ্ট্র, মেক্সিকো)।
**Ans : C.**

**২০.** সামাজিক যোগাযোগ সাইট টুইটার (Twitter) -এ কবে বাংলা ভাষা ব্যবহারের অপশন চালু হয়?

A. ফেব্রুয়ারি, ২০১৪ B. মার্চ, ২০১৪
C. জুলাই, ২০১৪ D. আগস্ট, ২০১৪

ব্যাখ্যা : • ২০০৬ সালে মাত্র ১৪০ শব্দের মধ্যে খুদে ব্লগ লেখার সুবিধা নিয়ে চালু হয় টুইটার।
• টুইটারে বর্তমান নাম - X।
• টুইটারে শব্দ সীমা ২৮০ করা হয়েছে।
**Ans : D.**

**21.** **A periodicai is a magazine that-**

A. is published at regular intervals
B. exposes crime and corruption scandals
C. provides information of radical underground activities
D. None of the above

ব্যাখ্যা : • Periodical বা সাময়িকী সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক ও ত্রৈমাসিক হতে পারে।
• সাধারণত সংবাদ বিশ্লেষণ ধর্মী লেখা, সাহিত্য, একাডেমিক ম্যাগাজিন ইত্যাদি ক্ষেত্রে সাময়িকী প্রকাশিত হয়।
**Ans : A.**

**22.** **"SMITHFIELD- The Town Council has decided how to pay for renovations to the Smithfield Fire Station." This is the beginning of a news story called:**

A. the obituary B. the speech story
C. the meeting story D. None of the above

ব্যাখ্যা : • The Speech Story এর ক্ষেত্রে কোন সংবাদ বক্তৃতা আকারে প্রকাশিত হয়।
• The obituary হচ্ছে সংবাদপত্রে প্রকাশিত মৃত্যুসংবাদের নোটিশ।
**Ans : B.**

***Qeestions 23-25:***
***Read the classified ad and answer the question the follow:***

**NEW CAR SALES,**
**PT only M-F 9-2**
**Phil Long (719) 424-0559**

**23.** **Is this a full time job?**

A. Yes B. Yes, on condition
C. No D. Not mentioned

**Ans : C.**

**24.** **This job is for:**

A. women only B. men only
C. Both A and B D. Not mentioned

**Ans : D.**

**25.** **This person must work:**

A. in the morning only B. in the afternoon only
C. both A and B D. Not mentioned

**Ans : A.**

CamScanner

## চারুকলা (বিষয় কোড: 9)

**অনুচ্ছেদটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও (১-৫):**

আশ্বিনে অম্বিকে পূজা বলি পড়ে পাঁঠা, / কার্তিকে কালিকা পূজা ভাই-দ্বিতীয়ার ফোঁটা। অঘ্রাণে নবান্ন দেয় নতুন ধান কেটে,/ পৌষ মাসে বাউনী বাঁধে ঘরে ঘরে পিঠে।/মাঘ মাসে শ্রীপঞ্চমী ছেলের হাতে খড়ি,/ফাগুন মাসে দোলযাত্রা ফাগ হুড়াহুড়ি।/ চৈত্র মাসে চড়ক সন্ন্যাস গাজনে বাঁধে ভারা,/বৈশাখ মাসে তুলসী গাছে দেয় বসুধারা।/জ্যৈষ্ঠ মাসে ষষ্ঠীবাটা জামাই আনতে দড়,/ আষাঢ় মাসে রথযাত্রা যাত্রী হয় জড়।/শ্রাবণ মাসে ঢেলা ফেলা ঘি আর মুড়ি,/ভাদ্র মাসে পচা পান্তা খায় মনসা বুড়ি:

**০১. মনসা পূজা কোন মাসে অনুষ্ঠিত হয়?**

A. কার্তিক B. আঁষাঢ় C. চৈত্র D. ভাদ্র

ব্যাখ্যা : • মনসা হলেন একজন লৌকিক হিন্দু দেবী, যার অপর নাম পদ্মাবতী।
• সর্পদংশনের হাত থেকে রেহাই পেতে বাংলাদেশ, পশ্চিমবঙ্গ ও উত্তর ভারতে মনসা পূজার প্রচলন রয়েছে।
**Ans : D.**

**০২. কার্তিক মাসে বাঙালি কোন দেবতা/দেবীর পূজা অনুষ্ঠান করে?**

A. দূর্গা পূজা B. কালী পূজা
C. শিব পূজা D. মনসা পূজা

ব্যাখ্যা : • হিন্দু পঞ্জিকা অনুযায়ী আশ্বিন বা কার্তিক মাসে দুর্গাপূজা করা হয়।
• চৈত্রমাসের দূর্গাপূজা বাসন্তী পূজা হিসেবে পরিচিত।
• অনুচ্ছেদে কার্তিক মাসে কালিকা বা কালী পূজার কথা বলা আছে।
**Ans : B.**

**০৩. এসো ভাই রঙ খেলি-এই রঙ খেলা কোন মাসে অনুষ্ঠিত হয়?**

A. শ্রাবণ B. আঁষাঢ় C. ফাল্গুন D. আশ্বিন

ব্যাখ্যা : • ফাল্গুন মাসের পূর্ণিমা তিথিতে অনুষ্ঠিত দোলযাত্রা বা দোল উৎসবে রঙের খেলা হয়।
• দোলযাত্রা একটি হিন্দু বৈষ্ণব উৎসব।
• শ্রীকৃষ্ণের প্রতি ভালবাসা হিসেবে আবির বা রঙ মাখার প্রচলন হয়েছে।
**Ans : C.**

**০৪. গাজন উৎসব কোন মাসে অনুষ্ঠিত হয়?**

A. অগ্রহায়ণ মাসে B. শ্রাবণ মাসে
C. মাঘ মাসে D. চৈত্র মাসে

ব্যাখ্যা : • গাজন উৎসব চৈত্র মাসের শেষ সপ্তাহ জুড়ে শিব পূজাকে কেন্দ্র করে হয়।
• গাজন উৎসবের শেষে চড়ক পূজা অনুষ্ঠিত হয়।
• এটি বাংলাদেশ ও পশ্চিমবঙ্গের হিন্দুদের একটি লোক উৎসব।
**Ans : D.**

**০৫. বাঙালি কোন মাসে তার ছেলের হাতে খড়ি অনুষ্ঠান করে?**

A. ফাল্গুন B. জ্যৈষ্ঠ C. কার্তিক D. কোনটিই নয়

ব্যাখ্যা : • হাতে খড়ি অনুষ্ঠান স্বরস্বতী পূজার একটি অন্যতম অনুসঙ্গ।
• মাঘ মাসের শুক্লা পঞ্চমী তিথিতে স্বরস্বতী পূজা করা হয়। এই দিনে হিন্দু বাঙালীরা ছোটদের হাতে খড়ির আয়োজন করে।
**Ans : D.**

**০৬. চর দখল নামক চিত্রকর্মটি কোন শিল্পীর?**

A. এস, এম, সুলতান B. কামরুল হাসান
C. সফিউদ্দিন আহমেদ D. মোহাম্মদ কিবরিয়া

ব্যাখ্যা : • এস এম সুলতান বাংলাদেশের প্রখ্যাত চিত্রশিল্পী। তার জন্ম নড়াইলে।
• তার চিত্রে অবয়বধর্মীতা প্রাধান্য পেয়েছে।
• তার বিখ্যাত চিত্রকর্ম হল : হত্যাযজ্ঞ, চরদখল ইত্যাদি।
**Ans : A.**

**০৭. ভ্যানগগ কোন ধারার শিল্পী?**

A. ইম্প্রেশনিজম B. রিয়েলিজম
C. পোস্ট-ইম্প্রেশনিজম D. স্যুররিয়েলিজম

ব্যাখ্যা : • ভিনসেন্ট ভ্যান গগ একজন পর্তুগীজ চিত্রশিল্পী।
• তিনি পোস্ট ইমপ্রেশনিজম আন্দোলনকে গতিশীল করেন।
• তার বিখ্যাত চিত্রকর্ম হল : আত্মপ্রতিকৃতি, সানফ্লাওয়ার ইত্যাদি।
**Ans : C.**

**০৮. বাংলার ক্লাসিক যুগ বলা হয় কোন যুগকে?**

A. সেন যুগকে B. মুঘল যুগকে
C. পাল যুগকে D. গুপ্ত যুগকে

ব্যাখ্যা : • গুপ্ত সাম্রাজ্য একটি প্রাচীন ভারতীয় সাম্রাজ্য যার সময়কাল ছিল খ্রিস্টীয় ৩২০-৫৫০ অব্দ।
• গুপ্ত যুগে বাংলায় শিল্প ও আবিষ্কার বিশেষ উৎকর্ষ লাভ করে।
• গুপ্ত যুগের শ্রেষ্ঠ সম্রাট ছিলেন প্রথম চন্দ্রগুপ্ত ও সমুদ্রগুপ্ত।
• বাংলার ক্ল্যাসিক যুগ বা ধ্রুপদী যুগের সূচনা ঘটে গুপ্ত শাসনামলে।
**Ans : D.**

**০৯. মুক্তিযুদ্ধ কালে সমগ্র বাংলা দেশ কয়টি সেক্টরে বিভক্ত ছিল?**

A. ৯টি B. ৭টি
C. ১১টি D. ১৩টি

ব্যাখ্যা : • বাংলাদেশকে ১১ টি সেক্টরে ভাগ করেন কর্নেল এম এ জি ওসমানী।
• ১১ জুলাই ১৯৭১ সালে সেক্টর কার্যকর করা হয়েছিল।
• ঢাকা শহর ২নং সেক্টরের অধীনে ছিল।
• মুক্তিযুদ্ধের নৌ সেক্টর হল ১০ নং সেক্টর।
• সমগ্র বাংলাদেশকে ৬৪ টি সাবসেক্টরে বিভক্ত করা হয়।
**Ans : C.**

**১০. বাংলাদেশ শিল্পকলা একাডেমি কত সালে প্রতিষ্ঠা করা হয়?**

A. ১৯৭২ সালে B. ১৯৭৪ সালে
C. ১৯৭৬ সালে D. ১৯৭৮ সালে

ব্যাখ্যা : • বাংলাদেশ শিল্পকলা একাডেমী প্রতিষ্ঠা করেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (১৯ ফেব্রুয়ারী, ১৯৭৪)
• এটির পূর্বনাম ছিল পাকিস্তান আর্ট কাউন্সিল।
• এটি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন।
**Ans : B.**

**১১. দ্য লাস্ট জাজম্যান্ট নামক বিশাল শিল্পকর্মটি কোন শিল্পীর আঁকা?**

A. র‌্যাফায়েল B. তিশিয়ান
C. লিওনার্দো-দ্যা ভিঞ্চি D. মাইকেল এঞ্জেলো

ব্যাখ্যা: • দ্যা লাস্ট জাজমেন্ট ভ্যাটিকান সিটির সিস্টিন চ্যাপেলে অবস্থিত চিত্রকর্ম।
• এটি ইতালির রেনেসা যুগে ১৫৩৫-১৫৪১ সালের মধ্যে আঁকা হয়।
• এটি একটি ফ্রেস্কো ধরণের চিত্রকর্ম।
**Ans : D.**

**১২. পাবলো পিকাসো ছাড়া কিউবিজম বিকাশে সবচেয়ে গুরুত্ব ভূমিকা রাখেন-**

A. জর্জ ব্রাক B. হেনরী মাতিস
C. জ্যাকসন পোলক D. কান্দিনেস্কি

ব্যাখ্যা : • বিংশ শতাব্দীর শুরুর দিকে চিত্রকর্ম ও ভাস্কর্য শিল্পে সৃষ্ট নতুন ধারার নাম কিউবিজম।
• কিউবিজমকে বিংশ শতাব্দীর সবচেয়ে গুরুত্বপূর্ণ শিল্প আন্দোলন বলা হয়।
• ফ্রেঞ্চ চিত্রশিল্পী জর্জ ব্রেক ও স্প্যানিশ চিত্রশিল্পী পাবলো পিকাসো কিউবিজম আন্দোলন শুরু করেন।
**Ans : A.**

CS CamScanner

**১৩. বিমূর্ত ছবি এঁকে আন্তর্জাতিকভাবে প্রচুর খ্যাতি লাভ করেছেন-**

A. সফিউদ্দিন আহমেদ B. মোহাম্মদ কিবরিয়া
C. মনসুর উল করিম D. নিতুন কুণ্ডু

ব্যাখ্যা : • সফিউদ্দিন আহমেদকে বাংলাদেশের আধুনিক ছাপচিত্রের জনক বলা হয়।
• নব্বই এর দশকে তার আঁকা রেখাচিত্রের সিরিজের নাম 'ব্ল্যাক সিরিজ' বা 'কালো চিত্রমালা'।
• তার শিল্পকর্মে ১৯৫২ সালের ভাষা আন্দোলন ও ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের বাস্তব চিত্র ফুটে উঠেছে।
**Ans : A.**

**১৪. সার্ক ফোয়ারা কোন শিল্পীর শিল্পকর্ম?**

A. শামীম শিকদার B. নভেরা আহমেদ
C. নিতুন কুণ্ডু D. হামিদুজ্জামান খান

ব্যাখ্যা:
• নিতুন কুণ্ডু একজন বিখ্যাত বাংলাদেশী চিত্রশিল্পী, মুক্তিযোদ্ধা ও ভাস্কর।
• তার বিখ্যাত ভাস্কর্য হল - সাবাস বাংলাদেশ, সার্ক ফোয়ারা, কদম ফোয়ারা ইত্যাদি।
**Ans : C.**

**১৫. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অবস্থিত দুটি ভাস্কর্য-**

A. সংগ্রাম ও সংশপ্তক B. অমর একুশে ও সংশপ্তক
C. সংগ্রাম ও অমর একুশে D. স্বাধীনতা ও সংশপ্তক

ব্যাখ্যা : • সংশপ্তক ভাস্কর্যটি ১৯৯০ সালে নির্মাণ করা হয়। এর স্থপতি শিল্পী হামিদুজ্জামান খান।
• অমর একুশে ভাস্কর্যটি ১৯৯১ সালে নির্মিত। এর ভাস্কর শিল্পী জাহানারা পারভীন।
**Ans : B.**

**১৬. পট অর্থ কী?**

A. ক্যানভাস B. কাগজ C. ভাস্কর্য D. কাপড়

ব্যাখ্যা : • পট শব্দটি সংস্কৃত পট্ট থেকে এসেছে যার অর্থ বস্ত্র বা কাপড়।
• পটের উপর আঁকা চিত্রকে পটচিত্র বলে।
• পট দুই ধরণের হয়ে থাকে।
• পট অর্থ Canvas, Painting Cloth.
**Ans : A & D.**

**১৭. ইউরোপীয় শিল্পের ধ্রুপদী কাল বলা হয় কোন সময়কে?**

A. রেনেসাঁকে B. গ্রিক সময়কে
C. রোমান সময়কে D. বাইজেনটাইন সময়কে

ব্যাখ্যা : • ইউরোপীয় রেনেসাঁ ইতালী থেকে শুরু হয় যা ছিল শিল্পের বিকাশের বিপ্লবের যুগ।
• ১৪ শতাব্দী থেকে ১৬ শতাব্দী পর্যন্ত ইউরোপজুড়ে রেনেসাঁ যুগ বিস্তৃত হয়।
**Ans : A.**

**১৮. ছোট ছোট কাঁচ বা সিরামিক টুকরো দিয়ে দেয়ালে ছবি আঁকাকে কি বলে?**

A. ফ্রেস্কো B. ম্যুরাল
C. টেরাকোটা D. মিনিয়েচার

ব্যাখ্যা : • দেয়ালে ছোট কাচ, মোজাইক বা সিরামিক টুকরা দিয়ে ধারাবাহিক চিত্রের নাম ম্যুরাল।
• ফ্রেস্কো হল দেয়ালচিত্র।
• পোড়ামাটি দিয়ে তৈরী ফলককে টেরাকোটা বলে।
• মিনিয়েচার হল ক্ষুদ্র চিত্র যা মুঘল যুগের শিল্পের শ্রেষ্ঠ নিদর্শন।
**Ans : B.**

**১৯. শিল্পী আব্দুল রাজ্জাক মূলত-**

A. ছাপচিত্রী ছিলেন B. কারুশিল্পী ছিলেন
C. স্থপতি ছিলেন D. ভাস্কর ছিলেন

ব্যাখ্যা : • শিল্পী আবদুর রাজ্জাক বাংলাদেশের প্রথম ছাত্র যিনি চারুকলায় মাস্টার্স ডিগ্রী অর্জন করেছিলেন।
• তিনি বাংলাদেশের স্বাধীনতা উত্তর যুগের প্রথম সারির চিত্রশিল্পী ও ভাস্কর।
• ১৯৭২ সালে মুক্তিযুদ্ধের প্রথম স্মারক ভাস্কর্য জাগ্রত (জয়দেবপুর, গাজীপুর) শিল্পী আবদুর রাজ্জাকের শ্রেষ্ঠ সৃষ্টি।
**Ans : D.**

**২০. নিউটনের আলোক-তত্ত্ব অনুযায়ী সব রং মিলে কোন রং তৈরি হয়?**

A. কালো B. সাদা C. বাদামী D. সবুজ

ব্যাখ্যা : • মৌলিক রঙ তিনটি। যথা: লাল, হলুদ ও নীল।
• রঙের অনুপস্থিতিকে কাল রঙ ধরা হয়।
• সকল রঙের মিশ্রণের রঙ সাদা।
**Ans : B.**

**২১. সুররিয়েলিজমকে বাংলায় কী বলা হয়?**

A. ঘনকবাদ B. পরাবাস্তববাদ C. বাস্তববাদ D. রূপবাদ

ব্যাখ্যা : • পরাবাস্তববাদের মূল কথা হল অবচেতন মনের চিন্তাকে উদ্ভট ও আশ্চর্য রূপকল্প দ্বারা উপস্থাপন।
• পরাবাস্তববাদের প্রবর্তক হলেন ফরাসী কবি আন্দ্রে ব্রেটন।
• ১ম বিশ্বযুদ্ধ পরে এই মতবাদের বিকাশ হয়।
**Ans : B.**

**২২. চাকার আবিষ্কার কোন যুগে হয়েছে?**

A. নব্য প্রস্তর যুগে B. পুরাতন প্রস্তর যুগে
C. মধ্য প্রস্তর যুগে D. আধুনিক যুগে

ব্যাখ্যা : • খ্রিস্টপূর্ব ৫০০০ অব্দে প্রাচীন মেসোপটেমিয়া সভ্যতায় চাকা আবিষ্কৃত হয়।
• শুরুতে কুমোরদের তৈরী চাকার প্রচলন শুরু হয়।
• সুমেরীয় সভ্যতায় চাকা আবিস্কৃত হয়।
**Ans : A.**

**২৩. বার্নট সিয়েনা কী ধরনের রং?**

A. লাল B. বাদামী C. কমলা D. নীল

ব্যাখ্যা : কতিপয় রঙের নাম-

| রঙের নাম | রঙ | রঙের নাম | রঙ |
|---|---|---|---|
| বার্নট সিয়েনা | বাদামী | মেরুন | খয়েরী |
| ক্রিমসন লেক | লালচে | ভারমিলিয়ন | সিঁদুর রঙ |
| ক্রিমসন | গাঢ় লাল | এগপ্ল্যান্ট | বেগুনী |
| ইন্ডিগো | নীল | কারমিন | আলতা |

**Ans : B.**

**২৪. লিওনার্দো-দ্য-ভিঞ্চির কোন ছবিটিতে সর্বপ্রথম এরিয়াল পরিপ্রেক্ষিত ব্যবহৃত হয়?**

A. দ্য লাস্ট সাপার B. ভার্জিন অফ দ্যা রক্
C. ম্যাডোনা D. মোনালিসা

ব্যাখ্যা : • ভার্জিন অব দ্যা রক ১৪৮৩-১৪৮৬ সালের মধ্যে আঁকা হয়।
• এটি একটি ক্যানভাসে আঁকা তেলচিত্র।
• এই ছবিতে প্রথম এরিয়াল পরিপ্রেক্ষিত ব্যবহার করা হয়।
**Ans : B.**

**২৫. নিম্নের কোনটি শীতল রং এর উদাহরণ নয়?**

A. নীল পাহাড় B. সবুজ বনানী
C. কৃষ্ণচূড়া D. মেঘলা আকাশ

ব্যাখ্যা : • হলুদ হচ্ছে সবচেয়ে উষ্ণ রঙ।
• লাল উষ্ণ রং।
• নীল হচ্ছে সবচেয়ে শীতল রঙ।
**Ans : C.**

CamScanner

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (C-1 Unit)
## শিক্ষাবর্ষ ২০১৩-১৪ [Set - 1]
### [আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ]

## বাংলা

**০১.** 'কাআ তরুবর পাঞ্চবি ডাল; চঞ্চল চী এ পইঠা কাল'- চরণদ্বয়ের কবি কে?
A. কাহ্নপা B. লুইপা C. কুক্কুরীপা D. ভুসুকুপা

ব্যাখ্যা : চর্যাপদের কিছু গুরুত্বপূর্ণ চরণ-
- লুইপা: কাআ তরুবর পাঞ্চবি ডাল; চঞ্চল চী এ পাইঠা কাল।
- কুক্কুরীপা: দিবসহি বহুড়ি কাউহি ডর ভাই। রাতি ভাইলে কামরু জাই।
- বিরুপা: এক সে সুন্ডিনী দুই ঘরে সান্ধই। চীঅন বাকলত বারুনী বান্ধই।
- চাটিল্লপা: ভবণই গালে গম্ভীর বেগেঁ বাহী।
  দুআন্তে চিখিল মাঝে ন থাহী।।ধ্রু।।
- ভুসুকুপা: বাজনার পাড়ী পঁউআ খাঁলে বাহিউ অদব বঙ্গাল দেশ লুড়িউ।।

Ans : B.

**০২.** 'মূর্খ' একটি-
A. তদ্ভব শব্দ B. তৎসম শব্দ C. দেশি শব্দ D. বিদেশি শব্দ

ব্যাখ্যা : তৎসম শব্দগুলো হলো- মূর্খ, প্রজ্ঞা, স্রোত, ভৃত্য, দস্যু, পথ, বণিক, বর্ম, নর, মাতা, ভ্রাতা, কর্ম, কুন্তল, শরীর, কর্ণ, মানব, কেশর, বৃক্ষ, পত্র, দধি, সিংহ, লক্ষণ, ধর্ম, পিতা, ক্ষিতি, অপ্সরা, কন্যা।

Ans : B.

**০৩.** Notification শব্দটির বাংলা পারিভাষিক শব্দ হলো-
A. বিজ্ঞাপন B. বিজ্ঞপ্তি C. প্রজ্ঞাপন D. নোটিশ

ব্যাখ্যা : কিছু পারিভাষিক শব্দ:

| মূল শব্দ | পারিভাষিক শব্দ | মূল শব্দ | পারিভাষিক শব্দ |
|---|---|---|---|
| Notification | প্রজ্ঞাপন | Just war | ন্যায়যুদ্ধ |
| Myriad | সংকর | Light year | আলোকবর্ষ |
| Indigenous | স্বদেশি | Monarchy | রাজতন্ত্র |
| Informal | অনানুষ্ঠানিক | Out-post | ফাঁড়ি |
| Judgment | রায় | Ordnance | সমরাস্ত্র |

Ans : C.

**০৪.** কোনটি শুদ্ধ বানান?
A. তিতীক্ষা B. তীতিক্ষা C. তীতীক্ষা D. তিতিক্ষা

ব্যাখ্যা : শুদ্ধ-অশুদ্ধ বানান:

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| তীতীক্ষা | তিতিক্ষা | দৌরাত্ব | দৌরাত্ম্য |
| সাধিকার | স্বাধিকার | দৈরথ | দ্বৈরথ |
| চলমান | চলৎ, চলন্ত | দ্বন্দ | দ্বন্দ্ব |
| চাতকিনী | চাতকী | নিন্দক | নিন্দুক |
| জাগত | জাগরিত | দিবারাত্রি | দিবারাত্র |

Ans : D.

**০৫.** 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে'- এটি কার উক্তি?
A. কায়কোবাদ B. সুকুমার বড়ুয়া
C. ভারত চন্দ্র রায় D. মোহিতলাল মজুমদার

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ উক্তি:

| উক্তি | লেখক |
|---|---|
| আমার সন্তান যেন থাকে দুধে ভাতে | ভারত চন্দ্র রায় |
| বড়র পিরিতি বালির বাঁধ | |
| অভাগা যদ্যপি চায় সাগর শুকায়ে যায় | মুকুন্দরাম |
| চিরসুখী জন ভ্রমে কি কখন ব্যথিত বেদন বুঝিতে পারে | কৃষ্ণচন্দ্র মজুমদার |
| বিপদে মোরে রক্ষা কর এ নহে মোর প্রার্থনা | রবীন্দ্রনাথ ঠাকুর |

Ans : C.

**০৬.** 'নম্র' শব্দটির বিপরীত শব্দ কোনটি?
A. বিনয়ী B. কঠিন
C. নির্দয় D. উদ্ধত

ব্যাখ্যা : বিপরীত শব্দ:

| মূল শব্দ | বিপরীত শব্দ | মূল শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| নম্র | উদ্ধত | নবীন | প্রবীণ |
| ধবল | কৃষ্ণ | নিদ্রা | জাগরণ |
| নির্লজ্জ | সলজ্জ | ধ্বংস | সৃষ্টি |
| ধীর | অস্থির | নির্মল | পঙ্কিল |
| নোংরা | পরিচ্ছন্ন | নশ্বর | দম্ভ |

Ans : D.

**০৭.** 'মামলা' শব্দটির উৎস কোন ভাষা?
A. গ্রীক B. হিন্দি
C. আরবি D. পর্তুগীজ

ব্যাখ্যা : আরবি শব্দগুলো হলো- মামলা, মালিক, মসজিদ, আল্লাহ, অরশ, দায়রা, মশলা, সুলতান, রেওয়াজ, হাকিম, হাজাত, হামলা, খেয়াল, জরিপ, জরিমানা, হিসাব, ইমারত, আমির, আক্কেল, মোল্লা, আমানত, দুনিয়া, দোয়া ইত্যাদি।

Ans : C.

**০৮.** 'অতসী মামী' - গল্পগ্রন্থটি কার রচনা?
A. সৈয়দ আলী আহসান B. সৈয়দ মুজতবা আলী
C. মানিক বন্দ্যোপাধ্যায় D. প্রভাতকুমার মুখোপাধ্যায়

ব্যাখ্যা : মানিক বন্দ্যোপাধ্যায়ের সাহিত্যকর্ম:
- তার প্রথম প্রকাশিত গল্পগ্রন্থ: অতসী মামী ও অন্যান্য গল্প (১৯৩৫)।
- ছোটগল্প: অতসী মামী ও অন্যান্য গল্প (১৯৩৫), প্রাগৈতিহাসিক (১৯৩৭), সরীসৃপ, আজকাল পরশু'র গল্প।
- উপন্যাস: জননী, পদ্মানদীর মাঝি, দিবারাত্রির কাব্য, পুতুল নাচের ইতিকথা, শহরতলী, সোনার চেয়ে দামী, ইতিকথার পরের কথা, চিহ্ন, চতুষ্কোণ, অমৃতস্যপুত্রা, আরোগ্য, আত্মহত্যার অধিকার, ছোটবকুল পুরের যাত্রী, অহিংসা।

Ans : C.

**০৯.** শব্দের প্রকাশ, পদের পরিচয়, বচন ইত্যাদি ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
A. রূপতত্ত্বে B. ছন্দতত্ত্বে
C. ধ্বনিতত্ত্বে D. বাক্যতত্ত্বে

ব্যাখ্যা :

| ধ্বনিতত্ত্ব | শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব | বাক্যতত্ত্ব |
|---|---|---|
| বর্ণ, সন্ধি, ণ-ত্ব, ষ-ত্ব বিধি ও ধ্বনি সংক্রান্ত সকল বিষয়। | শব্দের প্রকাশ, পদের পরিচয়, বচন, লিঙ্গ, সমাস, কারক, ধাতু, সংখ্যাবাচক পদ, পদাশ্রিত নির্দেশক, দ্বিরুক্তি, ক্রিয়া, কাল, পুরুষ, উপসর্গ, প্রকৃত প্রত্যয়। | যতি চিহ্ন, বাগধারা, পদক্রম, বাচ্য, উক্তি ও বাচ্য সংক্রান্ত সকল বিষয়। |

Ans : A.

**১০.** মৌলিক শব্দ কোনটি?
A. গোলাপ B. শীতল
C. নেয়ে D. গৌরব

ব্যাখ্যা : মৌলিক শব্দ: যে শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না সেগুলো মৌলিক শব্দ বলে।
যেমন: গোলাপ, নাক, লাল, তিন।

Ans : A.

**31. Which is the News Agency of Bangladesh?**
A. AP B. Reuters C. UNB D. AFP

ব্যাখ্যা : • বাংলাদেশের গুরুত্বপূর্ণ কয়েকটি সংবাদ সংস্থা হচ্ছে- ইউনাইটেড নিউজ অব বাংলাদেশ (UNB), বাসস, UNA, BNA, আবাস, ফোকাস বাংলা প্রভৃতি।
• AP (Associated Press) - যুক্তরাষ্ট্র।
• Reuters (রয়টার্স) - ব্রিটেন।
• AFP (Agence France Press) - ফ্রান্স।
**Ans : C.**

**32. Bangladesh requested which country for a Lease of agricultural land?**
A. Egypt B. Argentina C. Senegal D. Brazil

ব্যাখ্যা : আইভরি কোস্ট, ঘানা, লাইবেরিয়া ও সেনেগালের কাছ থেকে বাংলাদেশ কৃষি জমি ধার চেয়েছিল।
**Ans : C.**

**33. Prime Minister Sheikh Hasina visited Moscow in which month?**
A. January 2013 B. February 2013
C. March 2013 D. April 2013
**Ans : A.**

**34. When did Bangladesh ratify the UN Convention on the 'Rights of the Child'?**
A. 1972 B. 1981 C. 1990 D. 1995

ব্যাখ্যা : • UNCRC (United Nations Convention on the Rights of the Child) হচ্ছে একটি মানবাধিকার চুক্তি যেটি স্বাক্ষরিত হয়- ২ সেপ্টেম্বর ১৯৮৯ (নিউইয়র্কে) এবং বাংলাদেশ স্বাক্ষর করে আগস্ট ১৯৯০ সালে।
• এটি কার্যকর হয়- ২ সেপ্টেম্বর ১৯৯০।
**Ans : C.**

**35. Bangladesh expressed its desire to become a member of which regional organization?**
A. SCO B. APEC C. NAFTA D. ASEAN

ব্যাখ্যা : সদস্য হওয়া ছাড়াও বাংলাদেশ ASEAN এর ডায়ালগ পার্টনার হতে চায়।
**Ans : D.**

**36. During World War II, atomic bombings of Hiroshima and Nagasaki (Japan) took place on:**
A. $6^{th}$ and $9^{th}$ August 1945 B. $5^{th}$ and $9^{th}$ August 1945
C. $4^{th}$ and $9^{th}$ August 1945 D. $6^{th}$ and $8^{th}$ August 1945

ব্যাখ্যা : • যুক্তরাষ্ট্র জাপানের হিরোশিমায় "লিটল বয়" নামক পারমাণবিক বোমা ফেলে ৬ আগস্ট ১৯৪৫।
• এবং নাগাসকিতে ফ্যাটম্যান নামক পারমাণবিক বোমা ফেলে- ৯ আগস্ট ১৯৪৫।
**Ans : A.**

**37. Who was one of the drafters of the Universal Declaration of Human Rights (1948)?**
A. Winston Churchill B. Eleanor Roosevelt
C. Nelson Mandela D. Woodrow Wilson

ব্যাখ্যা : • The Universal Declaration of Human Rights (UDHR) গৃহীত হয় ১০ ডিসেম্বর ১৯৪৮ (জাতিসংঘের সাধারণ অধিবেশনে)।
• ব্রিটিশ প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিল ছিলেন এই ঘোষণা প্রস্তুতকারীদের মধ্যে অন্যতম।
**Ans : A.**

**38. Which is the disputed region between China and Japan?**
A. Paracel Islands B. Senkaku Islands
C. Spartly Islands D. Pratas Islands

ব্যাখ্যা : বিরোধপূর্ণ দ্বীপসমূহ-

| বিরোধপূর্ণ দ্বীপ | দেশ |
|---|---|
| সেনকাকু/দিয়াওইউ দ্বীপপুঞ্জ | চীন - জাপান |
| আবু মুসা দ্বীপ | সংযুক্ত আরব আমিরাত - ইরান |
| স্প্রাটলি দ্বীপপুঞ্জ | চীন - ভিয়েতনাম |
| ফকল্যান্ড দ্বীপপুঞ্জ | আর্জেন্টিনা - ব্রিটেন |
| প্যারাসেলস দ্বীপ | চীন - ফিলিপাইন |
| হান্স দ্বীপ | কানাডা - ডেনমার্ক |
| কুড়িল দ্বীপপুঞ্জ | রাশিয়া - জাপান |
| সৌল দ্বীপ | চীন - ফিলিপাইন |

**Ans : B.**

**39. Which is the official name of Palestine?**
A. State of Palestine
B. Republic of Palestine
C. Democratic Republic of Palestine
D. People's Republic of Palestine
**Ans : A.**

**40. Which is the 29th State of India?**
A. Chhattisgarh B. Telangana
C. Nagpur D. Bihar

ব্যাখ্যা : • ভারতের ২৯ তম প্রদেশ হিসেবে "তেলেঙ্গানা" যাত্রা শুরু করে- ২ জুন ২০১৪।
• তেলেঙ্গানা ও অন্ধ্র প্রদেশ রাজ্যের রাজধানী হচ্ছে হায়দ্রাবাদ।
**Ans : B.**

**41. Which strait separates the continent of Africa from Europe?**
A. Malacca strait B. Gibraltar strait
C. Palk strait D. Panama strait

ব্যাখ্যা : বিশ্বের বিখ্যাত প্রণালী-

| প্রণালী (Strait) | পৃথক করেছে | সংযুক্ত করেছে |
|---|---|---|
| জিব্রাল্টার প্রণালী (Strait of Gibraltar) | আফ্রিকা - ইউরোপ | উত্তর আটলান্টিক - ভূমধ্যসাগর |
C. Listen to me D. Come close to me

ব্যাখ্যা : Lend me your ears - আমার কথা শোন।
Ans : C.

০৪. বাংলা ভাষার জন্ম বা উদ্ভব কোন ভাষা থেকে?
A. সংস্কৃত B. প্রাকৃত C. মাগধী D. হিন্দি

ব্যাখ্যা : ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে মাগধী-প্রাকৃত হতে বাংলা ভাষার উদ্ভব। ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে গৌড়ি-প্রাকৃত হতে বাংলা ভাষার উদ্ভব।
Ans : B.

০৫. তিন কন্যা ছবিটি এঁকেছেন-
A. কামরুল হাসান B. কাইয়ুম চৌধুরী
C. আমিনুল ইসলাম D. কনকচাঁপা চাকমা

ব্যাখ্যা : • কামরুল হাসানের উল্লেখযোগ্য চিত্রকর্ম- তিন কন্যা, এই জানোয়ারদের হত্যা করতে হবে প্রভৃতি।
• তার ডাক নাম ছিল- পটুয়া।
Ans : A.

০৬. পাল রাজবংশের রাজারা কোন ধর্মাবলম্বী ছিলেন?
A. হিন্দু B. বৌদ্ধ C. জৈন D. শিখ

ব্যাখ্যা : • পাল রাজারা বৌদ্ধধর্মের মহাযান ও তান্ত্রিক সম্প্রদায়ের অনুগামী ছিলেন।
• পালবংশের রাজাগণ প্রায় চারশ বছর রাজত্ব করেছেন।
• পাল বংশের প্রতিষ্ঠাতা- গোপাল, সর্বশ্রেষ্ঠ রাজা- ধর্মপাল এবং সর্বশেষ রাজা- রামপাল।
Ans : B.

০৭. নিম্নের বর্ণগুলোর মধ্যে কোন বর্ণটি শীতল বর্ণ?
A. লাল B. নীল C. হলুদ D. কমলা

ব্যাখ্যা : • শীতল বর্ণ বা রং গুলো হচ্ছে- নীল, আসমানী।
• সবচেয়ে উষ্ণ বর্ণ- হলুদ।
Ans : B.

০৮. ণ-ত্ব ও ষ-ত্ব বিধান ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
A. অর্থতত্ত্বে B. শব্দতত্ত্বে C. ধ্বনিতত্ত্বে D. রূপতত্ত্বে

ব্যাখ্যা : • ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয়- ণ-ত্ব বিধান ও ষ-ত্ব বিধান, সন্ধি প্রভৃতি।
• শব্দতত্ত্বের আলোচ্য বিষয়- সমাস, উপসর্গ, প্রত্যয়, বচন, লিঙ্গ প্রভৃতি।
• বাক্যতত্ত্বের আলোচ্য বিষয়- বাক্যের গঠন, ব্যবহারযোগ্যতা প্রভৃতি।
• অর্থতত্ত্বের আলোচ্য বিষয়- মুখ্যার্থ, বিপরীতার্থ প্রভৃতি।
Ans : C.

CamScanner

**০৯. হাইরিলিফ এক ধরনের-**

A. চিত্রকলা B. স্থাপত্য C. ভাস্কর্য D. মৃৎপাত্র

ব্যাখ্যা : ভাস্কর্য নির্মাণের একটি পদ্ধতি হচ্ছে রিলিফ। এর বিভিন্ন ধাপ রয়েছে। যেমন: বেজ রিলিফ, হাই রিলিফ এবং মিড রিলিফ।

**Ans : C.**

**10. 'To read between the lines' means-**

A. To read carefully
B. To read only some lines
C. To read quickly to save time
D. To find out any hidden meaning

ব্যাখ্যা : To read between the lines - কোনো কিছুর অন্তর্নিহিত অর্থ খুঁজে বের করা।

**Ans : D.**

**১১. কৈশোর-এর প্রকৃতি-প্রত্যয়-**

A. কিশ + উর B. কৈ + শোর
C. কৈশোর + ষ্ণ D. কিশোর + ষ্ণ

ব্যাখ্যা : কিছু সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ:

- মনু + ষ্ণ - মানব শিশু + ষ্ণ - শৈশব
- কিশোর + ষ্ণ - কৈশোর সম + য - সাম্য
- প্রাচী + য - প্রাচ্য কুসুম + ইত - কুসুমিত
- মহৎ + ত্ব - মহত্ত্ব সর্বজন + ঈন - সর্বজনীন
- গুণ + বতুপ - গুণবান

**Ans : D.**

**১২. পরিপ্রেক্ষিত চিত্রপটে প্রধানত কি সৃষ্টি করে?**

A. বস্তুর সৌন্দর্যের অনুভূতি B. শিল্পির আনন্দের অনুভূতি
C. শিল্পির সৌন্দর্যের অনুভূতি D. বস্তুর দূরত্বের অনুভূতি

ব্যাখ্যা : বিভিন্ন Angle এর মাধ্যমে ছবি তুলে বস্তুর মধ্যে শৈল্পিক দূরত্ব সৃষ্টি করে ছবি গ্রহণটি পরিপ্রেক্ষিত চিত্রপট।

**Ans : D.**

**১৩. ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনাধীন ভারতবর্ষের রাজধানী-**

A. দিল্লি B. পুনে C. কলকাতা D. চেন্নাই

ব্যাখ্যা : • ভারতে ব্রিটিশ শাসনের সূত্রপাত ঘটে কলকাতার ফোর্ট উইলিয়াম দুর্গকে কেন্দ্র করে।
• ওয়ারেন হেস্টিংস সর্বপ্রথম মুর্শিদাবাদ থেকে রাজকোষ ও রাজধানী কলকাতায় স্থানান্তর করেন।

**Ans : C.**

**১৪. সঠিক বানান কোনটি?**

A. মরিচিকা B. মরীচীকা C. মরীচিকা D. মরিচীকা

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান:

| | | | | |
|---|---|---|---|---|
| গুণগ্রাহী | কুজ্ঝটিকা | নির্নিমেষ | স্টেশন | স্বায়ত্ত |
| চক্ষুষ্মান | অনূর্ধ্ব | তাত্ত্বিক | শ্লেষ্মা | মরীচিকা |

**Ans : C.**

**১৫. চিত্রকলার কোন মাধ্যমটি আমাদের দেশীয়?**

A. তেল রং B. স্বচ্ছ জল রং
C. এ্যাক্রিলিক D. গোয়াশ

**Ans : C.**

**১৬. জয়নুল সংগ্রহশালা কোন জেলায় অবস্থিত?**

A. [illegible] B. [illegible] C. [illegible] D. [illegible]

ব্যাখ্যা : • শিল্পাচার্য জয়নুল আবেদীন সংগ্রহশালা ময়মনসিংহ শহরে পুরাতন ব্রহ্মপুত্র নদের তীরে অবস্থিত।
• জয়নুল লোক ও কারুশিল্প জাদুঘর নারায়ণগঞ্জের সোনারগাঁও এ অবস্থিত।

**Ans : C.**

**১৭. মার্তণ্ডপ্রায়, অগ্নিমান্দ্য, উর্মি, জবাকুসুমসঙ্কাশ, তিমিরবিদারী, আলোর দেবতা প্রভৃতি শব্দ তোমার গঠিত কোন গল্প/কবিতা/প্রবন্ধে বিদ্যমান?**

A. হৈমন্তী B. বঙ্গভাষা
C. যৌবনের গান D. পাঞ্জেরী

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।

**Ans : C.**

**১৮. একটি তুলসি গাছের কাহিনী কার রচনা-**

A. সৈয়দ মুজতবা আলী B. সৈয়দ ওয়ালীউল্লাহ
C. সৈয়দ শামসুল হক D. সৈয়দ নিসার আলী

ব্যাখ্যা : 'একটি তুলসী গাছের কাহিনী' সৈয়দ ওয়ালীউল্লাহর বিখ্যাত গল্প। এতে ১৯৪৭ সালের দেশভাগের কাহিনী নিয়ে রচিত এ গল্প।

**Ans : B.**

**19. I regret ......... to the university.**

A. not to go B. not gone
C. not going D. not have go

ব্যাখ্যা : Regret এর পরবর্তী verb এর সাথে ing যুক্ত হয়। অর্থাৎ Gerund হয়।
**Gerund word-** admit, avoid, enjoy, fancy, feel, like, finish, give up, go on, keep, mind, miss, pastpone, practice, risk, regret, suggest verb গুলোর পরবর্তী verb gerund হয়।

**Ans : C.**

**২০. মোঘল চিত্রকলার স্বর্ণযুগ শুরু হয় কোন সম্রাটের সময়?**

A. আকবর B. জাহাঙ্গীর C. শাহজাহান D. আওরঙ্গজেব

ব্যাখ্যা : মুঘল চিত্রশিল্পের চর্চা ও সর্বোচ্চ বিকাশ সম্রাট আকবরের শাসনামলে ঘটে। জানা যায় তরুণ বয়সে তিনি চিত্রশিল্পের উপর পড়াশোনা করেন। ১৫৭০ থেকে ১৫৮০ পর্যন্ত তিনি একশরও অধিক চিত্রকর নিযুক্ত করেছিলেন।

**Ans : C.**

**২১. রবীন্দ্রনাথ ঠাকুরের রচনাগুচ্ছ-**

A. মানসী, দুর্গেশনন্দিনী, রাজসিংহ
B. রক্তকবরী, গোরা, ঘরেবাইরে
C. ডাকঘর, রায়তের কথা, তেল-নুন-লাকড়ি
D. রাজা, মতিচুর, সুলতানার স্বপ্ন

ব্যাখ্যা : • রক্তকবরী, গোরা, ঘরে বাইরে, মানসী, ডাকঘর, রাজা রবীন্দ্রনাথের রচনা।
• দুর্গেশ নন্দিনী, রাজসিংহ বঙ্কিমচন্দ্রের রচনা।
• রায়তের কথা, তেল-নুন-লাকড়ি প্রমথ চৌধুরীর রচনা।
• মতিচুর, সুলতানার স্বপ্ন বেগম রোকেয়ার রচনা।

**Ans : B.**

**২২. নবান্ন স্ক্রল চিত্রটি কোন শিল্পির আঁকা?**

A. কামরুল হাসান B. এস, এম সুলতান
C. জয়নুল আবেদিন D. হাসেম খান

ব্যাখ্যা : শিল্পাচার্য জয়নুল আবেদীনের উল্লেখযোগ্য চিত্রকর্মগুলো হচ্ছে- নবান্ন, মনপুরা-৭০, ম্যাডোনা-৪৩, সংগ্রাম, পাইন্যার মা, গায়ের বধূ, মইটানা প্রভৃতি।

**Ans : C.**

**২৩. মোনালিসা স্মাইল একটি**

A. [illegible] B. [illegible] C. [illegible] D. চলচ্চিত্র

ব্যাখ্যা : [illegible] মুক্তিপ্রাপ্ত একটি মার্কিন [illegible]

**Ans : D.**

**২৪. চারু ও কারু শিল্পের মধ্যে প্রধান পার্থক্য-**

A. [illegible] B. রং প্রয়োগের ক্ষেত্রে
C. [illegible] D. ব্যবহারিক প্রয়োজনীয়তার ক্ষেত্রে

ব্যাখ্যা : রংতুলি ও সুই সুতার মাধ্যমে নির্মিত চিত্রকলা ও সূচিশিল্প চারুকলার অন্তর্ভুক্ত। আর মৃৎশিল্প, দারুশিল্প, বস্ত্রশিল্প, হস্তশিল্প কারুশিল্পের অন্তর্ভুক্ত অর্থাৎ মূল পার্থক্য নির্মাণ উপকরণ ও নির্মাণ শৈলীতে।
Ans : A.

২৫. মন্দিরা কি?
A. উপাসনা-স্থান B. দেশিয় বাদ্যযন্ত্র
C. অলংকার D. ওপরের সবগুলো

ব্যাখ্যা : • মন্দিরা কাঁসার তৈরি এক ধরনের বাদ্যযন্ত্র। এটির অপর নাম জুড়ি। • কিছু উল্লেখযোগ্য দেশীয় বাদ্যযন্ত্র হলো- কাঁসর, ঢাক, বীণা, শিঙ্গা, তুবড়ি, মাদল, ঝাঁঝর, তানপুরা প্রভৃতি।
Ans : B.

২৬. সিগমুন্ড ফ্রয়েডের স্বপ্নতত্ত্বের ওপর ভিত্তি করে কোন শিল্পধারার সৃষ্টি?
A. রিয়েলিজম B. রোমান্টিসজম
C. স্যুরিয়েলিজম D. দাদাইজম

ব্যাখ্যা : Surrealism সিগমুন্ড ফ্রয়েডের Psychoanalytic method এর উপর ভিত্তি সৃষ্টি হয়েছে।
Ans : C.

২৭. কান্তজির মন্দির কোথায় অবস্থিত?
A. চট্টগ্রাম B. দিনাজপুরে C. কুমিল্লায় D. বাগেরহাটে

ব্যাখ্যা : বিখ্যাত মন্দির–

| মন্দির | অবস্থান | মন্দির | অবস্থান |
|---|---|---|---|
| কান্তজির মন্দির | দিনাজপুর | ঢাকেশ্বরী, রাধাকৃষ্ণ মন্দির | ঢাকা |
| গুরুদুয়ারা শিখ মন্দির | ঢাকা বিশ্ববিদ্যালয় | রামসাগর মন্দির | দিনাজপুর |

Ans : B.

২৮. ডিভাইন কমেডির রচয়িতা-
A. হোমার B. তলস্তয় C. গ্যাটে D. দান্তে

ব্যাখ্যা : "ডিভাইন কমেডি" হচ্ছে দান্তে আলিগিয়েরি কর্তৃক রচিত ইতালীয় সাহিত্যের একটি মহাকাব্য কবিতা।
Ans : D.

29. **Anarchists believe that political institutions not necessary ..... people.**
A. to have governing B. that govern
C. governing D. to govern

ব্যাখ্যা : Necessary- এর পরে preposition 'to' বসে।
Ans : D.

৩০. ভার্জিন অফ দ্যা রক নামক বিখ্যাত চিত্রটি এঁকেছেন-
A. লিওনার্দো দ্যা ভিঞ্চি B. পল গর্গ্যা
C. সালভাদর দালি D. মেরি ক্যাসেট

ব্যাখ্যা : লিওনার্দো দ্য ভিঞ্চির বিখ্যাত চিত্রকর্মগুলো হচ্ছে- মোনালিসা, ভার্জিন অব দ্য রক, মেডুসা, দ্য লাস্ট সাপার, ম্যাডোনা প্রভৃতি।
Ans : A.

৩১. সেলিম আল দীন রচিত নাটক-
A. মধুমালা B. কেরামতমঙ্গল C. রাঢ়াং D. তোমরাই

ব্যাখ্যা : • সেলিম আল দীন রচিত উল্লেখযোগ্য নাটক- কেরামত মঙ্গল, মুনতাসির, শকুন্তলা, কীত্তনখোলা, যৈবতী কন্যার মন, প্রাচ্য প্রভৃতি।
• মধুবালা নাটকের রচয়িতা- কাজী নজরুল ইসলাম।
• রাঢ়াং- মামুনুর রশীদ। • তোমরাই- আব্দুল্লাহ আল মামুন।
Ans : B.

৩২. কালার প্যালেট তত্ত্বে তিনটি মৌলিক রং-
A. লাল, নীল ও সবুজ B. লাল, নীল ও হলুদ
C. লাল, হলুদ ও সবুজ D. হলুদ, নীল ও সবুজ

Ans : A.

৩৩. জাতীয় স্মৃতিসৌধের স্থপতি-
A. সৈয়দ মইনুল হোসেন B. আজিজুল জলিল পাশা
C. শামসুল ওয়ারেস D. ধীরে বহে মেঘনা

ব্যাখ্যা : মুক্তিযুদ্ধ ভিত্তিক স্থাপত্য ও ভাস্কর্য।

| স্থাপত্য/ভাস্কর্য | স্থপতি/ভাস্কর | স্থাপত্য/ভাস্কর্য | স্থপতি/ভাস্কর |
|---|---|---|---|
| জাতীয় স্মৃতিসৌধ | সৈয়দ মাইনুল হোসেন | বুদ্ধিজীবী স্মৃতিসৌধ | মোস্তফা হারুন কুদ্দুস হিলি |
| মুজিবনগর স্মৃতিসৌধ কমপ্লেক্স | তানভীর কবির | স্বাধীনতা সংগ্রাম | শামীম শিকদার |
| সংশপ্তক | হামিদুজ্জামান খান | সাবাস বাংলাদেশ | নিতুন কুন্ডু |

Ans : A.

৩৪. ঋত্বিককুমার ঘটক পরিচালিত চলচ্চিত্র-
A. তিতাস একটি নদীর নাম B. আকালের সন্ধানে
C. জনঅরণ্য D. ধীরে বহে মেঘনা

ব্যাখ্যা : • ঋত্বিককুমার ঘটকের পরিচালিত চলচ্চিত্র- অযান্ত্রিক, তিতাস একটি নদীর নাম, যুক্তি তক্কো আর গপ্পো, মেঘে ঢাকা তারা।
• জন্ম: ঢাকার জিন্দাবাজার, মৃত্যু: কলকাতা, ঢাকা।
Ans : A.

৩৫. পাল আমলের চিত্রকলাকে আমরা প্রধানত কোন রূপে দেখতে পাই?
A. দেয়ালচিত্রে B. পটচিত্রে C. পুঁথিচিত্রে D. গুহাচিত্রে

Ans : B.

৩৬. নিম্নের কোন দুটি রং মিলে সবুজ রং হয়?
A. লাল ও নীল B. লাল ও হলুদ C. নীল ও হলুদ D. বেগুনী ও নীল

ব্যাখ্যা : • মৌলিক রং ৩টি (লাল, হলুদ, নীল) এই তিনটি রং এর মিশ্রণে অন্যান্য রং প্রস্তুত করা যায়।
• নীল + হলুদ = সবুজ। • লাল + নীল = বেগুনি।
• হলুদ + লাল = কমলা।
Ans : C.

৩৭. মাহাভারত এর রচয়িতা-
A. কৃষ্ণদ্বৈপায়ন ব্যাস B. বাল্মীকি
C. কালিদাস D. চৈতন্যদেব

ব্যাখ্যা : প্রাচীন কিছু গ্রন্থ :

| গ্রন্থ | রচয়িতা | গ্রন্থ | রচয়িতা |
|---|---|---|---|
| মহাভারত | কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস | মেঘদূত, অভিজ্ঞান শকুন্তলম | কালিদাস |
| রামায়ণ (সংস্কৃত) | বাল্মীকি | হর্ষচরিত | বানভট্ট |
| রামায়ণ (বাংলা) | কৃত্তিবাস | অর্থ শাস্ত্র | কৌটিল্য/চাণক্য |
| রাম চরিতম | সন্ধ্যাকর নন্দী | ইন্ডিকা | মেগাস্থিনিস |

Ans : A.

৩৮. কাঁচ বা টাইলসের ছোট টুকরা দিয়ে যে চিত্র নির্মাণ করা হয় তা-
A. মিনিয়েচার চিত্র B. ফ্রেস্কো C. টেম্পারা D. মুরাল চিত্র

ব্যাখ্যা : • ম্যুরাল- কাঁচ বা টাইলসের ছোট টুকরা দিয়ে এ চিত্র তৈরী করা হয়।
• মিনিয়েচার চিত্র- মিনিয়েচার বা অনুচিত্র বা ক্ষুদ্র চিত্র সাধারণত ঐতিহাসিক ঐতিহ্য ধারণ করে।
• ফ্রেস্কো- ফ্রেস্কো এক ধরনের চিত্র যা দেয়ালের উপর আঁকা হয়।
• টেম্পেরা- টেম্পেরা হল একটি স্থায়ী, দ্রুত শুকিয়ে যায় এমন একটি চিত্র মাধ্যম যা বিভিন্ন রঞ্জক পদার্থের সাথে পানিতে দ্রবনীয় বাইন্ডার এর মিশ্রণে তৈরী হয়।
Ans : D.

CS CamScanner

**৩৯** হাজং নৃ-গোষ্ঠী বাংলাদেশের কোন অঞ্চলে বসবাস করে?

A. বৃহত্তর ময়মনসিংহ
B. বৃহত্তর রাজশাহী
C. সিলেট
D. পার্বত্য চট্টগ্রাম

ব্যাখ্যা : বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সমূহের বসবাসকৃত অঞ্চল:

| নৃ-গোষ্ঠী | অবস্থান | নৃ-গোষ্ঠী | অবস্থান |
|---|---|---|---|
| হাজং | ময়মনসিংহ, নেত্রকোণা, শেরপুর, সুনামগঞ্জ | চাকমা | বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, কক্সবাজার |
| পাঙন | মৌলভীবাজার | মারমা | বান্দরবান, রাঙ্গামাটি, কক্সবাজার, পটুয়াখালী |
| খাসিয়া | সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার | সাঁওতাল | রাজশাহী, নওগাঁ, রংপুর, দিনাজপুর |
| গারো | বৃহত্তর ময়মনসিংহ, টাঙ্গাইল, সিলেট | ত্রিপুরা | পার্বত্য চট্টগ্রাম, কুমিল্লা, ঢাকা, ফরিদপুর |

Ans : A.

**৪০** Adjective of 'circle' is-

A. Circular
B. Circulation
C. Encircle
D. Circulate

ব্যাখ্যা : Circle - অর্থ বৃত্ত। এর adjective হলো
Circular (adj.) - বৃত্তাকার
Circulate (v) - চক্রাকার ঘোরা
Ans : A.

**৪১** প্রথম বৃক্ষরোপণ নামের বিখ্যাত চিত্রকর্মটির শিল্পী-

A. কামরুল হাসান
B. এস. এম. সুলতান
C. মোহাম্মদ কিবরিয়া
D. সফিউদ্দীন আহমেদ

ব্যাখ্যা : এস.এম. সুলতানের বিখ্যাত চিত্রকর্ম- প্রথম বৃক্ষরোপণ, চরদখল, হত্যাযজ্ঞ প্রভৃতি।
Ans : B.

**৪২** গৌতম বুদ্ধ যে বৃক্ষের নীচে দিব্য লাভ করেন তার নাম-

A. বটবৃক্ষ
B. বোধিবৃক্ষ
C. অশ্বত্থবৃক্ষ
D. অর্জুনবৃক্ষ

ব্যাখ্যা : • বোধিবৃক্ষ হলো ভারতের বুদ্ধগয়ায় অবস্থিত একটি অশ্বত্থ বৃক্ষ যা বৌদ্ধ ধর্মাবলম্বীদের নিকট পবিত্র। কারণ তারা মনে করেন গৌতম বুদ্ধ এই গাছের তলায় ধ্যান করে নির্বাণ লাভ করেন।
• গৌতম বুদ্ধের জন্মস্থান- লুম্বিনী, নেপাল।
Ans : B.

**৪৩** জনপ্রিয় কার্টুন চরিত্র টোকাই-এর স্রষ্টা-

A. হাশেম খান
B. রফিকুন্নবী
C. কাইয়ুম চৌধুরী
D. সমরজিৎ রায় চৌধুরী

ব্যাখ্যা : • 'টোকাই' কার্টুন চরিত্র এর স্রষ্টা রফিকুন্নবী।
• ১৯৭৮ সালে সাপ্তাহিক 'বিচিত্রা' প্রথম আত্মপ্রকাশ পায় এ চরিত্রটি।
Ans : B.

**৪৪** নিচে উল্লিখিত শীতল, অনিরুদ্ধ, উলুপী চরিত্রসমূহ কোন রচনা থেকে নেওয়া?

A. পদ্মানদীর মাঝি
B. ঘরেবাইরে
C. তেল-নুন-লকড়ি
D. সাতসাগরের মাঝি

ব্যাখ্যা : মানিক বন্দোপাধ্যায় কর্তৃক রচিত "পদ্মানদীর মাঝি" (১৯৩৬ সালে প্রকাশিত) উপন্যাসের প্রধান চরিত্রগুলো হচ্ছে- কুবের, কপিলা, মালা, হোসেন মিয়া, গণেশ, শীতল, অনিরুদ্ধ, উলুপী, রাসু, ধনঞ্জয়, রসুল, কাসেম প্রভৃতি।
Ans : A.

**৪৫** নিচের কোন ভাস্কর্যটি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অবস্থিত?

A. দুরন্ত
B. মিশুক
C. অমর একুশ
D. স্বাধীনতা

ব্যাখ্যা : উল্লেখযোগ্য ভাস্কর্য ও অবস্থান :

| স্থাপনা ও ভাস্কর্য | অবস্থান | স্থাপনা ও ভাস্কর্য | অবস্থান |
|---|---|---|---|
| অমর একুশে, সংশপ্তক | জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | সংগ্রাম | সোনারগাঁও |
| অপরাজেয় বাংলা, মোদের গরব, কাকতীন, দোয়েল চত্বর | ঢাকা বিশ্ববিদ্যালয় | সাম্পান | শাহ আমানত বিমান বন্দর |
| সাবাস বাংলাদেশ, গোল্ডেন জুবিলি টাওয়ার | রাজশাহী বিশ্ববিদ্যালয় | কদম ফোয়ারা | সুপ্রিম কোর্ট |
| বলাকা, শাপলা চত্বর | মতিঝিল | সার্ক ফোয়ারা | কাওরান বাজার |

Ans : C.

**৪৬** বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি-

A. স্বর্ণকুমারী দেবী
B. মহাশ্বেতা দেবী
C. চন্দ্রাবতী
D. লীলাবতী

ব্যাখ্যা : • বাংলা সাহিত্যের আদি কবি- লুইপা।
• প্রথম মহিলা কবি- চন্দ্রাবতী।
• প্রথম মুসলিম কবি- শাহ মুহম্মদ সগীর।
Ans : C.

**৪৭** পাবলো পিকাসোর কিউবিজম শিল্পরীতি কোন অঞ্চলের মুখোশ-শিল্প দ্বারা প্রভাবিত ছিল?

A. চাইনিজ
B. মঙ্গোলীয়
C. ইন্ডিয়ান
D. আফ্রিকান

ব্যাখ্যা : ১৯০৬ থেকে ১৯০৯ পর্যন্ত পাবলো পিকাসোর চিত্রকলা ঐতিহ্যবাহী আফ্রিকান মুখোশ দ্বারা প্রভাবিত ছিল।
Ans : D.

**৪৮** উয়ারী-বটেশ্বর কোন জেলায় অবস্থিত?

A. কুমিল্লা
B. নরসিংদী
C. বগুড়া
D. গাজীপুর

ব্যাখ্যা : • উয়ারি-বটেশ্বর অবস্থিত নরসিংদীর বেলাব এর কয়রা নদীর তীরে।
• উয়ারি ও বটেশ্বর গ্রাম দুটি প্লাইস্টোসিন কালে গঠিত।
Ans : B.

*Read the following passage and answer the questions (49-52)*

In India the emergency was a bruising colonialism that had become as intolerable to artists as to everyone else. From the official British Perspective, India had no living art. Its indigenous traditions were dead, the stuff of museums, and ethnological ones at that. Western classicism was the only classicism; European oil painting was the only worthy medium. Indian artists had to learn it if they wanted careers, but even then their options were limited. Naturally some people, British and Indian alike, saw things another way. Ernest Binfield Havell, a British teacher and art historian did.

He recognized Indian art as the grand, ancient, still vibrant phenomenon it was. And as director of the Government School of Art in Calcutta, he encouraged Indian students to bring their own past, transformed, into the present. This mission really took fire, however, in a sorcle gathered around the Tagore family in Calcutta. One of its members, the artist Abanindranath Tagore, taught at the Government School and developed a type of painting based on Indian rather then Western models.

CamScanner

49. The most suitable title for the passage would be ___
A. Indian Modernism
B. Contemporary Indian Art
C. History of Art
D. Indian Art and Colonialism

ব্যাখ্যা : Passage - এ British colony থাকা অবস্থায় Indian Art এর অবস্থা বর্ণনা করা হয়েছে সে হিসেবে অপশন (D) ই perfect

Ans : D.

50. **Who developed a type of painting based on Indian model?**
A. Abanindranath Tagore  B. Rabindranath Tagore
C. Ernest Binfield Havell  D. Nandalal Bose

ব্যাখ্যা : Passage এর শেষের বাক্যে বলা আছে, Abanindranath Tagore developed a type of painting based on Indian rather than western model.

Ans : A.

51. **According to the passage, official British view.**
A. India had living art
B. Indian have traditional painting
C. Indian painting has influenced Chinese painting
D. India had no living art

ব্যাখ্যা : Passage এর প্রথম প্যারার ২য় sentence এ বলা আছে যে From the official British Perspective, India had no living art.

Ans : D.

52. **Who was the first director of the Government School of Art in Calcutta?**
A. Rabindranath Tagor
B. Zainul Abedin
C. Ernest Binfield Havell
D. Abanindranath Tagore

ব্যাখ্যা : Passage এর ২য় প্যারার sentence এ বলা আছে যে, Ernest Binfield Havel কলকাতার একটি সরকারি আর্ট স্কুল পরিচালনা করতেন।

Ans : C.

৫৩. রাবণ কোন গ্রন্থের চরিত্র?
A. রামায়ণ  B. গীতা
C. মহাভারত  D. গীতগোবিন্দ

ব্যাখ্যা : • রামায়ণ (সংস্কৃত) এর রচয়িতা- বাল্মীকি এবং রামায়ণ (বাংলা) এর রচয়িতা- কৃত্তিবাস।
• রামায়ণের প্রধান চরিত্রগুলো- রাম, সীতা, লক্ষণ, রাবণ, হনুমান, বিভীষণ, দশরথ, ভরত, শত্রুঘ্ন আরও অনেকে।

Ans : A.

৫৪. মোনালিসা কোন মাধ্যমে অঙ্কিত চিত্র?
A. জলরং  B. তেলরং
C. এ্যাক্রেলিক  D. ওপরের কোনটিই নয়

ব্যাখ্যা : • লিওনার্দো দা ভিঞ্চির আঁকা বিখ্যাত চিত্রকর্ম "মোনালিসা" পপলার কাঠের উপরে তেল রং-এ আঁকা।
• বর্তমানে এটি প্যারিসের ল্যুভর জাদুঘরে সংরক্ষিত আছে।

Ans : B.

৫৫. মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি- সঙ্গীতটির রচয়িতা-
A. গোবিন্দ হালদার  B. গোপাল হালদার
C. গৌতম হালদার  D. গিরীশ হালদার

ব্যাখ্যা : মুক্তিযুদ্ধভিত্তিক ও দেশাত্মবোধক গান-

| গান | রচয়িতা | সুর |
|---|---|---|
| মোরা একটি ফুলকে বাঁচাবো বলে | গোবিন্দ হালদার | আপেল মাহমুদ |
| জয় বাংলা বাংলার জয় | গাজী মাজহারুল আনোয়ার | আনোয়ার পারভেজ |
| জন্ম আমার ধন্য হল | নঈম গওহর | আজাদ রহমান |
| তুমি কি দেখেছ কভু | মো: মনিরুজ্জামান | সত্য সাহা |
| মাগো ভাবনা কেন | গৌরি প্রসন্ন মজুমদার | হেমন্ত মুখোপাধ্যায় |
| সোনা সোনা সোনা লোকে বলে সোনা | আব্দুল লতিফ | আব্দুল লতিফ |

Ans : A.

৫৬. **Calligraphy**-র বাংলা প্রতিশব্দ-
A. লিপিকলা  B. বর্ণমালা
C. লিপিমালা  D. ওপরের সবগুলো

ব্যাখ্যা : • Cartography- Art and field of map making.
• Pyrography- Art of decorating wood.
• Cacography- Bad hand writing or spelling.
• Calligraphy- Art of fine hand writing.
• Steganography- Art of writing hidden message.

Ans : A.

৫৭. সাংগ্রাই কোন নৃ-গোষ্ঠির বাৎসরিক উৎসব?
A. চাকমা  B. গারো  C. কুকি  D. মারমা

ব্যাখ্যা : বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বর্ষবরণ উৎসব-

| ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | বর্ষবরণ উৎসব | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | বর্ষবরণ উৎসব |
|---|---|---|---|
| মারমা | সাংগ্রাই | অহমিয়া | বিহু |
| চাকমা | বিজু | রাখাইন | সাংগ্রাং |
| ত্রিপুরা | বৈসুক | খিয়াং | সাংলান |
| তঞ্চঙ্গ্যা | বিষু | ওরাওঁ | ফাগুয়া |

Ans : D.

৫৮. সুচিত্রা সেন-এর জন্মস্থান-
A. কলকাতা  B. জলপাইগুড়ি
C. পাবনা  D. মানিকগঞ্জ

ব্যাখ্যা : • সুচিত্রা সেন ছিলেন ভারতীয় জনপ্রিয় অভিনেত্রী।
• জন্মস্থান- পাবনা, বেঙ্গল প্রেসিডেন্সি, ব্রিটিশ-ভারত (বর্তমান বাংলাদেশ)

Ans : C.

৫৯. গম্ভীরা কি?
A. সঙ্গীতপ্রধান লোকনাট্য  B. গম্ভীর ভাব ধারণপূর্বক নৃত্য
C. আঞ্চলিক খাদ্যবিশেষ  D. ওপরের কোনটিই নয়

ব্যাখ্যা : • "গম্ভীরা" হচ্ছে সঙ্গীত প্রধান লোকনাট্য বা বর্ণনামূলক গান।
• গম্ভীরা গানের উৎপত্তি- পশ্চিমবঙ্গের মালদহ।
• এটি চাঁপাইনবাবগঞ্জের লোকসঙ্গীত।

Ans : A.

৬০. "মানুষ মরে গেলে পঁচে যায়- বেঁচে থাকলে বদলায়" সংলাপটি কোন নাটক থেকে গৃহীত?
A. রক্তাক্ত প্রান্তর  B. কবর
C. চন্দ্রগুপ্ত  D. সাজাহান

ব্যাখ্যা : • পানিপথের তৃতীয় যুদ্ধকে কেন্দ্র করে মুনীর চৌধুরী রচিত বিখ্যাত নাটক- "রক্তাক্ত প্রান্তর" (১৯৬২)।
• উক্তিটি নবাব সুজাউদ্দৌলার, নজিবুদ্দৌলাকে উদ্দেশ্য করে।

Ans : A.

CamScanner

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (C-1 Unit)
### শিক্ষাবর্ষ: ২০১২-১৩ [Set - 1/2]
### [আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ]

### বাংলা

**০১. মুদ্রণযন্ত্রে বাংলা হরফের প্রথম নজির 'আলফাবেতুম বেনগালিকুম' কোথায় ছাপা হয়?**
A. আমস্টারডাম B. লিসবন
C. প্যারিস D. লন্ডন

**Ans : B.**

**০২. 'কতো নদী সরোবর বা বাংলা ভাষার জীবনী' কার লেখা?**
A. জ্যোতিভূষণ চাকী B. ড. হুমায়ুন আজাদ
C. আবুল কালাম মনজুর মোরশেদ D. ড. হায়াৎ মাহমুদ

ব্যাখ্যা : • 'কতো নদী সরোবর বা বাংলা ভাষার জীবন' বইটির লেখক- হুমায়ুন আজাদ।
• অধ্যাপক হুমায়ুন আজাদ ছিলেন একজন - প্রথা বিরোধী ও বহুমাত্রিক মননশীল লেখক।
• কাব্যগ্রন্থ - অলৌকিক ইস্টিমার, জ্বলো চিতাবাঘ, সব কিছু নষ্টদের অধিকারে যাবে, যতোই গভীরে যাই মধু যতই উপরে যাই নীল, পাষাণে মোড়া অশ্রু বিন্দু।
• উপন্যাস- ছাপ্পান্ন হাজার বর্গমাইল, সব কিছু ভেঙে পড়ে, শুভ্রব্রত তার সম্পর্কিত সমাচার, রাজনীতিবিদগণ, কবি অথবা দন্ডিতপুরুষ, পাক সার জামিন সাদ বাদ ইত্যাদি।
• প্রবন্ধ/সমালোচনা- রবীন্দ্র প্রবন্ধ, রাষ্ট্র ও সমাজচিন্তা, শামসুর রাহমান, নিঃসঙ্গ শেরপা, শিল্পকলার বিমান বিকিরণ ও অন্যান্য প্রবন্ধ, নারী, দ্বিতীয় লিঙ্গ।
• ভাষাতত্ত্ব- বাক্যতত্ত্ব, তুলনামূলক ও ঐতিহাসিক ভাষা বিজ্ঞান।
• কিশোর সাহিত্য- লাল নীল দীপাবলি, ফুলের গন্ধে ঘুম আসে না, কতো নদী সরোবর (১৯৮৭), আব্বুকে মনে পড়ে, বুক পকেটে জোনাকি পোকা, আমাদের শহরে একদল দেবদূত, অন্ধকারে গন্ধরাজ।
**Ans : B.**

**০৩. বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি?**
A. ৫ টি B. ৬ টি
C. ৭ টি D. ৮ টি

ব্যাখ্যা : • বাংলা স্বরবর্ণ - ১১টি।
• বাংলা ভাষার মৌলিক স্বরধ্বনি - ৭টি (অ, আ, ই, উ, এ, অ্যা, ও)।
• বাংলা ভাষার যৌগিক স্বরধ্বনি - ২টি (ঐ, ঔ)।
• বাংলা ব্যঞ্জনবর্ণ - ৩৯টি।
• বাংলা ভাষায় মোট বর্ণ - ৫০টি।
**Ans : C.**

**০৪. কোন বানানটি সঠিক?**
A. যুপকাস্ট B. যুপকাষ্ট
C. যূপকাষ্ঠ D. যুপকাষ্ঠ

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান-

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| যুপকাস্ট | যূপকাষ্ঠ | নিশিথিনী | নিশীথিনী |
| যদ্যাপি | যদ্যপি | উচিৎ | উচিত |
| রূপসী | রূপবতী | সুধি | সুধী |
| রক্ষয়িত্রী | রক্ষিকা | কল্যান | কল্যাণ |
| রক্তছবি | রক্তচ্ছবি | রজকিনী | রজকী |

**Ans : C.**

**০৫. কোনটি বাংলায় ব্যবহৃত ফারসি শব্দ?**
A. নকশা B. মজলিস
C. মুশকিল D. রসিদ

ব্যাখ্যা : বাংলা ভাষায় ফারসি শব্দগুলো হলো- কারখানা, রসিদ, চশমা, জবানবন্দি, তারিখ, তোশক, দফতর, দরবার, দোকান, দস্তখত, দৌলত, নালিশ, বাদশাহ, বান্দা, বেগম, মেথর, রসদ, আদমি, আমদানি, জানোয়ার, জিন্দা, নমুনা, বাদমাশ, রফতানি, হাঙ্গামা, খোদা, গুনাহ, দোজখ, নামাজ, পয়গম্বর, ফেরেশতা, বেহেশত, রোজা ইত্যাদি।
**Ans : D.**

**০৬. উনিশ শতকে বাংলা ভাষার শ্রীবৃদ্ধি ঘটান কারা?**
A. প্রমথ চৌধুরী, রবীন্দ্রনাথ ঠাকুর
B. আব্দুল হাকিম, আলাওল
C. রাজা রামমোহন রায়, মধুসূদন দত্ত
D. ঈশ্বরচন্দ্র গুপ্ত, উইলিয়াম কেরি

**Ans : C.**

**০৭. নীরদ, তোয়দ, পয়োদ- কোনটির প্রতিশব্দ?**
A. মেঘ B. বৃষ্টি
C. সমুদ্র D. নদী

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ সমার্থক শব্দ:
• মেঘ- নীরদ, পায়াদ, তোয়দ, ঘন, বারিদ, জলদ, জলধর, জীমূত, অম্বুদ, পায়াধর, পর্জন্য, পয়োদ, বলাহক, পয়োমুক।
• পদ্ম- শতদল, উৎপল, অরবিন্দ, সরোজ, কমল, কুবলয়, রাজীব, কুমুদ, কোকনদ।
• পাখি- পক্ষী, বিহগ, বিহঙ্গ, খগ, গরুড়, খেচর, দ্বিজ।
• পাথর- প্রস্তর, পাষাণ, শিলা, অশন, উপল, মণি, কান্ত।
**Ans : A.**

**০৮. সন্ধি বিচ্ছেদ কর: ভাগ্য**
A. ভা + য B. ভাজ + য
C. ভজ্ + য D. ভাজ্ + য

| ব্যাখ্যা : | |
|---|---|
| বিচ্ছেদ = বি + √ছিদ্ + অ | ব্যর্থ = বি + অর্থ |
| ভক্তি = ভজ্ + তি | ভয় = ভী + অ |
| ভাগ্য = ভজ্ + য | ভিক্ষা = ভিক্ষ + অ + আ |
| ভুক্ত = ভুজ্ + ত | মনোজ = মনঃ + জ |

**Ans : C.**

**০৯. কোনটি বিষমীভবনের উদাহরণঃ**
A. শরীর > শরীল B. গলদা > গল্লা
C. সর্প > সপ্প D. পিশাচ > পিচাশ

ব্যাখ্যা : বিষমীভবন: দুটো সমবর্ণের একটির পরিবর্তনকে বিষমীভবন বলে। যেমন- শরীর > শরীল ; লাল > নাল ইত্যাদি।
**Ans : A.**

**১০. কোনটি যৌগিক বাক্য?**
A. কাব্য ম্যাজিক হলেও সমালোচনা লজিক হতে বাধ্য
B. যদি কাব্য ম্যাজিক হয়, তবে সমালোচনা লজিক হতে বাধ্য
C. কাব্য ম্যাজিক হতে পারে, কিন্তু সমালোচনা লজিক হতে বাধ্য
D. কাব্য যদি ম্যাজিকও হয়, তথাপিও সমালোচনা লজিক হতে বাধ্য

ব্যাখ্যা : • যৌগিক বাক্য: পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে।
• যৌগিক বাক্যের অন্তর্গত নিরপেক্ষ বাক্যগুলো- এবং, ও, কিন্তু, অথবা, অথচ, কিংবা, বরং প্রভৃতি অব্যয় ব্যবহার করা হয়।
যেমন- কাব্য ম্যাজিক হতে পারে কিন্তু সমালোচনা নজিক হতে বাধ্য।
**Ans : C.**

CamScanner

## English

***Carefully read the passage and answer the questions 11-13:***

War is never the disease itself. War is a reaction to a disease of society, the -symptom of disease. It is just like fever in the human body. We shall never be able to prevent all wars in advance, because it is impossible to foresee future differentiations of human society, exactly where divisions and splits of society will take place. In the twenty-fifth century perhaps the great conflict will be between the orange growers and the believers in Taoism. We do not know.

**11. Why is War?**
A. a reaction social disease
B. a sign of social sickness
C. nothing but a human disease
D. just an irrational act

ব্যাখ্যা : এখানে, "war is reaction........the symptom of disease" এই লাইনটি হতে answer টি পাওয়া যায়।
**Ans : A.**

**12. Prevention of war depends on**
A. foreseeing the future of human society
B. taking intuitive actions
C. taking pre-emptive measures
D. accepting uncertainty

ব্যাখ্যা : এখানে, "we shall never be able......and splits of society will take place" লাইনটি হতে answer টি পাওয়া যায়।
**Ans : A.**

**13. What we don't know about war?**
A. Between whom would be the future war.
B. Between different societal groups would be the future war.
C. Between conflicting parties would be the future war.
D. Between the Taoists and the orange growers would be the war.

ব্যাখ্যা : এখানে "In the twenty fifth......we not know" হতে answer টি পাওয়া যায়।
**Ans : D.**

**14. In a dictionary which word come first?**
A. Holm B. Holocaust
C. Hollow D. Holster

**Ans : C.**

**15. Fill in the gaps with appropriate prepositions: The flight for Dubai will be leaving (....) 30 minutes. All passengers should check in (...) counter No. 3**
A. on. in B. in, on
C. in, at D. within, into

ব্যাখ্যা : এখানে (counter) ছোট স্থানের আগে at বসবে।
**Ans : C.**

**16. Which is the correct spelling**
A. conscience B. conscince
C. concience D. conscence

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু **correct spelling :**

| | |
|---|---|
| Conscience | Magnificent |
| Maintenance | Maneuver |
| Meanness | Medieval |
| Mediaeval | Messenger |
| Millennium | Millionaire |

**Ans : A.**

**17. Which sentence is wrong?**
A. If I see her, I'll give her your message.
B. If you are needing any help, please let me know.
C. If the train is not late, he should be here by nine o'clock.
D. If we had a computer, our work would be much easier

ব্যাখ্যা : Option (A) ও (C) তে first condition এবং (D) তে second condition এর সঠিক ব্যবহার হয়েছে। কিন্তু option (B) তে first condition এর সঠিক ব্যবহার হয়নি। কারণ If এর পরবর্তী clause টা সঠিক নয়।
**1st Condition :** If + sub. + verb (base) + obj. + can/may/ shall/will + verb (present) + obj.
**Ans : B.**

**18. Which is not a colloquial expression?**
A. Can you put me up for the night?
B. I don't get what he said.
C. I don't think we'll make it before dark
D. I cannot tolerate the heat.

ব্যাখ্যা : Colloquial - চলিত বা সাধারণ কথাবার্তায় ব্যবহৃত language contraction এর ব্যবহার হচ্ছে colloquial বা informal. option (A) তে ভদ্রভাবে request করে বলা হয়েছে, তুমি কি আমাকে রাতের জন্য বাসা ঠিক করে দিতে পারবে? এটি formal sentence.
**Ans : A.**

**19. Choose appropriate tense for the verb in bracket.**
**I (leave) my office <u>when</u> the telephone rang**
A. have just left B. was just leaving
C. have been leaving D. left

ব্যাখ্যা : অতীতকালে সংগঠিত দু'টি কাজের মধ্যে যদি এরূপ সম্পর্ক থাকে যে, একটি কাজ আর একটিকে বাধা দেয়া হয়, সেটি past continuous এবং যে বাধা দেয়, সেটি past indefinite tense হয়।
When + sub + simple past + sub + past cont....... or
Sub + past cont. + when + sub + simple past......
**Ans : B.**

**20. Which one is not a synonym of 'Satirical'?**
A. sardonic B. sarcastic
C. spoof D. sensitive

ব্যাখ্যা : Satirical - বিদ্রূপাত্মক।
**Synonym :** Ironic, Poignant, Snide, Satiric.
**Antonym :** Sensitive, Sensorial, Sensory, Impressible.
**Ans : D.**

CS CamScanner

## সাধারণ জ্ঞান

২১. মেগাস্থিনিস তার কোন গ্রন্থে ভারতীয় উপমহাদেশ সম্পর্কে মূল্যবান তথ্য লিপিবদ্ধ করেন?

A. ইন্ডিয়া B. ইন্ডিকা C. ইন্ডিয়ানা D. ইন্ডাস

ব্যাখ্যা : • সর্বপ্রথম বাংলায় আগমনকারী পরিব্রাজক মেগাস্থিনিস (গ্রিস), খ্রিস্টপূর্ব ৩০২ অব্দে (প্রথম চন্দ্র গুপ্তের সময়)।
• তার রচিত গ্রন্থ - "ইন্ডিকা"।

Ans : B.

২২. চীন দেশীয় ইতিহাসের জনক সু-মা কিয়েন ভারতীয় ইতিহাসের গ্রন্থ রচনা করেন-

A. খ্রী:পূর্ব ৩য় শতকে B. খ্রী: পূর্ব ৪র্থ শতকে
C. খ্রী: পূর্ব ৫ম শতকে D. খ্রী: পূর্ব ১ম শতকে

ব্যাখ্যা : সাবেক যুগোস্লাভিয়া ভুক্ত দেশগুলো হলো- সার্বিয়া, কসোভো, ম্যাসিডোনিয়া, মন্টিনিগ্রো, বসনিয়া-হারজেগোভিনা, ক্রোয়েশিয়া, স্লোভেনিয়া।

Ans : D.

২৩. সাবেক যুগোশ্লাভিয়ার অন্তর্ভুক্ত নয় কোন দেশ?

A. শ্লোভেনিয়া B. শ্লোভাকিয়া C. ক্রোয়েশিয়া D. মেসিডোনিয়া

Ans : B.

২৪. সমসাময়িক আন্তর্জাতিক রাজনীতিতে রাষ্ট্রসমূহের কোন সেটটি অধিকতর সামঞ্জস্যপূর্ণ?

A. যুক্তরাষ্ট্র, ভারত, পাকিস্তান B. যুক্তরাষ্ট্র, ইসরাইল, ভারত
C. যুক্তরাষ্ট্র, ইসরাইল, ইরান D. যুক্তরাষ্ট্র, ইসরাইল, পাকিস্তান

Ans : B.

২৫. বঙ্গভঙ্গ ও বঙ্গভঙ্গ রদ হয় কোন কোন সালে?

A. ১৯০৬ ও ১৯১১ B. ১৯০৫ ও ১৯১০
C. ১৯০৭ ও ১৯১১ D. ১৯০৫ ও ১৯১১

ব্যাখ্যা : • লর্ড কার্জন বঙ্গভঙ্গের ঘোষণা করেন- ১৬ অক্টোবর ১৯০৫।
• বঙ্গভঙ্গ রদ করা হয়- ১২ ডিসেম্বর ১৯১১।
• বঙ্গভঙ্গের ফলে "পূর্ববঙ্গ ও আসাম" নামে নবগঠিত প্রদেশের রাজধানী হয়- ঢাকা।

Ans : D.

২৬. মুক্তিবাহিনীর 'ওয়ার স্ট্র্যাটেজী' কি নামে পরিচিত?

A. তেলিয়াপাড়া স্ট্র্যাটেজি B. বাঘাইছড়ি স্ট্যাটেজী
C. মুজিবনগর স্ট্যাটেজী D. আগতলা স্ট্যাটেজী

ব্যাখ্যা : ১৯৭১ সালের ৪ এপ্রিল বাংলাদেশের মুক্তিযুদ্ধের রণকৌশল প্রণিত হয়। ঐ দিনই পুরো বাংলাদেশকে ১১টি সেক্টরে ভাগ করেন মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি এম জি ওসমানি।

Ans : A.

২৭. মেসোপটেমীয় সভ্যতা কোথায় গড়ে ওঠে?

A. নীল নদের তীরে B. ইউফ্রেটিস ও টাইগ্রিস নদীর তীরে
C. ইউফ্রেটিস নদীর তীরে D. টাইগ্রিস নদীর তীরে

ব্যাখ্যা : • মেসোপটেমীর সভ্যতা গড়ে ওঠে ইউফ্রেটিস ও টাইগ্রিস (দজলা ও ফোরাত) নদীর তীরে।
• এটি বিশ্বের সবচেয়ে প্রাচীনতম সভ্যতা।
• মেসোপটেমিয়া বর্তমান সময়ের ইরাক ও সিরিয়া অঞ্চল।

Ans : B.

২৮. ভারত প্রথম পারমানবিক বিস্ফোরন ঘটায় কোন সালে?

A. ১৯৯৪ B. ১৯৯৮ C. ১৯৭৪ D. ১৯৮৫

ব্যাখ্যা : ভারতের প্রথম পারমাণবিক পরীক্ষা অনুষ্ঠিত হয়- ১৯৭৪ সালে পোখরানে।

Ans : C.

২৯. দ্বিতীয় বিশ্বযুদ্ধকালে বৃটেনের প্রধানমন্ত্রী ছিলেন?

A. উইন্সটন চার্চিল B. মার্গারেট থ্যাচার
C. হ্যারল্ড ম্যাকমিলান D. স্ট্যানলি বোল্ডউইন

ব্যাখ্যা : দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন রাষ্ট্র বা সরকার প্রধান :

| নাম | দেশ | নাম | দেশ |
|---|---|---|---|
| উইনস্টন চার্চিল (প্রধানমন্ত্রী) | ব্রিটেন | অ্যাডলফ হিটলার (চ্যান্সেলর) | জার্মানি |
| রুজভেল্ট এবং ট্রুম্যান (প্রেসিডেন্ট) | যুক্তরাষ্ট্র | হিরোহিতো (সম্রাট) | জাপান |
| স্ট্যালিন (CPSU এর মহাসচিব) | রাশিয়া | মুসোলিনী (প্রেসিডেন্ট) | ইতালি |

Ans : A.

৩০. দার্দানেলিস প্রণালী সংযুক্ত করেছে-

A. মর্মর সাগর ও কৃষ্ণ সাগর B. মর্মর সাগর ও ভূমধ্যসাগর
C. ভূমধ্যসাগর ও কৃষ্ণ সাগর D. কৃষ্ণ সাগর ও কাস্পিয়ান সাগর

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ প্রণালী সমূহ :

| প্রণালী | ইংরেজি নাম | পৃথক করেছে | সংযুক্ত করেছে |
|---|---|---|---|
| দার্দানেলিস প্রণালী | Dardanelles Strait | এশিয়া-ইউরোপ | মর্মর সাগর-ভূমধ্যসাগর |
| পক প্রণালী | Palk Strait | ভারত-শ্রীলঙ্কা | ভারত মহাসাগর-আরব সাগর |
| জিব্রাল্টার প্রণালী | Strait of Gibraltar | আফ্রিকা-ইউরোপ | উত্তর আটলান্টিক-ভূমধ্যসাগর |
| মালাক্কা প্রণালী | Strait of Malacca | সুমাত্রা-মালয়েশিয়া | বঙ্গোপসাগর-জাভা সাগর |
| বেরিং প্রণালী | Bering Strait | এশিয়া-উত্তর আমেরিকা | উত্তর সাগর-বেরিং সাগর |
| ইংলিশ চ্যানেল | English Channel | ব্রিটেন-ফ্রান্স | আটলান্টিক মহাসাগর-উত্তর সাগর |
| হরমুজ প্রণালী | Strait of Hormuz | আরব-ইরান | পারস্য উপসাগর-ওমান উপসাগর |
| বসফরাস প্রণালী | Bosphorus Strait | এশিয়া-ইউরোপ | মর্মর সাগর-কৃষ্ণ সাগর |

Ans : B.

৩১. নিম্নলিখিত কোন পদ্ধতি লেখচিত্র অঙ্কনে ব্যবহার করা হয় না?

A. রৈখিক লেখচিত্র B. বৃত্ত বা চক্র লেখচিত্র
C. ছায়াপত লেখচিত্র D. স্তম্ভ লেখচিত্র

Ans : C.

৩২. স্ক্যান্ডিনেভিয়ার অন্তর্ভুক্ত কোন দেশগুলো?

A. নরওয়ে, ফিনল্যান্ড, আয়ারল্যান্ড
B. নরওয়ে, ফিনল্যান্ড, হল্যান্ড
C. নরওয়ে, ডেনমার্ক, ফিনল্যান্ড
D. ডেনমার্ক, ফিনল্যান্ড, হল্যান্ড

ব্যাখ্যা : স্ক্যান্ডিনেভিয়ান দেশগুলো হলো- ফিনল্যান্ড, ডেনমার্ক, আইসল্যান্ড, সুইডেন এবং নরওয়ে।

Ans : C.

CamScanner

৩৩. বিশ্বের বৃহত্তম মহাকাশ উৎক্ষেপণ কেন্দ্র বাইকনুর কসমোড্রম কোথায় অবস্থিত?
A. কাজাখস্তান B. তাজিকিস্তান
C. ইউক্রেন D. রাশিয়া

ব্যাখ্যা: • বিশ্বের প্রথম ও বৃহত্তম মহাকাশ উৎক্ষেপণ কেন্দ্র- বাইকনুর কসমোড্রম।
• অবস্থান- কাজাখস্তান, নির্মাণ- ১৯৫০ সালে।
Ans : A.

৩৪. "সেই ব্যক্তি নাগরিক যে নগররাষ্ট্রের শাসনকার্যে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে সক্ষম"- উক্তিটি কার?
A. প্লেটো B. এরিস্টটল
C. সক্রেটিস D. আলেকজান্ডার

ব্যাখ্যা : রাষ্ট্রবিজ্ঞানের জনক এরিস্টটলের অন্যান্য বিখ্যাত উক্তিগুলো হলো-
"শক্তি নয়, ইচ্ছাই রাষ্ট্রের ভিত্তি"
"ইতিহাস হচ্ছে অভিজাত শ্রেণির সমাধিক্ষেত্র"
"সংবিধান হচ্ছে রাষ্ট্র কর্তৃক মনোনীত পূর্ণাঙ্গ জীবন বিধান"
Ans : A.

৩৫. সার্বভৌমত্ব সম্পর্কে কোন বক্তব্যটি সঠিক নয়?
A. রাষ্ট্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান হলো সার্বভৌমত্ব
B. রাষ্ট্রের সার্বভৌমত্ব কখনো কখনো হস্তান্তরযোগ্য
C. সার্বভৌমত্ব হলো রাষ্ট্রের চরম ক্ষমতা
D. রাষ্ট্রের চূড়ান্ত ইচ্ছাই সার্বভৌমত্ব

Ans : B.

৩৬. ICC এর প্রতিষ্ঠাকালীন নাম কি?
A. Intercontinental Cricket Council
B. International Cricket Council
C. International Cricket Conference
D. Imperial Cricket Conference

ব্যাখ্যা : ১৯৬৫ সালে Imperial Cricket Conference এর নাম পরিবর্তন করে International Cricket Council করা হয়।
Ans : D.

৩৭. ২০১৬ সালের অলিম্পিক অনুষ্ঠিত হবে কোথায়?
A. রিও ডি জেনেরিও, ব্রাজিল B. জোহানেসবার্গ, দক্ষিণ আফ্রিকা
C. কানকুন, মেক্সিকো D. ব্রাসিলিয়া, ব্রাজিল

ব্যাখ্যা: অলিম্পিক গেমস এর আগাম আসরসমূহ:

| তম | অলিম্পিক গেমস | আয়োজক | সাল |
|---|---|---|---|
| ৩৩তম | গ্রীষ্মকালীন অলিম্পিক | প্যারিস, ফ্রান্স | ২০২৪ |
| ৩৪তম | গ্রীষ্মকালীন অলিম্পিক | লস এঞ্জেলস, যুক্তরাষ্ট্র | ২০২৮ |
| ৩৫তম | গ্রীষ্মকালীন অলিম্পিক | ব্রিজবেন, অস্ট্রেলিয়া | ২০৩২ |
| ২৫তম | শীতকালীন অলিম্পিক | মিলান, ইতালি | ২০২৬ |
| ১৭তম | প্যারা অলিম্পিক | প্যারিস, ফ্রান্স | ২০২৪ |

Ans : A.

৩৮. সম্প্রতি কোন বাংলাদেশী নারী জাতিসংঘের আন্ডার সেক্রেটারী জেনারেল পদে নিয়োগ পান?
A. ইসমত জাহান B. পলা মানজিলা উদ্দিন
C. আমিরাহ হক D. রুশনারা আলী

ব্যাখ্যা : আমিরাহ হক ২০১৪ সালের জুলাই পর্যন্ত জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল হিসেবে দায়িত্ব পালন করেন।
Ans : C.

৩৯. বাংলাদেশ ও ভারতের মধ্যে সীমান্ত হাট চালু হয় কবে?
A. ২৩ জুলাই ২০১১ B. ২৩ জুলাই ২০১২
C. ২৪ জুলাই ২০১২ D. ২৪ জুলাই ২০১১

ব্যাখ্যা: বাংলাদেশ - ভারত প্রথম সীমান্ত হাট চালু হয় কুড়িগ্রামের বালিয়ামারীতে ২০১১ সালের ২৩ জুলাই।
Ans : A.

৪০. ২০১২ সালের UNCTAD রিপোর্ট অনুযায়ী বাংলাদেশে বিনিয়োগে শীর্ষ দেশ কোনটি?
A. সিঙ্গাপুর B. মিশর C. মালয়েশিয়া D. যুক্তরাষ্ট্র

ব্যাখ্যা : বাংলাদেশে বিনিয়োগে শীর্ষ দেশ - যুক্তরাজ্য।
Ans : A.

৪১. বাংলাদেশে অবস্থিত এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন এর চ্যান্সেলর কে?
A. শেরি ব্লেয়ার B. লরা বুশ
C. হিলারী ক্লিনটন D. মিশেল ওবামা

Ans : A.

৪২. ইউনেস্কো ঘোষিত ২০১২ সালের ওয়ার্ল্ড বুক ক্যাপিটাল কোনটি?
A. আঙ্কারা (তুরস্ক) B. ফ্রাঙ্কফুর্ট (জার্মানি)
C. ইয়েরেভান (আর্মেনিয়া) D. মস্কো (রাশিয়া)

ব্যাখ্যা : • ২০২৪ সালের ওয়ার্ল্ড বুক ক্যাপিটাল - স্ট্রাসবার্গ, ফ্রান্স।
• ২০২৫ সালের ওয়ার্ল্ড বুক ক্যাপিটাল - রিও ডি জেনেরিও, ব্রাজিল।
Ans : C.

৪৩. 'রানওয়ে' চলচ্চিত্রটির পরিচালক কে?
A. তানভীর মোকাম্মেল B. মোরশেদুল ইসলাম
C. হুমায়ুন আহমেদ D. তারেক মাসুদ

ব্যাখ্যা: তারেক মাসুদ পরিচালিত উল্লেখযোগ্য চলচ্চিত্র- রানওয়ে (২০১০), মাটির ময়না, নারীর কথা, মুক্তির কথা, মুক্তির গান, সে, আদম সুরত, অর্ন্তযাত্রা প্রভৃতি।
Ans : D.

৪৪. 'গেরিলা অফ টাইম' কার আত্মজীবনী?
A. ফিদেল কাস্ত্রো B. ইয়াসির আরাফাত
C. চে গুয়েভারা D. নগুয়েন ভন গিয়াপ

ব্যাখ্যা : উল্লেখযোগ্য কিছু গ্রন্থ ও রচয়িতা :

| গ্রন্থ | রচয়িতা | গ্রন্থ | রচয়িতা |
|---|---|---|---|
| গেরিলা অফ টাইম | ফিদেল কাস্ত্রো | গেরিলা ওয়ারফেয়ার | চে গুয়েভারা |
| Mein Kamph | অ্যাডলফ হিটলার | দ্য অডোসিটি অব হোপ | বারাক ওবামা |
| এ লং ওয়াক টু ফ্রিডম | নেলসন ম্যান্ডেলা | এ ব্রিফ হিস্টরি অব টাইম | স্টিফেন হকিং |
| অসমাপ্ত আত্মজীবনী | শেখ মুজিবুর রহমান | ইন্ডিয়া উইনস ফ্রিডম | মাওলানা আবুল কালাম আজাদ |

Ans : A.

৪৫. ইহুদীরা বিশ্বাস করে কোন ধর্মগ্রন্থে?
A. Old Testament
B. New Testament
C. Old Testament ও New Testament
D. Gospels

Ans : A.

৪৬. জোসেফ মার্শাল টিটো কোন দেশের নেতা ছিলেন?
A. চেকশ্লোভাকিয়া B. যুগোশ্লাভিয়া
C. সোভিয়েত ইউনিয়ন D. অস্ট্রিয়া

ব্যাখ্যা: • জোসেফ মার্শাল টিটো ছিলেন- সাবেক যুগোশ্লাভিয়া প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্ট।
• তিনি জোট নিরপেক্ষ আন্দোলনের অন্যতম নেতা ছিলেন।
Ans : B.

CamScanner

**৪৭. একধারে কবি, সাহিত্যিক ও কূটনীতিক কে ছিলেন?**

A. পাবলো পিকাসো B. পাবলো নেরুদা
C. হুয়ান পাবলো D. ফিওদর দস্তয়ভস্কি

ব্যাখ্যা: পাবলো নেরুদা প্রকৃত নাম রিকার্ডো এলীসার নেফতালি রিয়েস বাসোয়ালতো। তিনি তাঁর বাবার জন্য পাবলো নেরুদা ছদ্মনাম গ্রহণ করেছিলেন।
১৯৭১ সালে সাহিত্যে নোবেল পুরস্কার বিজেতা একজন চিলিয় কবি, কূটনীতিবিদ ও রাজনীতিবিদ ছিলেন।
**Ans : B.**

**৪৮. COMECON- এর প্রতিষ্ঠাকাল কোনটি?**

A. জানুয়ারি ১৯৪৯ B. জানুয়ারি ১৯৫০
C. ফেব্রুয়ারি ১৯৫০ D. ফেব্রুয়ারি ১৯৪৯

ব্যাখ্যা : • Council for Mutual Economic Assistance (COMECON, CMEA বা CAME) ছিল সাবেক সোভিয়েত ইউনিয়নের (রাশিয়া) একটি অর্থনৈতিক সংস্থা।
• প্রতিষ্ঠা ৫-৮ জানুয়ারি ১৯৪৯, বিলুপ্ত- ২৮ জুন ১৯৯১।
**Ans : A.**

**৪৯. ইউরোপীয় ইউনিয়ন যাত্রা শুরু করে কোন চুক্তির মাধ্যমে?**

A. রোম চুক্তি ১৯৫৮ B. ম্যাসট্রিচট চুক্তি ১৯৯২
C. শেনজেন চুক্তি ১৯৮৫ D. প্যারিস চুক্তি ১৯৭৩

ব্যাখ্যা : • ইউরোপীয় ইউনিয়নের (EU) পূর্ব নাম- European Economic Community (EEC)।
• ইউরোপীয় ইউনিয়ন নামকরণ করা হয়- ১ নভেম্বর, ১৯৯৩।
• ৭ ফেব্রুয়ারি ১৯৯২ সালে ম্যাসট্রিষ্ট চুক্তির মাধ্যমে ইউরোপীয় ইউনিয়ন নামকরণ করা হয়।
• ২৫ মার্চ ১৯৫৭ সালে স্বাক্ষরিত রোম চুক্তির মাধ্যমে EEC যাত্রা শুরু করে- ১ জানুয়ারি ১৯৫৮।
**Ans : B.**

**৫০. 'অরবিস ইন্টারন্যাশনাল' কি?**

A. যুক্তরাজ্য ভিত্তিক বিখ্যাত প্রকাশনা সংস্থা
B. যুক্তরাষ্ট্র ভিত্তিক মোবাইল চক্ষু হাসপাতাল
C. যুক্তরাজ্য ভিত্তিক মোবাইল চক্ষু হাসপাতাল
D. যুক্তরাষ্ট্র ভিত্তিক বিখ্যাত প্রকাশনা সংস্থা

ব্যাখ্যা : • অরবিস ইন্টারন্যাশনাল হচ্ছে যুক্তরাষ্ট্র ভিত্তিক উড়ন্ত চক্ষু হাসপাতাল।
• ২০১৭ সালের নভেম্বরে আবারো এটি বাংলাদেশে চিকিৎসা সেবা প্রদান করে।
**Ans : B.**

**৫১. Zapatista ও FARC গেরিলারা কোন কোন দেশের?**

A. কলম্বিয়া ও মেক্সিকো B. মেক্সিকো ও কলম্বিয়া
C. নিকারাগুয়া ও মেক্সিকো D. কলম্বিয়া ও নিকারাগুয়া

ব্যাখ্যা : ২০১৭ সালে "Revolutionary Armed Forces of Colombia" নামক বিদ্রোহী গেরিলা সংগঠনটি শান্তি চুক্তির মাধ্যমে নতুন নামে (Common Alternative Revolutionary Force-FARC) বেসামরিক রাজনৈতিক দল হিসেবে আত্মপ্রকাশ করে।
**Ans : B.**

**৫২. স্বাধীনতাকামী ক্যাটালন অঞ্চলটি কোন দেশের?**

A. কানাডা B. স্পেন C. ইতালী D. ফ্রান্স

ব্যাখ্যা : • কাতালোনিয়ার স্বাধীনতা বিষয়ে গণভোট অনুষ্ঠিত হয়- ১ অক্টোবর ২০১৭।
• কাতালোনিয়ার পার্লামেন্ট স্বাধীনতা ঘোষণা করে- ২৭ অক্টোবর ২০১৭।
• কাতালোনিয়ার স্বাধীনতা আন্দালনের প্রধান নেতা- কার্লোস পুজেমন।
**Ans : B.**

**৫৩. 'দুরন্ত' ভাস্কর্যটি কোথায় অবস্থিত?**

A. গাজীপুর চৌরাস্তায় B. সোহরাওয়ার্দী উদ্যানে
C. বাংলাদেশ শিশু একাডেমী প্রাঙ্গনে D. রংপুর কারমাইকেল কলেজে

ব্যাখ্যা : ভাস্কর্য ও অবস্থান :

| ভাস্কর্য | অবস্থান | ভাস্কর্য | অবস্থান |
|---|---|---|---|
| দুরন্ত | বাংলাদেশ শিশু একাডেমি | অর্ঘ্য | সায়েন্স ল্যাবরেটরি |
| সংশপ্তক, অমর একুশে | জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যাল | মিশুক | শাহবাগ, ঢাকা |
| বলাকা | মতিঝিল | সংগ্রাম | সোনারগাঁও |
| নজরুল ভাস্কর্য, নজরুল মঞ্চ | বাংলা একাডেমি | রাজসিক বিহার | রূপসী বাংলা হোটেল |

**Ans : C.**

**৫৪. WHO এর তথ্যমতে বাংলাদেশের পানিতে আর্সেনিকের গ্রহণযোগ্য মাত্রা কত?**

A. ০.০৬ মিগ্রা/লিটার B. ০.০৭ মিগ্রা/লিটার
C. ০.০৩ মিগ্রা/লিটার D. ০.০৫ মিগ্রা/লিটার

**Ans : D.**

**৫৫. 'সামাজিক ব্যবসা' ধারণাটির প্রবর্তক কে?**

A. ড. মুহাম্মদ ইউনুস B. ফজলে হাসান আবেদ
C. অমর্ত্য সেন D. ড. আকবর আলী খান

ব্যাখ্যা : বিভিন্ন তত্ত্বের প্রবক্তা :

| তত্ত্ব | প্রবক্তা | তত্ত্ব | প্রবক্তা |
|---|---|---|---|
| সমাজিক ব্যবসা | ড. মুহাম্মদ ইউনুস | খাজনা তত্ত্ব | ডেভিড রিকার্ডো |
| সমাজ তত্ত্ব, সাম্যবাদ | কার্ল ম্যাক্স | জনসংখ্যা তত্ত্ব | থমাস ম্যালথাস |
| বিশ্বগ্রাম ধারণা | মার্শাল ম্যাকলুহান | নিম খাজনা তত্ত্ব | জোসেফ মার্শাল |
| থ্রী জিরো তত্ত্ব | ড. মুহাম্মদ ইউনুস | দ্বি-জাতি তত্ত্ব | মুহম্মদ আলী জিন্নাহ |

**Ans : A.**

**৫৬. মুক্তবাজার অর্থনীতির বৈশিষ্ট্য নয় কোনটি?**

A. প্রতিযোগিতামূলক বাজার B. শুল্ক-অশুল্ক বাঁধা
C. পণ্যের অবাধ প্রবাহ D. পুঁজির অবাধ প্রবাহ

**Ans : B.**

**৫৭. AFP ও AP কোন কোন দেশের সংবাদ সংস্থা?**

A. যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র B. ফ্রান্স ও যুক্তরাষ্ট্র
C. যুক্তরাজ্য ও ফ্রান্স D. যুক্তরাষ্ট্র ও ফ্রান্স

ব্যাখ্যা : বিশ্বের উল্লেখযোগ্য সংবাদ সংস্থা :

| দেশ | সংবাদ সংস্থা | দেশ | সংবাদ সংস্থা |
|---|---|---|---|
| ফ্রান্স | Agence France Presse (AFP) | যুক্তরাষ্ট্র | Reuters (রয়টার্স) |
| যুক্তরাষ্ট্র | Associated Press (AP), UPI | চীন | Xinhua (জিনহুয়া) News Agency |
| রাশিয়া | Interfax, ITAR-TASS | পাকিস্তান | South Asian News Agency (SANA) |
| তাইওয়ান | Central News Agency (CNA) | ইরান | Islamic Republic News Agency (IRNA) |

**Ans : B.**

CamScanner

পরমাণু অস্ত্র হ্রাস করার লক্ষ্যে যুক্তরাষ্ট্র ও রাশিয়ার মধ্যে স্বাক্ষরিত নতুন চুক্তি কোনটি?

A. START I
B. START II
C. New START
D. SALT

ব্যাখ্যা : • START-1 হচ্ছে রাশিয়া ও যুক্তরাষ্ট্রের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়- ৩১ জুলাই ১৯৯১।
• START-2 (রাশিয়া-যুক্তরাষ্ট্র) স্বাক্ষরিত হয়- ৩ জানুয়ারি ১৯৯৩।
• New START (রাশিয়া-যুক্তরাষ্ট্র) স্বাক্ষরিত হয়- ৮ এপ্রিল ২০১০।

Ans : C.

জেনেভা কনভেনশন ১৯৪৯ কি?

A. মানবজাতির প্রতিটি সদস্যের অধিকার, মর্যাদা ও সমতা রক্ষার আচরন বিধি
B. যুদ্ধবন্দি ও যুদ্ধাহত ব্যক্তিদের সাথে আচরণ বিধি
C. যুদ্ধে অস্ত্রশস্ত্র ব্যবহার সংক্রান্ত বিধি
D. নারী অধিকার সংক্রান্ত আন্তর্জাতিক উদ্যোগ

ব্যাখ্যা : • যুদ্ধবন্দি, যুদ্ধাহত ও যুদ্ধে ক্ষতিগ্রস্থ ব্যক্তির সাথে মানবিক আচরণের মানদন্ড নির্ধারণে স্বাক্ষরিত আন্তর্জাতিক চুক্তি হচ্ছে জেনেভা কনভেনশন।
• এ পর্যন্ত ৪টি জেনেভা কনভেনশন অনুষ্ঠিত হয়েছে- ১৮৬৪, ১৯০৬, ১৯২৯ এবং ১৯৪৯ সালে।
• এগুলো সুইজারল্যান্ডের রাজধানী জেনেভায় অনুষ্ঠিত হয়।

Ans : B.

ইউরো মুদ্রা ব্যবহার করছে না ইউরোপীয় ইউনিয়নভূক্ত কোন দেশ?

A. বেলজিয়াম
B. জার্মানি
C. ডেনমার্ক
D. ফ্রান্স

ব্যাখ্যা : ইউরোপীয় ইউনিয়নভূক্ত কিন্তু ইউরো মুদ্রা চালু করেনি এমন দেশগুলো হলো- ডেনমার্ক, সুইডেন, চেক প্রজাতন্ত্র, হাঙ্গেরি, পোল্যান্ড, বুলগেরিয়া, রোমানিয়া।
• ইউরোপীয় ইউনিয়ন বহির্ভূত যে সকল দেশ ইউরো মুদ্রা চালু করেছে সেগুলো হলো- এন্ডোরা, মোনাকো, সানম্যারিনো, কসোভো, মন্টিনিগ্রো ও ভ্যাটিকান সিটি।
• সর্বশেষ ইউরো মুদ্রা গ্রহণকারী দেশ - ক্রোয়েশিয়া।
• ইউরো মুদ্রা জনক- রবার্ট মুন্ডেল।
• ইউরো মুদ্রা চালু হয়- ১ জানুয়ারি ১৯৯৯।

Ans : C.


!!! বের হয়েছে !!!

পানজৌড়ি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-এর শতভাগ ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক

♦ বিজ্ঞান - A-Unit ♦ মানবিক - B+D Unit
♦ ব্যবসায় - C Unit



!!! বের হয়েছে !!!

পানজৌড়ি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়-এর শতভাগ ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক

♦ বিজ্ঞান - A Unit ♦ বিজ্ঞান - D Unit
♦ মানবিক - B Unit ♦ মানবিক - C Unit
♦ বিবিএ - E Unit ♦ আইবিএ


## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (C-2 Unit)
### শিক্ষাবর্ষ: ২০১২-১৩ [Set - 1]
### [ইংরেজি বিভাগ]

০১. 'আমাকে সাহায্য করুন'- কী অর্থে অনুজ্ঞা ব্যবহার করা হয়েছে?

A. অনুরোধ
B. আদেশ
C. প্রার্থনা
D. উপদেশ

ব্যাখ্যা : কিছু বর্তমান কালের অনুজ্ঞা:
• আদেশ - কাজটি করে ফেল। তোমরা এখন যাও।
• প্রার্থনা - আমাকে সাহায্য করুন। আমার দরখাস্তটা পড়ুন।
• উপদেশ - সত্য গোপন করো না। পাতিস নে শিলাতলে পদ্মপাতা।
• অনুরোধ - আমার কাজটা এখন কর।
• অভিশাপ - মর, পাপিষ্ঠ।

Ans : C.

০২. কোন বানানটি সঠিক?

A. শিরচ্ছেদ
B. শিরশ্ছেদ
C. শির:চ্ছেদ
D. শিরছেদ

ব্যাখ্যা : কিছু শুদ্ধ বানান-

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| শিরচ্ছেদ | শিরশ্ছেদ | বিভিষীকা | বিভীষিকা |
| শারীরীক | শারীরিক | মৌনতা | মৌন |
| সুকেশিনী | সুকেশা | মুহুর্মুহ | মুহুর্মুহু |
| সৌজন্যতা | সৌজন্য | মরূদ্যান | মরূদ্যান |

Ans : B.

০৩. কোন বাক্যে ক্রিয়া সকর্মক?

A. আকাশে চাঁদ উঠেছে
B. চুপ করে থাক
C. আকাশের চাঁদ যেন মাটিতে এলো
D. শিশুটি কাঁদে

ব্যাখ্যা : যে ক্রিয়ার কর্ম পদ আছে তাকে সকর্মক ক্রিয়া বলে। যেমন: বাবা আমাকে একটি কলম কিনে দিয়েছেন। প্রশ্নে চাঁদ হচ্ছে কর্ম।

Ans : A.

০৪. 'দা-কুমড়া' বাগধারাটির একই অর্থ প্রকাশ করে-

A. চোখের বালি
B. নয়ছয়
C. লেফাফা দুরস্ত
D. অহিনকুল

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ বাগধারা-

| বাগধারা | অর্থ | বাগধারা | অর্থ |
|---|---|---|---|
| দা-কুমড়ো | অহি নকুল | [illegible] | [illegible] |
| দুধে ভাতে থাকে | সুখে থাকা | নয়-ছয় | অপব্যয় |
| ধর্মের কল | সত্য | নিরানব্বইয়ের ধাক্কা | সঞ্চয়ের প্রবৃত্তি |
| নবমী দশা | মূর্ছা | নোলা বাড়ানো | লোভ করা |

Ans : D.

০৫. 'পুষ্ট' এর বিপরীতার্থক শব্দ-

A. লঘু B. ক্ষীণ C. গুপ্ত D. বহু

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ:

| শব্দ | বিপরীতার্থক শব্দ | শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|
| পুষ্ট | ক্ষীণ | ভৃত্য | প্রভু |
| হৃদ্য | কপট | পারত্রিক | ঐহিক |
| হাল | সাবেক | প্রাচ্য | প্রতীচ্য |
| স্তুতি | নিন্দা | মূক | বাচাল |

Ans : B.

**০৬.** 'শরতের পর আসে বসন্ত'- এখানে 'পর' অনুসর্গটি কী অর্থ প্রকাশ করে?

A. দীর্ঘ বিরতি B. বিরতি
C. অল্প বিরতি D. কোনটিই অশুদ্ধ নয়

ব্যাখ্যা : বিভিন্ন অনুসর্গের প্রয়োগ:
- পরে: স্বল্প বিরতি অর্থে - এ ঘটনার পরে আর এখানে থাকা চলে না।
  পর: দীর্ঘ বিরতি অর্থে - শরতের পরে আসে বসন্ত।
- অবধি: পর্যন্ত অর্থে - সন্ধ্যা অবধি অপেক্ষা করব।
- পানে: দিকে অর্থে - ঐ তো ঘর পানে ছুটেছেন।
- প্রতি: প্রত্যেক অর্থে - মণ প্রতি পাঁচ টাকা লাভ দেব।

**Ans : B.**

**০৭.** নিচের কোন বাক্যটি শুদ্ধ?

A. তার কথায় আমি অপমান হলাম।
B. কনকনে শীত ঠনঠন কপে কাঁপছি।
C. তার সাথে আমার কদাচিৎ দেখা হয়।
D. খুবই লজ্জাস্কর ঘটনা।

ব্যাখ্যা : শুদ্ধ বাক্য-
- তার কথায় আমি অপমানিত হলাম।
- কনকনে শীতে ঠনঠন করে কাঁপছি।
- তার সাথে আমার কদাচিৎ দেখা হয়।
- খুবই লজ্জাকর ঘটনা।

**Ans : C.**

**০৮.** আগামী পরশু সাত্তারের জন্মদিন। পরের সপ্তাহের সেই দিনে একটি উৎসব হচ্ছে। আজ রবিবার হলে উৎসবের পরদিন কী বার হবে?

A. মঙ্গলবার B. রবিবার C. বুধবার D. শুক্রবার

ব্যাখ্যা : আজ রবিবার হলে পরশু মঙ্গলবার। পরের সপ্তাহের মঙ্গলবার উৎসব হলে উৎসবের পরের দিন বুধবার।

**Ans : C.**

**০৯.** 'সাগরকন্যা' কোন এলাকার ভৌগলিক নাম?

A. কুমারখালী B. পটুয়াখালী C. নোয়াখালী D. মহেশখালী

ব্যাখ্যা :
- 'সাগরকন্যা' বলা হয় - কুয়াকাটা, পটুয়াখালী।
- 'পাহাড়ী কন্যা' বলা হয় - বান্দরবানকে।
- 'হিমালয়ের কন্যা' বলা হয় - পঞ্চগড়।

**Ans : B.**

**১০.** "স্বাধীনতা তুমি অন্ধকারের খাঁ খাঁ সীমান্তে মুক্তিসেনার চোখের ......" শূন্যস্থানে কী বসবে?

A. আলো B. ঝিলিক C. চাওয়া D. মণি

ব্যাখ্যা :
- স্বাধীনতা তুমি অন্ধকারের খাঁ খাঁ সীমান্তে মুক্তিসেনার চোখের ঝিলিক।
- স্বাধীনতা তুমি, গাছের ছায়ায় তরুণী মেধাবী শিক্ষার্থীর শাসিত কথার ঝলসানি লাগে সতেজ ভাষণ।

**Ans : B.**

**11.** Who won the Nobel Prize for literature in 2011?

A. Harold Pinter
B. V. S Naipaul
C. Gabriel Garcia Marquez
D. Mario Vargas Liosa

ব্যাখ্যা : Mario Vargas Liosa 2010 সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। আর 2011 সালে Tomas Transtromer সাহিত্যে নোবেল পুরস্কার পায়। এখানে সঠিক উত্তর নেই।
- ২০২৩ সালে সাহিত্যে নোবেল পুরস্কার করেন - ইয়োন জন ফসে (নরওয়ে)।

**Ans : Blank.**

**12.** Who is the author of Alice's Adventures in Wonderland?

A. H. G. Wells B. Lewis Carroll
C. John Keats D. Rudyard

ব্যাখ্যা : Lewis Caroll এর গুরুত্বপূর্ণ কিছু সৃষ্টিকর্ম :
- Alice's Adventures in Wonderland.
- Alice Through the Looking glass.
- The Hunting of the Snork.
- Jabber wocky.
- A Tangled Tale.

**Ans : B.**

**13.** Which of the following is a web-browser?

A. Youtube B. Al Jazeer C. Microsoft D. Firebox

ব্যাখ্যা : Web browser হচ্ছে সার্চ ইঞ্জিন। যার সাহায্যে বিভিন্ন document এ প্রবেশ করা হয়। Google, Mozila Firefox, Google Chrome, Internet Explorer, Opera, Omniweb etc.

**Ans : D.**

**14.** Which of the Bronte sisters wrote Jane Eyre?

A. Anne B. Charlotte C. Emily D. Louise

ব্যাখ্যা : Bronte sister দের মধ্যে Charlotte Bronte - "Jane Eyre" উপন্যাসটি লিখেছিলেন। তার অন্যতম সৃষ্টিকর্ম-
- Jane Eyre
- The Professor
- Tales of Angira
- The Green Dwarf
- Vilette
- Shirley

**Ans : B.**

**15.** Which of the following is the odd man out?

A. Hamlet B. King Lear
C. Doctor Faustus D. Julius Caesar

ব্যাখ্যা : কোন ব্যক্তি বা বস্তুকে উদ্দেশ্য করে লেখা Lyrical Poem বা song কে odd বলে। King Lear, Hamlet, Julius, Caesar, King Oedipus ইনরা হচ্ছেন odd man.

**Ans : C.**

**16.** Which author is from a different continent?

A. Jhumpa Lahiri B. Toni Morrison
C. Bharati Mukherjee D. Anita Desai

ব্যাখ্যা : Jhumpa Lahiri, Bharati Mukherjee, Anita Desai হচ্ছে Short-story writer. আর Toni Morrison হচ্ছে novelist.

**Ans : B.**

**17.** IELTS stands for —

A. International English Language Teaching Society
B. International English Learning and Teaching System
C. International English Language Testing System
D. Institute of English Language Testing System

ব্যাখ্যা :
- IELTS - International English Language Testing System.
- CID - Criminal Investigation Department.
- ATC - Air Training Corps.
- ATS - Assistant Traffic Superintendent.
- D. Phil - Doctor of Philosophy.

**Ans : C.**

**18.** Register early if you would like to attend next Tuesday's — on project management.

A. policy B. reason
C. seminar D. office

ব্যাখ্যা : Project management এর উপর পরবর্তী বুধবারের সেমিনারে (seminar) attend করতে চাইলে দ্রুত register কর। এরূপ অর্থ প্রকাশে এখানে seminar হবে।
Ans : C.

**19.** **Choose the correct spelling:**
A. commitee B. accommodation
C. scenary D. procastination

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ correct spelling :

| | |
|---|---|
| Accommodation | Kernel |
| Laboratory | Lenient |
| Litterateur | Legitimate |
| Lieutenant | Liaison |
| Luxury | Literature |

Ans : B.

**20.** **Our MD has approved — my proposal.**
A. on B. of
C. x (no preposition) D. with

ব্যাখ্যা : 'অনুমোদন করা' অর্থ প্রকাশে 'approve' এর পরে preposition 'of' বসে।
Ans : B.

**21.** **Which of these sentences is correct?**
A. You would rather go yourself, had you?
B. You would rather go yourself, hadn't you?
C. You would rather go yourself, won't you?
D. You would rather go yourself, would you?

ব্যাখ্যা : Would rather এর tag form world হয়। আর sentence টি affirmative বিধায় wouldn't হবে।
Ans : Blank.

**22.** **Which of these sentences is correct?**
A. You wouldn't be se tired if you weren't going to bed so late.
B. You wouldn't have been so tired if you weren't gone to bed so late
C. You won't be so tired if you didn't gone to bed so late.
D. You wouldn't be so tired if you didn't go to bed so late.

ব্যাখ্যা : Option (D) তে 2nd condition এর সঠিক ব্যবহার হয়েছে। Option (B), (C) এর if যুক্ত clause টিতে grammatical ভুল আছে। আর option (A) তে if যুক্ত clause টি past continuous বলে। Answer হবে না।
2nd Condition : If + S + $V_2$ + S + would/could/might/should + $V_1$ (present form) + obj.
Ans : D.

**23.** **Which of these sentences is correct?**
A. While doing my homework, a worm bit me.
B. While I was doing my homework, a worm bit me
C. While doing my homework, I was bitten by a worm
D. Both 'b' and 'c'

ব্যাখ্যা : এখানে, Illogical Participle modifier কে avoid করতে হবে। Subordinate clause এর পরে। Principal clause এ এমন subject বসাতে হবে। যে subject টি sub-ordinate clause এর subject হতে পারে।
এখানে, principle clause এ I লিখলে বুঝা যাবে যে sub-ordinate clause এর subject ও হবে I.
Ans : C.

**24.** **Which of these sentences is correct?**
A. He found it difficult to mount the horse wearing tight jeans.
B. He found it difficult wearing tight jeans to mount the horse.
C. He, wearing tight jeans, found it difficult to mount the horse.
D. Both 'b' and 'c'

ব্যাখ্যা : দুটি কমার (,) মাঝের অংশটুকু সাধারণত বাক্যের অতিরিক্ত তথ্য যুক্ত করে। এটি কোনো grammatically effect করে না। যেমন- Nazrul, National Poet of Bangladesh, died in 1976. অনুরূপভাবে, এই sentence টিতে অপশন (C) শুদ্ধ।
Ans : C.

**25.** **Could you tell me ____**
A. where did she went? B. where she did go?
C. where she went? D. where did she go?

ব্যাখ্যা : Sub-ordinate clause এ কখনও প্রশ্ন করা যাবে না। তাই sub-ordinate clause এ conjunction immediate এর পরেই কখনও subject এর আগে verb বসবে না। অর্থাৎ conjunction + S + V + Extension.
Ans : C.

**26.** **"I am a student." The expected response would be:**
A. "Me neither" B. "So am I."
C. "Neither am I" D. "What are you"

ব্যাখ্যা : এটি হচ্ছে Affirmative Agreement এর ক্ষেত্রে– Affirmative statement + and + subject + Auxiliary verb/Do/Does/Did + too/subject
**Example :** I am happy and you are too.
There were good and bad storytellers.. A good one could tell the same story over and over again, and it would always be fresh to us, the listeners. He or she could tell a story told by someone else and make it more alive and dramatic. The differences really were in the use of words and images and the inflexion of voices to effect different tones. We therefore learnt to value words for their meaning and nuances. Language was not a more a string of words. It had a suggestive power well belong the immediate and lexical meaning. Our appreciation of the suggestive magical power of language was reinforced by the games we played with words through riddles, proverbs, transpositions of syllables, or through nonsensical but musically arranged words.

**11. The phrase 'over and the over again' means-**
A. overlaps	B. repeatedly
C. unreasonably	D. unnecessarily

ব্যাখ্যা : 'over and the over again' বারবার/পুর্নবার (repeatedly).
Ans : B.

**12. The word 'inflexion' means —**
A. a change of character	B. modulation of the voice
C. loud voice	D. earsplitting voice

ব্যাখ্যা : Inflexion - 'সুর' ভাঁজা/সুরের ভাঁজ। অর্থাৎ modulation of voice (সুরের ভাঁজ)।
Ans : B.

**13** **In this passage, the author concentrates on-**

A. language learning  B. magic of word

C. language planning  D. power of words

ব্যাখ্যা : Passage এ মূলত power of words এর উপর বেশি গুরুত্ব দেখা হয়েছে। Passage এ বলা হয়, The difference ... use of words ... we ... value words ...

Ans : D.

**14** **The word 'suggestive' means-**

A. insignificant  B. meaningless

C. evocative  D. valueless

ব্যাখ্যা : 'suggestive' ইঙ্গিতপূর্ণ অর্থাৎ evocative শব্দটি [illegible] সমার্থক।

Ans : C.

**15** **Find out the synonym of 'appreciation':**

A. denigration  B. recognition

C. disparagement  D. neglect

ব্যাখ্যা : Appreciation অভিনন্দন/প্রশংসা/স্বীকৃতি অর্থে ব্যবহৃত হয়।

Synonym : Recognition, Assessment, Admiration.

Ans : B.

**16** **Find out the antonym of 'reinforce':**

A. undermine  B. emphasize

C. highlight  D. stress

ব্যাখ্যা : Reinforce - শক্তিশালী করা।

**Synonym:** Strengthen, Emphasize, Accent.

**Antonym:** Weaken, Undermine, Collapse, Deteriorate.

Ans : A.

**17** **The passage is an example of-**

A. memoir  B. formal essay

C. research article  D. ode

ব্যাখ্যা : Passage টি হচ্ছে good story teller সম্পর্কে। Story-teller এর কাজ কখন সম্পর্কে বলা হয়েছে। তাই এটি একটি Research article.

Ans : C.

**B. Others**

**18** **Balled is a-**

A. lyrical verse written in praise of someone

B. form of verse which express personal feelings.

C. form of verse, a narrative set to music.

D. lyrical short story.

ব্যাখ্যা : Balled হচ্ছে কাহিনি প্রশংসা করে লেখা কোনো Lyrical কবিতা অথবা গাওয়া কোনো song. Balled - poem or song narrating a story stanza - লোকগীতি।

Ans : D.

**19** **Who was the author of the famous storybook 'Alice's Adventures in Wonderland'?**

A. Rudyard Kipling  B. J K Rowling

C. Lewis Carroll  D. H. G. Wells

ব্যাখ্যা : Lewis Carroll এর বিখ্যাত কিছু সৃষ্টিকর্ম-

Alice's adventures in wonderland, Through The looking glass, The hunting of the shark, Jabberwocky.

Ans : C.

**20** **Imperialism is-**

A. a religious term to define the God

B. a form of an empire based on domination and subordination

C. a liberal political attitude

D. a socialist and progressive state policy

ব্যাখ্যা : Domination এবং Subordination এর উপর ভিত্তি করে [illegible] empire তথা সাম্রাজ্য গঠন করে, তাকে imperialism বলে।

Ans : B.

## বিষয়ভিত্তিক

ক. অনুচ্ছেদ

অনুচ্ছেদটি পড়ে ২১-২৫ সংখ্যা প্রশ্নের উত্তর দাও:

(১) [illegible] বাতাসে আমি আলোচনার অধিকারী। (২) [illegible] কবি, [illegible] জীবনের [illegible] [illegible] সময় নাই। (৩) একবার এক জোছনারাতে আমি [illegible] পরিক্রমিলাম। (৪) [illegible] আলো আর [illegible] [illegible] না জিজিতে বসেছিলাম ব্রহ্মপুত্রের তীরে। (৫) [illegible] আলোয় তন্নতন্ন করে খোঁজা হল সমস্ত শহর। (৬) [illegible] কী করে। (৭) [illegible] রাতে কবিতা [illegible]। (৮) আসলে, সকলেই কবি নয়, কেউ কেউ কবি। (৯) [illegible] প্রকৃতির প্রতি যদি অকৃত্রিম সংবেদনা না থাকে [illegible] কবি হতে পারে? (১০) দেখেছিলেন শেলি, কীটস বা বায়রন? (১১) [illegible] আমি শিল্পতীর্থযুগে নিরুপম যাত্রা করে যাচ্ছি, [illegible] হতে পারি, কেননা, মায়াকোভস্কি বা নাজিম হিকমতের মতো [illegible]। (১২) অপরপক্ষে নির্জনতা প্রত্যাখ্যানের ভাষা। (১৩) [illegible] জীবনের উপলব্ধি, কুজ্ঝটিকা তিরোহিত করবার জন্য কবির [illegible], [illegible] কাল বিষয়ে কবি নিরপেক্ষ নন। (১৪) [illegible] কবিরা নির্ভর থাকতে পারেন না, যেমন নির্ভর [illegible] পারেন না আধুনিক কালের বালজাক অথবা তলস্তয়। (১৫) [illegible] প্রত্যক্ষ জীবন যে তাতা-মোড়া উপহার। (১৬) [illegible] খুলে ফেললেই কবিতার গভীর থেকে জীবন হাত বাড়িয়ে স্বাগত জানায়।

**21** **উল্লিখিত অনুচ্ছেদে নিম্নোক্ত কোন বক্তব্যটিকে প্রাধান্য দেয়া হয়েছে?**

A. জীবনের জন্য শিল্প  B. কবির কর্তৃত্ব

C. শিল্পের সংবেদনা  D. নিরপেক্ষ শিল্পব্যবস্থা

ব্যাখ্যা : অনুচ্ছেদটিতে শিল্পের দ্বারা জীবন আবিষ্কারের কথা বলা হয়েছে অর্থাৎ কিভাবে শিল্প জীবনকে স্বাগত জানায়, জীবনের পরিপূর্ণতা দেয় তা সম্পর্কে বলা হয়েছে। তাই অনুচ্ছেদটির প্রধান বক্তব্য হিসেবে উপর (A) যথার্থ।

Ans : A.

**22** **'বন্দি' শব্দটি কোন ভাষা থেকে গৃহীত?**

A. তুর্কি  B. আরবি  C. ফারসি  D. জাপানি

ব্যাখ্যা : কিছু ফারসি শব্দের উদাহরণ:

বনাম, বন্দী, বস্তা, মরিচ, রসদ, রাস্তা, তোষামোদ, তীরন্দাজ, চাঁদর, আয়না, আসমান, কম, একতারা, ইরানি, বখশিস, মজুরি, সরাসরি, সাজা, শাবাশ, সাদা, সেতারা, হাজার, তালাশ, আবাদ, জিম্মা, পোশাক ইত্যাদি।

Ans : C.

**23** **পক্ষ:পক্ষ্ম =**

A. মাসার্ধ : গাছের পাতা  B. চন্দ্রের ক্ষয় - চোখের পাপড়ি

C. পূর্ণিমা : ফুলের পাপড়ি  D. অন্ধকার : ভ্রুভঙ্গিমা

ব্যাখ্যা : • পক্ষ- চন্দ্রের হ্রাসবৃদ্ধিজনিত কাল/ক্ষয়

• পক্ষ্ম- চোখের পাতার লোম।

Ans : B.

**24** **কুজ্ঝটিকা শব্দটির সন্ধিবিচ্ছেদ:**

A. কুৎ + ঝটিকা  B. কুঃ + ঝটিকা

C. কুজ + ঝটিকা  D. কু + ঝটিকা

ব্যাখ্যা: ত্‌ ও দ্‌ এরপর জ্‌ ও ঝ্‌ থাকলে ত্‌ ও দ্‌ এর স্থানে 'জ্‌' হয়। যেমন: সৎ + জন - সজ্জন, বিপদ + জাল বিপজ্জাল কুৎ + ঝটিকা - কুজ্ঝটিকা

Ans : A.

CamScanner

CS CamScanner

ব্যাখ্যা : আদ্যন্ত- পুরোপুরি, শুরু থেকে শেষ পর্যন্ত ; অনিকেত- গৃহহীন। বাক্যটির অর্থ দাঁড়ায়- অনেকে বলে থাকেন আমি পুরোপুরি ঘর ছাড়া।
Ans : A.

৪১. ট্র্যাজিক' শব্দটি দ্বারা বোঝাচ্ছে-
A. কঠোর B. আঘাতপ্রাপ্ত C. কষ্ট D. করুণ

ব্যাখ্যা : Tragic- করুণরসাত্মক, বিয়োগান্ত।
Ans : D.

৪২. বুদ্ধিদীপ্ত সংক্ষিপ্ত বাক্যোচ্চারণের জন্য বিখ্যাত লেখক-
A. প্রমথনাথ বিশী B. প্রেমেন্দ্র মিত্র
C. প্রমথ চৌধুরী D. প্যারীচাঁদ মিত্র

ব্যাখ্যা : • প্রমথ চৌধুরী বাংলা চলিত ভাষারীতির প্রবর্তক।
• বাংলা সাহিত্যে প্রথম বিদ্রুপাত্মক প্রবন্ধ করেন তিনি।
• সংক্ষিপ্ত বাক্যে বুদ্ধিদীপ্ত কথা বলার জন্য তিনি বিখ্যাত।
• প্রবন্ধ- তেল-নুন-লাকড়ি, বীরবলের হালখাতা, নানাকথা, আমাদের শিক্ষা, রায়তের কথা ইত্যাদি।
Ans : C.

৪৩. চিত্রকল্প বলতে বোঝায়-
A. শব্দ বা শব্দগুচ্ছের প্রয়োগে নির্মিত সংবেদ্য চিত্রাভাস
B. কাব্যে চিত্রকলার প্রয়োগ
C. উপমা ও উৎপ্রেক্ষার মাধ্যমে মনোগ্রাহী করা
D. কোনোটিই নয়

ব্যাখ্যা : শব্দবিন্যাসের প্যাটান বা আকারকে চিত্রকল্প কবির ভাবানুতির চিত্রই চিত্রকল্প অর্থাৎ শব্দ বা শব্দগুচ্ছের প্রয়োগে নির্মিত সংবেদ্য চিত্রাভাস।
Ans : A.

৪৪. চর্যাপদ মূলত-
A. লোকগীতি B. ধর্মীয় তত্ত্বালোচনা
C. ধর্মগ্রন্থ D. ধর্মীয় সাধনসঙ্গীত

ব্যাখ্যা : • চর্যাপদের মূল নাম- চর্যাচর্যবিনিশ্চয়।
• চর্যাপদ হচ্ছে- বৌদ্ধ সহজিয়াদের সাধন সঙ্গীত।
• চর্যাপদের পদগুলো রচিত- মাত্রাবৃত্ত ছন্দে।
• চর্যাপদের পদকর্তা- ২৩ জন মতান্তরে ২৪ জন।
• বাংলা সাহিত্যের প্রাচীন যুগের একমাত্র নিদর্শন- চর্যাপদ।
• দ্ব্যর্থক, রূপকাত্মক ও অস্পষ্টতার জন্য চর্যাপদের ভাষাকে- সান্ধ্য ভাষা বলে।
Ans : D.

৪৫. নিম্নের কোন কবি সামষ্টিক জীবনের প্রতি বিশ্বাস এবং বৈপ্লবিক চেতনা থাকা সত্ত্বেও আত্মঘাতী হয়েছেন-
A. মায়াকোভস্কি B. নাজিম হিকমত C. মাহমুদ দারবিশ D. পাবলো নেরুদা

ব্যাখ্যা : ভ্লাদিমির মায়াকোভস্কি রুশ ও সোভিয়েত কবি ও নাট্যকার:
• ফিউচারিস্ট আন্দোলনের জন্য তিনি বিখ্যাত।
• তার বিখ্যাত কবিতা- পাতলুন পরা মেঘ, মেরুদণ্ডের বাঁশরী, আমি ভালবাসি, ঠিক আছে।
• ১৯৩০ সালে ১৪ এপ্রিল তিনি আত্মহত্যা করেন।
Ans : A.

৪৬. হুমায়ুন আহমেদের জন্ম সন কত?
A. ১৯৪৬ B. ১৯৪৭ C. ১৯৪৮ D. ১৯৪৯

ব্যাখ্যা : • হুমায়ূন আহমেদ (১৩ নভেম্বর ১৯৪৮ - ১৯ জুলাই ২০১২) বাংলাদেশের অন্যতম শ্রেষ্ঠ কথাসাহিত্যিক ও নাটক এবং চলচ্চিত্র নির্মাতা।
• তার প্রকাশিত গ্রন্থের সংখ্যা তিন শতাধিক।
• বাংলা কথাসাহিত্যে তিনি সংলাপ প্রধান নতুন শৈলীর জনক।
• তার সৃষ্ট হিমু, মিসির আলী বাংলা সাহিত্যের অনবদ্য চরিত্র।
Ans : C.

৪৭. শিল্পতরু সাহিত্যপত্রের সম্পাদক কে?
A. সিরাজুল ইসলাম চৌধুরী B. আবিদ আজাদ
C. আবুল হাসনাত D. আল মাহমুদ

ব্যাখ্যা : শিল্পতরু সাহিত্য পত্রিকা ১৯৮৮ সালে প্রথম প্রকাশিত হয়। এ পত্রিকার উপদেষ্টা সম্পাদক আবদুল মান্নান সৈয়দ। প্রধান সম্পাদক শাহাবুদ্দীন নাগরী এবং সম্পাদক আবেদ আজাদ।
Ans : B.

৪৮. জলসাঘর ছবির কাহিনী গৃহীত হয়েছে কার ছোটগল্প থেকে?
A. শরদিন্দু বন্দোপাধ্যায় B. মানিক বন্দোপাধ্যায়
C. বিভূতিভূষণ বন্দোপাধ্যায় D. তারাশঙ্কর বন্দোপাধ্যায়

ব্যাখ্যা : • জলসাঘর মূলত তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচিত উপন্যাস অবলম্বনে নির্মিত চলচ্চিত্র।
• এই চলচ্চিত্রের পরিচালক সত্যজিৎ রায়।
• চলচ্চিত্রটি ১৯৫৮ সালে মুক্তি পেয়েছিল।
Ans : D.

৪৯. এস. এম. সুলতানের ছবি কোনটি?
A. আদমসুরত B. ম্যাডোনা C. সংগ্রাম D. মনপুরা

ব্যাখ্যা: • এস.এম. সুলতানের বিখ্যাত চিত্রকর্মগুলো হচ্ছে- আদমসুরত, চরদখল ইত্যাদি।
• ম্যাডোনা, মনপুরা, সংগ্রাম ইত্যাদি জয়নুল আবেদীন এর চিত্রকর্ম।
Ans : A.

৫০. চলন্তিকা অভিধানের সংকলক কে?
A. জ্ঞানেন্দ্রমোহন B. হরিচরণ বন্দোপাধ্যায়
C. রাজশেখর বসু D. শৈলেন্দ্র বিশ্বাস

ব্যাখ্যা : • রাজশেখর বসু একজন বিশিষ্ট ভারতীয় বাঙালী সাহিত্যিক, অনুবাদক ও অভিধান প্রণেতা।
• তিনি পরশুরাম ছদ্মনামে লিখতেন।
• চলন্তিকা অভিধান প্রণয়নের মাধ্যমে তিনি সর্বাধিক পরিচিতি লাভ করেন।
Ans : C.

৫১. নিম্নের কোন গুচ্ছের সবগুলো শব্দের বানান শুদ্ধ?
A. পুজণীয়, সত্যা B. বিবদমান, বহুৎসব
C. পূজনীয়, সত্বা D. বিবাদমান, বহুৎসব

ব্যাখ্যা : কিছু শুদ্ধ বানান:

| | | | | |
|---|---|---|---|---|
| বিবদমান | বহুৎসব | চাণক্য | অভ্যন্তরীণ | মরূদ্যান |
| দুদর্শাগ্রস্ত | কুম্ভিলক | স্বত্ব | পূজনীয় | কনিষ্ঠ |

Ans : B.

৫২. 'হ্ম' যুক্তবর্ণটি ভাঙলে পাওয়া যায়:
A. ম + হ B. ম + ম + হ C. হ + ম D. ক্ষ + হ

ব্যাখ্যা : ক + ষ = ক্ষ ; ঙ + ক + ষ = ঙ্ক্ষ ; হ + ম = হ্ম
Ans : C.

৫৩. মুক্তিযুদ্ধ বিষয়ক বিখ্যাত গ্রন্থ 'Bangladesh: A Legacy of Blood' এর লেখক কে?
A. অ্যান্থনি ম্যাসকারহানস B. শর্মিলা বসু
C. ভিলহেম ভেন সেন্দেল D. মঈদুল হাসান

ব্যাখ্যা : মুক্তিযুদ্ধ বিষয়ক কিছু গ্রন্থ ও লেখক:

| গ্রন্থের নাম | লেখকের নাম |
|---|---|
| লিগাসি অব ব্লাড- বাংলাদেশ | অ্যান্থনি ম্যাসকারেনহাস |
| দ্যা রেইপ অব বাংলাদেশ | অ্যান্থনি ম্যাসকারেনহাস |
| বাংলাদেশ কথা কয় | আব্দুল গাফ্ফার চৌধুরী |
| একাত্তরের দিনগুলি | জাহানারা ইমাম |
| স্মৃতির শহর | শামসুর রাহমান |
| যাপিত জীবন | সেলিনা হোসেন |
| জোসনা ও জননীর গল্প | হুমায়ুন আহমেদ |
| মুক্তিযুদ্ধ ও তারপর | গোলাম মুরশিদ |

Ans : A.

৫৪. 'সঞ্চয়িতা'র প্রকাশকাল কত?
A. ১৯৩০ B. ১৯৩১
C. ১৯৩২ D. ১৯৩৩

CamScanner

ব্যাখ্যা : • রবীন্দ্রনাথ ঠাকুরের শ্রেষ্ঠ কাব্য সংকলন- সঞ্চয়িতা (১৯৩১)।
• রবীন্দ্রনাথ ঠাকুরের শেষ কাব্যগ্রন্থ ও শেষগ্রন্থ- শেষলেখা (১৯৪১)।
• 'পূরবী' কাব্যগ্রন্থটি উৎসর্গ করেন- আর্জেন্টিনার মহিলা কবি ভিক্টোরিয়া ওকাম্পোকে।
• রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থ সংখ্যা- প্রায় ৫৬টি।
Ans : B.

৫৫. বাংলা একাডেমী বাংলা বানান সংস্কার বিষয়ক উদ্যোগে গ্রহণ করেছে কত সালে?
A. ১৯৯২ B. ১৯৯৩ C. ১৯৯৪ D. ১৯৯৫

ব্যাখ্যা: ১৯৯২ সালে বাংলা একাডেমি বাংলা বানানের সর্বজনগ্রাহ্য করার উদ্যোগ নেয়। ফলশ্রুতিতে ১৯৯২ সালে বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের নিয়ম প্রকাশ করে এবং ১৯৯৮ এ পরিমার্জিত হয়ে ২০০০ এ পুনরায় সংশোধিত হয়।
Ans : A.

৫৬. 'চন্দ্রবিন্দু' (ঁ) বিষয়ক কোন বর্ণনাটি সঠিক?
A. ঙ- এর সংক্ষিপ্ত রূপ B. আনুনাসিকতার বর্ণপ্রতীক
C. নাসিকা ধ্বনি D. কোনটিই নয়

ব্যাখ্যা : (ঁ) চন্দ্রবিন্দু চিহ্ন বা প্রতীকটি পরবর্তী স্বরধ্বনির অনুনাসিকতার দ্যোতনা করে। এজন্য এটিকে অনুনাসিক ধ্বনি এবং প্রতীকটিকে অনুনাসিক প্রতীক বা বর্ণ বলে। যেমন: চাঁদ, বাঁকা, আঁকা ইত্যাদি।
Ans : B.

৫৭. 'ধুলার মতো যার রঙ' - এক কথায় প্রকাশ-
A. প্রধূমিত B. পাংশু C. পরাগ D. প্রাংশু

ব্যাখ্যা : প্রাংশু- উন্নত, লম্বা, দীর্ঘকায়।
প্রধূমিত- প্রবলভাবে ধূমায়িত, জ্বলে উঠার অবস্থা।
পাংশু- ধূলাবর্ণ, ছায়বর্ন।
পরাগ- ফুলের রেণু।
Ans : B.

৫৮. 'ঢাক ঢাক গুড় গুড়' - বাগধারার অর্থ কী?
A. লুকোচুরি B. ঢাকের বাজনা
C. প্রকাশ্যে গুপ্ত কথা বলা D. বাচালতা

ব্যাখ্যা : ঢাক ঢাক গুড় গুড় - কপটতা/লুকোচুরি।
ঢেঁকি অবতার - নিষ্কর্মা ও নির্বোধ লোক।
ঢিমে তেতালা - মৃদুগতি।
টীকাভাষ্য - দীর্ঘ আলোচনা।
তালপাতার সেপাই - কৃশকায়।
ধর্মপুত্র যুধিষ্ঠির - ধার্মিক।
Ans : A.

৫৯. 'আইজ পাশা খেলর যে শ্যাম/ও শ্যামরে তোমার সনে/একেলা পাইয়াছি রে শ্যাম/এই নিধুবনে।' - গানটি কার?
A. হাসন রাজা B. রাধারমন দত্ত C. শিতালং শাহ D. লালন

ব্যাখ্যা : • রাধারমন দত্ত বাংলা লোকসংগীতের পুরোধা ব্যক্তিত্ব।
• তার জন্ম সিলেটে ১৮৩৩ সালে, মৃত্যু সিলেটে ১৯১৫ সালে।
• তিনি ধামাইল গানের জনক।
তার বিখ্যাত গান:
• আইজ পাশা খেলব রে শ্যাম/ও শ্যামরে তোমার সনে
• প্রাণ সখীরে ওই শোন কদম্বতলে বংশী বাজায় কে
• আমার বন্ধু দয়াময়/তোমারে দেখিবার মনে লয়
• শ্যামল বরণ রূপে মন নিল হরিয়া
Ans : B.

৬০. অভিধানের বর্ণনাক্রম অনুযায়ী কোন শব্দগুচ্ছ সঠিকভাবে বিন্যস্ত
A. প্রদৃপ্ত, প্রদীপ, প্রদ্যোত, প্রদোষ B. প্রদোষ, প্রদীপ, প্রদ্যোত, প্রদৃপ্ত
C. প্রদীপ, প্রদৃপ্ত, প্রদোষ, প্রদ্যোত D. প্রদোষ, প্রদীপ, প্রদ্যোত, প্রদৃপ্ত

ব্যাখ্যা : অভিধানে কার এর ক্রমানুসারে-
া, ি, ী, ু, ূ, ৃ, ে, ৈ, ো, ৌ হয়। সে হিসেবে অপশন (C) যথার্থ।
Ans : C.

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (C-8 Unit)
### শিক্ষাবর্ষ: ২০১২-১৩ [Set - 1]
### [জার্নালিজম ও মিডিয়া স্টাডিজ]

### বাংলা

০১. 'একাদশে বৃহস্পতি' বাগধারাটির অর্থ কি?
A. আনন্দের বিষয় B. আশার কথা
C. সৌভাগ্যের বিষয় D. সাফল্যের খবর

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ বাগধারা:

| বাগধারা | অর্থ |
|---|---|
| একাদশে বৃহস্পতি | সৌভাগ্যের বিষয়/মহা সৌভাগ্য |
| এক বনে দুই বাঘ | প্রবল প্রতিদ্বন্দ্বী |
| এক কথার মানুষ | দৃঢ় সংকল্প ব্যক্তি |
| এক ডাকের পথ | কাছাকাছি |
| এক লহমায় | এক মুহূর্তে |
| এক কে একুশ করা | অযথা বাড়ানো |
| এলেবেলে | নিকৃষ্ট |
| এক হাত লওয়া | জব্দ করা |

Ans : C.

০২. 'সতত, হে নদ, তুমি পড় মোর মনে।' - কবি এ পঙক্তিটি কোথায় বসে লিখেছিলেন?
A. কপোতাক্ষের তীরে B. ইতালি C. শিলাইদহ D. ফ্রান্স

ব্যাখ্যা: • 'সতত, হে নদ, তুমি পড় মোর মনে' পঙক্তিটি - 'কপোতাক্ষ নদ' কবিতার।
• 'কপোতাক্ষ নদ' কবিতাটি লিখেছেন - মাইকেল মধুসূদন দত্ত।
• তিনি এককবিতাটি লিকেছে - ফ্রান্সের ভার্সাই নগরীতে বসে।
Ans : D.

০৩. 'অতিথি পাখি' এর ইংরেজি কোনটি?
A. Visiting bird B. Gues bird
C. Lake bird D. Migratory bird

ব্যাখ্যা : কতগুলো পারিভাষিক শব্দ:

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
|---|---|---|---|
| Migratory bird | অতিথি পাখি | Make-up | রূপসজ্জা |
| Microbiology | অনুজীব বিজ্ঞান | Manuscript | পাণ্ডুলিপি |
| Modernism | আধুনিকতাবাদ | Mint | টাকশাল |
| Meteorite | উল্কা | Mortgage | বন্ধক |

Ans : D.

০৪. 'তোমাকে নয়ন ভরে দেখে নিলাম। আসুক জরা, আসুক মৃত্যু, আর ভয় করি না।' - রক্তাক্ত প্রান্তর নাটকে এটি কার উক্তি?
A. নজীবউদ্দৌলা B. ইব্রাহিম কার্দি
C. মনু বেগ D. জোহরা

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : B.

০৫. নিচের কোন বানানটি শুদ্ধ?
A. নিশীথিনী B. নিশিথিনী C. নীশিথিনী D. নিশিথীনি

ব্যাখ্যা :

| | | | |
|---|---|---|---|
| দয়ার্দ্র | দারিদ্র্য | দুরাকাঙ্ক্ষা | দুর্নিরীক্ষ্য |
| দৌরাত্ম্য | দ্বন্দ্ব | দ্বিতীয় | নিশীথিনী |

Ans : A.

০৬. কোনটি সঠিক?
A. ঋত + উ = ঋতু B. কৃ + তৃচ = কর্তা
C. ঋষি + য = আর্য D. অন্য + আন্য = অন্যান্য

ব্যাখ্যা : • কৃ + তৃচ - কর্তা • কৃ + য - কার্য
• কৃ + অনীয় - করণীয় • কুশল + অ - কৌশল
Ans : B.

CamScanner

**০৭.** **নিচের কোন বাক্যটি সঠিক নয়?**
A. জোছনা রাত বড়ই মধুর
B. অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার
C. দৈনতা সব সময় ভাল নয়
D. মেয়েটি সুকেশী ও সুহাসিনী

ব্যাখ্যা : শুদ্ধ বাক্যটি হবে- অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার।
**Ans : B.**

**০৮.** **কহিল সে সুদূরে চাহিয়া- "অলখের পাথার বাহিয়া" এই চরণ দুটি কোন কবিতার অন্তর্ভুক্ত?**
A. তাহারেই পড়ে মনে
B. একটি ফটোগ্রাফ
C. জীবন বন্দনা
D. কবর

ব্যাখ্যা : • সুফিয়া কামালের কবিতা - 'তাহারেই পড়ে মনে'।
• এই কবিতাটি প্রথম প্রকাশিত হয় - "মাসিক মোহাম্মদী পত্রিকায়"।
**'তাহারেই পড়ে মনে' কবিতার কিছু গুরুত্বপূর্ণ লাইন-**
• কহিল সে সুদূরে চাহিয়া-
অলখের পাথার বাহিয়া
• হে কবি, নীরব কেন ফাগুন যে এসেছে ধরায়,
বসন্তে বরিয়া তুমি লবে না কি তব বন্দনায়।
• ফুল কি ফোটেনি শাখে? পুষ্পারতি লভেনি কি ঋতুর রাজন?
মাধবী কুঁড়ির বুকে গন্ধ নাহি? করে নাই অর্ঘ্য বিরচন?
• কহিল সে কাছে সরে আসি
কুহেলি উত্তরী তলে মাঘের সন্ন্যাসী
**Ans : A.**

**০৯.** **কোনটি জাপানি ভাষার শব্দ নয়?**
A. রিক্সা B. হাসনাহেনা C. চামেলী D. জুডো

ব্যাখ্যা : **জাপানি শব্দগুলো হলো-** রিকসা, হরিকিরি, প্যাগোডা, সুনামি, ক্যারাটে, হাসনাহেনা, নিপ্পন, টৌকিও ইত্যাদি।
**Ans : C.**

**১০.** **যা বালকের মধ্যেই সুলভ- এর বাক্য সংক্ষেপণ কোনটি?**
A. বাল্যসুলভ
B. বালক সুলভ
C. অতি বালক
D. বালসুলভ

ব্যাখ্যা : **কিছু গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশ:**
• যা বলকের মধ্যেই সুলভ - বালসুলভ।
• যা সহজে গমন করা যায় না - দুর্গম।
• যে লোকে প্রায় ভুলে গেছে - বিস্মৃতপ্রায়।
• যা মুষ্টি দ্বারা পরিমাণ করা যায় - মুষ্টিমেয়।
• যা বারবার দুলছে - দোদুল্যমান।
**Ans : D.**

## English

**11.** **At least one of the students ___ full marks every time.**
A. have got
B. gets
C. got
D. are getting

ব্যাখ্যা : One of the + plural noun + singular verb.
**Ans : B.**

**12.** **He hankered ____ fame.**
A. from B. to C. after D. for

ব্যাখ্যা : লালায়িত/লোভ করা/কোনো কিছুর পিছু ছোটা এরূপ অর্থ প্রকাশে 'hanker' এর পরে preposition 'after' বসে।
**Ans : C.**

**13.** **STARE : GLANCE**
A. HUNT: STALK
B. PARTICIPATE : OBSERVE
C. SCORN : ADMIRE
D. GULP: SIP

ব্যাখ্যা : Stare - স্থির দৃষ্টিতে তাকানো আর Glance - এক পলক দেখা। দুইটা দুইটার বিপরীত ; Gulp - গ্রাস করা/গবগব করে গেলা আর Sip - চুমুক দেওয়া বা অল্প অল্প করে পান করা। দুইটা দুইটার বিপরীত।
**Ans : D.**

**14.** **I have few books- এর অর্থ কি?**
A. আমার অল্প কিছু বই আছে
B. আমার বই নাই বললেই চলে
C. আমার কিছু বই আছে
D. আমার বই আছে তবে অল্প

ব্যাখ্যা : Few - নাই বললেই চলে।
A few - অল্প কিছু। এখানে, আমার বই নাই বললেই বুঝাচ্ছে।
**Ans : B.**

**15.** **The place is scheduled to arrive late. Here <u>late</u> has been used a —**
A. adjective B. adverb C. verb D. noun

ব্যাখ্যা : 'late' শব্দটি sentence এর is scheduled verb কে modify করছে। তাই এটি adverb. যে word, noun বা pronoun ছাড়া অন্য word বা পুরো বাক্যকে modify করে তাকে adverb বলে।
**Ans : B.**

**16.** **Choose the synonym for 'tyrant'**
A. Persecutor
B. Oppressor
C. Penchant
D. Tough

ব্যাখ্যা : Tyrant - অত্যাচারী/অত্যাচারী শাসক।
**Synonym:** Oppressor, Extortioner, Caesar, Persecutor.
**Ans : B.**

**17.** **"Fair Daffodils, we sweep to see, You haste away so soon." Here <u>haste away</u> means-**
A. be present soon
B. arrive late
C. disappear too quickly
D. enter quickly

ব্যাখ্যা : Haste away - দ্রুত চলে যাওয়া বা উধাও হওয়া বা অদৃশ্য হওয়া। Disappear too quickly - দ্রুত অদৃশ্য হওয়া।
**Ans : C.**

**18.** **আমি যদি তার নামটি জানতাম!- বাক্যটির সঠিক অনুবাদ কোনটি?**
A. Had I known his name before!
B. If I had know his name before!
C. Have I know his name before!
D. If I could know his name!

**Ans : B.**

***Read the passage and answer the questions 19 and 20.***

Two scientists who were awarded the Nobel Prize in Physiology or Medicine on Monday helped lay the foundation for regenerative medicine, the hotly pursued though still distant idea of rebuilding the body with tissues generated from its own ells. They are John B. Gurdon of the University of Cambridge in England and Shinya Yamanaka of Kyoto University in Japan. Their discoveries concern the manipulation of living cells and lie at the heart of the techniques for cloning animals and generating stem cells, the primitive cells from which the mature tissues of the body develop.

**19.** **Physiology means -**
A. Scientific study of bodies of living things
B. Study of treatment for illness.
C. Study of Heart and the disease that affect it
D. Scientific study of embryos

ব্যাখ্যা : Physiology - দেহতত্ত্ব। Living thing এর body বিষয়ে বৈজ্ঞানিক পড়াশুনাকে physiology বলে।
**Ans : A.**

CamScanner

**২০.** John B. Gurdon and Shinya Yamanaka have discovered —
A. Techniques for manipulating dead cells
B. Techniques for killing stem cells
C. Techniques for inducing stem cells
D. Techniques for degenerating stem cells

ব্যাখ্যা : Passage এ আছে, Their discoveries......generating (inducing) stem cells.
Ans : C.

## সাধারণ জ্ঞান

**২১.** এফএও (FAO) এর প্রতিবেদনে বিশ্বে এখনো প্রতি কতজনে একজন মানুষ ক্ষুধার্ত?
A. দশ জনে B. এগার জনে C. আট জনে D. নয় জনে

Ans : B.

**২২.** ইউরোপীয় ইউনিয়নের কোন দেশ এখনও 'ইউরো' গ্রহণ করেনি?
A. ফ্রান্স B. যুক্তরাজ্য C. ইতালি D. গ্রীস

ব্যাখ্যা: ইউরোপীয় ইউনিয়ন ভুক্ত যে দেশগুলো ইউরো মুদ্রা চালু করেনি- যুক্তরাজ্য, ডেনমার্ক, সুইডেন, চেক প্রজাতন্ত্র, হাঙ্গেরি, পোল্যান্ড, বুলগেরিয়া, রোমানিয়া।
Ans : B.

**২৩.** বাংলাদেশের একমাত্র বেসরকারী কুমির প্রজনন খামারটি কোন জেলায় অবস্থিত?
A. জামালপুর B. ময়মনসিংহে C. নেত্রকোনা D. বাগেরহাট

ব্যাখ্যা : ২০১৪ সালে ময়মনসিংহের ভালুকায় দেশের প্রথম বেসরকারি প্রজনন খামার প্রতিষ্ঠিত হয়।
Ans : B.

**২৪.** বাংলাদেশ ভূখন্ডের প্রথম বাংলা দৈনিক কোনটি?
A. সন্ধানী B. শিখা C. নবযুগ D. জ্যোতি

ব্যাখ্যা : • পূর্ববঙ্গ বা বাংলাদেশ থেকে প্রকাশিত প্রথম বাংলা দৈনিক– জ্যোতি।
• পূর্ববঙ্গ বা বাংলাদেশ থেকে প্রকাশিত প্রথম বাংলা সংবাদপত্র (সাপ্তাহিক)– রংপুর বার্তাবহ।
• ঢাকা থেকে প্রকাশিত প্রথম বাংলা সংবাদ পত্র– ঢাকা প্রকাশ।
Ans : D.

**২৫.** ইকুয়েডরের কোন দূতাবাসে উইকিলিকসের প্রতিষ্ঠাতা জুলিয়ান অ্যাসাঞ্জ আশ্রয় নিয়েছেন?
A. যুক্তরাষ্ট্র B. যুক্তরাজ্য C. সুইডেন D. অস্ট্রেলিয়া

ব্যাখ্যা:জুলিয়ান অ্যাসাঞ্জ যুক্তরাজ্যের কারাগার থেকে মুক্তি পায় - ২৪ জুন, ২০২৪।
Ans : C.

**২৬.** প্রেস ইন্সটিটিউট অব বাংলাদেশ কত সালে প্রতিষ্ঠিত হয়?
A. ১৯৭৬ B. ১৯৭৮ C. ১৯৭৫ D. ১৯৭২

ব্যাখ্যা : সাংবাদিকদের প্রশিক্ষণ ও পেশাগত মানোন্নয়নের লক্ষ্য নিয়ে ১৯৭৬ সালের ১৮ আগস্ট প্রেস ইনস্টিটিউট অব বাংলাদেশ (PIB) প্রতিষ্ঠিত হয়।
Ans : A.

**২৭.** দি ডেইলি স্টার পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক কে?
A. এস. এম. আলী B. মাহফুজ আনাম
C. আব্দুস সালাম D. তোফাজ্জল হোসেন

ব্যাখ্যা : • দি ডেইলি স্টার পত্রিকাটি যাত্রা শুরু করে– ১৪ জানুয়ারি ১৯৯১ এবং প্রতিষ্ঠাকালীন সম্পাদক ছিলেন সায়েদ মোহাম্মদ আলী (এস.এম.আলী)।
• বর্তমান সম্পাদক– মাহফুজ আনাম।
Ans : A.

**২৮.** কে 'মিডিয়া মুঘল' নামে খ্যাত?
A. উইলবার শ্রাম B. ভি. এল. রাও
C. রুপার্ট মারডক D. জোসেফ ডেভিটো

ব্যাখ্যা : রুপার্ট মারডক নিউইয়র্ক ভিত্তিক নিউজ কর্পোরেশনের অধিকাংশ শেয়ারের মালিক এবং বহুজাতিক সংবাদ মাধ্যমের নির্বাহী কর্মকর্তা, তাই তাকে মিডিয়া মুঘল বলা হয়।
Ans : C.

**২৯.** ছাপাযন্ত্র আবিষ্কার করেন কে?
A. লুইস মরিস ময়রাড B. জোহানেস গুটেনবার্গ
C. ট্যাং ডাইনেস্টি D. দা ইংলিশম্যান

ব্যাখ্যা : বিভিন্ন আবিষ্কার ও আবিষ্কারক-

| আবিষ্কার | আবিষ্কারক |
|---|---|
| ছাপারযন্ত্র | জোহানেস গুটেনবার্গ |
| ডিনামাইট | আলফ্রেড নোবেল |
| টেলিফোন, মাইক্রোফোন | আলেকজান্ডার গ্রাহামবেল |
| ডিজেল ইঞ্জিন | রুডলফ ডিজেল |
| ফনোগ্রাফি, বৈদ্যুতিক বাতি | টমাস আলভা এডিসন |
| ব্যাটারি | আলেসান্দ্রো ভোল্টা |
| ডায়নামো | মাইকেল ফ্যারাডে |
| এক্সরে | রন্টজেন |

Ans : B.

**৩০.** Reporters Sans Frontiers- সংস্থাটির প্রধান কাজ কী?
A. সাংবাদিকদের কর্মদক্ষতা বৃদ্ধি B. গণমাধ্যমের প্রচার ও প্রসার
C. গণমাধ্যম বিষয়ক আইন প্রণয়ন D. গণমাধ্যমে স্বাধীনতা

ব্যাখ্যা: Reporters Sans Frontiers হচ্ছে প্যারিসভিত্তিক একটি অলাভজনক প্রতিষ্ঠান যেটি তথ্য ও গণমাধ্যমের স্বাধীনতার জন্য কাজ করে।
Ans : D.

**৩১.** 'Feader's' Digest' কী?
A. ম্যাগাজিন B. সংবাদপত্র
C. সাহিত্য সাময়িকী D. রহস্য পত্রিকা

ব্যাখ্যা: "Feader's Digest" হচ্ছে আমেরিকা থেকে প্রকাশিত একটি ম্যাগাজিন।
Ans : A.

**৩২.** 'Radio Deutsche Welle' কোন দেশের নেটওয়ার্ক?
A. যুক্তরাজ্য B. জার্মানি C. রাশিয়া D. অস্ট্রেলিয়া

Ans : B.

**৩৩.** মুক্তিযুদ্ধোত্তর পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র কোনটি?
A. কলমিলতা B. মুক্তির কথা
C. আগামী D. হুলিয়া

ব্যাখ্যা: • কলমিলতা (১৯৮১) হচ্ছে- শহিদুল হক খান পরিচালিত মুক্তিযুদ্ধভিত্তিক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র।
• হুলিয়া এবং আগামী হচ্ছে মুক্তিযুদ্ধ ভিত্তিক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র।
• মুক্তির কথা হচ্ছে মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চিত্র।
Ans : A.

**৩৪.** 'তথ্য অধিকার আইন ২০০৯' কবে থেকে কার্যকর হয়?
A. ২৯ মার্চ ২০০৮ B. ২৯ মার্চ ২০০৯
C. ৫ এপ্রিল ২০০৯ D. ১ জুলাই ২০০৯

ব্যাখ্যা: • তথ্য অধিকার আইন ২০০৯ জাতীয় সংসদে পাস হয় - ২৯ মার্চ ২০০৯।
• আইনটি কার্যকর হয় - ১ জুলাই ২০০৯।
Ans : D.

**৩৫.** ২০১২ সালে ফোর্বস ম্যাগাজিনের তালিকায় এশিয়ার নারীদের মধ্যে কে সবচেয়ে ক্ষমতাধর?
A. অং সান সূচি B. মিশেল ওবামা
C. সোনিয়া গান্ধী D. শেখ হাসিনা

ব্যাখ্যা: ২০২৩ সালে ফোর্বস ম্যাগাজিনের তালিকায় বিশ্বে নারীদের মধ্যে সবচেয়ে ক্ষমতাধর উরসুলা ভন ডার লিয়েন।
Ans : A.

CamScanner

**৩৬.** ভারতের শেষ মুঘল সম্রাট কে?

A. সম্রাট বাহাদুর শাহ B. সম্রাট জাহাঙ্গীর
C. সম্রাট শাজাহান D. সম্রাট হুমায়ন

ব্যাখ্যা: • সর্বপ্রথম ভারতে মুঘল সাম্রাজ্যের সূত্রপাত করেন - তৈমুর লং।
• মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা - বাবর।
• সর্বশেষ মুঘল সম্রাট - দ্বিতীয় বাহাদুর শাহ। তাকে ইয়াংগুনে (রেংগুন) নির্বাসন দেয়া হয়।
Ans : A.

**৩৭.** দেশের প্রথম স্যাটেলাইট টিভি চ্যানেলের নাম কি?

A. এটিএন বাংলা B. চ্যানেল আই
C. একুশে টিভি D. রূপসী বাংলা

Ans : A.

**৩৮.** বাংলাদেশের 'পশ্চিমা বাহিনীর নদী' বলা হয় কোন বিলকে?

A. চলন বিল B. ডাকাতিয়া বিল
C. আড়িয়াল বিল D. তামরাই বিল

ব্যাখ্যা : বাংলাদেশের "পশ্চিমা বাহিনীর নদী" খ্যাত "ডাকাতিয়া বিল" অবস্থিত- ডুমুরিয়া, খুলনা।
Ans : B.

**৩৯.** জাতীয় জাদুঘরের পূর্বনাম কি?

A. পূর্ব পাকিস্তান জাদুঘর B. বাংলাদেশ জাদুঘর
C. জাতীয় সংগ্রহশালা D. ঢাকা জাদুঘর

ব্যাখ্যা : • জাতীয় জাদুঘরের পূর্বনাম- ঢাকা জাদুঘর (প্রতিষ্ঠিত হয়- ২০ মার্চ ১৯১৩, আনুষ্ঠানিক উদ্বোধন- ৭ আগস্ট ১৯১৩।
• ঢাকা জাদুঘরের নাম পরিবর্তন করে জাতীয় জাদুঘর নামকরণ করা হয়- ২০ সেপ্টেম্বর ১৯৮৩।
• জাতীয় জাদুঘরের স্থপতি- মোস্তফা কামাল।
Ans : D.

**৪০.** UGC এর পূর্ণরূপ কি?

A. University Grade Commission
B. University Graduate Commission
C. University Grants Commission
D. University Guide Commission

Ans : C.

**৪১.** মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী কে ছিলেন?

A. এএইচএম কামরুজ্জামান B. তাজউদ্দিন আহমেদ
C. ক্যাপ্টেন (অব.) মুনসুর আলী D. খন্দকার মোশতাক আহমেদ

ব্যাখ্যা : • বাংলাদেশের প্রথম বা অস্থায়ী সরকার- মুজিবনগর সরকার গঠিত হয়- ১০ এপ্রিল ১৯৭১।
• শপথ গ্রহণ- ১৭ এপ্রিল ১৯৭১।
• এই সরকারের রাষ্ট্রপতি- শেখ মুজিবুর রহমান।
• অস্থায়ী/উপ রাষ্ট্রপতি- সৈয়দ নজরুল ইসলাম।
• প্রধানমন্ত্রী- তাজউদ্দীন আহমদ।
• অর্থমন্ত্রী- ক্যাপ্টেন এম. মনসুর আলী।
Ans : C.

**৪২.** দেশের প্রথম এফএম রেডিও কোনটি?

A. এবিসি রেডিও B. রেডিও ফুর্তি
C. রেডিও আমার D. রেডিও টুডে

Ans : D.

**৪৩.** 'অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস'- কোন পত্রিকার স্লোগান?

A. ইত্তেফাক B. কালের কণ্ঠ
C. যুগান্তর D. সমকাল

Ans : D.

**৪৪.** ওসলো কি?

A. নতুন ধারকের কীটনাশক B. সংবাদপত্র
C. হাইব্রিড সামরিক যুদ্ধবিমান D. টিভি চ্যানেল

Ans : D.

**৪৫.** 'উত্তরাধিকার' কোন প্রতিষ্ঠানের সাময়িকী?

A. ঢাকা বিশ্ববিদ্যালয় B. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
C. শিল্পকলা একাডেমী D. বাংলা একাডেমী

ব্যাখ্যা: • উত্তরাধিকার হচ্ছে ১৯৭৩ সাল থেকে প্রকাশিত বাংলা একাডেমির একটি সৃজনশীল মাসিক সাহিত্য পত্রিকা।
• বাংলা একাডেমি থেকে প্রকাশিত অন্যান্য পত্র-পত্রিকাগুলো হলো- ধান শালিকের দেশ, বাংলা একাডেমি বার্তা, বাংলা একাডেমি পত্রিকা প্রভৃতি।
Ans : D.

**৪৬.** কোনটি সংবাদভিত্তিক টেলিভিশন চ্যানেল নয়?

A. সময় টিভি B. এটিএন নিউজ
C. চ্যানেল আই D. ইনডিপেনডেন্ট

Ans : C.

**৪৭.** 'একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি'র প্রতিষ্ঠাতা সভাপতি কে?

A. নীলিমা ইব্রাহীম B. জাহানারা ইমাম
C. শাহরিয়ার খান D. হারুন-অর-রশীদ

ব্যাখ্যা : ১৯৯২ সালের ১৯ জানুয়ারি শহীদ জননী জাহানারা ইমামের নেতৃত্বে ১০১ সদস্যবিশিষ্ট "একাত্তরের ঘাতক-দালাল" নির্মূল কমিটি গঠিত হয়।
Ans : B.

**৪৮.** চে গুয়েভারার জন্মস্থান কোথায়?

A. কিউবা B. বলিভিয়া
C. ভেনেজুয়েলা D. আর্জেন্টিনা

ব্যাখ্যা : • চে গুয়েভারা ছিলেন আর্জেন্টিনার নাগরিক, চিকিৎসক এবং বিপ্লবী নেতা।
• জন্ম- ১৪ জুন ১৯২৮, রোজারিও, আর্জেন্টিনা।
• তিনি ৯ অক্টোবর ১৯৬৭ সালে বলিভিয়ায় নিহত হন।
• তার বিখ্যাত গ্রন্থ- গেরিলা ওয়ারফেয়ার।
Ans : D.

**৪৯.** কোন বাংলাদেশী এ বছর ম্যাগসেসে পুরস্কার পেয়েছেন?

A. সেলিনা হোসেন B. সানজিদা খাতুন
C. সৈয়দা রিজওয়ানা হাসান D. লায়লা হাসান

ব্যাখ্যা : ২০২৩ সালে করভি রাখসান্দ এশিয়ার নোবেল খ্যাত "র‍্যামন ম্যাগসেসে পুরস্কার" লাভ করেন।
Ans : C.

**৫০.** দেশে তৈরী প্রথম যুদ্ধজাহাজের নাম কি?

A. নিশান B. বনৌজা পদ্মা C. পেট্রিয়ট D. ওশান কিং

ব্যাখ্যা: • বাংলাদেশের তৈরি প্রথম যুদ্ধজাহাজ- বনৌজা পদ্মা।
• বাংলাদেশের তৈরি উল্লেখযোগ্য যুদ্ধজাহাজ- পদ্মা, অপরাজেয়, অদম্য, অতন্দ্র, সুরমা।
Ans : B.

**৫১.** এ বছরের 'হ্যাপি প্লানেট ইনডেক্স' এ সুখী দেশের তালিকায় বাংলাদেশের অবস্থান কত?

A. নয় B. দশ C. এগার D. বার

ব্যাখ্যা: বিশ্বসুখ প্রতিবেদন সূচক ২০২৪
• শীর্ষ দেশ - ফিনল্যান্ড।
• সর্বনিম্ন দেশ - আফগানিস্তান।
• বাংলাদেশের অবস্থান - ১২৯তম।
Ans : নাই।

CamScanner

৫২. 'সিনহুয়া' কোন দেশের সংবাদ সংস্থা?

A. চীন B. জাপান C. রাশিয়া D. ফ্রান্স

ব্যাখ্যা : বিশ্বের উল্লেখযোগ্য সংবাদ সংস্থা-

| দেশ | সংবাদ সংস্থা | দেশ | সংবাদ সংস্থা |
|---|---|---|---|
| চীন | Xinhua (জিন হুয়া) | ব্রিটেন | রয়টার্স |
| জাপান | কিয়োডো | সিরিয়া | সানা |
| রাশিয়া | ইতার-তাস | ইন্দোনেশিয়া | আনতারা |
| ফ্রান্স | এএফপি | ইরান | ইরনা |

Ans : A.

৫৩. নিচের কোনটি দৈনিক প্রথম আলো পত্রিকার সাপ্লিমেন্টারী নয়?

A. নকশা B. পড়াশুনা C. রসআলো D. ছুটির দিনে

Ans : B.

৫৪. টি-টুয়েন্টি বিশ্বকাপ ২০১২ -এ কোন দেশের খেলোয়াড় 'ম্যান অব দি সিরিজ' হন?

A. শ্রীলংকা B. ওয়েস্ট ইন্ডিজ C. অস্ট্রেলিয়া D. পাকিস্তান

ব্যাখ্যা: ২০২৪ -এ ম্যান অব দি সিরিজ - জসপ্রীথ বুমরাহ (ভারত)।

Ans : B.

৫৫. কোনটি ডি-৮ জোটভুক্ত দেশ নয়?

A. বাংলাদেশ B. থাইল্যান্ড C. ইন্দোনেশিয়া D. মালয়েশিয়া

ব্যাখ্যা : • D-8 (Developing-8) গঠিত হয় - ১৫ জুন ১৯৯৭।
• সদর দপ্তর - ইস্তানবুল, তুরস্ক।
• সদস্য দেশ - ৮টি (তুরস্ক, ইরান, পাকিস্তান, মিশর, ইন্দোনেশিয়া, বাংলাদেশ মালয়েশিয়া ও নাইজেরিয়া)।

Ans : B.

৫৬. 'এল ক্লাসিকো' কি?

A. ফুটবল টুর্নামেন্টের নাম B. স্পেনের একটি স্থানের নাম
C. বার্সেলোনা-রিয়াল মাদ্রিদের মধ্যকার ফুটবল ম্যাচ
D. একটি স্টেডিয়ামের নাম

ব্যাখ্যা: বার্সেলোনা ও রিয়াল মাদ্রিদের মধ্যকার প্রথম "এল-ক্লাসিকো" প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় ১৯০২ সালে।

Ans : C.

৫৭. কোনটি বাংলাদেশের ক্ষুদ্রায়তন শিল্প?

A. সার শিল্প B. সিমেন্ট শিল্প C. কাগজ শিল্প D. চামড়া শিল্প

Ans : C.

৫৮. নিচের কোন সংবোদপত্রটি বন্ধ হয়ে গেছে?

A. ভোরের ডাক B. করতোয়া C. আজকের কাগজ D. ভোরের কাগজ

Ans : C.

৫৯. বাংলাদেশে কিশোর অপরাধী হিসেবে গণ্য হওয়ার বয়স কত?

A. ৬-১৮ বছর B. ৭-১৬ বছর C. ৯-১৫ বছর D. ৮-১৭ বছর

Ans : B.

৬০. ভাষা আন্দোলনের সময় 'পূর্ব বাংলা ভাষা কমিটি' - এর সভাপতি কে ছিলেন?

A. ড. মুহম্মদ শহীদুল্লাহ B. আব্দুল মতিন C. আকরাম খাঁ D. মহিউদ্দিন আহমেদ

ব্যাখ্যা : রাষ্ট্রভাষা বাংলার দাবিতে গঠিত পরিষদ বা কমিটি-

| নাম | গঠন | আহ্বায়ক/সভাপতি |
|---|---|---|
| তমুদ্দিন মজলিস | ২ সেপ্টেম্বর ১৯৪৭ | ড. মুহম্মদ শহীদুল্লাহ |
| রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ | অক্টোবর ১৯৪৭ | নুরুল হক ভূঁইয়া |
| রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ (২য় বার) | ২ মার্চ ১৯৪৮ | শামসুল আলম |
| পূর্ব বাংলা ভাষা কমিটি | ৯ মার্চ ১৯৪৯ | মাওলানা আকরাম খাঁ |
| বিশ্ববিদ্যালয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ/কমিটি | ১১ মার্চ ১৯৫০ | আবদুল মতিন |
| সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ/কমিটি | ৩১ জানুয়ারি ১৯৫২ | কাজী গোলাম মাহবুব |

Ans : B.

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (C-9 Unit)
### শিক্ষাবর্ষ: ২০১২-১৩ [Set - 1]
### [চারুকলা বিভাগ]

০১. জনসংখ্যা দিক থেকে পৃথিবীতে বর্তমানে বাঙলা ভাষার স্থান কত?

A. ৭ম B. ৪র্থ
C. ৫ম D. ৬ষ্ঠ

ব্যাখ্যা: • জনসংখ্যার দিক থেকে পৃথিবীতে বর্তমানে বাঙলা ভাষার স্থান- ৭ম।
• বর্তমানে পৃথিবীতে ভাষা প্রচলিত রয়েছে - সাড়ে সাত হাজারের বেশি।
• পৃথিবীতে মুখের ভাষা বাংলা - ত্রিশ কোটি লোকের।
• মানুষের কণ্ঠনিঃসৃত বাক সংকেতের সংগঠনকে বলা হয় - ভাষা।

Ans : B.

০২. 'গলাধঃকরণ' শব্দটির সহজ অর্থ কোনটি?

A. গলা ধৌতকরণ B. গলদেশে পানি ঢালা
C. গিলে ফেলা D. গলা ভেজানো

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ বাগধারা:

| বাগধারা | অর্থ | বাগধারা | অর্থ |
|---|---|---|---|
| গলাধ:করণ | গিলে ফেলা | গলায় পা দেওয়া | পীড়ন করা |
| গয়ংগচ্ছ | ঢিলেমি | পা তোলা | ওঠা |
| গরজ বড় বালাই | প্রয়োজনে গুরুত্ব | গোবর গণেশ | অকর্মণ্য |

Ans : C.

০৩. 'দরিদ্রকে ধন দাও'। 'দরিদ্রকে' কোন কারক ও বিভক্তি?

A. সম্প্রদান কারকে ষষ্ঠী বিভক্তি B. কর্মকারকে সপ্তমী বিভক্তি
C. সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি D. কর্মকারকে ষষ্ঠী বিভক্তি

ব্যাখ্যা : • সম্প্রদান কারক- যাকে স্বত্ব ত্যাগ করে দান, অর্চনা, সাহায্য ইত্যাদি করা হয়।
• সম্প্রাদন কারক সব সময় হয় - ব্যক্তি (বস্তু নয়)।
• চতুর্থী বা কে বিভক্তি - দরিদ্রকে ধন দাও।
- ভিখারীকে ভিক্ষা দাও।
• সপ্তমী বা এ বিভক্তি - সৎ পাত্রে কন্যা দান কর।
- অন্ধজনে দেহ আলো।

Ans : C.

০৪. কোনটি সঠিক বানান?

A. বিভিষীকা B. ভীবিষীকা
C. বিভীষিকা D. বীভিষিকা

ব্যাখ্যা :

| | | | |
|---|---|---|---|
| এতদ্বারা | এতদ্ব্যতীত | ঐকাত্ম্য | ঐন্দ্রজালিক |
| ঐশীশক্তি | ঐষীক | ওতপ্রোতভাবে | বিভীষিকা |

Ans : C.

05. A good student is never indifferent ___ his study.

A. to B. in
C. of D. from

ব্যাখ্যা : এখানে indifferent to হবে। Indifferent to - উদাসীন।

Ans : A.

06. English is ____ international language.

A. a B. an
C. the D. none

ব্যাখ্যা : এখানে an বসবে। কারণ আমরা জানি vowel এর আগে an বসে।

Ans : B.

CamScanner

**০৭. Architect- এর সঠিক বাংলা কোনটি?**

A. কারুশিল্পী B. প্রকৌশলী
C. নির্মাতা D. স্থপতি

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ পারিভাষিক শব্দ-

| মূল শব্দ | পারিভাষিক শব্দ | মূল শব্দ | পারিভাষিক শব্দ |
|---|---|---|---|
| Architect | স্থপতি | Authority | কর্তৃপক্ষ |
| Archive | আর্কাইভ | Auction | নিলাম |
| Archetype | আদিরূপ | Attested | প্রত্যায়িত |
| Assembly | অনুচ্ছেদ | Appendix | পরিশিষ্ট |

**Ans : D.**

**০৮. 'He has gone to dogs'- এর সঠিক অর্থ কোনটি?**

A. সে কুকুরের কাছে গেল B. সে গোল্লায় গেছে
C. সে কুকুরকে খুব ভালোবাসে D. সে কুকুর পোষে

ব্যাখ্যা : বাক্যের সঠিক অনুবাদ:

| বাক্য | অনুবাদ/অর্থ |
|---|---|
| He has gone to dogs. | সে গোল্লায় গেছে। |
| It is a quarter to ten now. | এখন পৌনে দশটা বাজে। |
| Diamond costs Diamond. | মানিকে মানিক চেনে। |
| It is really a vexed question | এটি প্রকৃতপক্ষে একটি বিরক্তিকর প্রশ্ন। |

**Ans : B.**

**০৯. বাংলাদেশে গঠিত যুদ্ধাপরাধীদের বিচার প্রক্রিয়ার সহায়ক সক্রিয় সংগঠনটির নাম কী?**

A. ঘাতক-দালাল নির্মূল কমিটি
B. আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল
C. মুক্তিযোদ্ধা সংসদ
D. সেক্টর কমান্ডার ফোরাম

ব্যাখ্যা : • বাংলাদেশের গঠিত যুদ্ধপরাধীদের বিচার প্রক্রিয়ার সংগঠন - আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল।
• এই ট্রাইব্যুনালটি গঠনে সংসদে একটি প্রস্তাব পাশ করা হয় - ২৯ জানুয়ারী ২০০৯ সালে।
• আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল (বাংলাদেশ) গঠন করা হয় - ২৫ মার্চ ২০১০ সালে।

**Ans : B.**

**১০. 'এবারের সংগ্রাম স্বাধীনতা সংগ্রাম, এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম', বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এই ঘোষণা দিয়েছেন-**

A. ৩রা মার্চ ১৯৭১, পল্টন ময়দানে
B. ৭ই মার্চ ১৯৭১, পল্টন ময়দানে
C. ৭ই মার্চ ১৯৭১, রমনা রেসকোর্স ময়দানে
D. ২৬ মার্চ ১৯৭১, ৩২ নম্বর ধানমন্ডির নিজ বাড়ীতে

ব্যাখ্যা : • 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম, এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম' ভাষণটি দিয়েছে - বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
• বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ভাষণটি দিয়েছেন - ৭ই মার্চ ১৯৭১ সালে, রমনা রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী (উদ্যান)।
• এই ঐতিহাসিক ভাষণের স্থায়ীত্ব ছিল - ১৮ মিনিট।
• এই ভাষণটিতে আহ্বান জানানো হয় - পূর্ব পাকিস্তানের বাঙালিদেরকে স্বাধীনতা সংগ্রামে প্রস্তুত হওয়ার জন্য।
• এই ঐতিহাসিক ভাষণটি অনুবাদ করা হয় - ১২টি ভাষায়।
• এই ভাষণকে ঐতিহাসিক দলিল হিসেবে স্বীকৃতি দেয়- ইউনেস্কো, ২০১৭ সালের ৩০শে অক্টোবর।

**Ans : C.**

**১১. সূর্যদীঘল বাড়ি উপন্যাসটির রচয়িতা কে?**

A. কাজী নজরুল ইসলাম B. জহির রায়হান
C. হুমায়ুন আহমেদ D. আবু ইসহাক

ব্যাখ্যা : • আবু ইসহাক মূলত পরিচিত - ঔপন্যাসিক হিসেবে।
• তার প্রথম প্রকাশিত উপন্যাসের নাম - সূর্য দীঘল বাড়ী (১৯৫৫)।
• তার উপন্যাস: সূর্য-দীঘল বাড়ী (১৯৫৫), পদ্মার পলিদ্বীপ (১৯৮৬), জাল (১৯৮৮)।
• তার গল্পগ্রন্থ: হারেম (১৯৬২), মহাপতঙ্গ (১৯৬৩)।

**Ans : D.**

**১২. শিল্পী আব্দুল আলীম নিম্নোক্ত কোন সঙ্গীতে খ্যাতি অর্জন করেছেন-**

A. পল্লীগীতি B. রবীন্দ্র সঙ্গীত
C. লালনগীতি D. ভাওয়াইয়া

ব্যাখ্যা : • শিল্পী আব্দুল আলীম সঙ্গীতে খ্যাতি অর্জন করে - পল্লীগীতিতে।
• তিনি পেশায় ছিলেন - একজন গায়ক।
• তিনি জন্মগ্রহণ করেন - মুর্শিদাবাদের তালিবপুর গ্রামে।
তার বিখ্যাত কিছু গানের মধ্যে - সর্বনাশা পদ্মা নদী।
- হলুদিয়া পাখী।
- এই যে দুনিয়া।
- দোল দোল দুলনি।
- বন্ধুর বাড়ি মধুপুর ইত্যাদি।

**Ans : A.**

**১৩. 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী' গানটির রচয়িতা কে?**

A. আব্দুল লতিফ B. আব্দুল গাফফার চৌধুরী
C. আলতাফ মাহমুদ D. মাহবুবুল আলম চৌধুরী

ব্যাখ্যা : • 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী' গানটি রচয়িতা - আব্দুল গাফ্‌ফার চৌধুরী।
• এই গানটি প্রথম সুরারোপ করেন - আব্দুল লতিফ।
• গানটি দ্বিতীয় বার সুরারোপ করেন - আলতাফ মাহমুদ।
• এই গানটি - হিন্দি, মালয়, ইংরেজী, ফারসি, সুইডিশ, জাপানিসহ ১২টি ভাষায় গাওয়া হয়।

**Ans : B.**

**১৪. রবীন্দ্রনাথ নোবেল পুরস্কার লাভ করেছিলেন কোন কাব্যগ্রন্থের জন্য?**

A. বলাকা B. সঞ্চয়িতা
C. সোনারতরী D. গীতাঞ্জলি

ব্যাখ্যা : • রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার পায় - "গীতাঞ্জলি" কাব্যগ্রন্থের জন্য।
• তিনি নোবেল পুরস্কার পায় - ১৯১৩ সালে।
• "গীতাঞ্জলি" ইংরেজী অনুবাদের নাম - Song of the Offerings.
• "গীতাঞ্জলি" ভূমিকা লিখে দেন - W.B. Yeats.

**Ans : D.**

**১৫. জসীম উদ্দীনের কাব্যগ্রন্থ কোনগুলো?**

(১) নকশি কাঁথার মাঠ, ব্যথার দান (২) সোজন বাদিয়ার ঘাট, বালুচর
(৩) রাখালি, এক পয়সার বাঁশি, মাটির কান্না
নিচের কোনটি সঠিক?

A. ১ B. ২
C. ১ এবং ২ D. ২ এবং ৩

ব্যাখ্যা : • জসীম উদ্‌দীনের শ্রেষ্ঠ রচনা - নকশী কাঁথার মাঠ।
• 'নকশী কাঁথার মাঠ' গ্রন্থটি অনুবাদ করেন - ই.এম. মিলফোর্ড।
• তার প্রথম কাব্যগ্রন্থ - রাখালী (১৯২৭)।
• জসীম উদ্‌দীনের উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ- সোজন বাদিয়ার ঘাট, মাটির কান্না, মা যে জননী কান্দে, বালুচর, ধানক্ষেত, হাসু, এক পয়সার বাঁশী।
• জসীম উদ্‌দীনের একমাত্র উপন্যাস - বোবা কাহিনী।
• তার উল্লেখযোগ্য নাটক- বেদের মেয়ে, পদ্মাপাড়, মধুমালা, পল্লীবধূ।

**Ans : D.**

CamScanner

১৬. 'দেশী ভাষা বিদ্যা যার মনে ন জুয়ায়ে।
নিজ দেশ তেয়াগী কেন বিদেশ ন যায়'
উপরোক্ত কবিতাংশ কোন কবির রচনা?
A. ঈশ্বরচন্দ্র গুপ্ত B. মধুসূদন দত্ত
C. আব্দুল হাকিম D. আব্দুল কাদির

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ পঙ্ক্তি ও উদ্ধৃতি:
- দেশী ভাষা বিদ্যা যার মনে ন জুয়ায়ে
নিজ দেশ তেয়াগী কেন বিদেশ ন যায় - আব্দুল হাকিম।
- কেউ মালা, কেউ তসবি গলায়
তাইতো জাত ভিন্ন বলায় - লালন শাহ্।
- মানুষের মাঝে স্বর্গ-নরক, মানুষেতে সুরাসুর - শেখ ফজলল করিম।
- এখানে যারা প্রাণ দিয়েছে রমনার উর্ধ্বমুখী
কৃষ্ণচূড়ার নিচে সেখানে আমি কাঁদতে আসিনি - মাহবুব উল আলম চৌধুরী।

Ans : C.

১৭. সেলিম আল দীন রচিত নাটক-
A. ইবলিশ, ঈর্ষা, কিত্তনখোলা
B. হাতহদাই, কিত্তনখোলা, কেরামত মঙ্গল
C. মুনতাসির, যুদ্ধ এবং যুদ্ধ, মুখোশ
D. খাবমান, রাঢ়াং, নুরলদীনের সারাজীবন

ব্যাখ্যা : • সেলিম আল দীনের উল্লেখযোগ্য নাটক- ঘুম নেই (১৯৭০), জন্ডিস ও বিবিধ বেলুন (১৯৭৫), মুনতাসীর ফ্যান্টাসী (১৯৮৫), কীত্তন খোলা (১৯৮৬), চাকা (১৯৯১), হতহদাই (১৯৯৭), কেরামত মঙ্গল (১৯৮৮), বনপাংশুল।
- তার প্রকাশিত প্রথম প্রবন্ধ - নিগ্রো সাহিত্য (১৯৬৮)।

Ans : B.

১৮. জহির রায়হান পরিচালিত মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চলচ্চিত্র কোনটি?
A. A State in Born
B. Liberation Fighters
C. Innocent Million
D. Dateline Bangladesh

ব্যাখ্যা : জহির রায়হান পরিচালিত মুক্তিযুদ্ধভিত্তিক প্রামান্য চলচ্চিত্র - A State in Born.

| চলচ্চিত্রের নাম | বৈশিষ্ট্য |
|---|---|
| আসেনি কখনও | প্রথম পরিচালিত |
| কাঁচের দেওয়াল | নিগার পুরস্কার লাভ |
| জীবন থেকে নেয়া | প্রথম জাতীয় সংগীত বাজানো হয়। |
| সঙ্গম | দেশের প্রথম রঙিন চলচ্চিত্র |
| Stop Genocide | ৭১ এর গণ হত্যার প্রামান্য চিত্র সম্বলিত |
| Let There be light | |

Ans : A.

১৯. বাংলাদেশের মুক্তিযুদ্ধের উপর নির্মিত প্রথম মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্র কোনটি?
A. সংগ্রাম B. অরুণোদয়ের অগ্নিস্বাক্ষী
C. ওরা ১১ জন D. রক্তাক্ত প্রান্তর

ব্যাখ্যা : • বাংলাদেশে প্রথম মুক্তি প্রাপ্ত মুক্তিযুদ্ধের উপর নির্মিত ছবি - ওরা ১১ জন।
- এই চলচ্চিত্রটি মুক্তি পায় - ১৩ আগস্ট, ১৯৭২ সালে।
- ওরা ১১ জন চলচ্চিত্রটির পরিচালক ছিলেন - চাষী নজরুল ইসলাম।
- যে সমস্ত চলচ্চিত্রে সরাসরি যুদ্ধের ভয়াবহতা উঠেছে- ওরা ১১ জন (১৯৭২), সংগ্রাম (১৯৭৩), একাত্তরের যীশু (১৯৯৩), হাঙ্গর নদীর গ্রেনেড (১৯৯৭)।

Ans : C.

২০. বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশ প্রথম অংশগ্রহণ করে-
A. ১৯৯৭ সালে B. ১৯৯৯ সালে
C. ২০০১ সালে D. ২০০৩ সালে

ব্যাখ্যা : বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশ:
- বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশ অংশগ্রহণ করে - ১৭ মে, ১৯৯৯ সালে।
- বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশের অভিষেক হয় - সপ্তম বিশ্বকাপে, নিউজিল্যান্ডের বিপক্ষে।
- বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশ প্রথম জয়লাভ করে - স্কটল্যান্ডের বিরুদ্ধে ২২ রানে।

Ans : B.

২১. 'অজন্তা' ও 'ইলোরা' গুহাচিত্র কোন দেশে অবস্থিত?
A. পাকিস্তান B. আফগানিস্তান
C. ইরাক D. ভারত

ব্যাখ্যা : • 'অজন্তা' ও 'ইলোরা' গুহাচিত্র অবস্থিত - ভারতে।
- অজন্তা গুহাচিত্র: গভীর খাড়া গিরিখাদের পাথর কেটে খোদাই করা প্রায় ৩০টি গুহাস্তম্ভ। ধারণা করা হয় খ্রিস্টপূর্ব ২য় শতক থেকে ৭ম শতাব্দীর মধ্যে নির্মিত হয়েছিল।
- ইলোরা গুহাচিত্র: ইলোরা গুহাচিত্রে মোট ৩৪টি গুহাচিত্র রয়েছে। এগুলো নির্মিত হয় ৫ম থেকে ১০ম শতাব্দীর মধ্যে।

Ans : D.

২২. ঢাকার চারুকলা ইনস্টিটিউট প্রতিষ্ঠা করেন-
A. সফিউদ্দিন আহমেদ B. জয়নুল আবেদিন
C. কাইয়ুম চৌধুরী D. কামরুল হাসান

ব্যাখ্যা : • ঢাকার চারুকলা ইনস্টিটিউট প্রতিষ্ঠা করেন- জয়নুল আবেদিন।
- প্রতিষ্ঠানকালে চারুকলা ইন্সটিটিউটের নাম ছিল- গর্ভমেন্ট আর্ট ইন্সটিটিউট।
- 'গর্ভমেন্ট আর্ট ইন্সটিটিউট' প্রতিষ্ঠিত হয় - ১৯৪৮ সালে।
- এই প্রতিষ্ঠানটির চারুকলা ইন্সটিটিউট নামকরণ করা হয়- ১৯৮৩ সালে।

Ans : B.

২৩. 'টেরাকোটা' হল-
A. মাটির ফলক B. পোড়ামটির ফলক
C. লাল মাটির কাজ D. লাল ইট

ব্যাখ্যা : টেরাকোটা হল - পোড়ামাটির ফলক।

Ans : B.

২৪. বাংলাদেশের কোন চিত্রশিল্পী নিজেকে 'পটুয়া' বললেন?
A. জয়নুল আবেদিন B. কামরুল হাসান
C. সফিউদ্দিন আহমেদ D. আব্দুল বাসেত

ব্যাখ্যা: পটুয়া নামে পরিচিত হতে বেশি পছন্দ করতেন - চিত্রশিল্পী কামরুল হাসান।

Ans : B.

২৫. 'পটচিত্র' কী?
A. পাটের তুলিতে আঁকা চিত্র B. মাটির পটে আঁকা চিত্র
C. দেয়ালে আঁকা চিত্র D. কাপড়ে আঁকা ঐতিহ্যবাহী চিত্র

ব্যাখ্যা : পটের (কাপড়ের বা কাগজের খন্ড) উপর তুলির সাহায্যে রং লাগিয়ে বস্তুর রূপ ফুটিয়ে তোলাই হচ্ছে পটচিত্রের মূল কথা।

Ans : D.

২৬. তাসিনের মা ভালো হারমোনিয়াম বাজায়। তাসিন তার মায়ের কাছ থেকেই গান শিখে নতুন কুঁড়িতে গিটার বাজিয়ে যন্ত্রসঙ্গীতে প্রথম স্থান অধিকার করে।
তাসিনের গান শেখার এ আগ্রহকে কি বলা হয়?
A. সংস্কার B. শিল্প
C. সভ্যতা D. সংস্কৃতি

Ans : B.

CS CamScanner

**২৭** খোল, মাদল, করতাল, মন্দিরা, খঞ্জনী এগুলো হলো-

A. রাগ-রাগিনী
B. লোকজ বাদ্যযন্ত্র
C. লোকসঙ্গীত
D. লোকজ অলংকার

ব্যাখ্যা: • বিভিন্ন লোকজ বাদ্যযন্ত্রের উদাহরণ-
একতারা, ডুগডুগি, ঢাকঢোল, তবলা, মুরলী, মন্দিরা, সারিন্দা, দোতারা, সুরবাহার, শঙ্খ, খোমক, খোল, মাদল, করতাল, খঞ্জনী, কাহন, বেহালা, কাসি, কাড়া, ঝাঁঝ ঘুঙুর ইত্যাদি।
**Ans : B.**

**২৮** 'লৌকিক ধারণা' বলতে কী বুঝায়?

A. লোকেদের ধারণা
B. অভিজ্ঞতাপ্রসূত ধারণা
C. সমাজের প্রচলিত ধারণা
D. আনুমানিক ধারণা

**Ans : C.**

**২৯** 'তাজমহল' কে প্রতিষ্ঠা করেছেন?

A. আকবর
B. জাহাঙ্গীর
C. শাহজাহান
D. আওরঙ্গজেব

ব্যাখ্যা : মুঘল আমলে নির্মিত স্থাপত্য :

| স্থাপত্য | অবস্থান | নির্মাতা | স্থাপত্য | অবস্থান | নির্মাতা |
|---|---|---|---|---|---|
| তাজমহল | যমুনা নদীর তীরে, আগ্রা | শাহজাহান | হুমায়ুনের সমাধি | সেকেন্দ্রাবাদ | আকবর |
| স্বর্ণ মন্দির | অমৃতসর, পাঞ্জাব | আকবর | আগ্রার জামে মসজিদ | আগ্রা, দিল্লি | শাহজাহান |
| পুরানা কেল্লা | দিল্লি | শের শাহ | লাল কেল্লা | দিল্লি | শাহজাহান |

• মুঘল সম্রাট শাহজাহানকে "Prince of Builders" বলা হয়।
**Ans : C.**

**৩০** সুন্দরবনের প্রধান বৃক্ষ কী কী?

A. গরান ও জারুল
B. সুন্দরি ও গরান
C. সুন্দরি ও সেগুন
D. শাল ও সেগুন

ব্যাখ্যা : সুন্দর বনের প্রধান বৃক্ষগুলো হলো- সুন্দরী, গরান, গেওয়া এবং কেওড়া।
**Ans : B.**

**৩১** আমেনা ভিক্ষা করে জীবিকা নির্বাহ করে- এটি কোন ধরনের অধিকার?

A. সামাজিক
B. অর্থনৈতিক
C. আইনগত
D. নৈতিক

**Ans : D.**

**৩২** কোনটি আধুনিক সমাজের ভিত্তি?

A. স্বর্ণ
B. তাম্র
C. ব্রোঞ্জ
D. লৌহ

**Ans : D.**

**৩৩** নারীদের প্রতি সামাজিক দৃষ্টিভঙ্গি পরিবর্তিত হওয়ার প্রয়োজন, কারণ-
(১) নারীদের আত্মবিশ্বাস বাড়বে
(২) নারীদের কর্মসংস্থান বাড়বে
(৩) কুসংস্কার হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?

A. ১ এবং ২
B. ২ এবং ৩
C. ১ এবং ৩
D. ৩

**Ans : A.**

**৩৪** 'ম্যানিফিস্টো' কী?

A. নির্বাচনী প্রচারকার্য
B. রাজনৈতিক দলের নীতিমালা ও কর্মসূচীর কার্যবিবরণী
C. রাজনৈতিক দলের অঙ্গীকার
D. রাজনৈতিক দলের লক্ষ্য ও উদ্দেশ্য

ব্যাখ্যা : • ম্যানিফিস্টো হল নির্বাচনী ইস্তিহার বা প্রচারকার্য।
**Ans : A.**

**৩৫** কোন সমাজ মাতৃতান্ত্রিক?

A. চাকমা
B. মারমা
C. গারো
D. রাখাইন

ব্যাখ্যা: • বাংলাদেশের গারো এবং খাসিয়া ক্ষুদ্র নৃ-গোষ্ঠী মুষ্টি পারিবারিক কাঠামো মাতৃতান্ত্রিক।
• "পাঙন" ক্ষুদ্র নৃগোষ্ঠীর ধর্ম হচ্ছে- ইসলাম।
**Ans : C.**

**৩৬** বাংলাদেশের জাতীয় পতাকার নকশাকার-

A. জয়নুল আবেদিন
B. কামরুল হাসান
C. হাসেম খাঁ
D. হামিদুর রহমান

ব্যাখ্যা : • জাতীয় পতাকার নকশা প্রথম তৈরি করেন- শিব নারায়ন দাস।
• জাতায় পতাকার চূড়ান্ত নকশা তৈরি করেন- চিত্রশিল্পী কামরুল হাসান।
• দৈর্ঘ্য প্রস্থের অনুপাত- ১০ : ৬ (৫:৩)।
• প্রথম উত্তোলন করা হয়- ২ মার্চ ১৯৭১।
**Ans : B.**

**৩৭** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগারের সম্মুখে স্থাপিত ভাস্কর্য 'সংশপ্তক' এর ভাস্কর-

A. আব্দুর রাজ্জাক
B. মৃণাল হক
C. হামিদুজ্জামান খান
D. শামীম শিকদার

ব্যাখ্যা : ভাস্কর্য ও ভাস্কর :

| ভাস্কর্য | ভাস্কর | ভাস্কর্য | ভাস্কর |
|---|---|---|---|
| সংশপ্তক | হামিদুজ্জামান খান | লা-গুয়ের্নিকা বাংলাদেশ | শামীম শিকদার |
| বলাকা | মৃনাল হক | বিদ্যার্থ | শাওন সগীর |
| সার্ক ফোয়ারা, কদম ফোয়ারা | নিতুন কুন্ডু | সংগ্রাম | জয়নুল আবেদিন |

**Ans : C.**

**৩৮** Design এর অর্থ কী?

A. রেখাচিত্র
B. নকশা
C. ড্রইং
D. ভূমিচিত্র

ব্যাখ্যা : • Design- নকশা, আলেখন, চিত্রলেখ, আকল্প।
**Ans : B.**

**৩৯** 'লা গুয়ের্নিকা' চিত্রের শিল্পী কে?

A. লিওনার্দো দ্যা ভিঞ্চি
B. পাবলো পিকাসো
C. সালভাদর দালি
D. মকবুল ফিদা হোসেন

ব্যাখ্যা : • পাবলো পিকাসো ছিলেন- স্প্যানিশ চিত্রকর।
• তার উল্লেখযোগ্য চিত্রকর্ম- গোয়ের্নিকা, সেলফ পোর্ট্রেট, থ্রি ডান্সার্স, পালামো, দ্য ব্লু রুম প্রভৃতি।
**Ans : B.**

**৪০** চিত্রিত মাটির হাড়ি ও সরা, মাটির তৈরি হাতি-ঘোড়া পুতুল ইত্যাদি-

A. চারুশিল্প
B. লোকশিল্প
C. ভাস্কর্য
D. চিত্রশিল্প

**Ans : A.**

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-এর শতভাগ
ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
♦ বিজ্ঞান - A-Unit ♦ মানবিক - B+D Unit
♦ ব্যবসায় - C Unit

CamScanner

CamScanner

পানকৌড়ি তথাকথিত কোনো প্রশ্ন ব্যাংক নয়;
এটি একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় ভর্তি সহায়িকা।

* প্রতিটি প্রশ্নের শতভাগ নির্ভুল সমাধান ও ব্যাখ্যা।
* প্রাসঙ্গিক তথ্যের আলোকে শতভাগ ব্যাখ্যাসমৃদ্ধ।
* নতুন সিলেবাসের আলোকে বাংলা গদ্য, পদ্য ও ব্যাকরণের নিখুঁত তথ্যসমৃদ্ধ।
* ইংরেজির পর্যাপ্ত Vocabulary এবং Rules-সমৃদ্ধ।
* মানবিকী অনুষদের সংশিষ্ট বিষয় সমূহের তথ্যবহুল ব্যাখ্যা করা হয়েছে।
* সাধারণ জ্ঞানের সর্বশেষ তথ্যসমৃদ্ধ।
* প্রশ্ন ও ব্যাখ্যা থেকে ৮০-৯০% কমনের নিশ্চয়তা।
* অল্প সময়ে সর্বোচ্চ প্রস্তুতির জন্য অতুলনীয়।
* মনে রাখার জন্য সহজভাবে ছক, টেকনিকের মাধ্যমে উপস্থাপন করা হয়েছে।

# পানকৌড়ি এর

## বইসমূহ

এসো স্বপ্ন ছোঁয়ার যাত্রা শুরু করি ...

বিষয়ভিত্তিক
Basic Math
Basic ICT

গুচ্ছ প্রশ্নব্যাংক (অধ্যায় ভিত্তিক)
সাধারণ + প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
বিজ্ঞান - Unit - A
মানবিক - Unit - B
ব্যবসায় - Unit - C

ঢাকা বিশ্ববিদ্যালয়
(অধিভুক্ত সরকারি সাত কলেজ)
বিজ্ঞান ইউনিট
কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট
বাণিজ্য ইউনিট

ঢাকা বিশ্ববিদ্যালয়
প্রশ্নব্যাংক & Written Suggestion
বিজ্ঞান - Unit - A
ব্যবসায় - Unit - C
মানবিক (কলা, আইন ও সামাজিক বিজ্ঞান) - B Unit

... বিশ্ববিদ্যালয়
C
A
B

সমন্বিত কৃষি বিশ্ববিদ্যালয়
প্রশ্নব্যাংক (অধ্যায় ভিত্তিক)

Dhaka University
NC (English Medium)
Question Bank
Science - Unit - A

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রশ্নব্যাংক
বিজ্ঞান - Unit - A
বিজ্ঞান - Unit - D
মানবিক - Unit - B
মানবিক - Unit - C
বিবিএ - Unit - E
আইবিএ - শ্রেইট

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
প্রশ্নব্যাংক
বিজ্ঞান - Unit - A
মানবিক - Unit - B, D
বিবিএ - Unit - C

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের
ইউনিট ভিত্তিক মডেল টেস্ট

CS CamScanner